Numb. 1979 ১৯৭৯ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 3, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ৩ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

CORRIGENDUM.—In the Indian Registration Act III of 1877 (published in the *Gazette of India*, Part IV, of 17th and 24th February and 3rd March 1877), section 51, line 17, *for* "87" *read* "89."

A. PHILLIPS,
Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATION.—ESTABLISHMENTS.

Simla, the 22nd June 1877.

No. 558.—The Hon'ble G. G. Morris, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, has obtained furlough on medical certificate from the 12th instant up to the 17th September next.

No. 560.—Under the provisions of the Act of Parliament 24 and 25 Vic., Cap. 104, Section 7, the Governor-General in Council has been pleased to appoint Mr. H. B. Lawford, of the Bengal Civil Service, to officiate as a Judge of the High Court of Judicature at Fort William in Bengal.

ARTHUR HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

FOREIGN DEPARTMENT.

NOTIFICATIONS.—POLITICAL.

Simla, the 16th June 1877.

No. 1420P.—Subject to the confirmation of Her Majesty's Government, His Excellency the Viceroy and Governor-General in Council is pleased to recognize the appointment of Mr. A. A. Apcar as Consul for Siam at Calcutta.

T. H. THORNTON,
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

PENSIONS, GRATUITIES, &C.

Simla, the 22nd June 1877.

No. 1480.—The Governor-General in Council directs the publication of the following Addenda and Corrigenda to the Codes of the Financial Department :—

CIVIL PENSION CODE.

Section 85, *page* 47.

INSERT THE BOLLOWING NOTES UNDER THIS SECTION :—

Note. (1). This rule applies to ordinary, not to special cases. If, under special circumstances, a pension is granted long after an officer has retired, retrospective effect should not be given to it without the special orders of the Government granting it, in the absence of which special orders such a pension will take effect only from the date of sanction.

(2). With reference to Section 92 of this Code, a pension should, under no circumstances, be paid for the first time in arrears for more than six months without the special orders of the Local Government.

[*Government Gazette*, 3rd *July* 1877.]

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন!

অশুদ্ধশোধন।—১৮৭৭ সালের মার্চ মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের তৃতীয় খণ্ডে প্রকাশিত রেজিষ্টরীকরণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের ৩ আইনের ৫১ ধারার ১৬ পঁক্তিতে "৮৭" এই কথার পরিবর্ত্তে "৮৯" পাঠ করিতে হইবে।

এ, ফিলিপস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক,—জ্ঞাপনপত্র।

সিমলা, ১৮৭৭ সাল ২২ জুন।

৫৫৮ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ মান্যবর শ্রীযুত জি, জি, মরিস্ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এই মাসের ১২ তারিখ অবধি আগামি সেপ্টেম্বর মাসের ১৭ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

৫৬০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের পার্লয়ামেণ্টের আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারামতে বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এচ, বি, লাফর্ড সাহেবকে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত করিলেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন,—পোলিটিকাল।

সিমলা, ১৮৭৭ সাল ১৬ জুন।

১৪২০P নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবরনর জেনরল সাহেব শ্রীশ্রীমতীর গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় শ্রীযুত এ, এ, আপকার সাহেবের সায়মের পক্ষে কলিকাতায় কনসলের পদে নিয়োগ স্বীকার করিলেন।

টি, এচ, থরনুটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্ট।

পেন্‌শ্যান ও পারিতোষিকবিষয়ক বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২২ জুন।

১৪৮০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টের বিধি-পুস্তকে নিম্নলিখিত কথা সংযোগ ও অশুদ্ধশোধন করিয়া প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

সিবিল কার্য্যকারকদের পেনশ্যানবিষয়ক বিধিপুস্তকের ৮৫ ধারা, (৪৭ পৃষ্ঠা।)

এই ধারার নিম্নভাগে এই নোট দিতে হইবে,—

নোট।—(১)। এই বিধি সাধারণ স্থলে বর্ত্তে, বিশেষ স্থলে নয়। কোন কার্য্যকারকের কর্ম্মহইতে অবসর গ্রহণ করিবার দীর্ঘকাল পরে স্থল বিশেষে যদি তাঁহাকে পেনশ্যান দেওয়া যায়, তবে যে গবর্ণমেণ্ট পেনশ্যান দেন তাঁহার বিশেষ আজ্ঞা বিনা ভূতকাল সম্পর্কে তাহা প্রবল হইবে না। সেই বিশেষ আজ্ঞা না হইলে পেনশ্যান দিবার অনুমতি যে তারিখে হয়, কেবল সেই তারিখ অবধি সফল হইবে।

(২) এই বিধিপুস্তকের ৯২ ধারার উপলক্ষে ছয় মাসের অধিক কালের বাকী পেনশ্যান প্রথমবার স্থানীয় গবর্ণমেণ্টের বিশেষ আজ্ঞা বিনা কোনক্রমেই দেওয়া যাইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩ জুলাই।]

ACTING ALLOWANCE CODE.

Section 2 (*b*), *page* 224.

INSERT THE FOLLOWING AS *Example* (2) :—

Example (2).—The acting allowance of an officer officiating in an appointment the pay of which has been reduced with effect from the next succession thereto is calculated upon the reduced pay.

Section 37 (*page* 241).

ADD THE FOLLOWING TO THE LIST IN THIS SECTION :—

"Extra Assistant Superintendent in the Andamans and Nicobars—Rs. 200"

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.—ESTABLISHMENT.

Simla, the 22nd June 1877.

No. 300.—Mr. C. Howard is appointed an Accountant, 4th grade, on probation, and posted to the Tirhoot State Railway.

W. A. CROMMELIN, *Major-Genl., R.E.*,
Secy. to the Govt. of India.

একটিং কর্ম্মের বেতন বিষয়ক বিধিপুস্তকের ২ (চ) ধারা, (২২৪ পৃষ্ঠা।)

(২) উদাহরণ বলিয়া নিম্নলিখিত উদাহরণ দিতে হইবে,—

(২) উদাহরণ। কোন কর্ম্মকারকের পদের বেতন তাঁহার উত্তর পদ ধারির নিযুক্ত হওনাবধি ন্যূন করা গেলে ইতিমধ্যে যিনি একটিংরূপে সেই পদের কর্ম্ম করিতেছেন তাঁহার বেতন ঐ ন্যূনীকৃত বেতনের হিসাবে ধরা যাইবে।

৩৭ ধারা (২৪১ পৃষ্ঠা।)

এই ধারার নির্ঘণ্টপত্রে নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে।

"আণ্ডামান ও নিকবারের অতিরিক্ত আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টের বেতন ২০০৲ টাকা।"

আর, বি, চাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তাবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২২ জুন।

৩০০ নম্বর।—শ্রীযুত সি, হোয়ার্ড সাহেব পরীক্ষার্থ চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্টের পদে নিযুক্ত হইয়া ত্রিহুত ষ্টেট রেলওয়েতে অবস্থিত হইলেন।

ডবলিউ, এ, ক্রমেলিন, মেজর-জেনরল, আর, ই,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Numb. 1980 ১৯৮০ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 10, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ১০ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 26th June 1877.

No. 22.—Mr. W. F. Agnew, Barrister-at-Law, is appointed to officiate as Reporter for the Indian Law Reports in the High Court, Calcutta, *vice* Mr. J. G. Apcar, resigned.

A. PHILLIPS,
Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATION.—ESTABLISHMENTS.

Simla, the 29th June 1877.

No. 567.—Mr. R. Evans is permitted to resign Her Majesty's Bengal Civil Service.

ARTHUR HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATIONS.—SALT.

Simla, the 27th June 1877.

No. 138.—The following is published in substitution of Notification No. 330, dated the 30th November 1876:—

In exercise of the powers conferred by Section 1, Clause 4 of Act VIII of 1875 (for regulating inland customs duties on salt and sugar and for other purposes), the Governor-General in Council is pleased to extend the provisions of Section 3 of Chapter I, Chapter III, Chapter V (omitting Section 23), and Chapter VI of the said Act, except so far as the same relate to sugar, to all the districts of the Patna Division in the Lower Provinces of Bengal.

No. 139.—In exercise of the powers conferred by Section 10 of the Inland Customs Act VIII of 1875, the Governor-General in Council is pleased to prohibit the manufacture of salt and the manufacture and refining of saltpetre throughout all the districts of the Patna Division in the Lower Provinces of Bengal, except in such places, and subject to such conditions in and subject to which such manufacture and refining were lawful on the 10th day of April 1876.

G. H. M. BATTEN,
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—PENSIONS, GRATUITIES, &c.

Simla, the 29th June 1877.

No. 1609.—The Governor-General in Council directs the publication of the following Addenda and Corrigenda to the Codes of the Financial Department:—

CIVIL PENSION CODE.

RULE 7 (PAGE 55).

Substitute the following for this Rule:—

7. Except as provided in Rules 1, 2, and 3, an officer who, having been discharged with a pension or gratuity, is subsequently re-employed, may not count his new service for a

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২৬ জুন।

২২ নম্বর।—শ্রীযুত জে, জি, অপকার সাহেব কর্ম্ম ত্যাগ করাতে বারিষ্টর-আট-লা শ্রীযুত ডবলিউ, এফ, আগনিউ সাহেব কলিকাতার হাই কোর্টে ইণ্ডিয়ান লা রিপোর্টের রিপোর্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

এ, ফিলিপস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২৯ জুন।

৫৬৭ নম্বর।—শ্রীযুত আর, ইবান্স সাহেব শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

লবণ বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২৭ জুন।

১২৮ নম্বর।—১৮৭৬ সালের নবেম্বর মাসের ৩০ তারিখের ৩৩০ নং জ্ঞাপনপত্রের পরিবর্ত্তে নিম্নলিখিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল,—

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব লবণের ও চিনির উপর রাহাদারী মাসুলের বিধান করণার্থ ও অন্যান্য কার্য্যার্থ ১৮৭৫ সালের ৮ আইনের ১ ধারার ৪ প্রকরণের বিধানমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করত উক্ত আইনের ১ প্রথম অধ্যায়ের ৩ ধারার ও ৩ তৃতীয় অধ্যায়ের ও ২৩ ধারাভিন্ন ৫ পঞ্চম অধ্যায়ের এবং চিনির বিষয়ে যে পর্য্যন্ত সম্পর্ক রাখে তদ্ভিন্ন ৬ ষষ্ঠ অধ্যায়ের বিধান বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত পাটনা খণ্ডের সকল জিলায় প্রচলিত করিলেন।

১২৯ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব রাহাদারী মাসুলবিষয়ক ১৮৭৫ সালের ৮ আইনের ১০ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্যকরত ১৮৭৬ সালের অপ্রিল মাসের ১০ তারিখে যেং স্থানে ও যেং নিয়মাধীনে লবণাদি প্রস্তুত ও পরিষ্কার করা বৈধ ছিল তদ্ভিন্ন, বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত পাটনা খণ্ডের সকল জিলায় লবণ প্রস্তুত ও শোরা প্রস্তুত ও পরিষ্কার করিতে নিষেধ করিলেন।

জি, এচ, এম, বাটেন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফিনান্শ্যাল ডিপার্টমেণ্ট।

পেনশ্যান ও পারিতোষিক বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২৯ জুন।

১৬০৯।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টের বিধিপুস্তকের সংযুক্ত ও সংশোধিত নিম্নলিখিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

সিবিল কার্য্যকারকদের পেনশ্যান-বিষয়ক বিধি।

(৫৫ পৃষ্ঠার) ৭ ধারা।

এই ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিতে হইবে।—

৭। ১, ২ ও ৩ ধারার বিধানের স্থলভিন্ন, কোন কর্ম্মকারককে পেনশ্যান বা পারিতোষিক দিয়া অবসর করা গেলে পর, যদি তাঁহাকে পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত করা যায়, তবে স্বতন্ত্র পেনশ্যান বা পারিতোষিক

separate pension or gratuity. Pension or gratuity is in any case admissible only for the new service combined with the old, the whole being counted as one service. Provided, however, that if a gratuity received for the earlier service has not been refunded, gratuity or pension (as the case may be) may be allowed for the subsequent service on condition that the amount of such gratuity, or the present value of such pension calculated according to Table A in Appendix E, plus the amount of the previous gratuity, shall not exceed the amount of gratuity, or the present value of the pension calculated according to Table A in Appendix E, that would have been admissible had the gratuity received for the earlier service been refunded. If the amount of such gratuity, or the present value of such pension, plus the amount of the previous gratuity, exceeds the amount of gratuity, or the present value of the pension that would have been admissible if the gratuity received for the earlier service had been refunded, the excess must be disallowed.

Examples to the Proviso —

1. A. B., after a service of 8 years, received a gratuity of Rs. 4,800. A. B. was re-employed, but did not refund the gratuity. After serving for 5 years, A. B. becomes eligible for an invalid gratuity of Rs. 3,000. If A. B. had refunded the gratuity for the earlier service, he would have been entitled to a gratuity of Rs. 7,200. As the gratuity admissible for the new service, plus the gratuity received for the earlier service, exceeds the gratuity which would have been admissible to A. B. if the gratuity for the earlier service had been refunded, A. B. is entitled to receive a gratuity of Rs. 3,000 minus Rs. 600, which is the excess.

2. C. D. obtained a gratuity of Rs. 4,000 after a service of 8 years. C.D. was re-employed, but did not refund the gratuity. After serving for 16 years, C. D., at the age of 48 years, becomes eligible for an invalid pension of Rs. 150 a month. If C. D. had refunded the gratuity for the earlier service, he would have been entitled to a pension of Rs. 150 a month. The present value of the pension of Rs. 150 (Rs. 18,971-14-0), plus the gratuity received for the earlier service, is equal to Rs. 22,971-14-0, and as this is in excess of the present value of the pension by Rs. 4,000, the excess should be disallowed. C. D. will therefore be entitled to a pension of which the present value is Rs. 14,971-14-0, or a pension of Rs. 118-5-11 a month.

3. E. F. is removed after a service of 10 years with a gratuity of Rs. 3,000. E. F. was re-employed but did not refund the gratuity. After serving for 20 years, E. F., at the age of 56 years, becomes eligible for a superannuation pension of Rs. 150 a month. If E. F. had refunded the gratuity for the earlier service, he would have been entitled to a superannuation pension of Rs. 225 a month. The present values of the pension of Rs. 150 and Rs. 225 are respectively Rs. 16,092-3-0 and Rs. 24,138-4-6. The present value of the pension of Rs. 150, plus the amount of the gratuity received for the earlier service, does not exceed the present value of the pension that would have been admissible if the gratuity for the earlier service had been refunded. E. F. is therefore entitled to the pension of Rs. 150 a month.

CIVIL LEAVE CODE.

SECTION 4 (PAGE 118).

Insert the following as case (k). —

(*k*). When the leave allowances of an officer are said to be chargeable to several accounts according to the "rule of proportions," the meaning is that the charge should be debited to such several accounts in the proportions in which the aggregate salary drawn by the officer in the course of the three years immediately preceding the beginning of his leave, was charged to such several accounts.

SECTION 36A.

Substitute the following for this Section :—

Section 36A.—The leave allowances of an officer who in the course of the three years immediately preceding the beginning of his leave has served in any appointment the pay or salary of which has been derived either wholly or in part otherwise than from Indian revenues shall be charged according to the "rule of proportions." This rule does not,

পাইবার আশয়ে ঐ দ্বিতীয় কর্ম্মের কাল ধরা যাইতে পারিবে না। সর্ব্ব স্থলেই নূতন কর্ম্ম করণের কাল পূর্ব্ব-কর্ম্ম করণের কালের সঙ্গে ধরিয়া সমুদয় কেবল একই কর্ম্ম জ্ঞান করিয়া পেনশ্যান বা পারিতোষিক দেওয়া যাইতে পারিবে। কিন্তু পূর্ব্ব কর্ম্মের নিমিত্তে পারিতোষিক পাওয়া গেলে যদি তাহা ফিরিয়া দেওয়া না যায়, তবে পশ্চাৎ কর্ম্মের নিমিত্তে এই নিয়মে পারিতোষিক বা বিষয়বিশেষে পেনশ্যান দেওয়া যাইতে পারিবে, অর্থাৎ ঐ পারিতোষিকের সঙ্গে কিম্বা E চিহ্নিত ক্রোড়পত্রের A টেবিল অনুসারে হিসাব করিয়া যত টাকা পেনশ্যান পাওয়া যাইতে পারে তাহার সঙ্গে পূর্ব্বপ্রাপ্ত পারিতোষিক সংযোগ করিয়া যত টাকা হয়, পূর্ব্বপ্রাপ্ত পারিতোষিক ফিরিয়া দেওয়া গিয়া থাকিলে পারিতোষিক, বা E চিহ্নিত ক্রোড়পত্রের A টেবিল অনুসারে হিসাব করিলে পেনশ্যান, তত টাকার অধিক হইবে না। পূর্ব্বকার কর্ম্মের নিমিত্ত যে পারিতোষিক পাওয়া গেল তাহা ফিরিয়া দেওয়া গিয়া থাকিলে, পারিতোষিক কি পেনশ্যানস্বরূপ যত টাকা পাওয়া যাইতে পারে, তাহার সঙ্গে পূর্ব্ব পারিতোষিকের টাকা সংযোগ করিলে যদি তাহা ঐ প্রাপ্য পারিতোষিকের বা পেনশ্যানের অধিক হয়, তবে সেই অধিকাংশ ত্যাগ করিতে হইবে।

বর্ণিত বিধির উদাহরণ।

১। আনন্দ ৮ বৎসর কর্ম্ম করিলে পর ৪৮০০ টাকা পারিতোষিক পাইলেন। তিনি পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত হইলেন কিন্তু ঐ পারিতোষিকের টাকা ফিরিয়া দিলেন না। ৫ বৎসর কর্ম্ম করিলে পর কর্ম্মাক্ষম হইয়া ৩০০০ টাকা পারিতোষিক পাইবার যোগ্য হন। আনন্দ পূর্ব্ব কর্ম্মের পারিতোষিকের টাকা যদি ফিরিয়া দিতেন তাহা হইলে ৭২০০৲ টাকা পারিতোষিক পাইবার স্বত্ববান হইতেন। পূর্ব্ব কর্ম্মের পারিতোষিক ফিরিয়া দেওয়া গেলে আনন্দ যত টাকা পারিতোষিক পাইতে পারিতেন, নূতন কর্ম্মের নিমিত্তে পারিতোষিক ও পূর্ব্ব কর্ম্মের নিমিত্তে তাঁহার প্রাপ্ত পারিতোষিক একত্র ধরিলে তত টাকার অধিক হয়, অতএব সেই অধিক অর্থাৎ ৩০০০ টাকা হইতে ৬০০ টাকা বাদে যত থাকে আনন্দ তত টাকা পারিতোষিক পাইবার স্বত্ববান।

২। চন্দ্র ৮ বৎসর কর্ম্ম করিলে পর ৪০০০ টাকা পারিতোষিক পাইলেন। তিনি পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত হইলেন কিন্তু পারিতোষিকের টাকা ফিরিয়া দিলেন না। চন্দ্র ১৬ বৎসর কর্ম্ম করিলে পর ৪৮ বৎসর বয়সে কর্ম্মাক্ষম হইয়া মাসে ১৫০৲ টাকা পেনশ্যান পাইবার যোগ্য হন। চন্দ্র যদি পূর্ব্ব কর্ম্মের পারিতোষিকের টাকা ফিরিয়া দিতেন তাহা হইলে তিনি মাসে ১৫০৲ টাকা পেনশ্যান পাইবার স্বত্ববান হইতেন। ১৫০৲ টাকার পেনশ্যানের বর্ত্তমান মূল্য (১৮,৯৭১৸৶ টাকা) ইহার সঙ্গে পূর্ব্বপ্রাপ্ত পারিতোষিকের টাকা সঙ্কলন করিলে ২২,৯৭১৸৶ টাকা হয়। তাহা বর্ত্তমান পেনশ্যানের মূল্য অপেক্ষা ৪০০০৲ টাকা অধিক হওয়াতে ঐ অধিক টাকা দেওয়া যাইবে না। অতএব চন্দ্র ১৪.৯৭১৸৶ টাকার অর্থাৎ মাসে ১১৮৶১১ টাকা পেনশ্যান পাইবার স্বত্ববান।

৩। ঈশান ১০ বৎসর কর্ম্ম করিলে পর ৩০০০৲ টাকা পারিতোষিক পাইয়া অবসৃত হইলেন। পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত হইলে পারিতোষিকের ঐ টাকা ফিরিয়া দিলেন না। আর ২০ বৎসর কর্ম্ম করিলে পর তিনি ৫৬ বৎসর বয়সে মাসে ১৫০ টাকা বার্দ্ধক্যকালীন পেনশ্যান পাইবার যোগ্য হন। ঈশান পূর্ব্ব কর্ম্মের পারিতোষিকের টাকা ফিরিয়া দিলে, মাসে ২২৫৲ টাকা পেনশ্যান পাইবার যোগ্য হইতেন। বর্ত্তমান ১৫০৲ ও ২২৫৲ টাকা পেনশ্যানের মূল্য ক্রমান্বয়ে ১৬০৯২৶ ও ২৪.১৩৮।৶ টাকা। পূর্ব্ব কর্ম্মের পারিতোষিকের টাকা ফিরিয়া দিলে পেনশ্যানের যত টাকা পাইতে পারিতেন, পূর্ব্ব কর্ম্মের পারি-তোষিকের টাকা সুদ্ধ ১৫০৲ টাকা পেনশ্যানের বর্ত্তমান মূল্য তাহার অধিক হইবে না। অতএব ঈশান ১৫০৲ টাকা পেনশ্যান পাইবার স্বত্ববান।

সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের।

৪ ধারা (১১৮ পৃষ্ঠা।)

(k) চিহ্নিত উদাহরণ বলিয়া নিম্নলিখিত উদাহরণ দিতে হইবে।—

(k) কোন কার্য্যকারকের ছুটীকালীন বেতন যখন অনুপাতের বিধিমতে নানা হিসাবে ধরিতে হইবে বলা যায়, তখন তাহার অর্থ এই যে, কার্য্যকারকের ছুটী আরম্ভ হইবার অব্যবহিত পূর্ব্বে তিন বৎসরে তিনি মোটে যে বেতন পাইয়াছেন তাহা যে অনুপাতে উক্ত নানা হিসাবে খরচ লেখা গিয়াছিল, ছুটীকালীন বেতনও সেই অনুপাতে উক্ত নানা হিসাবে লিখিতে হইবে।

---

৩৬ A. ধারা।

ইহার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিতে হইবে।—

৩৬A. ধারা। কোন কার্য্যকারকের ছুটী আরম্ভ হইবার অব্যবহিত পূর্ব্ব তিন বৎসর তিনি যে পদে কর্ম্ম করিলেন, সেই পদের সমুদয় বা কএক অংশ বেতন ভারতবর্ষীয় রাজস্বভিন্ন প্রকারান্তরে উৎপন্ন হইলে, তাঁহার ছুটীকালীন বেতন "অনুপাতের বিধি" অনুসারে খরচ লেখা যাইবে। কিন্তু সিবিল কার্য্যকারকদের পেনশ্যান বিষয়ক বিধি পুস্তকের ৩৮ ধারামতে ছুটীকালীন খরচের নিমিত্তে

however, apply to an officer who has made a contribution under Section 38 of the Civil Pension Code for the cost of his leave, or who is specially exempted from the operation of that section; nor does this rule apply to a military officer who vacates his appointment in the Civil Department when going on leave and reverts to the Military Department: in this case the leave allowance is charged to the Military Department.

ACTING ALLOWANCE CODE.

CHAPTER IX (PAGE 236).

Add the following Section to this Chapter :—

Section 28*A*.—Section 28 does not apply to the case of an officer the pay of whose appointment is changed during his tenure of office. In such case, if the new pay is progressive, the officer is not entitled to the first increment on his old pay till a year after the date of the order sanctioning the increase.

Examples.—(1). The pay of A. B.'s appointment is Rs. 300: on the 1st July 1876 it is changed to Rs. 250 rising by five annual increments of Rs. 20 a month to Rs. 350. A. B. is entitled to Rs. 320 from the 1st July 1877.

(2) The pay of C. D.'s appointment is Rs. 200 rising by five equal annual instalments to Rs 300. C. D.'s pay has been Rs. 300 for five years. The pay of the appointment is changed by an order dated 1st July 1876 to Rs. 250 rising by five equal annual instalments to Rs. 350. C. D. is entitled to Rs. 320 from the 1st July 1877.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 10*th July* 1877.]

যে কার্য্যকারক চাঁদা দিয়াছেন তৎপ্রতি, কিম্বা উক্ত ধারার বিধানহইতে যিনি বিশেষমতে মুক্ত হইয়াছেন তৎপ্রতি এই বিধি বর্ত্তে না। সামরিক কোন কর্ম্মচারী ছুটী লইয়া গমনকালে স্বীয় সিবিল কার্য্যবিভাগে তাঁহার পদ শূন্য রাখিয়া সামরিক কার্য্যবিভাগে পুনর্ব্বার নিযুক্ত হইলে, তাঁহার প্রতিও এই বিধি বর্ত্তে না, এই স্থলে ছুটীকালীন বেতন সামরিক কার্য্যবিভাগে খরচ লেখা যাইবে।

একটিং বেতনবিষয়ক বিধিপুস্তকের

৯ নবম অধ্যায় (২৩৬ পৃষ্ঠা।)

এই অধ্যায়ে নিম্নলিখিত ধারা সংযোগ করিতে হইবে।—

২৮*A*. ধারা। কোন কর্ম্মচারির কর্ম্মে নিযুক্ত থাকন কালে তাঁহার বেতন পরিবর্ত্তন করা গেলে তৎপ্রতি ২৮ ধারা বর্ত্তে না। এমন স্থলে, নূতন বেতন ক্রমশঃ বৃদ্ধি হইবার নিয়ম থাকিলে যে তারিখে সেই বেতন বৃদ্ধির অনুমোদনসূচক আজ্ঞা হইল সেই তারিখ অবধি এক বৎসর না গেলে তাঁহার পূর্ব্ববেতনের উপর তিনি প্রথম বেতনবৃদ্ধি পাইবার স্বত্ববান হইবেন না।

উদাহরণ।—(১) আনন্দের পদের বেতন ৩০০৲ টাকা। ১৮৭৬ সালের জুলাই মাসের ১ তারিখে পরিবর্ত্তন করিয়া ২৫০৲ টাকা করা গেল, বৎসর ২০৲ টাকা করিয়া বৃদ্ধি হইয়া পাঁচ বৎসরে মাসে ৩৫০৲ টাকা হইবে। আনন্দ ১৮৭৭ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি ৩২০৲ টাকা পাইবার স্বত্ববান।

(২) চন্দ্রের পদের বেতন ২০০৲ টাকা, বৎসর২ পাঁচ সমান কিস্তিতে বৃদ্ধি হইয়া ৩০০৲ টাকা হইবে। চন্দ্র পাঁচ বৎসর ৩০০৲ টাকা বেতন পাইতেছেন। পরে ১৮৭৬ সালের জুলাই মাসের ১ তারিখের আজ্ঞামতে উক্ত পদের বেতন পরিবর্ত্তন করিয়া ২৫০৲ টাকা করা গেল, বৎসর২ পাঁচ সমান কিস্তিতে বৃদ্ধি হইয়া ৩৫০৲ টাকা পর্য্যন্ত হইবে। চন্দ্র ১৮৭৭ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি ৩২০ টাকা পাইবার স্বত্ববান।

আর, বি, চ্যাপম্যান,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

Numb. 1981 ১৯৮১ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 17, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ১৭ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 2nd July 1877.

No. 23.—His Excellency the Viceroy and Governor-General, under the authority vested in him by 24 & 25 Vic., cap. 67, section 10, is pleased to nominate T. C. Hope, Esquire, C.S.I., to be an Additional Member of the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations.

The 6th July 1877.

No. 24.—Mr. W. F. Agnew, Barister-at-Law, received charge of the office of Officiating Reporter for the Indian Law Reports in the High Court, Calcutta, on the forenoon of the 2nd instant.

A. PHILLIPS,
Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION.— ACCOUNTS AND FINANCE.

Simla, the 4th July 1877.

No. 1694.—The following officers are appointed to officiate, until further orders, in the appointments mentioned opposite to their names :—

* * * * *

Baboo Ishan Chandra Basu, M.A., Assistant to the Accountant-General, Bengal.

* * * * *

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২ জুলাই।

২৩ নম্বর।—মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি শ্রীযুত টি, সি, হোপ, সি, এস, আই, সাহেবকে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভ্যের পদে মনোনীত করিলেন।

১৮৭৭ সাল ৬ জুলাই।

২৪ নম্বর।—বারিষ্টার-আট-ল শ্রীযুত ডবলিউ, এফ, আগনিউ সাহেব এই মাসের ২ তারিখের পূর্ব্বাহ্নে কলিকাতার হাই কোর্টে ইণ্ডিয়ান ল রিপোর্টের একটিং রিপোর্টরের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

এ, ফিলিপস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্ট।

হিসাব ও রাজস্ববিষয়ক।—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ৪ জুলাই।

১৬৯৪ নম্বর।—নিম্নলিখিত কার্য্যকারক অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত আপন নামের পার্শ্বলিখিত পদের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র বসু, এম এ, বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের আসিস্টাণ্টের পদে।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Numb. 1982 ১৯৮২ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 24, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৪ জুলাই ।

CONTENTS.

নির্ঘণ্ট ।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড ।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি ।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—ESTABLISHMENTS.

Simla, the 12th July 1877.

No. 586.—The services of Captain T. B. Michell, Assistant Commissioner of Nowgong, in Assam, are placed temporarily at the disposal of the Government of Bengal.

SANITARY.

The 10th July 1877.

No. 127.—*Appointment.*—The Deputy Surgeon-General, Dacca Circle, to be ex-officio Sanitary Commissioner of Assam.

ARTHUR HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATION.—CUSTOMS.

Simla, the 14th July 1877.

No. 110.—In exercise of the powers conferred by Section 6 of the Indian Tariff Act, 1875, the Governor-General in Council is pleased to exempt Lac from import duty.

No. 111.—In exercise of the powers conferred by Section 6 of the Indian Tariff Act, 1875, the Governor-General in Council is pleased to declare, in modification of No. 3 of Schedule B of the said Act, that from the date of this notification the export duty on Shell Lac shall be one rupee eight annas per cwt., and the export duty on Button Lac shall be one rupee four annas per cwt., and to exempt from export duty all sorts of Lac other than those above mentioned

SALT.

The 12th July 1877

No. 150.—In exercise of the powers conferred by Section 6 of the Indian Tariff Act, 1875, the Governor-General in Council is pleased to exempt from the whole of the duties of customs to which it is liable under that Act, or any other law for the time being in force, all salt imported into the Port of Calcutta and issued with the sanction of the Government of Bengal to manufacturers of glazed stone-ware.

EMIGRATION

The 12th July 1877.

No. 114.—In accordance with the provisions of Section 57 of the Indian Emigration Act, 1871, the Governor-General in Council is pleased to declare that emigration to the French Colony of Cayenne shall cease, and be prohibited from the date of this notification.

G. H. M. BATTEN,
Offg. Secy. to the Govt. of India.

[*Government Gazette*, *24th July* 1877.]

হোম ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১২ জুলাই।

৫৮৬ নম্বর।—আসামের অন্তর্গত নৌগাঁয়ের আসিষ্টাণ্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত টি, বি, মিচেল সাহেব, কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

স্বাস্থ্যরক্ষা বিষয়ক।

১৮৭৭ সাল ১০ জুলাই।

১২৭ নম্বর।—নিয়োগ।—ঢাকা চক্রের ডেপুটী সর্জন-জেনরল সাহেব স্বীয় পদোপলক্ষে আসামের সানিটরী কমিশ্যনর হইবেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

কষ্টম বিষয়ক-বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১৪ জুলাই।

১১০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৬ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্যকরত তিনি লাহার উপর আমদানীর মাসুল না লইবার আজ্ঞা করিলেন।

১১১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৬ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করত তিনি উক্ত আইনের B তফসীলের ৩ নং মতান্তর করিয়া এই আজ্ঞা করিলেন। এই জ্ঞাপনপত্রের তারিখ অবধি চাপড়া লাহার হন্দরওয়েট প্রতি ১৷৷০ টাকা ও বোতাম লাহার হন্দরওয়েট প্রতি ১৷০ টাকা রফ্তানীর মাসুল লওয়া যাইবে। এতদ্ভিন্ন অন্যান্য প্রকার লাহার উপর রফ্তানীর মাসুল দিতে হইবে না।

লবণ।

১৮৭৭ সাল ১২ জুলাই।

১৫০ নম্বর।—কলিকাতা বন্দরে যে সকল লবণ আমদানী হইয়া বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুমতি-ক্রমে পালিশ করা পাতুরিয়া দ্রব্য প্রস্তুতকারিদিগকে দেওয়া যায়, ভারতবর্ষীয় তারিফ বিষয়ক আইনমতে কিম্বা তৎকালে অন্য যে আইন প্রবল থাকে তদনুসারে উক্ত লবণের উপর কষ্টমের যে মাসুল দিতে হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৬ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্যকরত তিনি সেই সমুদয় মাসুল না দিবার আজ্ঞা করিলেন।

বিদেশ গমনসম্পর্কীয়।

১৮৭৭ সাল ১২ জুলাই।

১১৪ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ভিন্নদেশ গমনবিষয়ক ১৮৭১ সালের আইনের ৫৭ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। কায়েন নামক ফ্রেঞ্চ উপনিবেশে গমন রহিত হইবে ও এই জ্ঞাপনপত্রের তারিখ অবধি তাহা নিষেধ করা গেল।

জি, এচ, এম, বাটেন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৪ জুলাই।]

FINANCIAL DEPARTMENT.

LEAVE, LEAVE ALLOWANCES, &c.

Simla, the 13th July 1877.

No. 1901.—The Governor-General in Council directs the publication of the following Addenda and Corrigenda to the Civil Leave Code of the Financial Department:—

CIVIL LEAVE CODE.

Section 16 (*b*) (page 122).

Add the following to this section:—

"An officer is not entitled at the end of furlough or special leave, or subsidiary leave affixed thereto, to resume, as a matter of course, without further orders, the particular appointment which he vacated before his furlough or special leave. He should report his return to duty in the manner prescribed in Section 37, Rule 3, and await orders."

Section 34 (Page 131).

Substitute the following for Rule 3 under this section:—

3. If an officer, on transfer from one appointment to another, obtain privilege leave without joining his new office, his leave allowance shall not be less than it would have been if he had joined his new office.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 24*th July* 1877.]

ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্ট।

ছুটী ও ছুটী কালীন বৃত্তিপ্রভৃতিবিষয়ক বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১৩ জুলাই।

১৯০১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টের সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের সংযুক্ত ও সংশোধিত নিম্নলিখিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধি।

(১২২ পৃষ্ঠার) ১৬ (*b*) ধারা।

এই ধারাতে নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে।

"কোন কার্য্যকারকের নিয়মিত বা বিশেষ ছুটী গ্রহণের পূর্ব্বে তাঁহার যে পদ শূন্য হইল, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত কার্য্যপ্রণালীমতে তিনি নিয়মিত বা বিশেষ ছুটীর বা তদানুসঙ্গিক উপকরণার্থ ছুটীর শেষে সেই পদই পুনর্গ্রহণ করিতে স্বত্ববান নহেন। ৩৭ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে তিনি স্বীয় কর্ম্মে প্রত্যাগমনের রিপোর্ট করিয়া আজ্ঞার প্রতীক্ষা করিবেন।"

(১৩১ পৃষ্ঠার) ৩৪ ধারা।

এই ধারার নিম্নভাগের ৩ প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণ দিতে হইবে।

৩। কোন কর্ম্মকারক এক কর্ম্মহইতে অন্য কর্ম্মে নিযুক্ত হইয়া তাঁহার নূতন কর্ম্ম গ্রহণ না করিয়া যদি অনুগ্রহের ছুটী লন, তবে তিনি নূতন কর্ম্ম গ্রহণ করিলে ছুটী কালীন যে বৃত্তি পাইতে পারিতেন তদপেক্ষা ন্যূন পাইবেন না।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Numb. 1983 ১৯৮৩ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 31, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ৩১ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—Establishments.

Simla, the 20th July 1877.

No. 624.—Her Majesty has been pleased to appoint Babu Romesh Chunder Mitter to be a Judge of the High Court of Judicature at Fort William in Benagl.

Examinations.

The 20th July 1877.

No. 78.—Mr. D. F. Addis, of the Bengal Civil Service, having obtained a certificate of high proficiency in Sanskrit, has been presented with the authorized donation of Rs. 2,000.

No. 79.—Mr. J. G. Silcock, of the Bengal Civil Service, having obtained a certificate of high proficiency in Persian, has been presented with the authorized donation of Rs. 2,000.

No. 80.—Mr. W. H. M. Gunn, of the Bengal Civil Service, having obtained a certificate of high proficiency in Bengali, has been presented with the authorized donation of Rs. 1,000.

Medical.

The 20th July 1877.

No. 409.—Third Grade Assistant Surgeon Tariny Churn Pal is dismissed from the service of Government with effect from the 17th April last.

Arthur Howell,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATION.—Statistics.

Simla, the 20th July 1877.

No. 331.—The Governor-General in Council is pleased to declare that the exemption from export duty of all rice exported by sea and entered outwards for either of the French ports of Pondicherry and Karikal, or passing by land into any of the French Settlements situate on the line of coast within the presidency of Fort St. George published in Notification No. 19, dated the 19th January 1877, shall continue in force until the 21st day of October, inclusive.

G. H. M. Batten,
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—Pay and Allowances.

Simla, the 20th July 1877.

No. 2063.—The Governor-General in Council directs the publication of the following Corrigendum to the Acting Allowance Code of the Financial Department:—

ACTING ALLOWANCE CODE.

Section 23 (*a*) *page* 233.

Substitute the following for the passage within parenthesis in Rule 1 :—

"(to be recorded and, unless the extra expense falls only upon Provincial or Local Resources, communicated to the Supreme Government.)"

* * * * * *

[*Government Gazette*, 31*st July* 1877.]

হোম ডিপার্টমেন্ট।

সিবিলসর্বিসবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২০ জুলাই।

৯২৪ নম্বর।—শ্রীশ্রীমতী মহারাণী শ্রীযুত বাবু রমেশচন্দ্র মিত্রকে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের পদে নিযুক্ত করিলেন।

পরীক্ষাবিষয়ক।

১৮৭৭ সাল ২০ জুলাই।

৭৮ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্বিসের শ্রীযুত ডি, এম, আডিস্ সাহেব সংস্কৃত ভাষায় বিশেষ ব্যুৎপত্তির সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৭৯ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্বিসের শ্রীযুত জে, জি, সিলকক্ সাহেব পারস্য ভাষায় বিশেষ ব্যুৎপত্তির সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৮০ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্বিসের শ্রীযুত ডবলিউ, এচ, এম, গম্ সাহেব বঙ্গ ভাষায় বিশেষ ব্যুৎপত্তির সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ১০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

চিকিৎসাবিষয়ক।

১৮৭৭ সাল ২০ জুলাই।

৪০৯ নম্বর।—তৃতীয় শ্রেণীর আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত তারিণীচরণ পাল, গত আপ্রিল মাসের ১৭ তারিখ অবধি গবর্ণমেন্টের কর্ম্মচ্যুত হইলেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব, কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

স্থিতিরীতিবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২০ জুলাই।

১১১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এই আজ্ঞা করিলেন। যত তণ্ডুল সমুদ্র পথে রফ্তানী হইয়া পণ্ডিচারী ও করিকাল নামক ফ্রেঞ্চ বন্দরাভিমুখে গিয়াছে, কিম্বা মান্দ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত সমুদ্রের ধারে স্থিত কোন ফ্রেঞ্চ বসতি স্থানে স্থলপথ দিয়া যায়, তাহার উপর রফ্তানীর মাসুল দিতে হইবে না। উক্ত মাসুল মা-দণ্ডন বিষয়ক ১৮৭৭ সালের জানুয়ারি মাসের ১৯ তারিখে ১৯ নং যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহা অক্টোবর মাসের ২১ তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে।

জি, এচ, এম, বাটেন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

ফিনান্শ্যাল ডিপার্টমেন্ট।

বেতন ও বৃত্তিবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২০ জুলাই।

২০৬৩ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ফিনান্শ্যাল ডিপার্টমেন্টের একটিং কর্ম্মের বেতন বিষয়ক বিধিপুস্তকে সংযোগ করণার্থে নিম্নলিখিত সংশোধিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

একটিং কর্ম্মের বেতন বিষয়ক বিধিপুস্তকের
(২৩৩ পৃষ্ঠা) ২৩ (৫) ধারা।

১ প্রকরণে ( ) চিহ্নের মধ্যগত পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদ দিতে হইবে।

"(ঐ কারণ লিখিতে হইবে ও ঐ অতিরিক্ত ব্যয়, কেবল প্রবিন্শ্যাল কিম্বা স্থানীয় আয়ের উপর না পড়িলে প্রধানতম গবর্ণমেন্টে জানাইতে হইবে।)"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

SEPARATE REVENUE—STAMPS.

The 20th July 1877.

No. 2041.—In exercise of the powers conferred by Section 35 of the Court Fees Act VII of 1870, and in supersession of the Notification in the Financial Department, No. 4366, dated 31st October 1870, the Governor-General in Council is pleased to remit the fees chargeable under the said Act in respect of—

1st.—Copies of all documents furnished under the orders of any Court or Magistrate to any Government Advocate or Pleader or other person specially empowered in that behalf for the purpose of conducting any trial or investigation on the part of Government before any Criminal Court.

2nd.—Copies of all documents which any such Advocate, Pleader or other person is required to take in connection with any such trial or investigation for the use of any Court or Magistrate, or may consider necessary for the purpose of advising the Government in connection with any criminal proceeding.

3rd.—Copies of judgments and depositions required by officers of the Police Department for conducting appeals on behalf of Government before any Criminal Court.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

Simla, the 18th July 1877.

No. 328.—The following changes are ordered in the postings of superior officers of the Accounts Branch:—

* * * * * *

Mr. J. Douglas, Assistant Examiner, Rajpootana State Railway, is appointed to the charge of the Accounts of the Tirhoot State Railway.

The 19th July 1877.

No. 326.—Mr. E. J. Martin, Executive Engineer, 1st grade, North-Eastern System of State Railways, held charge of the current duties of the office of Engineer-in-Chief, Tirhoot State Railway, in addition to his own duties, from the 30th April till relieved by Mr. F. L. O'Callaghan.

W. A. CROMMELIN, *Major-Genl., R.E.,*
Secy. to the Govt. of India.

স্বতন্ত্র রাজস্ব—ইষ্টাম্পবিষয়ক।

১৮৭৭ সাল ২০ জুলাই।

২০৪১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব, আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩৫ ধারামতে প্রদত্ত ক্ষমতাক্রমে কার্য্য করিয়া ও ফিনান্সিয়াল ডিপার্টমেন্টের ১৮৭০ সালের অক্টোবর মাসের ৩১ তারিখের ৪৩৬৬ নং জ্ঞাপনপত্র রহিত করিয়া নিম্নলিখিত স্থলে উক্ত আইনমত রসুম ক্ষমা করিলেন।

১ প্রথম।—ফৌজদারী কোন আদালতের সম্মুখে গবর্ণমেন্টের পক্ষে কোন মোকদ্দমা কি অনুসন্ধান কার্য্য চালাইবার নিমিত্তে, কোন আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে গবর্ণমেন্টের সপক্ষ কোন আডবোকেট কি উকীলকে, কিম্বা তৎপক্ষে বিশেষ ক্ষমতা-প্রাপ্ত অন্য ব্যক্তিকে কোন দলীলের যে নকল দেওয়া যায় তাহার রসুম লাগিবে না।

২ দ্বিতীয়।—উক্ত কোন বিচার কি অনুসন্ধান কার্য্য সম্পর্কে কোন আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের ব্যবহারের জন্যে উক্ত কোন আডবোকেটের কি উকীলের কি অন্য ব্যক্তির প্রতি কোন দলীলের যে নকল লইবার আদেশ থাকে কিম্বা তাঁহারা ফৌজদারী কোন কার্য্য-বৃত্তান্তসম্পর্কে গবর্ণমেন্টকে পরামর্শ দেওনার্থে যে দলীলের নকল লওয়া প্রয়োজন জ্ঞান করেন, তাহার রসুম লাগিবে না।

৩ তৃতীয়।—ফৌজদারী আদালতের সম্মুখে গবর্ণমেন্টের পক্ষে আপীল চালাইবার নিমিত্তে পোলীস কার্য্যবিভাগের কার্য্যকারকেরা বিচারপত্রের ও সাক্ষ্যের যে নকল প্রয়োজন জ্ঞান করেন তাহার রসুম লাগিবে না।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১৮ জুলাই।

৩২৩ নম্বর।—হিসাব শাখার উচ্চতর কর্ত্তৃপক্ষদের অবস্থিতিবিষয়ে নিম্নলিখিত পরিবর্ত্তনের আজ্ঞা করা গেল।

রাজপুতনা ষ্টেট রেলওয়ের আসিষ্টান্ট হিসাব পরীক্ষক শ্রীযুত জে, ডগলাস সাহেব, ত্রিহুত ষ্টেট রেলওয়ের হিসাবের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

৩২৬ নম্বর।—ষ্টেট রেলওয়ে সমূহের উত্তর-পূর্ব্ব রেলওয়ের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, জে, মার্টিন সাহেব আপন কর্ম্মাতিরিক্ত ৩০ আপ্রিল অবধি শ্রীযুত এফ, এল, ও'কলেঘান সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত ত্রিহুত ষ্টেট রেলওয়ের প্রধান ইঞ্জিনিয়রের আফিসের চলিত কর্ম্মের ভারপ্রাপ্ত ছিলেন।

ডবলিউ, এ, ক্রমেলিন্, মেজর-জেনরল, আর, ই,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

Numb. 1984 ১৯৮৪ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 7, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ৭ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATIONS.

CORRIGENDUM.—In Act No. III of 1877 (published in the *Gazette of India*, Part IV, of 17th and 24th February and 3rd March 1877), in the Table of Contents, Part X, section 50, and in the marginal note to section 50, *omit* the words "of which registration is optional."

Simla, the 26th July 1877.

No. 26.—The following Act is hereby proclaimed by order of the Governor-General in Council, under the provisions of section 3 of the said Act:—

32 and 33 VICTORIA, CAP. XI.

An Act for amending the Law relating to the Coasting Trade and Merchant Shipping in British Possessions.

[13*th May* 1869]

Be it enacted by the Queen's Most Excellent Majesty, by and with the advice and consent of the Lords Spiritual and Temporal, and Commons, in this present Parliament assembled, and by the authority of the same, as follows:—

Preliminary.

Short title

I. This Act may be cited as "The Merchant Shipping (Colonial) Act, 1869."

Definition of terms.

II. In this Act, unless the context otherwise requires—

"British possession."

The term "British possession" means any territory or place situate within Her Majesty's dominions, and not forming part of the United Kingdom or of the Channel Islands, or Isle of Man; and all territories and places under one legislature as hereinafter defined are deemed to be one British possession for the purposes of this Act.

"Legislature."

The term "Legislature" includes any person or persons who exercise legislative authority in the British possession, and, where there are local legislatures as well as a central legislature, means the central legislature only.

Commencement of Act.

III. This Act shall be proclaimed in every British possession by the Governor thereof as soon as may be after he receives notice of this Act, and shall come into operation in that British possession on the day of such proclamation, which day is hereinafter referred to as the commencement of this Act.

Coasting Trade.

Regulation of coasting trade by Colonial legislature.

IV. After the commencement of this Act the legislature of a British possession, by any Act or Ordinance, from time to time, may regulate the coasting trade of that British possession, subject in every case to the following conditions:—

(1.) The Act or Ordinance shall contain a suspending clause, providing that such Act or Ordinance shall not come into operation until Her Majesty's pleasure thereon has been publicly signified in the British possession in which it has been passed.

(2.) The Act or Ordinance shall treat all British ships (including the ships of any British possession) in exactly the same manner as ships of the British possession in which it is made.

(3.) Where, by treaty made before the passing of this Act, Her Majesty has agreed to grant to any ships of any Foreign State any rights or privileges in respect of the coasting trade of any British possession, such rights and privileges shall be enjoyed by such ships for so long as Her Majesty has

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

অশুদ্ধ শোধন।—১৮৭৭ সালের মার্চ মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের তৃতীয় খণ্ডে প্রকাশিত ১৮৭৭ সালের ৩ আইনের সূচীপত্রের দশম ভাগে ৫০ ধারার ও ৫০ ধারার পার্শ্বে লিখিত "দলীল" শব্দের পূর্ব্ব "যে" ও "দলীল" শব্দের পর "রেজিষ্টরী করা স্বেচ্ছাধীন তাহা" এই সকল কথা ত্যাগ করিতে হইবে।

সিমলা। ১৮৭৭ সাল ২৬ জুলাই।

২৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে নিম্নলিখিত আইনের ৩ ধারার বিধানক্রমে এই আইন প্রকাশ করা যাইতেছে।—

মহারাণী বিক্টরিয়ার ৩২ ও ৩৩ বৎসরের আইনের ১১ অধ্যায়।

ব্রিটনীয়দের অধিকৃত দেশে সমুদ্রকুলগামি বাণিজ্য ও সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ আইন।

[১৮৬৯ সাল ১৩ মে।]

এই রাজসভায় অধিবিষ্ট ঐহিক ও পারত্রিক লার্ড ও কামন সাহেবদের পরামর্শ ও সম্মতিক্রমে ও তাঁহাদের দত্ত ক্ষমতাক্রমে মহামহিমান্বিতা শ্রীশ্রীমতী মহারাণী কর্ত্তৃক এই বিধান করা গেল।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "উপনিবেশের সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৬৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

শব্দের অর্থ বিষয়ক কথা।

২ ধারা। এই আইনে পূর্ব্বাপর কথা দ্বারা ভাবান্তর প্রয়োগ করণের আবশ্যক না হইলে,

"ব্রিটনীয়দের অধিকৃত দেশ।"

"ব্রিটনীয়দের অধিকৃত দেশ" এই শব্দেতে সংযুক্ত রাজ্যের কিম্বা চানেলের দ্বীপ কি মান নামক উপদ্বীপভিন্ন শ্রীশ্রীমতীর আধিপত্যের অন্তর্গত কোন দেশ কি স্থান জানিতে হইবে। এবং নিম্নভাগে "ব্যবস্থাপক সভা" শব্দের যে অর্থ করা গেল তদনুসারে একি ব্যবস্থাপক সভার অধীন সকল দেশ ও স্থান এই আইনের কার্য্যপক্ষে ব্রিটনীয়দের অধিকৃতদেশ বলিয়া জ্ঞান করিতে হইবে।

"ব্যবস্থাপক সভা।"

যে ব্যক্তি বা ব্যক্তিরা ব্রিটনীয়দের অধিকৃতদেশে ব্যবস্থাপকের ক্ষমতানুসারে কার্য্য করেন "ব্যবস্থাপকসভা" শব্দের মধ্যে তিনি বা তাঁহারাও গণ্য। ও যে স্থানে সদর ব্যবস্থাপক সভা এবং স্থানীয় ব্যবস্থাপক সভা উভয় থাকে সেই স্থানে ঐ শব্দেতে কেবল সদর ব্যবস্থাপক সভা জানিতে হইবে ইতি।

আইন যে অবধি চলিবে তাহার কথা।

৩ ধারা। ব্রিটনীয়দের অধিকৃত প্রত্যেক দেশের শ্রীযুত গবরনর সাহেব এই আইনের নোটিস পাইলে পর সাধ্যমতে ত্বরায় তাহা প্রচার করাইবেন। ও ব্রিটনীয়দের অধিকৃত যে দেশে যে দিনে প্রচার করা যায় সেই দেশে সেই দিনাবধি এই আইন প্রচলিত হইবে। এই আইনের মধ্যে, সেই দিন এই আইন প্রচলিত হওনের দিন বলিয়া উল্লিখিত হইল।

সমুদ্রকুলের বাণিজ্য বিষয়ক বিধি।

উপনিবেশের ব্যবস্থাপক সভার সমুদ্র কুলের বাণিজ্য বিষয়ক আইন করিতে হইবার কথা।

৪ ধারা। এই আইন প্রচলিত হওনের পর ব্রিটনীয়দের অধিকৃত কোন দেশের ব্যবস্থাপক সভা সময়ে২ কোন আইন কি বিধান করিয়া ব্রিটনীয়দের অধিকৃত ঐ দেশের সমুদ্রকুলের বাণিজ্যবিষয়ক বিধান করিতে পারিবেন। পরন্তু প্রত্যেক স্থলে এই২ নিয়ম প্রবল মানিতে হইবে,

(১) ঐ আইনে কি বিধানে বিলম্বকরণসূচক এই মর্ম্মের একটি প্রকরণ থাকিবে যে, ব্রিটনীয়দের অধিকৃত যে দেশে ঐ আইন কি বিধান করা যায় সেই দেশে শ্রীশ্রীমতীর অনুমোদন প্রকাশ্যরূপে জ্ঞাত করা না গেলে সেই আইন কি বিধান প্রবল করা যাইবে না।

(২) ব্রিটনীয়দের অধিকৃত যে দেশে ঐ আইন কি বিধান করা যায় সেই দেশের জাহাজের প্রতি যদ্রূপ আচার হয়, ঐ আইন কি বিধানমতে (ব্রিটনীয়দের অধিকৃত কোন দেশের জাহাজও লইয়া) ব্রিটনীয় সকল জাহাজের প্রতি তদ্রূপ আচার হইবে।

(৩) শ্রীশ্রীমতী মহারাণী এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে যদি সন্ধিপত্রক্রমে, ভিন্ন দেশীয় কোন রাজ্যাধিকারের কোন জাহাজের প্রতি ব্রিটনীয়দের অধিকৃত কোন দেশের সমুদ্রকুলের বাণিজ্য বিষয়ে কোন স্বত্ব বা ক্ষমতা প্রদান করিয়া থাকেন ও তবে উক্ত আইনে বা

already agreed or may hereafter agree to grant the same, anything in the Act or Ordinance to the contrary notwithstanding.

Sections 328 & 163 of 16 & 17 Vic., c. 107, repealed.

V. The following sections of the Customs Consolidation Act, 1853, are hereby repealed; namely—

Section three hundred and twenty-eight as from the commencement of this Act.

Section one hundred and sixty-three as from the date, in the case of each British possession, at which either an Act or Ordinance with respect to the coasting trade made within two years after the commencement of this Act in such British possession comes into operation; or, if there is no such Act or Ordinance, at which the said two years expire.

Merchant Shipping.

Registrars of British ships in British possessions.

VI. It shall be lawful for Her Majesty by Order in Council, from time to time to declare, with respect to the British possession mentioned in the order, the description of persons who are to be Registrars of British Ships in that British possession, and to revoke any order so made. After the date specified in the order, or, if no date is specified, after the date of the proclamation of the order in the British possession, the order shall have effect as if it were contained in section thirty of the Merchant Shipping Act, 1854.

Application of Merchant Shipping Acts to Canada.

VII. In the construction of the Merchant Shipping Act, 1854, and of the Acts amending the same, Canada shall be deemed to be one British possession.

Colonial certificates to Masters, Mates, and Engineers.

VIII. Where the legislature of any British possession provides for the examination of, and grant of certificates of competency to, persons intending to act as Masters, Mates, or Engineers on board British ships and the Board of Trade reports to Her Majesty that they are satisfied that the examinations are so conducted as to be equally efficient as the examinations for the same purpose in the United Kingdom under the Acts relating to Merchant Shipping, and that the certificates are granted on such principles as to show the like qualifications and competency as those granted under the said Acts, and are liable to be forfeited for the like reasons and in the like manner, it shall be lawful for Her Majesty, by Order in Council—

(1) To declare that the said certificates shall be of the same force as if they had been granted under the said Acts:

(2) To declare that all or any of the provisions of the said Acts which relate to certificates of competency granted under those Acts shall apply to the certificates referred to in the said order:

(3) To impose such conditions and to make such regulations with respect to the said certificates, and to the use, issue, delivery, cancellation, and suspension thereof, as to Her Majesty may seem fit, and to impose penalties not exceeding fifty pounds for the breach of such conditions and regulations.

Upon the publication in the London Gazette of any such Order in Council as last aforesaid, the provisions therein contained shall, from a date to be mentioned for the purpose in such order, take effect as if they had been contained in this Act.

It shall be lawful for Her Majesty in Council to revoke any order made under this section.

A. PHILLIPS,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 7th August* 1877.]

বিধানে ভাবান্তরের কথা থাকিলে, শ্রীশ্রীমতী যত দিনের নিমিত্ত ঐ স্বত্ব কি বিশেষ ক্ষমতা প্রদান করিতে স্বীকার করিলেন বা পরে করেন ঐ২ জাহাজ তত দিন সেই স্বত্ব বা ক্ষমতা ভোগ করিবেন ইতি।

বিকটরিয়ার ১৬ ও ১৭ বৎসরের আইনের ১০৭ অধ্যায়ের ৩২৮ ও ১৬৩ ধারা রহিত হওয়ার কথা।

৫ ধারা। ১৮৫৩ সালের কষ্টমবিষয়ক সংগৃহীত আইনের এই২ ধারা রহিত করা যাইবে,—

এই আইন প্রচলিত হওয়ার সময়াবধি ৩২৮ ধারা।

এই আইন প্রচলিত হওনের পর দুই বৎসরের মধ্যে সমুদ্রকুলের বাণিজ্যবিষয়ক কোন আইন কি বিধান ব্রিটনীয়দের অধিকৃত যে দেশে যে তারিখে প্রচলিত হয় সেই দেশে সেই তারিখ অবধি, কিম্বা তদ্রূপ কোন আইন কি বিধান প্রণয়ন না হইলে উক্ত দুই বৎসর শেষ হওয়ার তারিখ অবধি ১৬৩ ধারা ইতি।

সওদাগরী জাহাজ বিষয়ক বিধি।

ব্রিটনীয়দের অধিকৃত দেশে ব্রিটনীয় জাহাজের রেজিষ্ট্রার বিষয়ক কথা।

৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী মন্ত্রিসভায় আজ্ঞা করিয়া ঐ আজ্ঞাপত্রের উল্লিখিত ব্রিটনীয়দের অধিকৃত কোন দেশে যে প্রকারের লোক ব্রিটনীয় জাহাজের রেজিষ্ট্রার হইবেন ইহা সময়ে২ ব্রিটনীয়দের ঐ দেশের বিষয়ে আজ্ঞা করিতে পারিবেন, ও তদ্রূপ কোন আজ্ঞা অন্যথাও করিতে পারিবেন। ঐ আজ্ঞাপত্রের নির্দ্ধারিত তারিখের পর, কিম্বা তারিখ নির্দ্ধারিত না হইলে ব্রিটনীয়দের অধিকৃত ঐ দেশে ঐ আজ্ঞা প্রচার হওয়ার তারিখের পর উক্ত আজ্ঞা সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ৩০ ধারায় উল্লিখিত হওয়ার ন্যায় প্রবল হইবে ইতি।

সওদাগরী জাহাজ বিষয়ক আইন কানাডা দেশে বর্ত্তিবার কথা।

৭ ধারা। সওদাগরী জাহাজবিষয়ক ১৮৫৪ সালের আইনের ও তৎসংশোধনার্থ অন্য২ আইনের অর্থ করণে কানাডা ব্রিটনীয়দের অধিকৃত অন্যতর দেশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

উপনিবেশে কাপ্তান ও মালিম ও ইঞ্জিনিয়রদের সর্টিফিকট দেওনের কথা।

৮ ধারা। যে ব্যক্তিরা ব্রিটনীয় জাহাজের কাপ্তানের কি মালিমের কি ইঞ্জিনিয়রের পদ পাইতে ইচ্ছা করেন, ব্রিটনীয়দের অধিকৃত কোন দেশের ব্যবস্থাপক সভা তাঁহাদের পরীক্ষা লওনের ও যোগ্যতার সর্টিফিকট প্রদানের বিধান করিলে, ও তৎকার্য্যপক্ষে সওদাগরী জাহাজ বিষয়ক আইন অনুসারে সংযুক্ত রাজ্যে পরীক্ষা কার্য্য যদ্রূপ ফলোপযোগী হয়, উক্ত পরীক্ষাকার্য্য যেরূপে চালান যাইতেছে তদ্বিবেচনায় ঐ পরীক্ষাও তাদৃক ফলোপযোগী আছে, এবং উক্ত আইন অনুসারে সর্টিফিকট দেওয়া গেলে যে২ গুণের ও কর্ম্মযোগ্যতার প্রমাণ হয় উক্ত সর্টিফিকট দ্বারা সেই২ গুণের ও কর্ম্মযোগ্যতার প্রমাণ হয় ও ঐ আইনের উল্লিখিত কারণে ও প্রকারে ঐ সর্টিফিকট দণ্ডস্বরূপ ফিরিয়া লওয়া যাইতে পারে শ্রীশ্রীমতীর নিকট বোর্ড ট্রেড এমত রিপোর্ট করিলে, শ্রীশ্রীমতী মন্ত্রিসভায় অধিষ্ঠিতা হইয়া এই২ আজ্ঞা করিতে পারিবেন,

(১) উক্ত সর্টিফিকট উক্ত আইন অনুসারে প্রাপ্ত হওয়ার ন্যায় প্রবল হইবে।

(২) উক্ত আইন অনুসারে যোগ্যতার যে সর্টিফিকট পাওয়া যায় তৎসম্পর্কীয় যে সকল কি যে কোন বিধান ঐ আইনে থাকে তাহা উক্ত আজ্ঞাপত্রের উল্লিখিত সর্টিফিকটের প্রতি বর্ত্তে।

(৩) সেই সর্টিফিকটের বিষয়ে ও তাহার ব্যবহারের ও প্রচার করণের ও দেওনের ও রহিত করণের ও স্থগিত রাখণের বিষয়ে শ্রীশ্রীমতী যে২ নিয়ম ও বিধান বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন ও সেই নিয়ম ও বিধান ভঙ্গ করণের ৫০ পঞ্চাশ পৌণ্ডের অনধিক দণ্ড ধার্য্য করিতে পারিবেন।

মন্ত্রিসভার কৃত শেষোক্ত কোন আজ্ঞাপত্র লণ্ডন গেজেটে প্রকাশ করা গেলে, সেই আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট বিধান ঐ আজ্ঞাপত্রের উল্লিখিত তারিখ অবধি এই আইনে নির্দ্ধারিত হওয়ার ন্যায় প্রবল হইবে।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী এই ধারামতে কৃত কোন আজ্ঞা অন্যথা করিতে পারিবেন ইতি।

এ, ফিলিপস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৭ আগষ্ট।]

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATION.—Emigration.

Simla, the 21st July 1877.

No. 129.—Under the provisions of Section 56 of the Indian Emigration Act (VII of 1871), the Governor-General in Council is pleased to direct the substitution of the following for rules 23 and 29 of the rules relating to emigration from the port of Calcutta, which were published in the *Gazette of India* of the 22nd February 1873 :—

Rule 23. The proportion of female emigrants to be embarked on each ship during the months of August to October, both inclusive, shall be, as nearly as practicable, 25 adult females to every hundred dult males.

23A. During the period from 1st November to the close of each season, the proportion shall be such number between 40 and 80 adult females to every 100 adult males as the Protector of Emigrants may fix for each ship.

In exercising the discretion given him by this rule, the Protector of Emigrants shall, if practicable, so fix the proportion for the several ships despatched during the period last mentioned, that the average proportion embarked during each season shall be not less than 40 adult females to every 100 adult males.

23B. If in any such season the average falls below this, the Protector of Emigrants shall, in exercising the discretion given him by the first clause of Rule 23A, so fix the proportion for the several ships despatched during the period commencing with the 1st November of the following season up to its close as to bring up the average proportion for the two seasons, if practicable, to not less than 40 adult females to every 100 adult males.

Rule 29. The Emigration Agent shall appoint to each ship about to be despatched by him the staff of attendants specified in scale No. 11 of Schedule E, and shall ensure their punctual attendance at the time of embarkation.

When emigrants volunteer to act as topazes or cooks, and the Superintending Surgeons are willing to accept their services in this capacity, they may be employed as such.

The compounder-interpreter and the nurses, cooks, sirdars, and topazes, whether emigrants or not, shall, whenever practicable, be selected from among those who have been accustomed to a sea life, and have been trained either in an emigration depôt or elsewhere to the kind of work they will be required to perform on board.

One of the nurses appointed shall be a person who possesses the necessary qualifications for the work of supervising and directing under nurses, and she shall be appointed head-nurse.

29A. The Agent shall provide all persons appointed by him with separate written agreements wherein their respective engagements, including for natives of India a free return passage to India, and in the case of West Indian or African topazes a free passage to their homes shall be clearly provided for, but when such persons are emigrants under engagement to serve in the colony to which they are proceeding, it will not be necessary to provide that a return passage to India should be secured to them by agreement, otherwise than on the same terms provided for other emigrants.

To meet caste prejudices, it shall be arranged so that Brahmins shall cook for Hindus, and Mussulmans for Mahomedans.

29B. It shall be further provided by such written agreement that all the attendants shall be under the immediate control of the Surgeon Superintendent, and that he shall have the power of disrating or dismissing any of them for misconduct or neglect of duty.

SCHEDULE E.—SCALES.

No. 11.

Scale of attendants to be appointed to emigrant ships proceeding to places either east or west of the Cape of Good Hope :—

(*a*).—Compounder-interpreter.—One to each ship, unless the total number of statute adults the ship is licensed to carry exceeds 500, in which case an assistant compounder-interpreter must be provided.

(*b*).—Extra interpreter.—One to each ship in all cases when the Surgeon or the Master and 3rd Officer ignorant of the native language; but in the event of an assistant compounder-interpreter being provided, an extra interpreter need not be appointed.

[*Government Gazette, 7th August* 1877.]

রাজস্ব, কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্মবিভাগ।

ভিন্নদেশ গমনবিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ২১ জুলাই।

১২৯ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ভিন্নদেশ গমন বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের ৭ আইনের ৫৬ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। কলিকাতা বন্দরহইতে মজুরদের গমনসম্পর্কীয় যে বিধি ১৮৭৩ সালের মে মাসের ২৭ তারিখের অতিরিক্ত বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা গিয়াছে তাহার ২৩ ও ২৯ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিতে হইবে।

২৩। আগষ্ট মাস অবধি অক্টোবর মাস পর্য্যন্ত প্রত্যেক জাহাজে যত জন মজুর যাইবে তাহাদের বয়ঃপ্রাপ্ত একং শত পুরুষপ্রতি অন্ততঃ ২৫ জন বয়ঃপ্রাপ্তা স্ত্রী যাইবে।

২৩ ক। বিদেশগামিদের রক্ষক নবেম্বর মাসের ১ তারিখ অবধি প্রত্যেক গমন কালের শেষ পর্য্যন্ত প্রত্যেক জাহাজে একং শত পুরুষ প্রতি ৪০ ও ৮০ সংখ্যার মধ্যে যত জন বয়ঃপ্রাপ্তা স্ত্রীর গমন স্থির করেন তত জন যাইবে।

এই বিধিক্রমে বিদেশগামিদের রক্ষককে স্বীয় বিবেচনামতে কার্য্য করিবার যে ক্ষমতা দেওয়া গেল তদনুসারে কার্য্যকরত তিনি সাধ্য হইলে শেষোক্ত কালে যত জাহাজ যায় তৎপক্ষে এই স্থির করিবেন যে, প্রত্যেক গমনকালে বয়ঃপ্রাপ্ত একং শত পুরুষ প্রতি গড়ে ৪০ জন স্ত্রীর কম না যায়।

২৩খ। উক্ত কোন গমনকালে উক্ত গড় সংখ্যার কম হইলে বিদেশগামিদের রক্ষক ২৩ক ধারার প্রথম প্রকরণক্রমে স্বীয় বিবেচনামতে কার্য্য করিবার ক্ষমতানুসারে কার্য্যকরত ইহা স্থির করিবেন যেন আগামি গমনকালীন নবেম্বর মাসের ১ তারিখ অবধি তাহার শেষ পর্য্যন্ত ঐ দুই গমন কালের গড় ধরিয়া সাধ্যমতে বয়ঃপ্রাপ্ত একং শত পুরুষ প্রতি বয়ঃপ্রাপ্তা ৪০ জন স্ত্রীর কম না যায়।

২৯। দেশান্তরগমন কার্য্যের এজেণ্ট সাহেব যে প্রত্যেক জাহাজ পাঠাইতে উদ্যত হন তাহাতে E তফসীলের ১১ নং ফর্দ্দের নির্দ্দিষ্ট চাকর পাঠাইবেন, ও গমন কালে তাহাদের উপস্থিত থাকিবার সদুপায় করিবেন।

বিদেশগামিরা টোপাসের বা রান্ধনির কর্ম্ম করিতে ইচ্ছা করিলে ও সুপরিণ্টেণ্ডিং চিকিৎসকের তাহাদের এই কর্ম্মগ্রহণ করা স্বীকার করিলে তাহারা সেই কর্ম্মে নিযুক্ত হইতে পারিবে।

কম্পৌণ্ডর-দোভাষী ও ধাত্রী ও রান্ধনি ও সর্দ্দার ও টোপসেরা বিদেশগামি হউক বা নাই হউক যাহাদের সমুদ্রে গমনাগমন অভ্যাস হইয়াছে ও যাহারা ভিন্নদেশগমনের আড্ডায় বা অন্যত্র সেই কর্ম্ম শিক্ষা করিয়াছে প্রয়োজনমতে তাহাদের মধ্যহইতে জাহাজে কর্ম্ম করণার্থে লোক মনোনীত করিয়া লওয়া যাইবে।

যাহারা ধাত্রীর পদে নিযুক্ত হয় তন্মধ্যে যাহার পরিদর্শন কার্য্যের ও অধীন ধাত্রীদের উপদেশ দিবার মত আবশ্যক গুণ থাকে এমত এক জন প্রধান ধাত্রীর পদে নিযুক্ত হইবে।

২৯ক। এজেণ্ট সাহেব যাহাদিগকে নিযুক্ত করেন তাহাদের প্রত্যেক জনকে করারপত্র লিখিয়া দিবেন ও তাহারা যেং কর্ম্ম করিবে ও ভারতবর্ষীয় লোক হইলে তাহার বিনা খরচে ফিরিয়া আসিতে, ও ওয়েষ্ট ইণ্ডিয়া বা আফ্রিকা দেশীয় টোপাস হইলে আপনং বাড়ীতে বিনা খরচে ফিরিয়া যাইতে পাইবে ঐ প্রত্যেকের করারপত্রে এইং কথা স্পষ্ট লেখা থাকিবে। কিন্তু তাহারা যে উপনিবেশে যাইতে উদ্যত, তথায় কর্ম্ম করিবার করারে বদ্ধ থাকিলে অন্যান্য বিদেশগামিদের সঙ্গে যেং নিয়ম করা যায় তদ্ভিন্ন তাহাদের ভারতবর্ষে ফিরিয়া আসিবার নিমিত্তে অন্য বিধান করার প্রয়োজন হইবে না।

জাতি রক্ষার জন্যে হিন্দুদের নিমিত্তে ব্রাহ্মণেরা ও মুসলমানদের জন্যে মুসলমানেরা রান্ধিবে, ইহার নিয়ম করিয়া দেওয়া যাইবে।

২৯খ। উক্ত লিখিত করারপত্রক্রমে আরো এই নিয়ম করা যাইবে যে, সকল চাকর চিকিৎসক সুপরিণ্টেণ্ডেণ্টের অব্যবহিত কর্ত্তৃত্বাধীন হইবে, ও তাহারা কুব্যবহার কি কর্ম্মে শৈথিল্য করিলে তিনি তাহাদিগকে অনুযোগ কি কর্ম্মচ্যুত করিতে পারিবেন।

E. তফসীল,—ফর্দ্দ।

১১ নং।

মজুরদিগকে লইয়া যেং জাহাজ কেপের পূর্ব্ব বা পশ্চিমদিগের নানা স্থানে যায় সেইং জাহাজে যত জন চাকর লইতে হইবে তাহার ফর্দ্দ।

(*a*)—কম্পৌণ্ডর—দোভাষী।—প্রত্যেক জাহাজে এক জন, কিন্তু জাহাজে আইনমত বয়ঃপ্রাপ্ত যত জন লইবার লাইসেন্স আছে, তদপেক্ষা ৫০০ জনের অধিক হইলে, এক জন আসিষ্টাণ্ট কম্পৌণ্ডর-দোভাষী লইতেই হইবে।

(*b*)—অতিরিক্ত দোভাষী।—ডাক্তর বা কাপ্তান ও তৃতীয় মালিম দেশীয় ভাষা না জানিলে প্রত্যেক জাহাজে অতিরিক্ত এক জন, দোভাষী লইতে হইবে। কিন্তু আসিষ্টাণ্ট কম্পৌণ্ডর-দোভাষিকে নিযুক্ত করা গেলে ঐ অতিরিক্ত দোভাষিকে নিযুক্ত করিবার আবশ্যক নাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৭ আগষ্ট।]

(*c*).—Female nurses.—Four to each hundred children under two years of age.

(*d*).—Sirdars or headmen.—Four to every hundred statute adults.

(*e*).—Cooks or bandaries. (*f*).—Topazes or sweepers (except in the case of ships bound to the West Indies, as to which see Rule 49).	Two to the first hundred statute adults, and one additional for every additional 100 statute adults.

G. H. M. BATTEN,
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—MINT AND CURRENCY.

Simla, the 27th July 1877.

No. 2197.—Surgeon-Major H. E. Busteed, M.D., resumed charge of the office of Assay Master of the Calcutta Mint, before noon, on the 20th July 1877.

PENSIONS, GRATUITIES, &C.

No. 2193.—The Governor-General in Council directs the publication of the following addenda and corrigenda to the Codes of the Financial Department:—

CIVIL PENSION CODE.

Section 13 (*page* 5).

Add the following as a note under this section :—

(NOTE.—The word "Apprentice" in this section does not include Engineer Apprentices in the Public Works Department.)

Chapter VII (*page* 15).

Substitute the following for the note at the head of this chapter :—

(NOTE.—The rules in this chapter apply to all officers in the service of the British Government.

Section 38 (*page* 16).

Add the following to Rule 5 :—

"The Government will not ordinarily enter into any direct arrangements with the Native State Municipality, or other body to which the officer may be lent, or make any direct demands upon it."

CIVIL LEAVE CODE.

Section 30 (*page* 129).

Add the following as Rule 4 (A) under this section :—

"The suspension of an officer from office pending enquiry into his conduct interrupts his duty or not as the Local Government may in each case decide. Time passed under suspension does not qualify for privilege leave unless, in any case, the Local Government expressly orders that it shall so qualify."

Supplement F, Section 1 (*page* 210).

Add the following as a note under Rule 5 :—

(NOTE.—The word "Apprentice" in this rule does not include Engineer Apprentices in the Public Works Department.)

[*Government Gazette, 7th August* 1877.]

(c)—ধাত্রী।—দুই বৎসরের কম বয়স্ক একং শত শিশুপ্রতি চারি জন।

(d)—সর্দ্দার বা প্রধান ব্যক্তি।—আইনমত বয়ঃপ্রাপ্ত একং শত ব্যক্তির প্রতি চারি জন।

(e)—বাবুর্চ্চি বা ভাণ্ডারী ...
(f)—টোপাস বা মেতর (কিন্তু ওয়েষ্ট ইণ্ডিসে যে হাজ যায় তৎসম্পর্কে বিধির ৪৯ ধারা দেখ)
} আইনমত বয়ঃপ্রাপ্ত প্রথম শত জন প্রতি দুই জন ও তদতিরিক্ত আইনমত বয়ঃপ্রাপ্ত একং শত জনপ্রতি আর একং জন।

জি, এচ, এম, বাটেন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—টাকশাল ও মুদ্রাবিষয়ক।

সিমলা, ১৮৭৭ সাল ২৭ জুলাই।

২১৯৭ নম্বর।—সর্জ্জন-মেজর শ্রীযুত এচ, ই, বষ্টীড সাহেব, এম, ডি, ১৮৭৭ সালে ২০ জুলাইর র্ব্বাহ্নে কলিকাতার টাকশালের আসে মাষ্টরের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

পেনশ্যন ও পারিতোষিক প্রভৃতি বিষয়ক।

১৮৭৭ সাল ২৭ জুলাই।

২১৯৩ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ফিনানশ্যাল ডিপার্টমেণ্টের বিধি-স্তকে সংযুক্ত ও সংশোধিত নিম্নলিখিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

সিবিল কার্য্যকারকদের পেনশ্যনবিষয়ক বিধিপুস্তকের

(৫ পৃষ্ঠার) ১৩ ধারা।

এই ধারার নিম্নভাগে নিম্নলিখিত নোট সংযোগ করিতে হইবে,—

(নোট।—এই ধারায় "আপ্রেন্টিস" শব্দে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের "ইঞ্জিনিয়র আপ্রেন্টিস" গণ্য নহেন)

(১৫ পৃষ্ঠার) ৭ অধ্যায়।

এই অধ্যায়ের শিরোভাগের নোটের পরিবর্ত্তে নিম্নলিখিত নোট দিতে হইবে।

(নোট।—এই অধ্যায়ের সমস্ত বিধি ব্রিটনীয় গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত সকল কর্ম্মচারির প্রতি বর্ত্তে।)

(১৬ পৃষ্ঠার) ৩৮ ধারা।

৫ বিধিতে নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে,—

"গবর্ণমেণ্ট, এদেশীয় যে রাজ্যাধিকারে কি মুনিসিপালিটীতে বা অন্য লোক সমাজের নিকটে কোন কার্য্যকারককে প্রেরণ করেন তাঁহাদের সঙ্গে সামান্যতঃ কোন নিয়ম কিম্বা সাক্ষাৎ সম্বন্ধে কোন দাওয়া করিবেন না।

সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের

(১২৯ পৃষ্ঠার) ৩০ ধারা।

এই ধারার নিম্নভাগে ৪ (A) প্রকরণ বলিয়া নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে।

কোন কর্ম্মকারকের চরিত্র বিষয়ে অনুসন্ধান কালে তিনি কর্ম্মহইতে স্থগিত থাকিলে, সেই কাল তাঁহার কর্ম্মের কালের মধ্যে ধরা যাইবে কি না স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক স্থলে ইহা নির্ণয় করিবেন। কর্ম্মকারক কর্ম্মহইতে যত কাল স্থগিত থাকেন তত কাল অনুগ্রহের ছুটী পাইবার কালের মধ্যে গণ্য নহে। কিন্তু স্থল বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট অনুগ্রহের ছুটী পাইবার কাল গণ্য হইবার স্পষ্ট আজ্ঞা করিলে গণ্য হইতে পারে।

(২১০ পৃষ্ঠার) F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১ ধারা।

৫ প্রকরণের নিম্নভাগে নোট বলিয়া নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে।

(নোট।—এই প্রকরণে "আপ্রেন্টিস" শব্দে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের "ইঞ্জিনিয়র আপ্রেন্টিস" গণ্য নহেন।)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৭ আগষ্ট।]

SEPARATE REVENUE—POST OFFICE.

The 27th July 1877.

No. 2196.—Under the powers vested in him by Sections 20 and 22 of the Post Office Act of 1866, the Governor-General of India in Council is pleased to declare that the rates of postage chargeable on inland *parcels* and on inland *packets* of books and other articles shall be those hereunder mentioned, viz.—

On parcels: 8 annas if the parcel does not exceed 40 tolas in weight: and 4 annas additional for every additional 40 tolas or fraction thereof.

On packets: 1 anna if the packet does not exceed 10 tolas in weight, 2 annas if it exceeds 10 tolas and does not exceed 40 tolas, and 2 annas additional for every additional 40 tolas or fraction thereof.

The foregoing rates shall be subject to the existing regulations concerning the compulsory prepayment of *packets* and the packing of them with open ends.

No alteration is made in the present scale of charges* leviable on *packets* transmitted on Her Majesty's Service: but in lieu of the present scale of charges leviable on *parcels* transmitted on Her Majesty's Service, under the official correspondence rules, there shall be charged on every such *service parcel* the same amount as that chargeable on a *service packet* of like weight together with 4 annas for registration. Thus for a *service parcel* exceeding 20 and not exceeding 30 tolas there shall be charged 3 annas (service packet rate) together with 4 annas, or a total of 7 annas. The prepayment of *service packets* shall continue to be compulsory and that of service parcels shall continue to be optional.

* 2 annas for 20 tolas, 3 annas for 30 tolas, and so on.

This order shall have effect in respect of all parcels and packets posted on and after the 1st September 1877

STAMPS.

The 27th July 1877.

No. 2127.—In exercise of the powers conferred by Section 35 of the Court Fees Act, 1870, the Governor-General in Council is pleased to declare that the fee chargeable under the said Act on plaints filed in suits for possession of immoveable property under Section 9 of the Specific Relief Act No. I of 1877, shall be one-half of the amount prescribed in the scale of fees for plaints mentioned in Schedule I, Article I of the Court Fees Act.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

স্বতন্ত্র রাজস্ব,—ডাকঘরবিষয়ক।

১৮৭৭ সাল ২৭ জুলাই।

২১৯৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ২০ ও ২২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি এই আজ্ঞা করিলেন। পুলিন্দা ও পুস্তক ও অন্যান্য দ্রব্যের পাকেট এতদ্দেশে এক স্থানহইতে অন্য স্থানে প্রেরণ করা গেলে তাহার ডাক মাসুল নিম্নলিখিত হারে লওয়া যাইবে।

পুলিন্দা, ৪০ তোলা ওজনের অধিক না হইলে ।।০ আট আনা। ৪০ তোলার অধিক ৪০ তোলা বা তাহার ভগ্নাংশের উপর আর ।০ চারি২ আনা লওয়া যাইবে।

পাকিট ১০ তোলা ওজনের অধিক না হইলে ৵০ এক আনা। ১০ তোলা অবধি ৪০ তোলা পর্য্যন্ত ৴০ দুই আনা, ও ৪০ তোলার অধিক প্রত্যেক ৪০ তোলার বা তাহার ভগ্নাংশের উপর ৴০ দুই২ আনা লওয়া যাইবে।

পাকিটের অগ্রিম মাসুল দেওন ও বন্ধ করিবার সময়ে দুই দিক্ খোলা রাখনবিষয়ক এইক্ষণে যে বিধি আছে তাহা প্রবল মানিয়া পূর্ব্বোক্ত হারে মাসুল দিতে হইবে।

শ্রীশ্রীমতী মহারাণীর কার্য্যার্থে প্রেরিত পুলিন্দার উপর যে হারে মাসুল* লওয়া যাইতেছে তাহার পরিবর্ত্তন করা গেল না, কিন্তু রাজকীয় পত্রাদি পাঠাইবার বিধিমতে শ্রীশ্রীমতী মহারাণীর কার্য্যার্থে প্রেরিত পুলিন্দার উপর এইক্ষণে যে হারে মাসুল লওয়া যাইতেছে, তৎপরিবর্ত্তে সর্ব্বিস পাকিটের ওজন অনুসারে তাহার উপর যে মাসুল লওয়া যায় উক্ত প্রত্যেক সর্ব্বিস পার্সেলের উপরও সেই মাসুল লওয়া যাইবে, তদ্ভিন্ন রেজিষ্টরী করিবার নিমিত্ত ।০ চারি আনা লাগিবে। যথা, ২০ তোলার অধিক ও ৩০ তোলার অনধিক সর্ব্বিস পার্সেলের (সর্ব্বিস পাকিটের হারানুসারে) ৶০ আনা মাসুল ও ঐ ।০ চারি আনা অর্থাৎ সর্ব্বশুদ্ধ ।৶০ সাত আনা লওয়া যাইবে। সর্ব্বিস পাকিটের মাসুল অগ্রিম দিতেই হইবে। ও সর্ব্বিস পার্সেলের মাসুল অগ্রিম দেওয়া বা না দেওয়া স্বেচ্ছাধীন থাকিবে।

* ২০ তোলায় ৶০ আনা, ৩০ তোলায় ৶০ আনা, এই রূপ ক্রমশঃ।

১৮৭৭ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি ডাকযোগে প্রেরিত সকল পার্সেল ও পাকিটের বিষয়ে এই আজ্ঞা বর্ত্তিবে।

ইষ্টাম্পবিষয়ক।

১৮৭৭ সাল ২৭ জুলাই।

২১২৭ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনের ৩৫ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করত তিনি এই আজ্ঞা করিলেন। বিশেষ উপকার বিষয়ক ১৮৭৭ সালের ১ আইনের ৯ ধারামতে স্থাবর সম্পত্তির অধিকার পাইবার মোকদ্দমায় আবেদনপত্র দেওয়া গেলে প্রথমোক্ত আইনমতে তাহার উপর যে রসুম লওয়া যায় তাহা আদালতের রসুমবিষয়ক আইনের ১ তফসীলের ১ প্রকরণের উল্লিখিত আবেদনপত্রের নির্দ্দিষ্ট রসুমের অর্দ্ধেক হইবে।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৭ আগষ্ট।]

Numb. 1985 ১৯৮৫

[REGISTERED No 38.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 14, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ১৪ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—PUBLIC.

Simla, the 31st July 1877.

No. 1461.—In the rules published under Home Department Notification No. 8742, dated the 21st August 1867, to regulate the submission, receipt, and transmission of memorials addressed to Her Majesty's Government, the following Rule VIII has been substituted for the rule bearing the same number, and is published for general information :—

VIII —No limit is fixed to the time within which an appeal from an act or order of the Governments in India must be preferred to the Home Government except in the case of appeals from a judicial decision which the Judge is a political officer and in which the ap ordinarily lies to Government in the Political Depart Such appeals* must be preferred within a period of months from the date of communication to the perso cerned of the order to which objection is taken.

* When a judicial decision of the nature referred to has been communicated to the party or parties concerned before the date of this notification, he or they may appeal from such decision within 18 months from the date of this notification.

ESTABLISHMENTS.

The 2nd August 1877.

No. 648.—The Hon'ble E. G. Birch, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, availed himself, on the afternoon of the 17th ultimo, of the privilege leave granted to him in Home Department Notification No. 492, dated the 6th June last.

No. 649.—The Hon'ble H. B. Lawford took his seat as an Officiating Judge of the High Court of Judicature at Fort William in Bengal on the forenoon of the 18th ultimo.

ARTHUR HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION.—PENSIONS, GRATUITIES, &c.

Simla, the 3rd August 1877.

No. 2330.—The Governor-General in Council directs the publication of the following Addenda and Corrigenda to the Codes of the Financial Department :—

CIVIL PENSION CODE.

Section 55, *Rule* 1 (*page* 29).

Substitute for the words

"below the rank of Head Constable"

the words

"whose pay does not exceed twenty rupees a month, and"

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন,—পবলিক।

সিমলা, ১৮৭৭ সাল ৩১ জুলাই।

১৪৬১ নম্বর।—শ্রীশ্রীমতীর গবর্ণমেন্টের নামে প্রার্থনাপত্র অর্পণ ও গ্রহণ ও প্রেরণ করণের বিধান করণার্থ যে বিধি হোম ডিপার্টমেন্টের ১৮৬৭ সালের ২১ আগষ্টের ৩৭৪২ নং জ্ঞাপনপত্রক্রমে প্রকাশ করা যায় তাহার ৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ৮ ধারা দিয়া সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

৮। বিচারপতি পোলিটিকাল কার্য্যবিভাগের কর্ত্তৃপক্ষ হইলে তাঁহার কৃত নিষ্পত্তির উপর আপীল ও পোলিটিকাল ডিপার্টমেন্টে গবর্ণমেন্টের নিকট নিয়মিতরূপে যাহার আপীল হইতে পারে এমত মোকদ্দমার আপীল ভিন্ন ভারতবর্ষস্থ গবর্ণমেন্টের কোন ক্রিয়ার কি আজ্ঞার উপর ইংলণ্ডস্থ গবর্ণমেন্টে যে সময়ের মধ্যে আপীল করিতে হইবে এমত কোন সময়ের নিরূপণ নাই। যে আজ্ঞার উপর আপত্তি হয় সেই স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে জ্ঞাত করিবার তারিখ অবধি দ্বাদশ মাসের মধ্যে উক্ত আপীল* উপস্থিত হইবে।

*এই জ্ঞাপনপত্রের তারিখের পূর্ব্বে স্বার্থযুক্ত এক পক্ষ বা পক্ষদিগকে আদালতের উল্লিখিত প্রকারের নিষ্পত্তি জ্ঞাত করা গেলে উক্ত নিষ্পত্তির উপর এই পত্রের তারিখ অবধি আঠার মাসের মধ্যে কি তাঁহারা আপীল করিতে পারিবেন।

সিরিশ্‌তাবিষয়ক।

১৮৭৭ সাল ২ আগষ্ট।

৬৪৮ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ, মান্যবর শ্রীযুত ই, জি, বর্চ সাহেব, হোম ডিপার্টমেন্টের গত জুন মাসের ৬ তারিখের ৪৯২ নং জ্ঞাপনপত্রমতে যে অনুগ্রহের ছুটী পান তাহা গত মাসের ১৭ তারিখের অপরাহ্নে গ্রহণ করিলেন।

৬৪৯ নম্বর।—মান্যবর শ্রীযুত এচ, বি, লার্ফর্ড সাহেব, গত মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্নে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং জজস্বরূপ স্বীয় আসন গ্রহণ করিলেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

ফিনান্‌শ্যল ডিপার্টমেন্ট।

পেনশ্যন ও পারিতোষিক বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ৩ আগষ্ট।

২৩৩০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ফিনান্‌শ্যল ডিপার্টমেন্টের বিধিপুস্তকে সংযুক্ত ও সংশোধিত নিম্নলিখিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

সিবিল কার্য্যকারকদের পেনশ্যন বিষয়ক বিধিপুস্তকের

(২৯ পৃষ্ঠার) ৫৫ ধারার ১ প্রকরণ।

"হেড কনষ্টাবলের নিম্ন শ্রেণীর"
এই কথার পরিবর্ত্তে,
"যাহার মাসিক বেতন ২০৲ টাকার অধিক নয়, ও"
এই কথা দিতে হইবে।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

Numb. 1986 ১৯৮৬ [REGISTERED No. 80.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 21, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২১ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION.—PENSIONS, GRATUITIES, &c.

Simla, the 10th August 1877.

No. 2481.—The Governor-General in Council directs the publication of the following Addenda and Corrigenda to the Codes of the Financial Department:—

CIVIL PENSION CODE.

Section 48A (page 28).

Add the following to this Section:—

"In the same manner, the Local Government may, upon such conditions as it may in each case think fit to impose, condone a break or breaks in the continuity of service, not exceeding three months in the aggregate, or one month on any one occasion, provided that such break or breaks be not the result of any one of the circumstances mentioned in Section 48."

ACTING ALLOWANCE CODE.

Section 25 (page 236).

Insert the following as Rule 3 under this section:—

3. An officer placed in charge of the current duties of an office is not entitled to any fixed travelling, tentage or local allowances attached to the office, except under the special orders of the Local Government.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 21st August* 1877.]

ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্ট।

পেনশ্যন ও পারিতোষিক বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৭ সাল ১০ আগষ্ট।

২৪৮১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেব ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টের বিধি-পুস্তকে সংযুক্ত ও সংশোধিত নিম্নলিখিত কথা প্রকাশ করিতে আজ্ঞা করিলেন।

সিবিল কার্য্যকারকদের পেনশ্যন বিষয়ক বিধিপুস্তকের

(২৩ পৃষ্ঠার) ৪৮ A ধারা।

এই ধারায় নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে।

"সেইরূপে, স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক স্থলে যদ্রূপ নিয়ম করা উচিত বোধ করেন তদ্রূপ নিয়ম করিয়া, অবিচ্ছেদে কর্ম্মকরণের কালের মধ্যে সমুদয়ে তিন মাসের অনধিক কিম্বা এক কালে এক মাসের অনধিক কাল বিচ্ছেদ থাকিলে, সেই কাল পেনশ্যনের কালের মধ্যে গণ্য হইবার আদেশ করিতে পারিবেন। কিন্তু সেই বিচ্ছেদ ৪৮ ধারার লিখিত কোন কারণে যেন না হয়।

একটিং কর্ম্মের বেতন বিষয়ক বিধিপুস্তকের

(২৩৬ পৃষ্ঠার) ২৫ ধারা।

এই ধারার নিম্নভাগে ৩ প্রকরণ বলিয়া নিম্নলিখিত প্রকরণ দিতে হইবে।

৩। কোন কার্য্যকারক কোন কার্য্যালয়ের চলিত কার্য্যের ভারপ্রাপ্ত হইলে, স্থানীয় গবর্ণমেণ্টের বিশেষ আজ্ঞা বিনা, তিনি সেই কার্য্যালয় সম্পর্কীয় নির্দ্ধারিত কোন পথখরচ কি তাম্বুর কি স্থানীয় খরচ পাইবার স্বত্ববান নহেন।

আর, বি, চাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২১ আগষ্ট।]

Numb. 1987 ১৯৮৭ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 28, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৮ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Corrigendum.—In Act No. III of 1877 (published in the *Gazette of India*, Part IV, of 17th and 24th February and 3rd March 1877), section 90, paragraph (c), line 2, *for* " or" *read* " are."

A. Phillips,
Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—Public.

Simla, the 14th August 1877.

No. 1570 —Mr. R Taylor is permitted to resign Her Majesty's Bengal Civil Service.

The 16th August 1877.

No. 1580.—The Governor-General in Council hereby declares that it is expedient that the Governor-General shall visit certain parts of India unaccompanied by his Council. And in the exercise of the powers conferred by the Indian Councils Act, Section 6, the Governor-General in Council hereby nominates the Hon'ble Sir E. C. Bayley, K.C.S.I., to be President of the said Council with effect from the 17th instant, during the time of such visit; and the powers of the Governor-General in assemblies of the said Council during the time of such visit shall be reposed in the said the Hon'ble Sir E. C. Bayley, except that, of assenting to, or withholding his assent from, or reserving for the signification of Her Majesty's pleasure, any law or regulation as provided in the 24th and 25th Vic, Cap. 67. And the Governor-General is authorized by this order, made for that purpose alone, to exercise all or any of the powers which may be exercised by the said Governor-General in Council in every case in which the said Governor-General may think it expedient to exercise the same, except the powers of making laws and regulations.

Establishments.

The 17th August 1877.

No. 692.—The Hon'ble A. G. Macpherson, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, has resigned his appointment with effect from the 1st October next.

Arthur Howell,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATIONS.—Commerce and Trade.

No. 298.

Simla, the 8th August 1877.

In exercise of the powers conferred by Sections 46 *and* 48 *of the Native Passenger Ships Act,* 1876, *the Governor-General in Council is pleased to make the following rules:—*

Under Section 46.

(*a*) *Regarding provisions, fuel, and water.*

I. In the case of every ship to which the Native Passenger Ships Act applies, the scale on which provisions, fuel, and water are to be supplied to the passengers per head per diem shall be as follows:

(*a*) Provisions of fair quality according to the following scale:—

Rice	1lb.
Dhall or salt-fish	4 oz.
Onions, turmeric, chillies or other curry stuff ...	2 "
Salt	½ "

[*Government Gazette*, 28*th August* 1877.]

লেজিস্লেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

অশুদ্ধশোধন।—১৮৭৭ সালের ৬ মার্চের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ১৮৭৭ সালের ৩ আইনের ৯০ ধারার (গ) প্রকরণের তৃতীয় পঁক্তির "বা" শব্দ ত্যাগ করিতে হইবে।

এ, ফিলিপস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৭৭ সাল ১৪ আগস্ট।

১৫৭০ নম্বর।—শ্রীযুত আর, টেলর সাহেব শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

১৮৭৭ সাল ১৬ আগস্ট।

১৭৮০ নম্বর।—শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার সভ্যদিগকে সঙ্গে না লইয়া ভারতবর্ষের কোন২ স্থানে ভ্রমণ করা বিহিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এতদ্দ্বারা ইহা প্রকাশ করিলেন। ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক আইনের ৭ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি সেই ভ্রমণকালে মান্যবর শ্রীযুত সর, ই, সি, বেলী কে, সি, এস, আই, সাহেবকে এই মাসের ১৭ তারিখঅবধি উক্ত মন্ত্রিসভার সভাপতি পদে মনোনীত করিলেন। এবং শ্রীযুত গবরনর জেনরল সাহেবের ভ্রমণকালে, মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের বিধানমতে কোন আইন কি ব্যবস্থা প্রচলিত হওন বিষয়ে স্বীয় সম্মতি বা অসম্মতি প্রকাশ করণের কিম্বা শ্রীশ্রীমতীর বিবেচনার্থে অর্পণ করণের ক্ষমতাভিন্ন, উক্ত মন্ত্রিসভার অধিবেশনকালে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের সমস্ত ক্ষমতা উক্ত মান্যবর শ্রীযুত সর, ই, সি, বেলী সাহেবের প্রতি প্রদান করা গেল। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত গবরনর জেনরল সাহেব আইন ও ব্যবস্থা প্রণয়নের ক্ষমতাভিন্ন যে সকল কি যে কোন ক্ষমতামতে কার্য্য করা বিহিত বোধ করেন, উক্ত অভিপ্রায়ে প্রণীত এই আজ্ঞাপত্র দ্বারা তাঁহার প্রতি একাই সেই সকল কি অন্যতর ক্ষমতামতে কার্য্য করিবার অনুমতি হইল।

— — —

সিবিল্ সর্ব্বিসবিষয়ক।

১৮৭৭ সাল ১৭ আগস্ট।

৬৯২ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ, মান্যবর শ্রীযুত এ, জি, মাকফরসন সাহেব, আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি আপন কর্ম্ম ত্যাগ করিবেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজস্ব, কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

বাণিজ্য ও ব্যবসায় সম্পর্কীয় বিজ্ঞাপন।

২৯৮ নম্বর।

সিমলা, ১৮৭৭ সাল ৮ আগস্ট।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি এদেশীয় চড়নদারদের জাহাজবিষয়ক ১৮৭৬ সালের আইনের ৪৬ ও ৪৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করত তিনি নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন।

৪৬ ধারামতে।

(ক)—আহারীয় দ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও জল বিষয়ক বিধান।

১। এদেশীয় চড়নদারদের জাহাজবিষয়ক আইন যে প্রত্যেক জাহাজের প্রতি খাটে সেই জাহাজগত প্রত্যেকজন চড়নদারকে প্রতি দিন যে হিসাবমতে আহারীয় দ্রব্য ও জ্বালানি কাষ্ঠাদি ও জল দিতে হইবে তাহা এই২,—

(ক)—নিম্নলিখিত হিসাবমতে আহারীয় ভাল দ্রব্য দিতে হইবে।

চাউল … … .. … …	১ পৌণ্ড।
দাইল বা লোণা মাছ … … … ..	৪ ঔন্স।
পেয়াজ, হলুদ, লঙ্কামরিচ কি অন্য মসলা … … .	২ ,,
লবণ … .. … … …	ll ,,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৮ আগস্ট।]

(b) Fuel—

Firewood ... . 2lb.

(c) Fresh water, one imperial gallon. Such water shall be stored in iron tanks or sweet casks.

In the case of steamers carrying an apparatus for distilling fresh water from salt, a supply equal to five-sevenths of a gallon per head per diem shall suffice.

In Calcutta and Bombay such water shall be obtained from the municipal pipes.

(b) *Medical stores and other appliances for maintaining health, cleanliness, and decency.*

II. Every native passenger ship shall, before certificate B as provided in section 11 of the Act is granted, have on board—

(a) if she carry a surgeon, a supply of medicines and surgical appliances as set forth in schedule A hereunto annexed;

(b) if she do not carry a surgeon, a supply of medicines and appliances as set forth in schedule B hereunto annexed, together with written or printed instructions for their use in a language which the commander or some other officer of the ship can read;

(c) in either case, a sufficient supply of disinfecting powder or fluid.

III. Every such ship carrying more than 100 native passengers shall be fitted with a hospital suitable for segregating from the main body of the passengers persons attacked by any infectious disease.

IV. Every such ship shall be fitted with not less than two privies, sufficiently screened from public view and readily accessible, and with one more such privy for every 100 passengers, or part thereof, carried in excess of 100.

A proportion of such privies, in any case not less than one if there be any females among the passengers, shall be set apart for the exclusive use of females, corresponding, as nearly as may be, to the proportion of female to male passengers.

V. Every such ship shall be provided with not less than two places for washing, sufficiently screened from public view, whereof a full proportion, as described in Rule IV, shall be set apart exclusively for females.

VI. Cattle shall be securely penned in, so as not to inconvenience the passengers.

VII. A convenient place for cooking shall be set apart on deck, with one or more cabooses, or cooking ranges, properly housed and covered.

(c) *Boats, anchors and cables.*

VIII. Every native passenger ship shall, before certificate B as provided in section 11 of the Act is granted, be provided with boats according to the scale laid down in schedule C hereunto annexed. All such boats shall be fully fitted with all usual appliances.

IX. Every such ship shall at such time be provided with not less than three anchors and cables.

(d) *Instruments for purposes of navigation.*

X. Every native passenger ship shall, before certificate B as provided in section 11 of the Act is granted, be provided with—

(a) not less than two good compasses; and if she be an iron ship, the deviation of her compasses shall be ascertained on every point and be recorded in the log book;

(b) charts suitable for the voyage she is about to undertake;

(c) not less than three chronometers, and not less than two sextants or quadrants and barometers, unless her size be under 240 tons, and she be bound on a short voyage, in which case it shall suffice if she be provided with a sextant or a quadrant.

[*Government Gazette*, 28*th August* 1877.]

(খ)—জ্বালানি কাষ্ঠাদি।

জ্বালানি কাষ্ঠ ... ... ২ পৌণ্ড।

(গ)—টাটকা জল, এক ইম্পিরিয়ল গ্যালন। ঐ জল লোহার পুষ্করিণীতে বা পরিষ্কার পিপায় সঞ্চিত থাকিবে।

ষ্টীমরে লোণা জল মিষ্ট করিবার যন্ত্র লওয়া গেলে, একং দিনে একং জনের নিমিত্তে এক গ্যালনের সাত ভাগের পাঁচ ভাগ জল দিলেই যথেষ্ট হইবে।

কলিকাতায় ও বোম্বাইতে ঐ জল মুনিসিপল পাইপহইতে পাওয়া যাইবে।

(খ)—ঔষধাদির ও সুস্থ ও পরিষ্কার থাকার ও লজ্জারক্ষার জন্য যে উপায় করিতে হইবে তাহার বিধি।

২। এ দেশীয় চড়নদারদের প্রত্যেক জাহাজ উক্ত আইনের ১১ ধারায় লিখিত B চিহ্নিত সর্টিফিকট পাইবার পূর্ব্বে তাহাকে

(ক)—চিকিৎসককে লইলে এতৎসংযুক্ত A চিহ্নিত তফসীলের লিখিত ঔষধ ও অস্ত্রশস্ত্রাদি লইতে হইবে।

(খ)—চিকিৎসককে না লইলে, এতৎসংযুক্ত B চিহ্নিত তফসীলের লিখিত ঔষধ ও অস্ত্রশস্ত্রাদি লইতে হইবে, তদ্ভিন্ন জাহাজের কাপ্তান কিম্বা অন্য কোন কার্য্যকারক যে ভাষা পড়িতে পারেন সেই ভাষায় ঔষধ ও অস্ত্রশস্ত্রাদি ব্যবহার করিবার লেখা বা ছাপান উপদেশপত্র লইতে হইবে।

(গ)—উভয় স্থলে দুর্গন্ধনাশক গুঁড়া বা দ্রব দ্রব্য প্রচুর পরিমাণে লইতে হইবে।

৩। উক্ত যে প্রত্যেক জাহাজ এদেশীয় ১০০ জনের অধিক চড়নদার লইয়া যায় তাহাতে সংক্রামক রোগাক্রান্ত ব্যক্তিদিগকে অন্যান্য চড়নদারদেরহইতে স্বতন্ত্র রাখিবার জন্যে উপযুক্ত হাস্পাতাল করিতে হইবে।

৪। দেখা না যায় ও সহজে যাওয়া যায় দুইটার কম না হয় এমত পাইখানা উক্ত প্রত্যেক জাহাজে রাখিতে হইবে। ১০০ জনের অধিক চড়নদার লইয়া গেলে একশত জন কি তাহার কোন অংশপ্রতি তদ্রূপ আর একং টা পাইখানা করিতে হইবে।

চড়নদারদের মধ্যে কোন স্ত্রীলোক থাকিলে, স্ত্রী ও পুরুষচড়নদারদের অনুপাতক্রমে কেবল স্ত্রীলোক-দের নিমিত্তে ঐং পাইখানার এক অংশ পৃথক করিতে হইবে, উক্ত পাইখানার সংখ্যা কোন স্থলে একটার কম হইবে না।

৫। উক্ত প্রত্যেক জাহাজে স্নান করিবার নিমিত্তে সাধারণের দৃষ্টিহইতে আবৃত অন্যূন দুই স্থান রাখিতে হইবে। ৪ ধারার নির্দ্দিষ্টমতে স্ত্রীলোকদের স্নানের স্থান স্বতন্ত্র করিতে হইবে।

৬। চড়নদারদের কষ্ট না হয় এমত ভাবে গবাদি নির্ব্বিঘ্নে আটক করিয়া রাখিতে হইবে।

৭। তূতকের এক পার্শ্বে রন্ধন করিবার নিমিত্তে সুবিধাজনক স্থান রাখিতে হইবে, সেই স্থানে উপযুক্তমতে আবৃত ঘর করিয়া তন্মধ্যে এক কি কএক সারি উনান করিতে হইবে।

(গ)—নৌকা ও লঙ্গর ও হাসারের কথা।

৮। এদেশীয় চড়নদারদের প্রত্যেক জাহাজ আইনের ১১ ধারায় লিখিত B চিহ্নিত সর্টিফিকট পাইবার পূর্ব্বে এতৎসংযুক্ত C চিহ্নিত তফসীলের লিখিত হারানুসারে নৌকাদি লইবে। উক্ত সকল নৌকায় সচরাচর যেং সরঞ্জাম থাকা উচিত তাহা সমুদয়ই থাকিবে।

৯। তৎকালে উক্ত প্রত্যেক জাহাজে অন্যূন তিনটা লঙ্গর ও হাসার থাকিবে।

(ঘ) সমুদ্রে গমনার্থ যন্ত্রাদির কথা।

১০। এদেশীয় চড়নদারদের প্রত্যেক জাহাজ আইনের ১১ ধারায় লিখিত B চিহ্নিত সর্টিফিকট পাইবার পূর্ব্বে

(ক)—অন্যূন দুইটা ভাল কোম্পাস লইবে। লোহার জাহাজ হইলে, প্রত্যেক স্থলে ঐ দুই কোম্পাসের রেখার চিহ্নের বিভিন্নতা নিশ্চয় করিয়া লগ বহীতে লিখিতে হইবে।

(খ)—জাহাজ যে পথ দিয়া গমনোদ্যত সেই পথোপযোগী চার্ট লইতে হইবে।

(গ)—অন্যূন তিনটা ঘড়ি, ও অন্যূন দুইটা সেক্সটান্ট বা কাড্রান্ট ও বারমিটর লইতে হইবে। কিন্তু ২৪০ টনের ন্যূন বোঝাইধারি হইলে ও অল্প দূর যাইতে হইলে একটা সেক্সটান্ট বা একটা কাড্রান্ট লইলেই চলিতে পারিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৮ আগস্ট।]

(e) *Precautions against fire.*

XI. Every such ship shall, at such time, be provided—

(a) if she be a steamer, with hose sufficient to reach from her engines to her stem and taffrail;

(b) if she be a sailing vessel, with one fire engine or force-pump, with hose to reach from her stem to her taffrail; and if her tonnage exceed 800 tons, with a second such engine or force-pump, with like hose;

(c) in either case, with fire-buckets in the proportion of three for every 100 tons up to 600, and two for every 100 tons above 600, provided that 50 in all shall suffice.

XII. If fire annihilators or fire-engines are carried, they should be placed under the special charge of one of the principal officers and the ship's carpenter, who should be held responsible that, with the buckets and other fire apparatus, they are kept in a state fit for immediate use. The engine should be worked once or twice a week, to keep it in proper order.

XIII. No native passenger ship shall put to sea until all her cargo is properly stowed away and the decks cleared of any loose straw, hay, or other inflammable material.

XIV. Immediately before leaving port, the passengers shall be called on to deliver up whatever lucifer matches, gunpowder, or other inflammable articles they may have about them: any passenger omitting or refusing to deliver up any such articles will be liable to punishment.

XV. No naked lights must on any account be used in the hold or store-rooms or in the between-decks, except under trustworthy superintendence. No person must be allowed to read in bed with a naked light. Smoking between decks is strictly prohibited.

XVI. Spirits must never be opened in the hold, but should be hoisted on deck for the purpose.

XVII. As soon as possible after leaving port the officers and crew should be divided into parties, and assigned to stations, in case of fire.

Under Section 48.

I. For the purposes of Act VIII of 1876, the following shall be deemed to be seasons of fair and foul weather:—

Statement of Foul and Fair Seasons in British Indian Coasts.

Sind, Bombay, and Malabar Coasts.	Ceylon (Gulf of Manaar).	Madras (Coromandel).	Bengal (including Orissa) and Arakan.	Rest of Burma.
January ...	January ...	January ...	January ...	January.
February ...	February ...	February ...	February ...	February.
March ...	March ...	March ...	March ...	March.
April ...	April 1st to 15th *April 16th to 30th*	April 1st to 15th ... *April 16th to 30th* ...	*April* ...	April.
May ...	*May* ...	*May* ...	*May* ...	*May.*
June ...	*June* ..	*June* ...	*June* ...	*June.*
July ...	*July* ...	*July* ...	*July* ...	*July.*
August ...	*August* ...	August ...	*August 1st to 15th* ... August 16th to 31st	*August.*
September ...	September ...	September ...	September ...	*September.*
October ...	October ...	October 1st to 15th *October 16th to 31st*	*October* ...	*October 1st to 15th* Oct. to 16th 31st.
November ...	*November* ...	*November* ...	*November 1st to 15th* November 16th to 30th	November.
December ...	*December* ...	*December* ...	December ...	December.

Foul weather seasons are in italics. Fair weather seasons in Roman.

[*Government Gazette, 28th August* 1877]

(ঙ) অগ্নিহইতে সতর্ক হইবার কথা।

১১। উক্ত সময়ে উক্ত প্রত্যেক জাহাজ,

(ক)—ষ্টীমর হইলে, তাহার এঞ্জিন অবধি অগ্রভাগপর্য্যন্ত ও পশ্চাৎভাগের রেলপর্য্যন্ত পঁহুছে এমত কেবী লইতে হইবে।

(খ)—পাইলভরে গামি জাহাজ হইলে তাহাতে একটা দমকল সুদ্ধ অগ্রভাগ অবধি পশ্চাৎ-ভাগের রেলপর্য্যন্ত পঁহুছে এমত কেবী লইতে হইবে। ৮০০ টনের অধিক বোঝাইধারি হইলে তদ্রূপ আর একটা দমকল সুদ্ধ সেই প্রকারের কেবী লইতে হইবে।

(গ)—উক্ত কোন স্থলে ১০০ অবধি ৬০০ টন পর্য্যন্ত বোঝাইধারি প্রত্যেক জাহাজে ৩টা আগের বালতী, ও ৬০০ টনের ঊর্দ্ধ এক২ শত টন প্রতি ২টা লইতে হইবে। কিন্তু সমুদয়ে ৫০টা হইলেই যথেষ্ট হইবে।

১২। অগ্নিনির্ব্বাণকারি যন্ত্র বা দমকল লইয়া গেলে এক জন প্রধান মালিমের ও জাহাজের ছুতারের বিশেষ তত্ত্বাধীনে রাখিতে হইবে, ও আগের বালতী বা অগ্নি নির্ব্বাণ করিবার অন্য যন্ত্র হঠাৎ ব্যবহার করিবার নিমিত্তে উপযুক্ত অবস্থায় থাকে এই বিষয়ে তাঁহাদিগকে দায়ী করা উচিত। দমকল উপযুক্ত নিয়মমতে রাখিবার নিমিত্তে সপ্তাহে একবার কি দুই বার চালাইতে হইবে।

১৩। এদেশীয় চড়নদারদের কোন জাহাজে মাল উপযুক্তমতে সাজাইয়া রাখা না গেলে ও তুতুক পরিষ্কার করিয়া এলো খড় বা শুষ্ক ঘাস বা অনায়াসে দহনশীল অন্য দ্রব্য তুলিয়া ফেলা না গেলে তাহা সমুদ্রে যাইবে না।

১৪। বন্দরহইতে জাহাজ খুলিবার অব্যবহিত পূর্ব্বে চড়নদারদের কাছে বিলাতী দিয়েশলাই, বা বারুদ বা দহনশীল অন্য দ্রব্য থাকিলে তাহাদিকে তাহা দিতে আদেশ করা যাইবে। কোন চড়ন-দার তাহা না দিলে বা দিতে অস্বীকার করিলে তাহার দণ্ড হইতে পারিবে।

১৫। বিশ্বাসযোগ্য কোন ব্যক্তির তত্ত্বাবধানে না থাকিলে জাহাজের খোলে কি দ্রব্য রাখিবার ঘরে কি দুই তুতকের মধ্যস্থানে কোনমতে অনাবৃত প্রদীপাদি লইয়া যাইতে হইবে না। কোন ব্যক্তি অনাবৃত প্রদীপাদি জ্বালিয়া বিছানায় শুইয়া পড়িতে পাইবে না। দুই তুতকের মধ্যস্থানে তামাক খাইতে দৃঢ়মতে নিষেধ করা গেল।

১৬। জাহাজের খোলের মধ্যে মদিরাদি কদাচ খুলিতে হইবে না, খুলিবার নিমিত্তে তুতকের উপর লইয়া যাইতে হইবে।

১৭। বন্দরহইতে গেলে পর যত শীঘ্র হইতে পারে মালিমেরা ও মাল্লারা দলে২ বিভক্ত হইবে ও আগুন লাগিলে যাহার যে স্থানে গিয়া থাকিতে হইবে ইহা নিরূপণ করা যাইবে।

---

১৮ ধারামতে।

১। ১৮৭৬ সালের ৮ আইনের কার্য্যপক্ষে নিম্নলিখিত কাল সুকাল ও কুকাল বলিয়া জ্ঞান করিতে হইবে।—

ব্রিটনীয় ভারতবর্ষের সমুদ্র তীরবর্ত্তি দেশের সুকাল ও কুকাল বিষয়ক বর্ণনাপত্র।

সিন্ধু ও বোম্বাই ও মালাবারের সমুদ্র তীরবর্ত্তী দেশ	সিংহল (মানার খাড়ী)	মান্দ্রাজ (করমাণ্ডেল)	উড়িষ্যা সুদ্ধ বঙ্গদেশ ও আরাকান	বর্ম্মার অবশিষ্ট দেশ।
জানুয়ারি …	জানুয়ারি …	জানুয়ারি …	জানুয়ারি …	জানুয়ারি।
ফেব্রুয়ারি …	ফেব্রুয়ারি …	ফেব্রুয়ারি …	ফেব্রুয়ারি …	ফেব্রুয়ারি।
মার্চ …	মার্চ …	মার্চ …	মার্চ …	মার্চ।
আপ্রিল …	আপ্রিল ১—১৫ তারিখ আপ্রিল ১৬—৩০ তারিখ	আপ্রিল ১—১৫ তারিখ আপ্রিল ১৬—৩০ তারিখ	আপ্রিল …	আপ্রিল।
মে …	মে …	মে …	মে …	মে।
জুন …	জুন …	জুন …	জুন …	জুন।
জুলাই …	জুলাই …	জুলাই …	জুলাই …	জুলাই।
আগষ্ট …	আগষ্ট …	আগষ্ট …	আগষ্ট ১—১৫ তারিখ … আগষ্ট ১৬—৩১ তারিখ	আগষ্ট।
সেপ্টেম্বর …	সেপ্টেম্বর …	সেপ্টেম্বর …	সেপ্টেম্বর …	সেপ্টেম্বর।
অক্টোবর …	অক্টোবর …	অক্টোবর ১—১৫ তারিখ অক্টোবর ১৬—৩১ তারিখ	অক্টোবর …	অক্টোবর ১—১৫ তারিখ। অক্টো ১৬—৩১ তারিখ
নবেম্বর …	নবেম্বর …	নবেম্বর …	নবেম্বর ১—১৫ তারিখ … নবে. ১৬—৩০ তারিখ	নবেম্বর
ডিসেম্বর …	ডিসেম্বর …	ডিসেম্বর …	ডিসেম্বর …	ডিসেম্বর

যে২ মাস কুকাল বলিয়া নির্দ্দিষ্ট হইল তাহার নীচে রেখা দেওয়া গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৮ আগষ্ট।]

SCHEDULE A.

Proportion of medicines necessary for a ship carrying Native passengers and having on board a Surgeon.

Names of medicines.	For 100 passengers and under.	For 100 to 200 passengers.	For 200 to 300 passengers.	For 300 to 400 passengers.
Calomel	One ounce and half.	Two ounces	Three ounces	Four ounces.
Blue pill	One ounce	Ditto	Ditto	Ditto.
Rhubarb powder	Ditto	Ditto	Ditto	Ditto.
Compound jalap powder.	Six ounces	Eight ounces	Twelve ounces	Sixteen ounces.
Ipecacuanha powder	One ounce	One ounce and half	Two ounces and half	Three ounces.
Opium	Ditto	Two ounces	Three ounces	Four onces.
Dovar's powder	Ditto	One ounce and half	Two ounces	Three ounces.
Magnesia	Ditto	Two ounces	Three ounces	Four ounces.
Epsom salts	Three pounds	Six pounds	Nine pounds	Twelve pounds.
Tartar emetic	Two drachms	Four drachms	Six drachms	One ounce.
Quinine	One ounce	One ounce	Two ounces	Two ounces and half.
Antimonial powder	Two drachms	Four drachms	Six drachms	One ounce.
Extract of colocynth comp.	Four drachms	One ounce	One ounce and half	Two ounces.
Carbonate of ammonia.	Six drachms	Ditto	Ditto	Ditto.
Assafœtida	Four drachms	Ditto	Ditto	Ditto.
Camphor	Six drachms	Ditto	Ditto	Ditto.
Camphorated liniment.	Eight ounces	Twelve ounces	Sixteen ounces	Twenty ounces.
Catechu	One ounce	Two ounces	Three ounces	Four ounces.
Prepared chalk	Ditto	Ditto	Ditto	Ditto.
Tincture of opium	Four ounces	Six ounces	Eight ounces	Twelve ounces.
Turpentine	Eight ounces	Twelve ounces	One pint	Twenty ounces.
Senna leaves	Four ounces	Eight ounces	Twelve ounces	One pound.
Blistering plaster	Ditto	Six ounces	Eight ounces	Twelve ounces.
Sulphur sublimed	Eight ounces	Ten ounces	Twelve ounces	One pound.
Sulphur ointment	Six ounces	Eight ounces	Ditto	Ditto.
Linseed flour	Two pounds	Four pounds	Six pounds	Eight pound.
Country soap	Twelve ounces	One pound and half	Two pounds	Three pounds.
Castor-oil	Three bottles	Six bottles	Eight bottles	Twelve bottles.
Oil of peppermint	One ounce	Two ounces	Two ounces	Two ounces.
Adhesive plaster (spread).	One yard	Two yards	Two yards	Two yards.
Simple ointment	Eight ounces	Twelve ounces	One pound	One pound and half.
Ringworm ointment	Ditto	Ditto	Ditto	One pound and quarter.
Jeremie's opiate	One small ounce phial.	Two ounces phial	Two ounces phial	Two ounces phial.
Aromatic spirit of hartshorn.	Two ounces	Three ounces	Three ounces	Three ounces.
Cholera pills in phial	Six dozens	Six dozens	Six dozens	Six dozens.
Cubeb powder	Two pounds	Two pounds	Two pounds	Two pounds.
Sweet spirit of nitre	Eight ounces	One pound	One pound	One pound.
Copaiba	Ditto	Ditto	One pound and half	One pound and half.
Sulphate of copper	One ounce	One ounce	One ounce	One ounce.
Sulphate of zinc	Half ounce	Half ounce	Half ounce	Half ounce.
Lunar caustic	Two drachms	Three drachms	Four drachms	Four drachms.
Hydrarg. cum creta	Ditto	Ditto	Ditto	Six drachms.
Plumbi acetas	Four drachms	Six drachms	One ounce	One ounce and two drachms.
Pulvis acaciæ	Two ounces	Three ounces	Four ounces	Six ounces.
Pulvis cretæ cum opio.	Four drachms	Six drachms	One ounce	One ounce and two drachms.
Acid sulphuric dil.	One ounce	One ounce four drs.	Two ounces	Two ounces and four drachms.
Acid tartaric	Six drachms	One ounce two drs.	One ounce four drs.	Two ounces.
Tinct. camph. comp.	Three ounces	Four ounces	Six ounces	Eight ounces.
Tinct. ferri. sesqui chl.	One ounce	One ounce four drs.	Two ounces	Three ounces.
Sodæ. sesqui carb	One ounce and four drachms.	Two ounces	Three ounces	Four ounces.
Sir W. Burnett's disinfecting fluid, or,	Seven gallons	Twelve gallons	Seventeen gallons	Twenty-two gallons.
Norton's carbolic acid	Thirty gallons	Forty-five gallons	Sixty gallons	Seventy gallons.
INSTRUMENTS.				
Glass measure (1 oz).	One	One	One	One.
Glass measure (drop)	One	One	One	One.
Pestle and mortar (Wedgewood).	One	One	One	One.
Scales and weights (grains).	One set	One set	One set	One set.

SCHEDULE A.—(Continued.)

Names of medicines.	For 100 passengers and under.	For 100 to 200 passengers.	For 200 to 300 passengers.	For 300 to 400 passengers.
Splints (common) ...	One set ...	One set ...	One set ...	One set.
Lint (prepared). ...	Two ounces ...	Three ounces ...	Four ounces ...	Six ounces.
Cloth for bandage ...	One piece ...	Two pieces ...	Two pieces ...	Two pieces.
Lancets (bleeding) ...	One ...	One ...	Two ...	Two.
Silver catheter (middle size).	One ...	One ...	One ...	One.
Spatula ...	One ...	One ...	One ...	One.
Scissors, dressing ...	One ...	One ...	One ...	One.
Infusion pots ...	One ...	Two ...	Two ...	Two.
Bed pans (metal) ...	Two ...	Two ...	Three ...	Three.
Country paper ...	One quire ...	One quire ...	Two quires ...	Two quires.
Penknife ...	One ...	One ...	One ...	One.
Sago ...	Five pounds ...	Ten pounds ...	Fifteen pounds ...	Twenty pounds.
Arrowroot ...	Ten pounds ...	Ten pounds ...	Fifteen pounds ...	Twenty pounds.
Small tin-box ...	One ...	One ...	One ...	One.
Enema ...	One ...	One ...	One ...	One.

When the voyage which the passenger ship is about to make is longer than from any port in India to any port in the Red Sea, an additional quantity of the medicines above specified, to the extent of 25 per cent., should be carried.

SCHEDULE B.

Proportion of medicines necessary for a ship carrying Native passengers and not having on board a Surgeon.

Names of medicines.	For 100 passengers and under.	For 100 to 200 passengers.	For 200 to 300 passengers.	For 300 to 400 passengers.
Calomel ...	One ounce and half.	Two ounces ..	Three ounces ..	Four ounces.
Blue pill ...	One ounce ...	Ditto .	Ditto ...	Ditto.
Compound jalap powder.	Six ounces ...	Eight ounces .	Twelve ounces ..	Sixteen ounces.
Ipecacuanha powder	One ounce ...	One ounce and half	Two ounces and half	Three ounces.
Opium ...	Ditto ...	Two ounces ...	Three ounces ..	Four ounces.
Dover's powder ...	Ditto ...	One ounce and half	Two ounces ...	Three ounces.
Epsom salts ...	Three pounds	Six pounds ...	Nine pounds ...	Twelve pounds.
Quinine ...	One ounce ...	One ounce	Two ounces ...	Two ounces and half.
Antimonial powder .	Two drachms ...	Four drachms	Six drachms .	One ounce.
Assafœtida ..	Four drachms ...	One ounce ...	One ounce and half	Two ounces.
Camphor ...	Six drachms ...	Ditto .	Ditto ...	Ditto.
Camphorated liniment	Eight ounces ...	Twelve ounces ...	Sixteen ounces ...	Twenty ounces.
Prepared chalk ..	Once ounce ...	Two ounces ...	Three ounces ...	Four ounces.
Tincture of opium	Four ounces ...	Six ounces ...	Eight ounces ...	Twelve ounces
Turpentine ...	Eight ounces ..	Twelve ounces ...	One pint ...	Twenty ounces.
Blistering plaster ...	Four ounces ...	Six ounces	Eight ounces ...	Twelve ounces.
Sulphur ointment ...	Six ounces ...	Eight ounces	Twelve ounces ...	One pound.
Linseed flour ...	Two pounds ...	Four pounds .	Six pounds ..	Eight pounds.
Country soap ...	Twelve ounces .	One pound and half.	Two pounds ...	Three pounds.
Castor-oil ...	Three bottles ...	Six bottles ..	Eight bottles ...	Twelve bottles
Oil of peppermint ...	One ounce .	Two ounces ..	Two ounces ...	Two ounces.
চিকিৎসা সম্পর্কীয়।—১৮৭৭ সাল ১৯ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত কিশোরগঞ্জ মহকুমার হৈবৎনগরস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

কিশোরগঞ্জ মহকুমার পোলীসের ইনস্পেক্টর।

মহকুমার কাছারীর হেড ক্লার্ক।

হৈবৎনগর মদরসার শিক্ষক।

বনবিষয়ক।—১৮৭৭ সাল ১৩ জুলাই।—বনের কর্ত্তৃপক্ষদের নিম্নলিখিত অবস্থিতি ১৮৭৭ সালের ১ জুলাই অবধি প্রকাশ করা গেল।

আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত ডবলিউ, জনষ্টন সাহেব দার্জ্জিলিঙ্গ (নূতন) খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইলেন।

আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত এফ, এচ, বোনহাম কার্টর সাহেব তিস্তা খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলেন।

আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত এস, বি, মানসন সাহেব, কর্সিয়ঙ্গ খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলেন।

ডেপুটী বনরক্ষক শ্রীযুত জে, সি, মাকডনেল সাহেব জলপাইগুড়ি খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলেন।

আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত ই, ফচ সাহেব বক্সা খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলেন।

মুনিসিপল।—১৮৭৭ সাল ১৭ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব রাজশাহী জিলার অন্তর্গত নাটোর মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে শ্রীযুত ফজলার রহমান খাঁ চৌধুরীকে মনোনীতকরণ অনুমোদন করিলেন।

১৮৭৭ সাল ২০ জুলাই।—শ্রীযুত বাবু বিধুভূষণ বন্দ্যোপাধ্যায় উত্তর পাড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পথকর।—১৮৭৭ সাল ২০ জুলাই।—ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এ, এফ, মেয়র সাহেব, মালদহ জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, উইলকক্স সাহেব মানভূম জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ২৩ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা সারণের পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব, সভাপতি	স্বীয় পদোপলক্ষে।
যিনি যে সময়ে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হন তিনি ...	
যিনি যে সময়ে পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট হন তিনি ...	
যিনি যে সময়ে মজফরপুর খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়র হন তিনি ...	

কোর্ট অফ ওয়ার্ডের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু রামানুগ্রহ নারায়ণ।

শ্রীযুত ডি, এন, রীড সাহেব	নীলকর।
,, এচ, ডবলিউ, লেছইলিন সাহেব	
,, এ, এস, অর্কাহার্ট সাহেব	
,, ই, জে, উলিয়মস সাহেব ...	
,, রায় মহাবীর প্রসাদ শাহ বাহাদুর	জমীদার।
,, বাবু দেবকুমার সিংহ	
,, ,, উপেন্দ্র দেব নারায়ণ	
,, ,, দেবীপ্রসাদ শাহী	
,, মৌলবী দোস্ত মহম্মদ	
,, ,, আবদুল আলী	
,, বাবু চুন্নিলাল মাড়ওয়ারি	বণিক ও ব্যবসায়ী।
,, ,, দেবীপ্রসাদ আগড়ওয়ালা	
,, ,, জাদবর দাস	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

Name	Description
Baboo Saligram Singh	Trader.
„ Debi Pershad	Zemindars and Cultivators.
„ Deo Govinda Sha	

The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Sewan :—

Name	Description
The Sub-Divisional Officer of Sewan	*Ex officio.*
„ Sub-Deputy Collector	
Mr. M. Buskin	Indigo Planters.
„ M. MacDonald	
„ F. Murray	
„ W. Smith	
Baboo Sree Dhur Sahee	Zemindars.
„ Baban Singh	
Shaikh Ysoof Mohamed	
Moonshi Golam Hossein	
Lalla Ishwer Dutt	Petty Maliks and Cultivators.
„ Moheshur Dutt	
„ Bachoo Lall	
„ Matab Narain	
Syud Rahut Hossain	

The following extract from General Orders by His Excellency the Commander-in-Chief in India is republished :—

HEAD-QUARTERS, SIMLA,
The 16*th August* 1876.

The Medical Officer in charge of the detachment of British Infantry stationed at Hazareebagh will, while so employed, be one of the official visitors of the Lunatic Asylum at that station, under the provisions of Section 2, Act XXXVI of 1858.

The following Notifications are republished from the *Assam Gazette* :—

The 13*th July* 1877.—Baboo Jogendra Nath Ray, L.L., Moonsif of Sunamganj, in the district of Sylhet, having resumed charge of his office on the afternoon of the 26th June, on return from the privilege leave granted to him in orders dated the 21st March 1877, and published at page 71, Part I, *Assam Gazette* of the 24th idem, the unexpired portion of his leave has been cancelled.

Mr. W. B. Savi, Assistant Superintendent of Police, Cachar, is transferred to the district of the Naga Hills.

No. 20.—*The* 5*th July* 1877.—Mr. A. Ll. Clay, Officiating District and Sessions Judge of Sylhet, made over charge of office on the afternoon of the 30th June 1877, in order to avail himself of subsidiary leave preparatory to furlough granted by the Chief Commissioner of Assam.

No. 24.—*The* 11*th July* 1877.—Mr. H. Muspratt, C.S., Judge of Sylhet, returned from privilege leave and resumed charge of office on the afternoon of the 5th July 1877.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 20*th July* 1877.—Under Section 70 of the District Road Cess Act, 1871, the Lieutenant-Governor is pleased to determine that the month in which the District Committee of Sarun shall meet to prepare estimates of income and expenditure for the cess year commencing on the 1st October 1877, as in the said section provided, shall be August 1877 in the said district.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 31*st July* 1877.]

শ্রীযুত বাবু শালিগ্রাম সিংহ	ব্যবসায়ী ।
ঐ দেবীপ্রসাদ	জমীদার ও আবাদকারী ।
ঐ দেবগোবিন্দ শাহা	

নিম্নলিখিত মহাশয়েরা সেওয়ানের শাখাপথকর কমিটীতে নিযুক্ত হইলেন ।

সেওয়ান মহকুমার কর্ত্তৃপক্ষ	স্বীয় পদোপলক্ষে ।
সব-ডেপুটী কালেক্টর	
শ্রীযুত এম, বক্লিন সাহেব	নীলকর ।
,, এম, মাকডনাল্ড সাহেব	
,, এফ, মরে সাহেব	
,, ডবলিউ, স্মিথ সাহেব	
,, বাবু শ্রীধর সাহী	জমীদার ।
,, ,, ববম সিংহ	
,, সেখ ইউসফ মহম্মদ	
,, মুনশী গোলাম হুসেন	
,, লালা ঈশ্বর দত্ত	সামান্য মালিক ও আবাদকারী ।
,, ,, মহেশ্বর দত্ত	
,, ,, বেচু লাল	
,, ,, মাতাবনারায়ণ	
,, সৈয়দ রহৎ হুসেন	

মহিমবর শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের সাধারণ আজ্ঞাহইতে নিম্নলিখিত উদ্ধৃত কথা প্রকাশ করা গেল ।

সদর স্থান, সিমলা,
১৮৭৬ সাল ১৬ আগষ্ট ।

হাজারিবাগে অবস্থিত ব্রিটনীয় পদাতিক দলের চিকিৎসা কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কর্ত্তৃপক্ষ যতকাল সেই পদে থাকেন ততকাল ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারার বিধানমতে তিনি উক্ত মোকামের শিশু ব্যক্তিদের আশ্রয় বাটীর একজন রাজকীয় পরিদর্শক হইবেন ।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল ।—

১৮৭৭ সাল ১৩ জুলাই ।—ছিলট জিলার অন্তর্গত সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ রায়, এল, এল, ১৮৭৭ সালের ২৪ মার্চের আসাম গেজেটের ১ খণ্ডের ৭১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান, তাহা হইতে প্রত্যাগমন করিয়া জুন মাসের ২৬ তারিখের অপরাহ্ণে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত করা গেল ।

কাছাড়ের পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, বি, সানি সাহেব, নাগা পর্ব্বত জিলায় প্রেরিত হইলেন ।

২০ নম্বর ।—১৮৭৭ সাল ৫ জুলাই ।—ছিলটের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এ, এল, ক্লে সাহেব আসামের প্রধান কমিশ্যনর সাহেবের দত্ত নিয়মিত ছুটী গ্রহণার্থে প্রস্তুত হইবার জন্যে উপকরণার্থ ছুটী গ্রহণ করিবার নিমিত্তে ১৮৭৭ সালের ৩০ জুনের অপরাহ্ণে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিলেন ।

২৪ নম্বর ।—১৮৭৭ সাল ১১ জুলাই ।—ছিলটের জজ শ্রীযুত এচ, মস্‌গ্রাট সাহেব, সি, এস, অনুগ্রহের ছুটীহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৭ সালের ৫ জুলাইর অপরাহ্ণে কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন ।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৭৭ সাল ২০ জুলাই ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের আইনের ৭০ ধারামতে এই আজ্ঞা করিয়াছেন । সারণ জিলায় প্রদেশীয় পথকর কমিটীর মহাশয়েরা ১৮৭৭ সালের আগষ্ট মাসে একত্র বসিয়া উক্ত ধারামতে ১৮৭৭ সালের ১ অক্টোবর অবধি এক বৎসরের পথকরের আয় ব্যয় বিষয়ের ইষ্টিমেট প্রস্তুত করিবেন ।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৭ । ৩১ জুলাই ।]

NOTIFICATION.

The 21st July 1877.—A plan and estimate, amounting to Rs. 25,000, for widening Grey's Wharf from the Mint to the new Burning Ghât, having been submitted by the Port Commissioners with their Vice-Chairman's letter No. 1204, of the 2nd July 1877, the Lieutenant-Governor is pleased to sanction the execution of the work under the provisions of Section 35 of Act V (B.C.) of 1870.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th July 1877.—Plans and an estimate, amounting to Rs. 36,705, for constructing a jute godown at Ruth Ghât having been submitted by the Port Commissioners for making Improvements in the Port of Calcutta with their Vice-Chairman's letter No. 503, of the 10th May 1877, the Lieutenant-Governor has been pleased to sanction the execution of the work under the provisions of Section 35 of Act V (B.C.) of 1870.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 19th July 1877.—The following amended declaration is published in supersession of that which appeared at page 767, Part I of the *Calcutta Gazette* of the 4th July 1877 :—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for extension of Roy Bagan Street, in the Town of Calcutta, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 cottah 12 chittacks, bounded on the north by a public drain; on the south partly by Roy Bagan Street and partly by No. 72, Cornwallis' Street, belonging to Baboo Tarriney Churn Bose; on the east and west by No. 73, Cornwallis' Street, belonging to Rajah Raj Narain Roy, is required within the aforesaid Town of Calcutta.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3810A.

The 9th July 1877.—The name of Mr. K. Mackenzie is removed from the list of Honorary Magistrates in Shahabad.

The 17th July 1877.—Baboo Kedaressur Roy, Subordinate Judge, Jessore, is allowed leave for two months and twenty-nine days, under the rules in Chapter VII of the Civil Leave Code.

Baboo Jeebun Kristo Chatterjee, Moonsif of Nemal, Midnapore, is appointed to act as Subordinate Judge, Jessore, during the absence, on leave, of Baboo Kedaressur Roy, or until further orders.

Baboo Juggodiswur Goopt, B.L., is appointed to officiate as Moonsif of Nemal, during the absence, on duty, of Baboo Jeebun Kristo Chatterjee, or until further orders.

The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Sealdah Bench of Magistrates, in the district of 24-Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the Third Class :—

Mr. Charles Blackburn, Manager, Oriental Gas Company.
Baboo Janokinath Roy, Merchant.
Pundit Prannath Saraswattee.

The 18th July 1877.—Captain T. B. Michell, who has, under separate orders of this date, been appointed temporarily to be Cantonment Magistrate of Dum-Dum, is vested with the powers of a Magistrate of the First Class.

[*Government Gazette, 31st July* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২১ জুলাই।—কলিকাতা বন্দর সৌষ্ঠবকরণার্থ কমিশ্যনরেরা আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৭৭ সালের ২ জুলাইর ১২০৪ নং পত্রের সহিত টাকশাল অবধি শবদাহের নূতন ঘাট পর্য্যন্ত ড্রেন ওয়ার্ক প্রস্তুত করণার্থে যে নক্শা ও ২৫,০০০৲ টাকা ব্যয়ের যে অনুমানপত্র প্রেরণ করেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে সেই কার্য্য সম্পাদন করিবার অনুমতি দিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৪ জুলাই।—কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরেরা আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৭৭ সালের ১০ মের ৫০৩ নং পত্রের সহিত রথ ঘাটে প্যাটের গুদাম প্রস্তুত করণার্থে যে নক্শা ও ৩৬,৭০৫ টাকা ব্যয়ের যে অনুমানপত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে সেই কার্য্য সম্পাদন করিবার অনুমতি দিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৯ জুলাই।—১৮৭৭ সালের জুলাই মাসের ১০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৭৭৯ পৃষ্ঠায় যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তৎপরিবর্ত্তে নিম্নলিখিত এই সংশোধিত জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল।

রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতা নগরের অন্তর্গত রায়বাগান ষ্ট্রীট বৃদ্ধি করিবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কলিকাতা নগরে, ন্যূনাধিক /১৮ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা সরকারী নর্দ্দমা, দক্ষিণ সীমা অংশতঃ রায়বাগান ষ্ট্রীট ও অংশতঃ কর্ণওয়ালিস ষ্ট্রীটে বাবু তারিণীচরণ বসুর ৭২ নং বাটী, পূর্ব্ব ও পশ্চিম সীমা কর্ণওয়ালিস ষ্ট্রীটে রাজা রাজনারায়ণ রায়ের ৭৩ নং বাটী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৮১০ A নম্বর।

১৮৭৭ সাল ৯ জুলাই।—শ্রীযুত কে, মাকেঞ্জি সাহেবের নাম শাহাবাদের অবৈতনিক মাজিষ্ট্রেটদের নাম নির্ঘণ্ট হইতে তুলিয়া দেওয়া গেল।

১৮৭৭ সাল ১৭ জুলাই।—যশোহরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায়, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাস ঊনত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু কেদারেশ্বর রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মেদিনীপুরের অন্তর্গত মেমালের মুনসেফ শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায় যশোহরের সবর্ডিনেট জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায়ের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু জগদীশ্বর গুপ্ত, বি, এল, মেমালের মুনসেফের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত শিয়ালদহের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ওরিয়েণ্টল গ্যাস কোম্পানির কার্য্যাধ্যক্ষ শ্রীযুত চার্লস ব্লাকবর্ণ সাহেব।
সওদাগর শ্রীযুত বাবু জানকীনাথ রায়।
শ্রীযুত পণ্ডিত প্রাণনাথ সরস্বতী।

১৮৭৭ সাল ১৮ জুলাই।—কাপ্তান শ্রীযুত টি, বি, মিচেল সাহেব, অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে কিয়ৎকালের নিমিত্তে দমদমা সেনানিবেশের মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

The 20th July 1877.—Mr. H. Farrer, Assistant Magistrate and Collector, in charge of the Jajpore division of the Cuttack district, is vested with the powers of a Magistrate of the First Class.

Mr. Farrer is also vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

Baboo Hurkumar Dass is appointed to act as Moonsif of Puttea, in the Chittagong district, during the absence, on leave, of Baboo Jugut Bundhu Dutt, or until further orders.

Baboo Kalidhan Chatterjee, B.L., is appointed to act as Moonsif of Bishenpore, in the district of West Burdwan, during the absence, on deputation, of Baboo Upendra Chunder Mullick, or until further orders.

Baboo Surut Chundra Mookerjee, B.L., Officiating Moonsif of Hajeepore, is appointed to act as Moonsif of Chumparun.

Baboo Gopeenath Mattay, Moonsif of Bhagulpore, is appointed to act as Moonsif of Hajeepore, in the Tirhoot district, during the absence, on deputation, of Hafiz Abdool Kareem, or until further orders.

Baboo Denesh Chunder Roy is appointed to officiate as Moonsif of Thakoorgong, in the Dinagepore district, during the absence, on leave, of Baboo Prosanno Coomar Ghosh, or until further orders.

The 19th July 1877.—Baboo Baroda Dass Bose, Sub-Deputy Collector of the Second Grade at Narail, in Jessore, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 24th July 1877.—The following promotions of Moonsifs are made:—

To the First Grade of Moonsifs:

Baboo Troylokenath Mitter, B.L., from the 1st June 1877, *vice* Baboo Matadeen.

" Sham Lall Haldar, B.L., from the 1st July 1877, *vice* Baboo Kristo Chunder Chatterjee.

The orders of the 21st April 1877, published in the *Calcutta Gazette* of the 25th idem, promoting the undermentioned officers to be Moonsifs of the First Grade, are to have effect from the dates specified opposite their respective names:—

Baboo Nuffer Chunder Bhutto, B.L., from the 28th November 1876, *vice* Moulvi Ali Ahmed, retired.

" Greesh Chunder Chowdhry, B.L., from the 1st January 1877, *vice* Baboo Munnoo Lall Chatterjee.

" Kali Prosunno Mookerjee, from the 1st February 1877, *vice* Baboo Poresh Nath Banerjee.

The orders of the 1st May 1877, published in the *Calcutta Gazette* of the 2nd idem, promoting the undermentioned officers to the First Grade of Moonsifs, are to have effect from the dates noted opposite their names:—

Baboo Kedar Nath Mozoomdar, from the 9th March 1877, *vice* Baboo Mohendro Narain Chuckerbutty, retired.

" Upendro Chunder Mullick, from the 26th April 1877, *vice* Baboo Krishna Mohun Mookerjee.

To the Second Grade:

Baboo Juggut Bundhoo Dutt, M.A. and B.L., *vice* Baboo Sham Lall Haldar.

" Kristo Chunder Doss, with effect from the 16th July 1877.

The orders of the 21st April 1877, published in the *Calcutta Gazette* of the 25th idem, promoting the undermentioned officers to be Moonsifs of the Second Grade, are to have effect from the dates specified opposite their names:—

Baboo Umbica Churn Ghose, from the 28th November 1876, *vice* Baboo Nuffer Chunder Bhutto.

" Kally Churn Ghosal, L.L., from the 1st January 1877, *vice* Baboo Greesh Chunder Chowdry.

[*Government Gazette*, 31*st July* 1877.]

১৮৭৭ সাল ২০ জুলাই।—কটক জিলার অন্তর্গত জাজপুর মহকুমার কার্য্যের অস্থায়ী ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, কেয়র সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত কেয়র সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৬২ ধারার উল্লিখিত অপরাধের সরাসরী বিচার করিবারও ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু জগবন্ধু দত্তের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু হরকুমার দাস, চট্টগ্রাম জিলার অন্তর্গত পত্তিয়ার মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মল্লিকের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কালীধন চট্টোপাধ্যায়, বি, এল, পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

হাজিপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু শরচ্চন্দ্র মুখোপাধ্যায়, বি, এল, চাম্পারণের মুনসেফের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত হাফিজ আবদুল করিমের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মাটাই, ত্রিহুত জিলার অন্তর্গত হাজিপুরের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঘোষের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু দীনেশচন্দ্র রায় দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুরগাঁয়ের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৯ জুলাই।—যশোহরের অন্তর্গত নড়াইলের দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বরদাদাস বসু, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৭ সাল ২৪ জুলাই।—মুনসেফদের নিম্নলিখিত পদ বৃদ্ধি করা গেল।

শ্রীযুত মাতাদীন বাবুর পরিবর্ত্তে শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র, বি, এল, ১৮৭৭ সালের ১ জুন অবধি,

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে, শ্রীযুত বাবু শ্যামলাল হালদার, বি, এল, ১৮৭৭ সালের ১ জুলাই অবধি,

মুনসেফদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

নিম্নলিখিত কার্য্যকারকদের প্রথম শ্রেণীর মুনসেফের পদভুক্ত হওন বিষয়ক ১৮৭৭ সালের মে মাসের ১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত আপ্রিল মাসের ২১ তারিখের আজ্ঞা তাঁহাদের নামের পার্শ্বনির্দ্দিষ্ট তারিখ অবধি সফল হইবে।

শ্রীযুত মৌলবী আলী আহম্মদ কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে শ্রীযুত বাবু নফরচন্দ্র ভট্ট, বি, এল, ১৮৭৬ সালের ২৮ নবেম্বর অবধি,

শ্রীযুত বাবু মধুলাল চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চৌধুরী, বি, এল, ১৮৭৭ সালের ১ জানুয়ারি অবধি,

শ্রীযুত বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়, ১৮৭৭ সালের ১ ফেব্রুয়ারি অবধি।

নিম্নলিখিত কার্য্যকারকদের প্রথম শ্রেণীর মুনসেফের পদভুক্ত হওনবিষয়ক ১৮৭৭ সালের মে মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঐ মাসের ১ তারিখের আজ্ঞা তাঁহাদের নামের পার্শ্বনির্দ্দিষ্ট তারিখ অবধি সফল হইবে।

শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে শ্রীযুত বাবু কেদারনাথ মজুমদার ১৮৭৭ সালের ৯ মার্চ অবধি।

শ্রীযুত বাবু কৃষ্ণমোহন মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মল্লিক ১৮৭৭ সালের ২৬ আপ্রিল অবধি।

শ্রীযুত বাবু শ্যামলাল হালদারের পরিবর্ত্তে শ্রীযুত বাবু জগবন্ধু দত্ত, এম, এ, ও বি, এল,

" " কৃষ্ণচন্দ্র দাস, ১৮৭৭ সালের ১৬ জুলাই অবধি দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

নিম্নলিখিত কার্য্যকারকদের দ্বিতীয় শ্রেণীর মুনসেফের পদভুক্ত হওনবিষয়ক ১৮৭৭ সালের মে মাসের ১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত আপ্রিল মাসের ২১ তারিখের আজ্ঞা তাঁহাদের নামের পার্শ্বনির্দ্দিষ্ট তারিখ অবধি সফল হইবে।

শ্রীযুত বাবু নফরচন্দ্র ভট্টের পরিবর্ত্তে, শ্রীযুত বাবু অম্বিকাচরণ ঘোষ ১৮৭৬ সালের ২৮ নবেম্বর অবধি,

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চৌধুরীর পরিবর্ত্তে শ্রীযুত বাবু কালীচরণ ঘোষাল এল, এল, ১৮৭৭ সালের ১ জানুয়ারি অবধি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

Baboo Hurro Gobind Mookerjee, B.L., from the 1st February 1877, vice Baboo Kally Prosonno Mookerjee.

„ Debendro Lall Shome, B.L., from the 9th March 1877, *vice* Baboo Kedar Nath Mozoomdar.

„ Shah Latafut Hossein, from the 1st April 1877, *vice* Baboo Mohesh Chunder Chuckerbutty, retired.

„ Kuruna Moy Banerjee, B.L., from the 2nd April 1877, *vice* Baboo Judoonath Mullick, deceased.

The orders of the 1st May 1877, published in the *Calcutta Gazette* of the 2nd idem, promoting the undermentioned officers to be Moonsifs of the Second Grade, are to have effect from the dates noted opposite their names :—

Baboo Prosunno Coomar Roy, from the 26th April 1877, *vice* Baboo Upendro Chunder Mullick.

„ Gopeenath Banerjee, from the 1st June 1877, *vice* Baboo Troylokenath Mitter.

Baboo Kali Nath Dhur, B.L., Extra Moonsif, Mymensingh, is appointed to be a Moonsif of the Third Grade, and is posted to Dantoon, in the district of Midnapore, but to continue to act as Additional Moonsif at Mymensingh until further orders.

Baboo Hurkumar Roy is appointed to be a Moonsif of the Third Grade and to be Moonsif of Seetakoond, in Chittagong.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 17th July* 1877.—Baboo Juggut Bundhoo Dutt, M.A. and B.L., Moonsif of Putteah, in the district of Chittagong, is allowed privilege leave of absence for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 9th July 1877, or from any subsequent date.

The 18th July 1877.—Baboo Nepaul Chunder Bose, Third Moonsif of Patna, is allowed privilege leave of absence for ten days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

The 21st July 1877.—Baboo Kristodhun Chowdhry, Moonsif of Hathazaree, in the district of Chittagong, is allowed leave of absence for a month, under Section 9, Supplement F of the Civil Leave Code, in extension of that already granted to him on the 24th May 1877.

The 23rd July 1877.—Baboo Gopee Nath Mattay, Officiating Moonsif of Moteeharee, is allowed privilege leave of absence for fifteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, in extension of that already granted to him on the 11th June 1877.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th July 1877.—Under the provisions of Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor is pleased to declare the ferry at Mag Bazar, in Nulchitty, in the district of Backergunge, to be a public ferry.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th July 1877.—It is hereby notified for general information that, on the recommendation of the Commissioners of the Municipality of Takee, in the district of the 24-Pergunnahs, made at a special meeting, the Lieutenant-Governor has been pleased, under Section 78 of Act V (B.C.) of 1876, to sanction the registration by the Commissioners, under Section 133 of the Act, of all carts kept or habitually used within the Municipality, and the levy from 1st September 1877 of fees upon every cart for such registration at the rates mentioned below.

For every cart kept within the Municipality Rs. 2 per annum, or Re. 1 per half year.

For every cart habitually used within the Municipality Rs. 3 per annum, or Re. 1-8 per half year.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 31*st July* 1877.]

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু হরগোবিন্দ মুখোপাধ্যায়, বি, এল, ১৮৭৭ সালের ১ ফেব্রুআরি অবধি।

শ্রীযুত বাবু কেদারনাথ মজুমদারের পরিবর্ত্তে শ্রীযুত বাবু দেবেন্দ্রলাল সোম, বি, এল, ১৮৭৭ সালের ৯ মার্চ অবধি।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে শ্রীযুত শাহ লতাফৎ হুসেন ১৮৭৭ সালের ১ আপ্রিল অবধি।

বাবু যদুনাথ মল্লিকের মৃত্যু হওয়াতে শ্রীযুত বাবু করুণাময় বন্দ্যোপাধ্যায়, বি, এল, ১৮৭৭ সালের ২ আপ্রিল অবধি।

নিম্নলিখিত কার্য্যকারকদের দ্বিতীয় শ্রেণীর মুনসেফের পদভুক্ত হওন বিষয়ক ১৮৭৭ সালের মে মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশিত ঐ মাসের ১ তারিখের আজ্ঞা তাঁহাদের নামের পার্শ্বনির্দ্দিষ্ট তারিখ অবধি সফল হইবে।

শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মল্লিকের পরিবর্ত্তে শ্রীযুত বাবু প্রসন্নকুমার রায়, ১৮৭৭ সালের ২৬ আপ্রিল অবধি।

শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্রের পরিবর্ত্তে শ্রীযুত বাবু গোপীনাথ বন্দোপাধ্যায়, ১৮৭৭ সালের ১জুন অবধি।

ময়মনসিংহের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু কালীনাথ ধর, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া মেদিনীপুর জিলার অন্তর্গত দাঁতুনে অবস্থিত হইলেন। কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ময়মনসিংহের আডিশ্যনল মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু হরকুমার রায়, তৃতীয় শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া চট্টগ্রামের অন্তর্গত সীতা-কুণ্ডের মুনসেফ হইবেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৭ সাল ১৭ জুলাই।—চট্টগ্রাম জিলার অন্তর্গত পটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু জগদ্বন্ধু দত্ত, এম, এ, ও বি, এল, ১৮৭৭ সালের ৯ জুলাই অবধি অথবা তাহার পরের কোন তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস অনুগ্রহের ছুটী পাই-য়াছেন।

১৮৭৭ সাল ১৮ জুলাই। [illegible] মুনসেফ শ্রীযুত বাবু নেপালচন্দ্র বসু, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দশ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ২১ জুলাই।—চট্টগ্রাম জিলার অন্তর্গত হাটহাজারীর মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণধন চৌধুরী ১৮৭৭ সালের মে মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ২৩ জুলাই।—মতিহারীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মাটাই ১৮৭৭ সালের জুন মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৯ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত নলছিটীর নাগবাজারের খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারার বিধানমতে রাজকীয় ঘাট বলিয়া প্রকাশ করিলেন।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৯ জুলাই।—২৪ পরগনা জিলার অন্তর্গত টাকী মুনিসিপালিটীর সীমার মধ্যে যে সকল গরুর গাড়ী রাখা কি নিয়ত ব্যবহার করা যায় ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৩৩ ধারামতে তাহা রেজিষ্টরী করিবার ও তদ্রূপ প্রত্যেক গাড়ী রেজিষ্টরী করিবার জন্যে ১৮৭৭ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে রেজিষ্টরী করণের ফী আদায় করিবার নিমিত্ত তথাকার কমিশ্যন-রেরা বিশেষ সভাগত হইয়া অনুরোধ করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত আইনের ৭৮ ধারামতে তাহা অনুমোদন করিলেন সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

উক্ত মুনিসিপালিটীর মধ্যে যে প্রত্যেক গাড়ী রাখা যায় তাহার উপর বৎসর ২৲ টাকা বা ছয় মাসে ১৲ টাকা।

উক্ত মুনিসিপালিটীর মধ্যে যে প্রত্যেক গাড়ী নিয়ত ব্যবহার হয় তাহার উপর বৎসর ৩৲ টাকা বা ছয় মাসে ১৷৷০ টাকা।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই]

NOTIFICATION.

The 23rd July 1877.—The following bye-laws, framed by the Municipal Commissioners of Deoghur, in the Sonthal Pergunnahs, at a meeting, under Section 313 of Act V (B.C.) of 1876, having been confirmed by the Lieutenant-Governor under Section 314 thereof, are hereby published for general information :—

For Regulating the Conduct of Business at Meetings.

1. The Office of the Sub-divisional Officer will be the Municipal Office under the provisions of the Act.

For Regulating the Time and Mode of Collecting the Taxes.

2. The receipts to be given under Section 110 to be signed by either the Chairman or the Vice-Chairman.

3. Every collecting officer should be provided with a certificate of his authority to collect, and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate, if required.

4. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition, in the manner described in Section 367 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rs. 5 for the omission, and to a penalty not exceeding Rs. 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule shall be liable to a penalty not exceeding Rs. 20 : Provided that nothing in this bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code, should the facts appear to warrant such a proceeding.

5. Payment of purchase-money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer at his discretion to sell the property again on the same or any other day, and the first purchaser shall in such case be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For Regulating the Conduct of Persons Employed by the Commissioners.

6. All persons employed by the Commissioners whose services may be no longer required shall be liable to discharge after receipt of previous notice or pay in advance for the period of one month, unless discharged at once for misconduct; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

7. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required to do so, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

For Regulating the Disposal of Offensive Matter, Rubbish, and Dead Bodies of Animals.

8. Every person within whose premises any animal may die shall, within six hours after its death, or, if death occurs at night, within four hours after daylight, remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or, if he is unable to remove the carcass, he may report the animal's death to the Municipal Secretary or overseer, who shall cause it to be removed at his expense; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass. Penalty for infringement not to exceed Rs. 10.

9. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass.

Penalty for infringement not to exceed Rs. 10.

[*Government Gazette*, 31*st July* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৩ জুলাই।—সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত দেবগড়ের মুনিসিপল কমিশ্যনরেরা সভাগত হইয়া ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১৩ ধারামতে নিম্নলিখিত উপবিধি প্রণয়ন করিলে ঐ আইনের ৩১৪ ধারাক্রমে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

সভায় কার্য্যচালাওনবিষয়ক বিধান।

১। উক্ত আইনের বিধানমতে মহকুমার কর্তৃপক্ষের আফিস, মুনিসিপল আফিস হইবে।

টাক্স আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

২। ১১০ ধারামতে যে রসীদ দিতে হইবে তাহাতে সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবে।

৩। টাক্স আদায়কারি প্রত্যেক কর্ম্মকারক টাক্স আদায় করিবার ক্ষমতাসূচক সর্টিফিকট পাইবেন, ও উক্ত প্রত্যেক সর্টিফিকটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির স্বাক্ষর থাকিবে। টাক্স আদায়-কারি প্রত্যেক জন কার্য্যকারকের প্রতি টাকা চাহিবার সময়ে তাঁহার ঐ সর্টিফিকট দেখাইবার আদেশ হইলেই তাঁহাকে তাহা দেখাইতেই হইবে।

৪। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ণ দিবার আদেশ করিতে সক্ষম হইলে তাঁহার নামে লিখিয়া তাহা দিতে আদেশ করিলে, তিনি সেই আদেশপত্র পাইবার তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে আইনের ৩৩৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফিসে ঐ তফসীল কি রিটর্ণ পাঠাইবেন। না পাঠাইলে তাঁহার ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহাকে সতর্ক করা গেলে পর আর যত দিন ত্রুটি করেন দিনপ্রতি তাঁহার আর ২ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কোন কেহ মিথ্যা কি অশুদ্ধ তফসীল কি রিটর্ণ দিলে তাহার ২০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। কিন্তু বৃত্তান্ত দৃষ্টে তাঁহার নামে দণ্ডবিধির আইনমতে ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিলে, এই উপবিধির কোন কথাই তাহা করিবার বাধাজনক [illegible] করিতে হইবে না।

৫। সম্পত্তি নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে, যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে, প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরনবিষয়ক বিধান।

৬। অসদ্ব্যবহারের নিমিত্ত অবিলম্বে কর্ম্মচ্যুত করা না গেলে কমিশ্যনরেরা যাঁহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাঁহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

৭। যাঁহারা এইক্ষনে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন, কমিশ্যন-রেরা সময়ে২ যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সঙ্গত সময়ের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে জামিন না দিলে তাঁহাদের সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে ও তাঁহাদিগকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৮। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপন করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরনের পর ছয় ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর চারি ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা তিনি ঐ মরা জন্তু ফেলাইতে, না পারিলে মুনিসিপল সেক্রেটরীর কি ওবরসিয়রের নিকট ঐ জন্তুর মরনের রিপোর্ট করিবেন। তিনি তাঁহার খরচে ঐ মরা জন্তু স্থানান্তর করাইয়া দিবেন। ঐ মরা জন্তু ঐ বাড়ির স্বামিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ওবরসিয়রের প্রতি আদেশ হইলে তিনি সেই মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকার অধিক হইবে না।

৯। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়ে২ যে স্থান ও সময় নিরূপন করিয়া দেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি কোন মরা জন্তু বা মরা জন্তুর কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

For the Regulation and Management of Privies.

10. Every person shall construct his privy above ground, and shall provide his privy with a suitable moveable receptacle of metal or earthenware.

Penalty for infringement after notice not to exceed Rs. 10.

11. No owner or occupier of any house, land, or premises in or on which any privy may be situated shall allow night-soil or filth of any kind to flow or to be discharged from such privy into any drain, water-course, or excavation, or into any other receptacle but one of the kind described in the next preceding section.

Penalty for infringement not to exceed Rs. 10.

12. No person shall throw, deposit, or discharge any night soil, sewage, or the contents of any drain, privy, or cess-pool into any drain, tank, or water-course, or dispose of the above-mentioned kinds of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement not to exceed Rs 10.

13. No person shall carry night-soil through the streets otherwise than in a closely covered receptacle, and between such hours as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement not to exceed Rs. 5.

14. Every owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier shall give free access to the servants of the Municipality to his house, land, or premises, for the removal of any night-soil or filth, within such hours as may have been fixed by the Municipal Commissioners.

Penalty for infringement not to exceed Rs. 5.

15. On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any well-privy or other noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the said privy as may be directed in the notice; and if the orders contained in the notice be not carried out within fifteen days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

For Regulating Traffic in the Streets.

16. No owner of any carriage shall allow it to be driven by a driver under fourteen years of age.

Penalty for disobedience on the owner's part not to exceed Rs. 10.

17. Every carriage or cart plying in the streets after one hour after sunset shall carry a light or lights, except when in the opinion of the Magistrate there may be sufficient moonlight to render such lights unnecessary.

Penalty for infringement not to exceed Rs. 5.

For Regulating or Prohibiting the use of Fire-works, Fire-balloons, Fire-arms, or any Missile in or near a Public Street.

18. No person shall let off any fire-balloon, fire-works, fire-arms, or any missile in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained.

Penalty for infringement not to exceed Rs. 10.

General Bye-laws.

19. No person shall construct, or place over, or by the side of, any public drain any bridge, platform, building, or structure of any kind, except by, and with the written permission of, the Municipal Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rs. 5; for continued infringement after notice, Re. 1 daily.

20. No person shall put, or cause to be put, on any house or other building any spout or other thing intended for the conveyance and discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and the Commissioners shall have power to take down and alter any such spout now in existence after eight days' notice, and to recover the costs as a debt due to the Commissioners.

Penalty for infringement not to exceed Rs. 5.

[*Government Gazette*, 31*st July* 1877.]

পাইখানার বিধান ও কার্য্যনির্ব্বাহকরণার্থ বিধি।

১০। প্রত্যেক জন বাটীর উপরে আপনার পাইখানা প্রস্তুত করিবেন। ও তাহা সরাইয়া লওয়া যাইতে পারে পাইখানার কি বাড়ীর মধ্যে লৌহাদির কি মাটির এমত উপযুক্ত পাত্র রাখিবেন।

নোটিস দেওয়া গেলে পর এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

১১। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে, তিনি কোন নর্দ্দমায় কি জলপ্রণালীতে কিম্বা গর্ত্তে কিম্বা ইহার পূর্ব্বে যাহার নির্দ্দিষ্ট এক মাত্র প্রকারের আধার ভিন্ন অন্য আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কি কোন প্রকারের ময়লা বিষয় যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

১২। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি আঁস্তাকুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি জলপ্রণালীতে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়েং এই বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

১৩। মুনিসিপল কমিশ্যনরেরা সময়েং যেং ঘণ্টার মধ্যে আদেশ করেন তদ্ভিন্ন কোন সময়ে কোন ব্যক্তি দৃঢ়মতে বদ্ধ আধারভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

১৪। কোন ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় স্থানান্তর করাইয়া না দিলে, মুনিসিপল কমিশ্যনরেরা যেং ঘণ্টা নিরূপণ করেন তিনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় সরাইয়া লইবার জন্যে মুনিসিপালিটীর চাকরদিগকে সেইং ঘণ্টার মধ্যে অবাধে আপন ঘরে কি ভূমিতে কি বাড়ীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

১৫। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকুয়া পাইখানা কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে, তিনি মুনিসিপল কমিশ্যনরদের স্থানে নোটিস পা।২৮০।৭ ঐ [illegible] ক্রমে ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে পনের দিনের মধ্যে কার্য্য না করা গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় হইতে পারিবে।

রাস্তায় গাড়ীপ্রভৃতি চালাওনের বিধান।

১৬। কোনগাড়ীর স্বামী চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক কোন ব্যক্তির দ্বারা গাড়ী চালাইতে দিবেন না।

স্বামির পক্ষে অমান্য হইলে ১০৲ দশ টাকার অধিক দণ্ড হইবে না।

১৭। মাজিষ্ট্রেটের বিবেচনায় যে জোৎস্না রাত্রিতে আলো জ্বালা নিষ্প্রয়োজন বোধ হয় তদ্ভিন্ন সূর্য্যাস্তের এক ঘণ্টা পরে কেহ ঘোড়ার কি গরুর গাড়ী লইয়া রাস্তা দিয়া গমনাগমন করিলে আলো জ্বালিয়া যাইবে।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

সরকারী রাস্তায় বা রাস্তার ধারে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক ছুড়িবার কি তীরপ্রভৃতি ফেলিবার বিধান ও নিষেধ।

১৮। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইলে রাস্তার ধারে কি নিকট অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের তীরপ্রভৃতি ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

সাধারণ উপবিধি।

১৯। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন রাজকীয় নর্দ্দমার উপরে বা তাহার পার্শ্বে কোন সাঁকো কি রোয়াক কি পাকা কি অন্য প্রকারের গাঁথনি নির্ম্মাণ করিবেন না ও রাখিবেন না। ঐ অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেইরূপে গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ১৲ এক টাকার অধিক দণ্ড হইবে না।

২০। কোন ঘরের কি অন্য গাঁথনির ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তার কি লোকদের গমনাগমনের কোন পথে জল পড়িতে পারে, কেহ এমত নল বসাইবেন না ও অন্যকে বসাইতে দিবেন না। এইক্ষণে তদ্রূপ যে নল আছে কমিশ্যনরেরা নোটিস দিবার আট দিন পরে তাহা নামাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে পারিবেন, ও আপনাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ কার্য্যের খরচ আদায় করিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

[গবর্ণমেন্ট.গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

21. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement after notice not to exceed Rs. 5; for continued infringement, Rs. 2 daily.

22. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course.

Penalty for infringement not to exceed Rs. 5; for continued infringement after notice Re. 1 daily.

23. No person shall let loose, or allow to be loose, any diseased or worn-out animal on any highway, street, or public place whatever.

Penalty for infringement not to exceed Rs. 10.

For Regulating Burial and Burning Grounds.

24. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground.

Penalty for infringement not to exceed Rs. 10.

25. No person shall bury, or cause to be buried, in any burial ground any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than six feet deep.

Penalty for infringement not to exceed Rs. 10.

26. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than two feet from any other existing grave.

Penalty for infringement not to exceed Rs. 20.

27. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement not to exceed Rs. 20.

28. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement not to exceed Rs. 20.

29. No one shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement not to exceed Rs. 10.

30. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall completely burn, or cause the same to be completely burnt, within four hours after its arrival at the said burning ground.

Penalty for infringement not to exceed Rs. 20.

31. No person when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes, or shall permit the clothes or other articles connected with the burning of such corpse to remain at or near such burning ground unless the same be completely reduced to ashes.

Penalty for infringement not to exceed Rs. 20.

32. No person shall open any grave within six months of the burial of any body therein, or shall exhume any corpse, except with the written permission of the Commissioners.

Penalty for infringement not to exceed Rs. 20.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 31*st July* 1877.]

২১। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ২৲ দুই টাকার অধিক দণ্ড হইবে না।

২২। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কেহ কোন নালার কি জলপ্রণালীতে বাধক কোন বিষয় দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন-হইতে থাকিলে দিনপ্রতি ১৲ এক টাকার অধিক দণ্ড হইবে না।

২৩। কোন ব্যক্তি কোন রাজপথে বা সাধারণ কোন স্থানে কোন রুগ্ন বা জীর্ণ জন্তু ছাড়িয়া দিবেন না।।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

কবর ও শবদাহ স্থান বিষয়ক বিধান।

২৪। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে, বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে পাঁচ ফুটের কম থাকে এমত কবরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

২৫। কোন ব্যক্তি কোন গোরস্তানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর ছয় ফুটের কম গভীর হইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

২৬। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবরহইতে ২ ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

২৭। কমিশ্যনরেরা কবরস্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি ঠিক সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

২৮। কবরে একটী শব দেওয়া গেলে কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

২৯। কোন ব্যক্তি কোন শব কি শবের কোন অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন পথ দিয়া লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকার অধিক হইবে না।

৩০। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে কোন শব কি শবের কোন অঙ্গ আনিলে বা বহন করিলে কি আনাইলে বা বহন করাইলে সেই স্থানে আনিবার পর চারি ঘণ্টার মধ্যে তাহা সম্পূর্ণরূপে দাহ করিবেন কি করাইবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

৩১। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে কোন শব কি শবের কোন অংশ দাহ করিলে কি করাইলে, যতক্ষণ সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা যায় ততক্ষণ তাহা কি তাহার কোন অংশ ত্যাগ করিতে দিবে না, ও সেই শবদাহকরণসম্পর্কে যে কাপড় কি অন্য দ্রব্য ব্যবহার হইয়া থাকে তাহা সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা গেলে ঐ দাহ করিবার স্থানে কি তাহার নিকট পড়িয়া থাকিতে দিবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

৩২। কোন কবরে শব দেওয়া গেলে ছয় মাসের মধ্যে কোন ব্যক্তি সেই কবর খুলিবে না, কিম্বা কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা কোন শব কবর হইতে বাহির করিয়া লইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৩১ জুলাই।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 18th July 1877.

No. 207.—*Removal.*—Sergeant J. Wilson, Overseer, First Grade, attached to the Dacca Division, is remanded to military duty with effect from the 1st current.

The 20th July 1877.

No. 208.—*Leave of Absence.*—Baboo Rakhall Doss Chatterjee, Assistant Engineer, Third Grade, attached to the Dacca Division, is allowed privilege leave for three months, under Civil Leave Code, Supplement F, Section 12.

No. 209.—Baboo Madhoo Ram, Sub-Engineer, First Grade, attached to the Chittagong Division, is allowed furlough for one year, under the above Code, Supplement F, Section 7.

No. 210.—Baboo Chunder Mohun Chuckerbutty, probationary Overseer, Third Grade attached to the Dacca Division, is allowed privilege leave for three months, under the above Code, Supplement F, Section 12.

G. A. D. ANLEY, C. E.,
Asst. Secy. to the Govt. of Bengal
in the Public Works Dept.

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.
Dated 24th July 1877.

No. 216.—*Notification.*—Baboo Ram Lall Cooar, Sub-Overseer, First Grade, Northern Drainage and Embankment Division, returned to duty on the forenoon of the 12th July 1877 from the privilege leave granted him in the orders marginally noted.

No. 88, dated 26th March 1877.

No. 217.—*Leave.*—Baboo Indremoney Mahanty, Overseer, Third Grade, Balasore Survey Division, is granted privilege leave for three months, under Section 12, Supplement F of the Civil Leave Code.

F. T. HAIG, *Colonel*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept., Irrigation Branch.

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৭ সাল ১৮ জুলাই।

The 19*th July* 1877.—In supersession of the Notification published under the provisions of Section 69 of the Indian Registration Act (VIII, 1871,) in the *Calcutta Gazette* of the 24th December 1873, the following rules, which have been prepared under the provisions of Section 69 of Act III, 1877, and have been approved by the Lieutenant-Governor, are hereby published for general information.

2. These rules will have effect in the provinces under the Lieutenant-Governor of Bengal from and after the 1st January 1878.

S. C. BAYLEY,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৯ জুলাই।—ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৬৯ ধারার বিধানমতে যে জ্ঞাপনপত্র ১৮৭৪ সালের জানুয়ারি মাসের ২০ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা গিয়াছিল তৎপরিবর্ত্তে নিম্নলিখিত বিধি ১৮৭৭ সালের ৩ আইনের ৬৯ ধারার বিধানমতে প্রণীত ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইয়া এতৎক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

২। এইং বিধি ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ১ দিবস অবধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশে প্রচলিত হইবে।

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Rules framed under Section 69 *of Act III of* 1877 (*the Indian Registration Act*) *and sanctioned by the Government of Bengal.*

ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৬৯ ধারামতে প্রণীত ও বঙ্গদেশের গবর্ণমেণ্টকর্ত্তৃক অনুমোদিত বিধি।

Leave and Appointments.

Changes of incumbency to be reported.

1. REGISTRARS and Sub-Registrars, on giving or receiving charge of their respective offices, shall report the fact to the Inspector-General in the form given in Rule 120 below.

In the case of Sub-Registrars, such reports shall be made through the District Registrar.

Temporary appointments to be reported.

2. Whenever a District Registrar makes a temporary appointment under section 12, he shall at once report the fact to the Inspector-General.

3. When a Sub-divisional Officer goes on tour, it is usually undesirable that he should carry the sub-registry office about with him. He should ordinarily make over charge to his Sub-Deputy Collector or to the Moonsif: in the latter case, the assent of the Registrar and of the District Judge must first be obtained.

4. The report referred to in section 13 shall be submitted to Government by the Inspector-General at the end of each month.

ছুটী ও নিয়োগবিষয়ক বিধি।

নূতন রেজিষ্ট্রার প্রভৃতি নিযুক্ত হইলে রিপোর্ট করিতে হইবার কথা।

১। রেজিষ্ট্রারেরা ও সব-রেজিষ্ট্রারেরা আপনং কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ বা অন্যের স্থানে গ্রহণ করিলে, নিম্নলিখিত ১২০ ধারার নির্দ্দিষ্ট পাঠে ইন্স্পেক্টর জেনরল সাহেবের নিকট সেই কথার রিপোর্ট করিবেন। সব-রেজিষ্ট্রারেরা ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের দ্বারা সেই রিপোর্ট করিবেন।

কোন ব্যক্তি কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত হইলে রিপোর্ট করিবার কথা।

২। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার আইনের ১২ ধারামতে অল্পকালের নিমিত্তে কোন ব্যক্তিকে নিযুক্ত করিলে, তৎকালেই ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট সেই কথার রিপোর্ট করিবেন।

৩। মহকুমার কার্য্যকারক দৌরায় গেলে, সব-রেজিষ্টরী আফিস তাঁহার সঙ্গে করিয়া লওয়া প্রায়ই অবিধেয়। তৎকালে সচরাচর সব-ডেপুটী কালেক্টরের বা মুনসেফের প্রতি ঐ কর্ম্মের ভার অর্পণ করা উচিত। মুনসেফের প্রতি অর্পণ করিলে রেজিষ্ট্রারের ও জিলার জজ সাহেবের অনুমতি লওয়া আবশ্যক।

৪। আইনের ১৩ ধারায় যে রিপোর্টের উল্লেখ হইয়াছে, ইনস্পেক্টর জেনরল সাহেব প্রতি মাসের শেষে গবর্ণমেণ্টের নিকট সেই রিপোর্ট পাঠাইবেন।

[*Government Gazette*, 21*st August* 1877.]

5. Head-quarter Sub-Registrars having been permanently placed in charge of district registry offices under section 7 of the Act, clause 2, temporary appointments under section 11 need only be reported when some person other than the Special Sub-Registrar is appointed to perform the duties of the Registrar during his absence.

6. When a Sub-Registrar is absent, or his office is temporarily vacant, if the District Registrar is unable to appoint a suitable substitute, he may himself assume charge of the sub-registry office until the return of the Sub-Registrar or appointment of a successor; and in such cases the extra or additional fee chargeable for registration by a Registrar under section 30 (a) shall not be charged upon registrations effected during the absence of the Sub-Registrar.

Registrar may assume charge of the office of absent Sub-Registrar.

7. Rural Sub-Registrars are not subject to the uncovenanted leave rules. It is a condition of their appointment that they should reside at the head-quarters of their jurisdiction; leave should therefore be seldom required, and should be given only in cases of urgent necessity. When the leave asked for does not exceed one month, the Registrar is competent to grant the application and appoint a substitute. All leave exceeding one month, and every extension of leave which will prolong the period of absence beyond one month, must receive the previous sanction of the Inspector-General.

Leave to rural Sub-Registrars.

All leave granted to rural Sub-Registrars shall be at once reported to the Inspector-General, and included by him in the monthly report submitted to Government under rule 4.

Seals.

8. The seals of District Registrars and Deputy Registrars made under section 12 of Act XVI of 1864 shall be taken to be seals of Registrars and Sub-Registrars under this Act. The seal shall always remain in the personal custody of the registering officer.

Section 15.

Languages commonly used—(Section 19).

9. The following languages shall be considered to be commonly used in the districts named, viz.—

In the Patna Division and the districts of Bhagulpore and Monghyr—English, Hindi, and Hindustani.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২১ আগষ্ট।]

৫। আইনের ৭ ধারার ২ প্রকরণমতে সদর স্থানের সব-রেজিষ্ট্রারের প্রতি জিলার রেজিষ্টরী আফিসের ভার স্থায়িরূপে অর্পণ করা গিয়াছে, অতএব রেজিষ্ট্রারের অনুপস্থানে বিশেষ সব-রেজিষ্ট্রারভিন্ন কোন ব্যক্তি তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে নিযুক্ত না হইলে ১১ ধারামত কিয়ৎকালীন নিয়োগের রিপোর্ট করা প্রয়োজন নাই।

৬। সব-রেজিষ্ট্রার ছুটী লইলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্তে শূন্য হইলে, ও ডিষ্ট্রিকট রেজিষ্ট্রার তাঁহার স্থানে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে না পারিলে, ঐ সব-রেজিষ্ট্রারের ফিরিয়া না আইসনপর্য্যন্ত কিম্বা তাঁহার পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত না করণ পর্য্যন্ত তিনি আপনি সব-রেজিষ্টরী আফিসের কর্ম্মের ভার গ্রহণ করিতে পারিবেন। ৩০ (ক) ধারামতে রেজিষ্ট্রারের দ্বারা কোনং দলীল প্রভৃতি রেজিষ্টরী করা গেলে যে অতিরিক্ত কি উপরি ফী লওয়া যাইতে পারে, উক্ত স্থলে সব-রেজিষ্ট্রারের অনুপস্থানে ঐ দলীল প্রভৃতি রেজিষ্টরী করিবার সেই ফী লওয়া যাইবে না।

সব-রেজিষ্ট্রার না থাকিলে তাঁহার কর্ম্মের ভার রেজিষ্ট্রারের গ্রহণ করিবার কথা।

৭। গ্রামীয় সব রেজিষ্ট্রারদের প্রতি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধি খাটে না। তাঁহাদের নিযুক্ত হওয়ার অন্যতর নিয়ম এই যে তাঁহারা আপনং এলাকার সদর স্থানে বাস করেন, এই কারণে তাঁহাদের ছুটী লওয়ার প্রায় প্রয়োজন নাই, ও অত্যাবশ্যক স্থলভিন্ন ছুটী দেওয়াও উচিত নয়। এক মাসের অনধিক কালের ছুটী প্রার্থনা হইলে, রেজিষ্ট্রার তাহা দিয়া তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে সক্ষম আছেন। এক মাসের অধিক ছুটী, কিম্বা ছুটী বাড়াইয়া যাহাতে এক মাসের অধিক হয় এমত ছুটী প্রার্থনা হইলে, ইনস্পেকুটর জেনরল সাহেবের অনুমতি পাওয়া আবশ্যক।

গ্রামীয় সব-রেজিষ্ট্রারদের ছুটীর কথা।

গ্রামীয় সব-রেজিষ্ট্রারদিগকে যে ছুটী দেওয়া যায় ইনস্পেকুটর জেনরল সাহেবের নিকট একেবারে তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে, ও এই বিধির ৪ ধারামতে তিনি গবর্ণমেণ্টে যে মাসিক রিপোর্ট প্রেরণ করিয়া থাকেন তন্মধ্যে ঐ ছুটীরও কথা লিখিবেন।

মোহরবিষয়ক বিধি।

৮। ১৮৬৪ সালের ১৬ আইনের ১২ ধারামতে ডিষ্ট্রিক্ট ও ডেপুটী রেজিষ্ট্রারদিগের যে মোহর প্রস্তুত করা গিয়াছিল, তাহা এই আইনঅনুযায়ি রেজিষ্ট্রার ও সব-রেজিষ্ট্রারদিগের মোহর বলিয়া জ্ঞান হইবে। মোহর সর্ব্বদাই নিজ রেজিষ্টরী কার্য্যকারকের নিকটে থাকিবে।

১৫ ধারার কথা।

চলিত ভাষা বিষয়ক বিধি (১৯ ধারা)

৯। নিম্নলিখিত জিলায় এইং ভাষা চলিত বলিয়া জ্ঞান হইবে,—

পাটনাখণ্ডে ও ভাগলপুর ও মুঙ্গের জেলায়—ইংরেজী ও হিন্দী ও হিন্দুস্থানী ভাষা।

In the Chota Nagpore Division, in the Sonthal Pergunnahs, and in the districts of Purneah, Darjeeling, and Julpigoree—English, Hindi, Hindustani, and Bengali.

In the Burdwan, Presidency, Dacca, and Chittagong Divisions, and in the districts of the Rajshahye and Cooch Behar Division not already mentioned—English, Bengali, and Hindustani.

In the Orissa Division—English, Bengali, Hindustani, and Uriya.

Copies of Bengali, Uriya, or Hindi documents sent to other presidencies.

10. When a copy of a Bengali, Uriya, or Hindi document is forwarded, under section 65 of the Act, to a Registrar in another presidency, it shall be accompanied by information in English respecting the names and additions of all persons executing and claiming under it, and a description of the property situated in the Registrar's district sufficient for its identification.

11. A power-of-attorney intended for use in another presidency, if authenticated in Bengali, Uriya, or Hindi, by an officer unacquainted with English, may, if the parties desire it, be forwarded by him to the District Registrar for the endorsement on it of an English translation of the authentication.

12. A power-of-attorney authenticated in a language unknown to a registering officer to whom it may be presented may, if the parties desire it, be by him submitted to the Registrar or Inspector-General of Registration, Bengal, as the case may be, who will procure an English translation of the authentication.

Maps or Plans—(Section 21).

Territorial divisions.

13. The territorial divisions to be recognized under section 21 (*b*) shall be registration districts, sub-districts, and thanas; also pergunnahs and mouzahs, where they are known, and collectorate districts, if different from registration districts.

14. Copies of maps or plans shall be attested by the signatures of the persons executing the document or their agents, and the original map or plan contained in the document shall at the time of registration be signed and sealed by the registering officer. When, under section 30 (*b*), the Registrar of Calcutta registers a document accompanied by a map relating to property, no part of which lies within his own district, a copy

ছোটনাগপুরখণ্ডে ও সাঁওতাল পরগনায় এবং পুরণিয়া ও দার্জিলিঙ্গ ও জলপাইগুড়ী জিলায়,—ইংরেজী, হিন্দী, হিন্দুস্থানী ও বাঙ্গলা।

বর্দ্ধমান ও প্রেসিডেন্সী ও ঢাকা ও চট্টগ্রামখণ্ডে ও রাজশাহী ও কুচবিহারের যে খণ্ডের পূর্ব্বে উল্লেখ হয় নাই তম্মধ্যে,—ইংরেজী ও বাঙ্গলা ও হিন্দুস্থানী।

উড়িষ্যা খণ্ডে—ইংরেজী, বাঙ্গলা, হিন্দুস্থানী ও উড়িয়া।

বাঙ্গলা কি উড়িয়া কি হিন্দী ভাষার দলীল অন্য প্রসীডেন্সীতে পাঠান গেলে, তাহার কথা।

১০। বাঙ্গলা কি উড়িয়া কি হিন্দী ভাষালিখিত দলীলের প্রতিলিপি আইনের ৬৫ ধারামতে অন্য প্রসীডেন্সীর রেজিষ্ট্রারের নিকট পাঠান গেলে, যাঁহারা তাহা সম্পাদন করিলেন, ও তদধীনে যাঁহারা দাওয়া রাখেন তাঁহারদের নাম, ও উপাধি প্রভৃতি ও রেজিষ্ট্রারের ডিষ্ট্রিকুটের মধ্যে যে সম্পত্তি থাকে তাহা নিশ্চিত করিবার উপযুক্ত বিবরণ, ইঙ্গরেজী ভাষায় লিখিয়া ঐ প্রতিলিপির সঙ্গে পাঠাইতে হইবে।

১১। যদি অন্য প্রসীডেন্সীতে মোক্তারনামা ব্যবহার করিবার কল্পনা থাকে ও যিনি ইংঙ্গরেজী ভাষা না জানেন এমত কার্য্যকারক যদি বাঙ্গলা কি উড়িয়া কি হিন্দী ভাষায় তাহা প্রমাণীকৃত করিয়া থাকেন, তবে উভয় পক্ষের ইচ্ছা হইলে, ঐ মোক্তারনামার পৃষ্ঠে ঐ প্রমাণ করণের কথার ইঙ্গরেজী তরজমা লেখাইবার নিমিত্ত তিনি ডিষ্ট্রিকুট রেজিষ্ট্রারের নিকট তাহা পাঠাইতে পারিবেন।

১২। রেজিষ্টরী কার্য্যকারকের নিকট মোক্তারনামা আনা গেলে, ও যে ভাষায় প্রমাণীকৃত হইয়াছে তিনি সেই ভাষা বুঝিতে না পারিলে, উভয় পক্ষের ইচ্ছামতে রেজিষ্ট্রারের কিম্বা বিষয়বিশেষে বঙ্গদেশের রেজিষ্টরী কার্য্যের ইনস্পেকুটর জেনরল সাহেবের নিকট সেই মোক্তারনামা পাঠাইতে পারিবেন, তিনি ইঙ্গরেজী ভাষায় ঐ প্রমাণকরণের কথা তরজমা করাইয়া দিবেন।

নক্সা কি ম্যাপ বিষয়ক বিধি (২১ ধারা।)

দেশ বিভাগের কথা।

১৩। আইনের ২১ ধারার (খ) প্রকরণমতে দেশের যে২ বিভাগ স্বীকৃত বলিয়া মানিতে হইবে তাহা এই২, রেজিষ্টরী করণের ডিষ্ট্রিকুট ও সব-ডিষ্ট্রিকুট ও থানা, আরও পরগনা ও মৌজা করিয়া দেশের বিভাগ করিবার রীতি থাকিলে ঐ পরগনা ও মৌজা, ও রেজিষ্টরী করণের ডিষ্ট্রিকুটহইতে কালেক্টরী ডিষ্ট্রিকুট পৃথক থাকিলে ঐ কালেকুটরী ডিষ্ট্রিকুট।

১৪। যে ব্যক্তিরা দলীলে স্বাক্ষর করেন তাঁহারা কি তাঁহাদের পক্ষ কর্ম্মকারকেরা সাক্ষিস্বরূপে ম্যাপের কি নক্সার নকলে স্বাক্ষর করিবেন। রেজিষ্টরী করণসময়ে দলীলের মধ্যে যে মূল ম্যাপ কি নক্সা থাকে, রেজিষ্টরী কার্য্যকারক তাহাতে স্বাক্ষর করিয়া মোহর বসাইবেন। আইনের ৩০ ধারার (খ) প্রকরণমতে কলিকাতার রেজিষ্ট্রার সম্পত্তি সম্পর্কীয় ম্যাপের সহিত কোন দলীল রেজিষ্টরী করিলেও যদি সম্পত্তির কোন অংশ তাঁহার এলাকার মধ্যে না থাকে, তাহা হইলে ২১

of the map shall be supplied for record in his own office in addition to the number required by section 21 (*c*).

15. When a document containing a map or plan is presented for re-registration under the proviso to section 23, it shall not be necessary for the parties to deposit fresh copies of the map or plan under section 21 (*c*); but the registering officer shall certify against the copy in the register book that the map or plan attached to the document is the same as that which was attached to it on its first presentation.

Commissions (under Sections 33 and 38).

16. A commission shall ordinarily be issued by a registering officer to some salaried member of his establishment, and the order shall be briefly endorsed on the document in words to this effect:—

"A commission is hereby issued under section 33 (or 38) of the Indian Registration Act, 1877, to [*name and designation of the officer*] for the purpose of inquiring whether the within power (or *document*) has been executed by A. B., son of C. D., of , by whom it purports to have been executed."

17. If the person to be examined under section 38 be not resident within the district or sub-district of the registering officer, a commission shall be directed to the Registrar of the district in which such person resides, who may re-direct it to the Sub-Registrar, who may, if he cannot personally attend, re-direct it to any officer of his establishment. The commission fee and travelling allowance will be transferred to the registering officer to whom the commission is addressed.

18. When the commission has been executed, the commissioner shall return the document to the office from which it was issued, with a report, which shall be endorsed upon the document, in the following terms:—"Having visited the residence of A. B., son of C. D., at , I have this day examined the said A. B., who has been identified to my satisfaction by E. F., son of G. H., &c., residents of , and the said A. B. admitted (or *denied*) the execution of the within power (or *document*).

Full signature of executant.

Ditto of witnesses.

Ditto of commissioner.

ধারার (গ) প্রকরণমতে যত খানি ম্যাপ দেওয়া প্রয়োজন, তদতিরিক্ত ঐ রেজিষ্ট্রারের নিজ আফিসে রাখিবার নিমিত্ত, ঐ ম্যাপের আর এক খানি নকল দিতে হইবে।

১৫। ম্যাপ বা নকৃশাসুদ্ধ কোন দলীল আইনের ২৩ ধারার উপবিধিমতে পুনর্ব্বার রেজিষ্টরী করিবার জন্যে উপস্থিত করা গেলে, ২১ ধারার (গ) প্রকরণমতে উভয়-পক্ষের ঐ ম্যাপের কি নকৃশার নূতন নকল দিবার প্রয়োজন নাই। কিন্তু রেজিষ্টরী বহীতে ঐ ম্যাপের কি নকৃশার যে নকল থাকে তাহার পার্শ্বে রেজিষ্টরী কার্য্যকারক এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন যে, প্রথম আনিবার সময়ে দলীলের সঙ্গে যে ম্যাপ কি নকৃশা ছিল সেই ম্যাপ কি নকৃশা এই দলীলে সংযুক্ত হইয়াছে।

আমীনদের নিযুক্তকরণবিষয়ক বিধি (৩৩ ও ৩৮ ধারামতে।)

১৬। রেজিষ্টরী কার্য্যকারক সামান্যতঃ আপন সিরিশতার বেতনভোগি কোন আমলাকে কমিশ্যন দিবেন। দলীলের পৃষ্ঠে এই মর্ম্মানুসারে ঐ আজ্ঞা সংক্ষেপে লেখা যাইবে,—

"ইহার ভিতরে যে মোক্তারনামা (কি দলীল) আছে তাহা অমুক স্থানবাসি শ্রীঅমুকের পুত্র শ্রীঅমুকের দ্বারা স্বাক্ষর হওয়ার ভাব দেখায়, কিন্তু সত্য তাঁহারই দ্বারা স্বাক্ষর করা গেল কি না, ইহার অনুসন্ধান লওনের জন্যে ভারতবর্ষীয় রেজিস্টরী করণবিষয়ক ১৮৭৭ সালের আইনের ৩৩ (বা ৩৮) ধারামতে শ্রীঅমুকের (আমলার নাম ও পদপ্রভৃতি) নামে এই কমিশ্যন দেওয়া গেল।"

১৭। ৩৮ ধারামতে যে ব্যক্তির পরীক্ষা লইতে হইবে তিনি যদি রেজিষ্টরী কার্য্যকারকের ডিষ্ট্রিক্‌ট কি সব-ডিষ্ট্রিক্‌টের মধ্যে বাস না করেন, তবে যে ডিষ্ট্রিক্‌টের মধ্যে থাকেন সেই ডিষ্ট্রিক্‌টের রেজিষ্ট্রারের নামে সেই কমিশ্যন দেওয়া যাইবে। তিনি শিরোনামায় সব-রেজিষ্ট্রারের নাম লিখিয়া দিতে পারিবেন। সব-রেজিষ্ট্রার আপনি যাইতে না পারিলে, শিরোনামায় আপন কার্য্যালয়ের কোন আমলার নাম লিখিয়া দিতে পারিবেন। রেজিষ্টরীর যে কার্য্যকারকের নামে কমিশ্যন দেওয়া যায় আমীনের ফী ও পথ খরচ তাঁহাকে দেওয়া যাইবে।

১৮। কমিশ্যনের কার্য্য সমাপ্ত করা গেলে, আমীন দলীলের পৃষ্ঠে নিম্নলিখিত মর্ম্মানুসারে রিপোর্ট লিখিয়া, যে আফিসহইতে দলীল বাহির হইয়াছিল তথায় ফিরিয়া পাঠাইবেন,—"আমি অদ্য অমুক স্থানের অন্তর্গত শ্রী চ ছর সন্তান শ্রী ক খর বাসস্থানে গিয়া তাঁহাকে জিজ্ঞাসাবাদ করিলাম। অমুক স্থানবাসি অমুক জাতীয় শ্রী গ ঘর সন্তান শ্রী জ বা আমার হৃদ্বোধমতে উক্ত শ্রী ক খর পরিচয় দিলেন ও উক্ত শ্রী ক খ এই মোক্তারনামায় (বা দলীলে) স্বাক্ষর করিলাম বলিয়া স্বীকার (বা করিলাম না বলিয়া অস্বীকার) করিলেন।"

স্বাক্ষরকারির সম্পূর্ণ নাম।

সাক্ষিদের সম্পূর্ণ নাম।

আমীনের সম্পূর্ণ নাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২১ আগষ্ট।]

19. A commissioner may examine witnesses in the same manner as a registering officer; and persons refusing to give testimony to a commissioner, on being required to do so, shall be subject to the same penalties and punishment which they would incur for the same offence if committed in a registration office.

Sections 33 and 38 of the Registration Act and section 392 of Act X of 1877.

20. It shall be competent to a registering officer to examine the commissioner personally in his office touching any of the circumstances connected with the discharge of his commission, especially with reference to the voluntary nature of the admission of execution.

21. All applications for visits under sections 31, 33, or 38, or for the issue of commissions under section 33 or 38, shall be accompanied by the amount of fees chargeable, as well as the amount of travelling allowance claimable by the registering officer or commissioner.

22. A separate commission fee shall be charged upon every signature which requires attestation, but travelling allowance shall only be charged for the actual distance travelled: Provided that where two or more persons who execute the same document (or documents *relating to the same transaction*) reside together, only one commission fee shall be charged, so far as those persons are concerned.

23. The distances for which travelling allowance is charged shall be calculated according to the table which is drawn up in the Collector's office for the service of processes. A copy of this table shall be exhibited in every registration office.

Powers-of-attorney.

24. The form of authentication of powers-of-attorney shall be as follows:—

(1)—When the principal executing the power appears at the registration office—

"Executed in my presence on the   day of   18 , by A. B., son of C. D., of   , by caste   , by profession   , who is personally known to me (or *whose identity was proved by the testimony of E. F., son of G. H., of*   ), and recorded as No.   for 18 ."

Full signature of principal.

Ditto of witness or witnesses.

Seal and signature of registering officer.

(2)—When the principal is exempted from appearance—

"Having visited and examined at his (or *her*) residence the principal, A. B., son of C. D., of

১৯। রেজিষ্টরী কার্য্যকারক যেমন সাক্ষির পরীক্ষা লইতে পারেন, আমীনও তেমনি লইতে পারিবেন। কোন ব্যক্তি আমীনের নিকট সাক্ষ্য দিবার আজ্ঞা পাইয়াও না দিলে, রেজিষ্টরী আফিসে তাঁহার সেই অপরাধের যে দণ্ড ও অর্থদণ্ড হইত, তাহাই হইতে পারিবে।

রেজিষ্টরী করণ বিষয়ক আইনের ৩৩ ও ৩৮ ধারা ও ১৮৭৭ সালের ১০ আইনের ৩৯২ ধারা।

২০। আমীনের কর্ম্ম নির্ব্বাহ করণসম্পর্কীয় কোন ভাবগতিক বিষয়ে, বিশেষতঃ মোক্তারনামায় স্বাক্ষর করিলাম বলিয়া ইচ্ছাপূর্ব্বক যে স্বীকার বাক্য কহা যায় তাহার ভাব বিষয়ে, রেজিষ্টরী কার্য্যকারক আপন আফিসে আমীনের পরীক্ষা লইতে পারিবেন।

২১। রেজিষ্টরী কার্য্যকারকের নিকট ৩১ কি ৩৩ কি ৩৮ ধারামতে কোন ব্যক্তির বাড়ীতে যাইবার কিম্বা ৩৩ কি ৩৮ ধারামতে আমীন পাঠাইবার প্রার্থনা হইলে, যত টাকা ফী লাগিতে পারে, এবং রেজিষ্টরী কার্য্যকারক কি আমীন পথখরচ বলিয়া যাহা দাওয়া করিতে পারেন, তাহাও প্রার্থনাপত্রের সঙ্গে পাঠাইতে হইবে।

২২। যে২ স্বাক্ষরের প্রমাণে সাক্ষিদের স্বাক্ষর করা আবশ্যক সেই প্রত্যেক স্বাক্ষরের জন্যে আমীনের স্বতন্ত্র ফী লওয়া যাইবে, কিন্তু যত দূর যাওয়া হয় পথখরচ কেবল সেই দূরত্বানুসারে লওয়া যাইবে। কিন্তু যাঁহারা একি দলীলে (বা একি ব্যাপারসম্পর্কীয় কএক দলীলে) স্বাক্ষর করেন এমত দুই কি তদধিক ব্যক্তি একি স্থানে বাস করিলে, তাঁহাদের সকলের পক্ষে ঐ আমীন পাঠাইবার একি মাত্র ফী লওয়া যাইবে।

২৩। যত দূর গেলে যে পথখরচ লইতে হইবে ইহার হিসাব করিতে হইলে, কালেক্টরী কাছারীতে পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে ফর্দ্দ আছে সেই ফর্দ্দমতে পথখরচের হিসাব ধরা যাইবে। রেজিষ্টরী প্রত্যেক আফিসে ঐ ফীর একং খানি ফর্দ্দ লটকান থাকিবে।

মোক্তারনামাবিষয়ক বিধি।

২৪। মোক্তারনামা প্রমাণ করণের পাঠ এই।

মোক্তারনামার কথা।

(১) যে মুখ্য ব্যক্তি মোক্তারনামায় স্বাক্ষর করেন তিনি রেজিষ্টরী আফিসে উপস্থিত থাকিলে,

"অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানবাসি অমুক কর্ম্মকারি অমুক জাতীয় শ্রীঅমুকের সন্তান শ্রীঅমুক আমার সম্মুখে স্বাক্ষর করিলেন। উক্ত শ্রীঅমুক আমার পরিচিত লোক (অথবা অমুক স্থানবাসি শ্রীঅমুকের সন্তান শ্রীঅমুকের প্রমাণক্রমে তাঁহার নিশ্চিত পরিচয় দেওয়া গেল)। অমুক সালের অমুক নম্বর দিয়া ঐ দলীল লিপিবদ্ধ হইয়াছে।

মুখ্য ব্যক্তির সম্পূর্ণ নাম।

সাক্ষির কি সাক্ষিদের সম্পূর্ণ নাম।

রেজিষ্টরী কার্য্যকারকের মোহর ও স্বাক্ষর।

(২) মুখ্য ব্যক্তির অনুপস্থিত থাকার অনুমতি হইলে।

"অমুক গ্রামের অন্তর্গত অমুক স্থানবাসি অমুক কর্ম্মকারি অমুক জাতীয় শ্রীঅমুকের সন্তান শ্রীঅমুক নামক

, by caste , by profession , who is personally known to me (or *whose identity was proved by the evidence of E. F., son of G. H., of*), I am satisfied that this power-of-attorney has been voluntarily executed by him (or *her*), and I accordingly authenticate it under section 33 of Act III of 1877, and record it as No. for 187 ."

Full signature of principal.

Ditto of witnesses.

Seal and signature of registering officer and date.

When the Sub-Registrar himself does not examine the executant, he should make the following endorsement below the report of the commissioner, as provided for in rule 18:—

"From the above report, I am satisfied, &c." (*as above*).

25. All interlineations, blanks, erasures, or alterations in powers-of-attorney authenticated under section 33 should, at the time of authentication, be detailed in a footnote signed by the Sub-Registrar. When there are no interlineations, &c., the fact should be noted in the same way. This note will be copied in every case into the register of powers-of-attorney.

26. General powers-of-attorney are available under this Act if they contain or imply an authority to appear in a registration office, and are executed in accordance with section 33. Powers already executed may be made available by the execution, in accordance with section 33, of an additional clause empowering an attorney to appear in a registry office.

27. If an authority to register be included in a document to be registered, the document must of course bear the additional stamp duty chargeable on the power-of-attorney.

28. Powers which do not contain or imply an authority to appear in a registration office shall not be authenticated under section 33.

29. Whenever a special power-of-attorney is used in a registration office for the purposes of section 32, an endorsement shall be made upon it in the following form, and it shall be returned forthwith:—

Presented this day.

Date. (Sd.) A. B.,

[Seal.] *Registrar or Sub-Registrar of*

30. For general powers-of-attorney no endorsement is required. They shall be returned

আমার পরিচিত মুখ্য ব্যক্তির নিজ বাস স্থানে গিয়া তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিয়া জিজ্ঞাসাবাদ করিলে, (কিম্বা অমুক স্থানবাসি শ্রীঅমুকের সন্তান শ্রীঅমুকের প্রমাণক্রমে তাহার নিশ্চিত পরিচয় পাওয়াতে) এই মোক্তারনামায় তিনি স্বেচ্ছামতে স্বাক্ষর করিলেন, আমি ইহা হৃবোধমতে জানিয়া ১৮৭৭ সালের ৩ আইনের ৩৩ ধারামতে তাহা প্রমাণীকৃত করিয়া অমুক সালের অমুক নম্বর দিয়া লিপিবদ্ধ করিলাম।"

মুখ্য ব্যক্তির সম্পূর্ণ নাম।

সাক্ষিদের সম্পূর্ণ নাম।

রেজিষ্টরী কার্য্যকারকের মোহর ও স্বাক্ষর ও তারিখ।

সব-রেজিষ্ট্রার আপনি স্বাক্ষরকারিকে জিজ্ঞাসাবাদ না করিলে, এই বিধির ১৮ ধারায় আমীনের যে রিপোর্টের বিধান হইল, তিনি মোক্তারনামার পৃষ্ঠে ঐ রিপোর্টের নীচে এই কথা লিখিবেন।

"ঐ রিপোর্ট পড়িয়া আমি হৃবোধমতে জানিয়া প্রভৃতি" (পুর্ব্ববৎ)

২৫। ৩৩ ধারামতে প্রমাণীকৃত মোক্তারনামার পংক্তির মধ্যে২ কোন কথা লেখা থাকিলে, কিম্বা কথার মধ্যে২ ফাক থাকিলে কি কোন কথা উঠাইয়া দেওয়া কি পরিবর্ত্তন করা গেলে, সব-রেজিষ্ট্রার প্রমাণ করণ সময়ে নিম্নভাগের নোটে ঐ২ বিষয়ের বিস্তারিত কথা লিখিয়া দিবেন। পংক্তির মধ্যে২ কোন কথা কি উক্ত প্রকারের অন্য বিষয় না থাকিলে সেই কথাও সেই প্রকারে লেখা যাইবে। প্রত্যেক স্থলে মোক্তারনামার রেজিষ্টরী বহীতে ঐ নোট নকল করিয়া লওয়া যাইবে।

২৬। আম মোক্তারনামাদ্বারা স্পষ্টরূপে কি ভাবতঃ রেজিষ্টরী আফিসে উপস্থিত হইবার ক্ষমতা দেওয়া গেলে, ও ৩৩ ধারানুসারে তাহাতে স্বাক্ষর করা গেলে, এই আইনমতে তাহার কার্য্য চলিতে পারিবে। মোক্তারনামা পুর্ব্বে করা গেলেও যদি তন্মধ্যে মোক্তারকে রেজিষ্টরী আফিসে উপস্থিত হইবার ক্ষমতাসূচক আর একটি পদ দিয়া তাহাতে ৩৩ ধারানুসারে স্বাক্ষর করা যায়, তবে সেই মোক্তারনামারও কার্য্য চলিতে পারিবে।

২৭। যে দলীল রেজিষ্টরী করা যাইবে তাহার মধ্যে রেজিষ্টরী করিবার ক্ষমতাও দেওয় গেলে, ঐ দলীলের ইষ্টাম্পছাড়া মোক্তারনামার উপর যত ইষ্টাম্পের মাসুল লাগিতে পারে তাহাও দিতে হইবে।

২৮। রেজিষ্টরী আফিসে উপস্থিত হইবার ক্ষমতা মোক্তারনামায় স্পষ্টরূপে কি ভাবতঃ না থাকিলে ৩৩ ধারামতে তাহা প্রমাণীকৃত করা যাইবে না।

২৯। ৩২ ধারার কার্য্যপক্ষে রেজিষ্টরী আফিসে খাস মোক্তারনামার ব্যবহার হইলে, তাহার পৃষ্ঠে নিম্নলিখিত পাঠের কথা লিখিয়া তাহা তৎক্ষণাৎ ফিরিয়া দেওয়া যাইবে,

অদ্য উপস্থিত করা গেল।

তারিখ (স্বাক্ষর) ক খ।

(মোহর) অমুক স্থানের রেজিষ্ট্রার বা সব-রেজিষ্ট্রার।

৩০। আম মোক্তারনামার পৃষ্ঠে কোন কথা লিখিবার প্রয়োজন নাই। দৃষ্টি হইলে পর, যে পক্ষের,

after inspection to the parties by whom they were presented.

Issue of Process.

31. Summonses under section 75 will be issued direct by the Registrar acting according to the provisions of Chapter VI of Act X of 1877. The summonses referred to in sections 36 and 37 shall be executed through the Revenue authorities, and the peon's fee shall be regulated according to the rules for the service of processes by such authorities: Provided that when a rural Sub-Registrar's office and a Moonsif's court are located in the same place, the processes shall issue through the Moonsif's court. In such cases the peon's fee shall be regulated by the rules for the service of processes in the civil court.

32. If the summons be addressed to a person who is alleged to have executed the document, it shall require him to attend in person or by agent; if it be addressed to any person whose evidence is required to prove a fact, it shall require him to attend in person.

33. Every application for summons must be accompanied by the amount of expenses payable to the witness, as well as the amount of peon's fees usually chargeable by the revenue authority or civil court through which the summons is to be issued; and in forwarding for compliance an application for summons, the registering officer shall also forward the witnesses' expenses and the peon's fee, together with a draft summons in duplicate ready for signature, and purporting to issue from the civil or revenue court to which the application is forwarded for compliance.

34. In case of a person summoned under section 37 neglecting to appear, or if a summons under that section cannot be served, the registering officer may call upon the revenue officer or civil court through whom his summonses are served to take any further action authorized by the law for the time-being in force for the purpose of securing the attendance of the person whose evidence is required, and such a requisition must be accompanied by the proper fee. It rests with the registering officer to specify the form of action to be taken.

35. No rural Sub-Registrar shall issue a requisition under the preceding rule without the previous sanction of the District Registrar.

[*Government Gazette* 21*st August* 1877.]

উপস্থিত করিলেন তাঁহাদিগকে ফিরিয়া দেওয়া যাইবে।

পরওয়ানা জারী করণবিষয়ক বিধি।

৩১। আইনের ৭৫ ধারামতে সমন জারী করিতে হইলে, রেজিষ্ট্রার ১৮৭৭ সালের ১০ আইনের ৬ ষষ্ঠ অধ্যায়ের বিধানমতে কর্ম্ম করিয়া আপনি তাহা জারী করাইবেন। ৩৬ ও ৩৭ ধারায় যে সমনের কথা লেখা আছে তাহা রাজস্ব সংক্রান্ত কর্তৃপক্ষদের দ্বারা জারী করা যাইবে, এবং ঐ কর্তৃপক্ষদের পরওয়ানা জারী করিবার যে বিধি আছে সেই বিধিমতে পেয়াদার ফী দেওয়া যাইবে। কিন্তু গ্রামীয় সব-রেজিষ্ট্রারের আফিস ও মুনসেফের আদালত একি স্থানে থাকিলে মুনসেফের আদালতের দ্বারা পরওয়ানা জারী করা যাইবে। এমত স্থলে দেওয়ানী আদালতে পরওয়ানা জারী করিবার যে বিধি আছে, সেই বিধিমতে পেয়াদার ফী দেওয়া যাইবে।

৩২। দলীলের সম্পাদক বলিয়া যে ব্যক্তির নামোল্লেখ হয় তাঁহার নামে সমন দেওয়া গেলে তাঁহার প্রতি স্বয়ং কি আপনার পক্ষ কর্ম্মকারকের দ্বারা উপস্থিত হইবার আজ্ঞা থাকিবে। বৃত্তান্তের প্রমাণার্থে কোন ব্যক্তির সাক্ষ্য প্রয়োজন হওয়াতে তাঁহার নামে সমন দেওয়া গেলে, তাঁহার স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা থাকিবে।

৩৩। সাক্ষির খরচ বলিয়া যত দিতে হইবে তাহা, এবং রাজস্বের কর্তৃপক্ষ, কিম্বা দেওয়ানী আদালতের দ্বারা সমন জারী হইলে, ঐ আদালত রীতিমতে পেয়াদার যত ফী লইয়া থাকেন, তাহাও সমন জারী করিবার প্রার্থনাপত্রের সঙ্গে দিতে হইবে। এবং সমন জারী করিবার প্রার্থনাপত্রমতে কার্য্য হইবার নিমিত্ত, রেজিস্টরী কার্য্যকারক ঐ প্রার্থনাপত্র পাঠাইলে, তাহার সঙ্গে সাক্ষিদের খরচ এবং পেয়াদার ফী পাঠাইবেন। ও প্রার্থনামতে কার্য্য হইবার নিমিত্ত দেওয়ানী কি রাজস্ব সংক্রান্ত যে আদালতে পাঠান যায় সেই আদালতহইতে বাহির হইল বলিয়া সমনের দুইখানি পাণ্ডুলিপি স্বাক্ষর করিবার জন্যে প্রস্তুত করিয়া তৎসহিত পাঠাইবেন।

৩৪। আইনের ৩৭ ধারামতে কোন ব্যক্তিকে সমন করা গেলে যদি তিনি উপস্থিত না হন, কিম্বা যদি ঐ ধারামতে সমন জারী হইতে না পারে, তবে তাঁহার সাক্ষ্যের প্রয়োজন থাকিলে যৎকালে যে আইন প্রবল থাকে তাঁহাকে উপস্থিত করাইবার জন্যে তদনুসারে আরো২ কার্য্য করা যাইতে পারে, রেজিস্টরী কার্য্যকারক রাজস্বের যে কর্তৃপক্ষের কি যে দেওয়ানী আদালতের দ্বারা সমন জারী করান তাঁহার প্রতি ঐ ব্যক্তিকে উপস্থিত করাইবার সেই২ কার্য্য করণার্থে আদেশ করিতে পারিবেন, এবং সেই আদেশপত্রের সঙ্গে উপযুক্ত ফী দিতে হইবে। যে প্রকারের কার্য্য কর্ত্তব্য ইহা রেজিস্টরী কার্য্যকারকের নিরূপণ করিতে হইবে।

৩৫। গ্রামীয় সব-রেজিষ্ট্রার ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের অনুমতি না পাইলে ইহার পূর্ব্ব বিধিমত আদেশপত্র দিতে পারিবেন না।

Wills, &c.

36. A will shall not be received for deposit otherwise than in the manner laid down in section 42. A will received through the post-office shall be returned to the testator *bearing.*

Will deposited under section 42.

37. Every entry made in Register Book V, under the provisions of section 43, shall be signed in full and dated by the Registrar.

38. When a sealed cover is withdrawn under section 44, the fact shall be noted in Register Book V, and the entry shall be signed by the person by whom the withdrawal is made as well as by the Registrar.

39. When a sealed cover is opened, under section 45, the fact shall be noted in Register Book V and the entry signed by the Registrar. If a cover is opened under order of a civil court, this shall be mentioned in the entry.

40. When a will is forwarded to any court under section 46, it shall be accompanied by a memorandum of the fee for opening the cover and copying charges, and it shall be the duty of the court to levy and remit such fee and charges to the Registrar.

Wills called for by a civil court under section 46.

41. Sealed covers deposited with a Registrar under section 42 shall be examined monthly, and their condition reported to the Inspector-General. If there be no sealed cover in custody, this fact must be reported month by month.

Wills to be examined.

Procedure in Registration.

42. On the presentation of a document for registration, the registering officer shall first satisfy himself—

(1) That it has been presented at the proper office (sections 28, 29, and 30);

(2) That it bears the proper stamp;

and if it purport to be, or is known to be, a counterpart—

That it is "available" under the proviso of Article 16, Schedule II of the General Stamp Act, 1869;

উইলপ্রভৃতি বিষয়ক বিধি।

৩৬ ধারা। উইল গচ্ছিত করিবার নিমিত্তে কেবল আইনের ৪২ ধারামতে গ্রাহ্য হইবে, অন্য প্রকারে নয়। ডাকযোগে পাঠান গেলে, উইল লেখকের নিকট তাহা ব্যারিং দিয়া ফিরিয়া পাঠান যাইবে।

৪২ ধারামতে গচ্ছিত উইলের কথা।

৩৭। আইনের ৪৩ ধারার বিধানমতে ৫ নং রেজিষ্টরী বহীতে যেং কথা লেখা যায়, তাহাতে রেজিষ্ট্রার আপনার সম্পূর্ণ নাম লিখিয়া তারিখ দিবেন।

৩৮। আইনের ৪৪ ধারামতে মোহরকরা খাম ফিরিয়া লওয়া গেলে, ৫ নং রেজিষ্টরী বহীতে সেই কথা লিখিতে হইবে, ও যে ব্যক্তি ঐ খাম ফিরিয়া লন তিনি ও রেজিষ্ট্রার এই উভয় ব্যক্তি ঐ কথায় স্বাক্ষর করিবেন।

৩৯। মোহরকরা খাম আইনের ৪৫ ধারামতে খোলা গেলে, ৫ নং রেজিষ্টরী বহীতে সেই কথা লিখিতে হইবে, ও রেজিষ্ট্রার ঐ কথায় স্বাক্ষর করিবেন। দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে খাম খোলা গেলে, পূর্ব্বোক্ত কথার মধ্যে তাহাও লিখিতে হইবে।

৪০। আইনের ৪৬ ধারামতে উইল কোন আদালতে পাঠান গেলে, খাম খুলিবার যত ফী ও উইল নকল করিবার যত খরচ লাগে তাহার এক খানি স্মারকলিপিও সঙ্গে পাঠাইতে হইবে। সেই ফী ও খরচা আদায় করিয়া রেজিষ্ট্রারের নিকট প্রেরণ করা ঐ আদালতের কর্ত্তব্য।

দেওয়ানী আদালত ৪৬ ধারামতে উইল আনাইলে তাহার কথা।

৪১। মোহর করা যে খাম আইনের ৪২ ধারামতে রেজিষ্ট্রারের নিকট গচ্ছিত থাকে, তাহা মাসেং দেখিতে হইবে, ও তাহার যে অবস্থা আছে ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট এই কথার রিপোর্ট করিতে হইবে। মোহর করা কোন খাম গচ্ছিত না থাকিলে, মাসেং এই কথার রিপোর্ট করিতে হইবে।

উইল দেখিয়া লইবার কথা।

রেজিষ্টরী করণ সম্পর্কীয় কার্য্যপ্রণালীর কথা।

৪২। দলীল রেজিষ্টরী করিবার নিমিত্তে আনা গেলে, রেজিষ্টরী কার্য্যকারক প্রথমে এইং বিষয় হৃদ্বোধমতে জানিয়া লইবেন, যে

(১) তাহা উপযুক্ত আফিসে আনা গেল, (আইনের ২৮, ২৯ ও ৩০ ধারা)

(২) তাহাতে উপযুক্ত ইষ্টাম্প দেওয়া গেল,

ও তাহা অন্য দলীলের অনুলিপি, ভাবতঃ এমত বোধ হইলে কি অনুলিপি বলিয়া জানা গেলে,—

সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের আইনের ২ তফসীলের ১৬ প্রকরণের উপবিধিমতে তাহার কার্য্য চলিতে পারে,

(3) That it is in the usual language of the district, or is accompanied by a translation and a true copy (section 19);

(4) That in the case of important interlineations section 20 and rule 136 have been complied with;

(5) That (if the document refers to immoveable property) the description is sufficient (section 21);

(6) That it has been presented within the proper time (sections 23, 25, and 26);

(7) That it has been presented by a person authorized to do so (section 32).

Certificate of admissibility.

43. If the requirements of the law have been complied with in all these particulars, the following certificate shall be entered on the face of the deed:—

"Admissible under rule 42. Correctly stamped under the General Stamp Act, Schedule , No. ."

Levy of fee—section 80.

44. After entry of the certificate under rule 43, the registering officer shall receive the fee or any fine payable under section 24, and enter the amount on the document close to such certificate, and at the same time the requisite entry shall be made in the fee book.

First endorsement.

45. The document shall now be endorsed to the following effect:—

"Presented for registration at A.M. (or *p m.*) on the day of 187 , at the sub-registry office (or *elsewhere*), by A. B, son of C. D., of , by caste , by profession [or *attorney for E. F, one of the claimants under a power (No. for 187) executed in the presence of the Sub-Registrar of*]."

(Sd.) A. B.

(Sd.) G. H., *Sub-Registrar of*

46. The amount of the fee paid shall be entered on the receipt given under section 52.

Second endorsement.

47. The endorsement under section 58 shall be to the following effect:—

"Execution is admitted by A. B., son of C. D., of , by caste , by profession ."

(Sd.) A. B.

[*Government Gazette, 21st August* 1877.]

(৩) তাহা জিলার চলিত ভাষায় লেখা আছে, কিম্বা তাহার তর্জমা ও যথার্থ নকল সঙ্গে থাকে (আইনের ১৯ ধারা),

(৪) পঁক্তির মধ্যে২ গুরুতর ভাবের কথা লেখা থাকিলে, আইনের ২০ ধারা ও এই বিধির ১৩৬ ধারামতে কার্য্য করা গিয়াছে,

(৫) স্থাবর সম্পত্তি বিষয়ক দলীল হইলে, সম্পত্তি নির্ণয় করিবার উপযুক্ত বর্ণনা করা গেল (আইনের ২১ ধারা),

(৬) দলীল উপযুক্ত সময়ের মধ্যে আনা গিয়াছে (আইনের ২৩, ২৫ ও ২৬ ধারা),

(৭) তাহা আনিতে যাহার ক্ষমতা থাকে এমত ব্যক্তি আনিয়াছে (আইনের ৩২ ধারা) ইতি।

গ্রাহ্য হইতে পারিবার সর্টিফিকটের কথা।

৪৩। উক্ত সকল বিষয়ে আইনমতে কার্য্য করা গেলে, দলীলের অভিমুখে এই সর্টিফিকট লেখা যাইবে,—

"আইনের ৪২ ধারামতে গ্রাহ্য হইল। সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনের অমুক তফসীলের অমুক নম্বরমতে উপযুক্ত ইষ্টাম্প দেওয়া গেল।"

ফী আদায় করিবার কথা—আইনের ৮০ ধারা।

৪৪। এই বিধির ৪৩ ধারামতে সর্টিফিকট লেখা গেলে পর, রেজিষ্টরী কার্য্যকারক ফী লইয়া, এবং আইনের ২৪ ধারামতে দণ্ড দিতে হইলে তাহা লইয়া, দলীলের অভিমুখে উক্ত সর্টিফিকটের পার্শ্বে ঐ টাকা লিখিবেন। তৎকালেও ফী-বুকে প্রয়োজনমত কথা লিখিবেন।

প্রথম পৃষ্ঠলিপির কথা।

৪৫। তৎপরে দলীলের পৃষ্ঠে এই মর্ম্মের কথা লিখিতে হইবে, যথা,—

[অমুক স্থানবাসি অমুক কর্ম্মকারি অমুক জাতীয় শ্রী ক খর সন্তান শ্রী গ ঘ কিম্বা অমুক স্থানের সব-রেজিষ্ট্রারের সাক্ষাৎ স্বাক্ষরিত (অমুক সালের অমুক নম্বরের) মোক্তারনামাক্রমে অন্যতর দাওয়াদার শ্রী জ ঝর পক্ষে মোক্তার অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বাহ্ণ (কি অপরাহ্ণ) অমুক ঘণ্টায় অমুক স্থানের সব-রেজিষ্ট্রারের আফিসে (কিম্বা অন্য স্থানে) রেজিষ্টরী করিবার জন্যে দলীল আনিলেন।

(স্বাক্ষর) শ্রী গ ঘ

(স্বাক্ষর) শ্রী চ ছ। অমুক স্থানের সব-রেজিষ্ট্রার।

৪৬। আইনের ৫২ ধারামতে দলীলের যে রসীদ দেওয়া যায়, যত টাকা ফী পাওয়া গেল তাহা সেই রসীদে লিখিতে হইবে।

দ্বিতীয় পৃষ্ঠলিপির কথা।

৪৭। আইনের ৫৮ ধারামত পৃষ্ঠলিপি লিখিবার পাঠ এই,—

"অমুক স্থানবাসি অমুক কর্ম্মকারি অমুক জাতীয় শ্রী ক খর সন্তান শ্রী গ ঘ দলীল স্বাক্ষর করিলাম বলিয়া স্বীকার করিলেন।

(স্বাক্ষর) শ্রী গ ঘ

"Identified by E. F., son of G. H., of by caste , by profession ."

The of 187 .

(Sd.) E. F.

(Sd.) I. J., *Sub-Registrar of*

When execution is admitted by an agent, the following words shall be added:—

"Agent for K. L., under a power-of-attorney (No. for 187) executed in the presence of the Sub-Registrar of ."

When the executant or his agent is personally known to the registering officer, the words "personally known to me" should be substituted for the identification clause.

When receipt of consideration is acknowledged, the following clause should be added:—

"The receipt of rupees as consideration is admitted by the above A. B."

48. The endorsement referred to in the preceding rule shall invariably be recorded in the handwriting of the registering officer.

49. When a person who cannot write signs his name by means of a mark, his name shall be recorded at length, and the writer of the name shall also sign his own name in attestation that the said mark was affixed in his presence.

50. Whenever a registering officer administers an oath, he shall record the evidence of the witness examined on a separate sheet of paper, and a note of the fact should be endorsed on the deed itself.

51. When a document is presented which has only been executed by some of the parties to it, the other executants may attend and execute the document and admit their execution without the payment of any further fee, so long as the certificate of registration under section 60 has not been endorsed thereon; but if the registration of the document has been completed, it must be presented afresh for registration and a second fee shall be payable.

Document to be copied after admission.

52. When all the persons executing a document, or their representatives, assigns, or agents, have appeared and admitted its execution, the document shall be copied in the register.

53. When two or more copies of the same document are brought for registration at the same time, it shall not be necessary to enter the docu-

অমুক স্থানবাসি অমুক কর্ম্মকারি অমুক জাতীয় শ্রীচ ছর সন্তান শ্রী জ ঝ ইঁহার পরিচয় দিয়াছেন।

সাল তারিখ।

(স্বাক্ষর) শ্রী জ ঝ

(স্বাক্ষর) শ্রী ট ঠ। অমুক স্থানের সব-রেজিষ্ট্রার।"

দলীলের স্বাক্ষর মোক্তারেরদ্বারা স্বীকার করা গেলে এই কথাও সংযোগ করিয়া দিতে হইবে,—

"অমুক স্থানের সব-রেজিষ্ট্রারের সাক্ষাতে সম্পাদিত।" (১৮৭ সালের অমুক নম্বরের) মোক্তারনামাক্রমে শ্রী অমুকের মোক্তার।

স্বাক্ষরকারি কিম্বা তাঁহার পক্ষ কর্ম্মকারক নিজ রেজিষ্টরী কার্য্যকারকের পরিচিত হইলে, পরিচয় লওয়ার পূর্ব্বোক্ত কথার পরিবর্ত্তে "আমারই পরিচিত" এই কথা দিতে হইবে।

টাকা প্রভৃতি পাওয়া স্বীকার করা গেলে নিম্নলিখিত পদও সংযোগ করিয়া দিতে হইবে,

"উক্ত শ্রী অমুক (এই দলীলের) উপলক্ষে এত টাকা পাইয়াছেন স্বীকার করিলেন।"

৪৮। ইহার পূর্ব্ব বিধিতে যে পৃষ্ঠলিপির উল্লেখ হইয়াছে, রেজিষ্টরী কার্য্যকারক তাহা সর্ব্বদা আপন হাতে লিখিবেন।

৪৯। কোন ব্যক্তি লিখিতে না জানিয়া ঢেরা সহী দিলে, তাহার সম্পূর্ণ নাম লেখা যাইবে, ও যে ব্যক্তি ঐ নাম লেখেন ঐ ঢেরা সহী তাঁহার সাক্ষাতে করা গেল ইহার প্রমাণে তিনিও আপনার নাম লিখিয়া দিবেন।

৫০। রেজিষ্টরী কার্য্যকারক কোন ব্যক্তিকে শপথ করাইলে, যাঁহার সাক্ষ্য গ্রহণ করেন তাঁহার সাক্ষ্য স্বতন্ত্র এক ফর্দ্দ কাগজে লিপিবদ্ধ করিবেন। ও দলীলেরই পৃষ্ঠে ঐ কথার নোট লিখিতে হইবে।

৫১। কোন দলীলসংক্রান্ত সমস্ত ব্যক্তি তাহাতে স্বাক্ষর না করিলেও সেই দলীল উপস্থিত করা গেলে, আইনের ৬০ ধারামতে দলীলের পৃষ্ঠে রেজিষ্টরী করণের সর্টিফিকট যত দিন লেখা না যায়, অন্য যে ব্যক্তিদের তাহাতে স্বাক্ষর করিতে বাকী থাকে তাঁহারা তত দিনের মধ্যে উপস্থিত হইয়া, ঐ দলীলে স্বাক্ষর করিয়া আপনারা তাহা সম্পাদন করিলেন ইহা স্বীকার করিতে পারিবেন, ও ইহাতে আর ফী লাগিবে না। কিন্তু দলীল রেজিষ্টরী করণের কার্য্য সমাপ্ত হইলে পর উপস্থিত হইলে, ঐ দলীল পুনরায় রেজিষ্টরী করিবার জন্যে উপস্থিত করিতে হইবে, তাহাতে দ্বিতীয়বার ফী লাগিবে।

স্বীকার করা গেলে পর দলীল নকল করিয়া রাখিবার কথা।

৫২। যে ব্যক্তিরা দলীলে স্বাক্ষর করেন তাঁহারা সকলেই, কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তেরা কি আসেনেরা কিম্বা মোক্তারেরা উপস্থিত হইয়া দলীলে স্বাক্ষর করা স্বীকার করিলে, ঐ দলীলখানা রেজিষ্টরী বহীতে নকল করা যাইবে।

৫৩। একি দলীলের দুই কি তদধিক কেতা একি সময়ে রেজিষ্টরী করিবার জন্যে আনা গেলে, রেজিষ্টরী বহীতে একবার লিখিতে হইবে, অধিকবার লেখা আব-

ment more than once in the register, but all the endorsements shall be written upon each copy.

54. All endorsements shall be made in red ink, excepting signatures, which shall be made in black ink.

55. When there is not room on a document for the necessary endorsements, they shall be made on a separate quarter sheet of hand-laid medium paper, which should be supplied by the office, and attached to the document, a note being at the same time made on the document itself and signed by the registering officer. Every piece of paper so added must bear the seal of the registering officer and be signed and dated by him.

Final endorsement.

56. When a document has been copied and compared, the registering officer shall proceed to make, in the following form, the endorsement required by section 60:—

"Registered in Book , volume , page , being No. for 187 ."

Register Books.

Copyist and comparer to sign their names.

57. The register copy of every document shall be compared with the original by some person other than the copyist, and both the copyist and the comparer shall append their signatures. The registering officer shall authenticate by his initials all corrections in the copy and all notes which may be necessary under section 20 of the Act. He shall also affix his initials to each page, and shall certify with his full signature each copy to be a true one, and shall date such certificate with his own hand. The copier in his signature should use the word "copied;" the comparer will use the word "compared."

58. No erasures shall be made with a knife in any register book, but mistakes shall be corrected when necessary with the pen, and shall invariably be attested by the registering officer. All interlineations and corrections in the register books shall be made in red ink when the entries are in black ink, and in black ink when the entries are made in red ink.

59. The register books shall have two margins. On the left-hand margin shall be copied in red ink the value of the stamp, the certificate of admissibility under rule 43, and all the endorse-

শ্যক নাই। কিন্তু পৃষ্ঠলিপির সকল কথা নকলের প্রত্যেক কেতায় লিখিতে হইবে।

৫৪। কালী দিয়া স্বাক্ষর করা যাইতে পারিবে, কিন্তু সকল পৃষ্ঠলিপি লাল সেহাই দিয়া লিখিতে হইবে।

৫৫। দলীলের পৃষ্ঠে যত পৃষ্ঠলিপি লিখিতে হইবে তাহা লিখিবার স্থান না থাকিলে, হ্যাণ্ডলেড মিডিয়ম এক তা কাগজ চারি ভাগ করিয়া, তাহার এক ভাগে লিখিয়া দলীলে সংযোগ করিয়া দেওয়া যাইবে। দলীলের উপরও তদ্বিষয়ের কথা লিখিয়া রেজিষ্টরী কার্য্যকারকের দ্বারা স্বাক্ষর করা যাইবে। ঐ কাগজ আফিসহইতে দেওয়া যাইবে। তদ্রূপে যে২ কাগজখণ্ড সংযোগ করা যায়, তাহাতে রেজিষ্টরী কার্য্যকারকের মোহর দেওয়া যাইবে ও তিনি তাহাতে স্বাক্ষর করিয়া তারিখ লিখিবেন।

শেষ প্রতিলিপির কথা।

৫৬। দলীল নকল করা ও মিলাইয়া দেখা গেলে পর, রেজিষ্টরী কার্য্যকারক নিম্নলিখিত পাঠে আইনের ৬০ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট লিখিবেন।

"অমুক বহীর অমুক বালমের অমুক পৃষ্ঠায় অমুক সালের অমুক নম্বর বলিয়া রেজিষ্টরী করা গেল।"

রেজিষ্টরী বহীবিষয়ক বিধি।

নকলনবীস ও যে ব্যক্তি মিলাইয়া দেখেন তাঁহার স্বাক্ষর করিতে হইবার কথা।

৫৭। রেজিষ্টরী বহীতে দলীল নকল করা গেলে পর নকলনবীসভিন্ন কোন ব্যক্তি আসল পত্রের সহিত তাহা মিলাইয়া দেখিবেন। পরে সেই ব্যক্তি এবং নকলনবীস উভয়ই ঐ নকলে স্বাক্ষর করিবেন। ঐ নকলে কোন অশুদ্ধ কথা সংশোধন করা গেলে, রেজিষ্টরী কার্য্যকারক তাহাতে, এবং আইনের ২০ ধারামতে যে মন্তব্য লেখা আবশ্যক তাহাতেও নামের আদ্যক্ষর লিখিয়া প্রমাণীকৃত করিবেন। আরো প্রত্যেক পৃষ্ঠায় আপন নামের আদ্যক্ষর লিখিয়া, প্রত্যেক প্রতিলিপির নিম্নভাগে "যথার্থ নকল" বলিয়া সর্টিফিকট লিখিয়া সম্পূর্ণ নাম লিখিয়া দিবেন ও স্বহস্তে ঐ সর্টিফিকটে তারিখ লিখিবেন। নকলনবীস স্বাক্ষর করিলে, নামের পূর্ব্বে "নকল করিলাম" এই কথা লিখিবেন। ও যিনি মিলাইয়া দেখেন তিনি আপন স্বাক্ষরের পূর্ব্বে "মিলাইয়া দেখিলাম" এই কথা লিখিবেন।

৫৮। রেজিষ্টরী বহীর কোন কথা ছুরি দিয়া চাঁচিয়া ফেলিতে হইবে না। কথা সংশোধন করিতে হইলে, কলম দিয়া করিতে হইবে, ও রেজিষ্টরী কার্য্যকারক সর্ব্বদাই সেই কথায় আপন নামের আদ্যক্ষর লিখিবেন। রেজিষ্টরী বহীতে কালী দিয়া লেখা গেলে পঁক্তির মধ্যে২ যে কথা ও সংশোধনের যে কথা লেখা যায় তাহা লাল সেহাই দিয়া লিখিতে হইবে ও রেজিষ্টরী বহীতে লাল সেহাই দিয়া লেখা গেলে উক্ত প্রকারের কথা কালী দিয়া লিখিতে হইবে।

৫৯। রেজিষ্টরী বহীর প্রত্যেক পৃষ্ঠার দুই পাশে হাঁশিয়া রাখিতে হইবে। ইষ্টাম্পের মূল্য, ও এই বিধির ৪৩ ধারামতে গ্রাহ্য হওয়ার সর্টিফিকট এবং আফিসে যে সকল পৃষ্ঠলিপি লেখা গেল তাহার নকল,

ments made in the office; in the centre shall be copied the deed itself in black ink, and the right-hand margin shall be left vacant for notes under section 20 and rule 136. The stamp-vendor's endorsement on each document shall be copied in red ink in the registers in the centre of the page below the copy of the document itself.

60. Several volumes of Register Books I and IV may, if necessary, be kept in use simultaneously, when the documents registered are so numerous as to make this course necessary. Register Books II, III, and V shall be continued from year to year until they are full, and in small offices where the number of documents registered is inconsiderable, the same volume of Register Books I and IV may also be used for two or more years.

61. When a book is closed, a certificate to that effect shall be appended at the close of the written portion, and a certificate showing the number of pages written upon shall be entered on the first page.

Certificate of closure.

62. When, owing to omission or error in any document which has been registered, a supplementary document rectifying such mistake or omission is presented for registration, a note of such rectification shall be made in the margin of the register in which the original document is registered.

63. When a document occupies more than one sheet of paper, the seal and the signature of the registering officer shall be attached to every sheet.

Refusal of Registration.

64. If [rule 42 (1)] the deed has not been presented in the proper office, it shall be simply returned to the presenting party. In this case no entry need be made in Book II.

Documents inadmissible on presentation.

65. If [rule 42 (2)] the stamp is incorrect, the deed shall be impounded and forwarded to the Collector (section 23 of the General Stamp Act).

Note.—If the executant of a deed who is in doubt about the proper stamp consults a registering officer on the subject before formal presentation, the required information may be given to him without impounding the deed. But any deed formally presented with an insufficient stamp must be impounded.

বাম পার্শ্বের হাঁশিয়াতে লাল সেহাই দিয়া লেখা যাইবে। মাঝখানে কালী দিয়া দলীলের নকল করিতে হইবে। ঐ আইনের ২০ ধারা ও এই বিধির ১৩৬ ধারা-মত কথা লিখিবার জন্যে দক্ষিণদিগের হাঁশিয়া খালি রাখিতে হইবে। ইষ্টাম্প বিক্রেতা প্রত্যেক দলীলের পৃষ্ঠে যে কথা লেখেন তাহা রেজিষ্টরী বহীতে লাল সেহাই দিয়া পৃষ্ঠার মাঝে দলীলের নকলের নিম্নভাগে নকল করিতে হইবে।

৬০। অনেক দলীল রেজিষ্টরী করিতে থাকা প্রযুক্ত আবশ্যক হইলে, একি সময়ে ১ ও ৪ নম্বরের অনেক বালমের ব্যবহার হইতে পারিবে। ২ ও ৩ ও ৫ নম্বরের বহী যত দিন পুর্ণ না হয় ততদিন তাহাতে বৎসরং লিখিতে হইবে। ক্ষুদ্রং যে আফিসে অল্প দলীল রেজিষ্টরী করা যায়, তন্মধ্যে ১ ও ৪ নম্বরের একং বালমে দুই বৎসর কিম্বা অধিক কাল কার্য্য চলিতে পারিবে।

৬১। বহী সমাপ্ত হইলে, লিখিতাংশের তলভাগে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিতে হইবে। ও কত পৃষ্ঠায় লেখা হইয়াছে ইহার সর্টিফিকট প্রথম পেজে লিখিতে হইবে।

বহী সমাপ্ত হওযার সর্টিফিকটের কথা।

৬২। দলীল রেজিষ্টরী করা গেলে পর তাহার কোন কথা ছাড়া হওয়াতে কি তন্মধ্যে ভুল থাকাতে সেই ভুল কি চুক সংশোধনসূচক আর এক দলীল রেজিষ্টরী করিবার জন্যে উপস্থিত করা গেলে, বহীর যে স্থানে প্রথম দলীল রেজিষ্টরী করা গেল তাহার পার্শ্বে ঐ দলীল সংশোধনের নোট লিখিতে হইবে।

৬৩। কোন দলীল এক ফর্দ্দের অধিক কাগজে লেখা থাকিলে, প্রত্যেক ফর্দ্দে রেজিষ্টরী কার্য্যকারকের মোহর ও স্বাক্ষর করা যাইবে।

রেজিষ্টরী করিতে অস্বীকার করন বিষয়ক বিধি।

৬৪। [এই বিধির ৪১ ধারার (১) প্রকরণমতে] দলীল উপযুক্ত আফিসে আনা না গেলে, তাহা যে ব্যক্তি আনেন তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে। এমত স্থলে ২ নং রেজিষ্টরী বহীতে কথা লিখিবার প্রয়োজন নাই।

যে দলীল আনা গেলেও অগ্রাহ্য তাহার কথা।

৬৫। [এই বিধির ৪২ ধারার (২) প্রকরণমতে] দলীলে অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প দেওয়া গেলে ঐ দলীল আটক করিয়া কালেকুটর সাহেবের নিকট পাঠান যাইবে (সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনের ২৩ ধারা।)

মন্তব্য।—যে ব্যক্তি দলীলে স্বাক্ষর করেন, ঐ দলীলে যে মূল্যের ইষ্টাম্প দিতে হইবে এই বিষয়ে তাঁহার সন্দেহ থাকাতে, যদি দাঁড়ামতে উপস্থিত করিবার পূর্ব্বে রেজিষ্টরী কার্য্যকারকের নিকট জিজ্ঞাসা করেন, তবে দলীল আটক না রাখিয়া তাঁহাকে সেই কথা জ্ঞাত করা যাইতে পারিবে। কিন্তু উপযুক্ত ইষ্টাম্প না দিয়া দলীল দাঁড়ামতে উপস্থিত করা গেলে, তাহা আটক করিতে হইবে।

66. If rules 42 (3) to (7) have not been complied with, or if the presenting party refuses to pay the proper fee, the deed must be returned at once to the presenting party with the endorsement—

"Registration refused,"

an entry being made at the same time in Book II.

Note.—Orders under this rule may be deferred at the request of the parties in order to enable them to comply with the requirements of the law, or for a reference to the Registrar under section 24. But in such cases an order of refusal shall be passed if the requirements of the law have not been complied with within eight months from the date of execution.

121. Registrars and Sub-Registrars who are paid by fixed salaries will draw their pay in Accountant-General's form No. 117, and the bill may be paid without the countersignature of superior authority.

১২১। যে রেজিষ্ট্রারদের ও সব-রেজিষ্ট্রারদের বেতন নির্দ্ধারিত আছে তাঁহারা আকৌন্টেন্ট জেনরল সাহেবের ১১৭ নং পাঠে বিল লিখিয়া বেতন লইবেন। ও উপরিস্থ কার্য্যকারকের স্বাক্ষর না থাকিলেও বিলের টাকা দেওয়া যাইতে পারিবে।

122. Sub-Registrars who are wholly or partly remunerated by a percentage on the fees will draw their commission at the end of each month, in Accountant-General's form No. 116, at such rate as may have been sanctioned by Government, but upon such fees only as shall have been actually paid into the treasury. In calculating commission, the fees levied on documents which are still pending at the close of the month shall be excluded; but if the documents be eventually

১২২। যে সব-রেজিষ্ট্রারেরা ফীর উপর শতকরা হিসাবে সম্পূর্ণ পারিশ্রমিক কি পারিশ্রমিকের এক অংশ পান, গবর্ণমেন্ট যে হারে কমিশ্যন লইবার অনুমতি দিয়া থাকেন, তাঁহারা প্রতি মাসের শেষে আকৌন্টান্ট জেনরল সাহেবের ১১৬ নং পাঠে সেই হার ধরিয়া বিল লিখিয়া কমিশ্যন লইতে পারিবেন। কিন্তু যে ফী খাজানাখানায় দেওয়া যায় কেবল তাহার উপর ঐ কমিশ্যন পাইতে পারিবেন। ঐ কমিশ্যনের হিসাব করিতে গেলে, মাসের শেষে যে দলীল রেজিষ্টরী করণের কার্য্য চলিতেছে তাহার উপর আদায় করিয়া

registered, the fees previously credited in respect of them will be brought into the commission account for the month in which they are registered. No commission is payable on fines, or on the extra fees for registration by a Registrar, or on the receipts for the sale of paper. Commission bills require the Registrar's countersignature before payment.

ধরিতে হইবে না। ঐ দলীল রেজিষ্টরী করা গেলে পর তজ্জন্যে যে সকল ফী পূর্ব্বে আদায় করা গিয়াছে, যে মাসে রেজিষ্টরী করা যায় সেই মাসের কমিশ্যনের হিসাবে ঐ ফী ধরিতে হইবে। জরীমানার টাকার উপর, কিম্বা রেজিষ্ট্রারের দ্বারা দলীল রেজিষ্টরী হওয়াতে যে অতিরিক্ত ফী লাগে তাহার উপর, কিম্বা কাগজ বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহার উপর কমিশ্যন নাই। রেজিষ্ট্রারের ক্রোড়স্বাক্ষর না থাকিলে কমিশ্যনের নিমিত্ত বিলের টাকা দেওয়া যাইবে না।

123. When an officer is temporarily placed in charge of the office of a Special Sub-Registrar during his absence on inspection duty in the interior of his district, he is not entitled to draw commission, which the Special Sub-Registrar retains.

১২৩। বিশেষ সব-রেজিষ্ট্রার আপন ডিষ্ট্রিক্টের অন্তর্গত নানা আফিস দেখিতে গেলে, তাঁহার অনুপস্থানে যে কার্য্যকারক কিয়ৎকালের নিমিত্তে তাঁহার কর্ম্মের ভার পান, তিনি কমিশ্যন লইতে পারিবেন না। বিশেষ সব-রেজিষ্ট্রার তাহা পাইতে থাকিবেন।

Establishment Bills.

সিরিশ্‌তার বিল বিষয়ক বিধি।

124. Salary bills for permanent establishments will be drawn in Accountant-General's form No. 118 by the head of the office. They do not require the countersignature of higher authority.

১২৪। আমলাগণের যে সিরিশতা স্থায়িরূপে নিযুক্ত হয়, আফিসের প্রধান কর্ম্মকারক আকৌন্টেন্ট জেনরল সাহেবের ১১৮ নং পাঠে তাঁহাদের বেতনের বিল লিখিবেন। তাহাতে উপরিস্থ কার্য্যকারকের ক্রোড়স্বাক্ষরের প্রয়োজন নাই।

125. Bills for extra establishments paid by salary may be drawn in the same way as those for fixed establishments, the orders sanctioning their entertainment being always quoted in the bill.

১২৫। অতিরিক্ত যে আমলাগণ নির্দ্ধারিত বেতন পাইয়া থাকেন, স্থায়ি সিরিশতার বেতনের বিল যে রূপে লেখা যায় তাঁহাদেরও বেতনের বিল সেই রূপে লেখা যাইবে, কিন্তু যে আজ্ঞামতে তাহাদের নিযুক্ত হইবার অনুমতি দেওয়া যায় বিলে সেই আজ্ঞার উল্লেখ করিতে হইবে।

126. Bills for wages of extra writers paid at contract rates require the countersignature of the Inspector-General before payment. Whenever special establishments are entertained, whether they are paid by salary or at contract rates, a weekly progress statement must be submitted to the Inspector-General in printed form No. 34A.

১২৬। অতিরিক্ত কেরাণীদের যে বেতন চুক্তির হারে দেওয়া যায়, তাহার বিলের টাকা দিবার পুর্ব্বে ইনস্পেকটর জেনরল সাহেবের ক্রোড়স্বাক্ষর করা প্রয়োজন। যদি বিশেষ কোন আমলাগণ নিযুক্ত হইয়া থাকে, তবে বেতনের বা ফুরণের নিয়মে নিযুক্ত হইলেও তাহাদের প্রতি অর্পিত কর্ম্ম যে প্রকারে চলে ইনস্পেক্টর জেনরল সাহেবের ৩৪ A নং মুদ্রিত পাঠে ইহার বর্ণনাপত্র সপ্তাহে২ অর্পণ করিতে হইবে।

Contingent Bills.

নৈমিত্তিক খরচের বিলবিষয়ক বিধি।

127. A register of contingent expenditure shall be kept in each office, and the initials of the head of the office shall be entered against the date of the payment of each item.

১২৭। প্রত্যেক আফিসে নৈমিত্তিক খরচের রেজিষ্টর রাখিতে হইবে। ও প্রত্যেক দফার টাকা দেওয়ার তারিখের পার্শ্বে ঐ আফিসের কর্ত্তৃপক্ষের নামের আদ্যাক্ষর লিখিতে হইবে।

128. The disbursing officer, that is the officer who draws a bill for contingent charges and is responsible for the due disbursement of the amount, may be left to deal with vouchers for items not

১২৮। যে কর্ম্মকারক ঐ টাকা বিলি করেন, অর্থাৎ যিনি নৈমিত্তিক খরচের বিল লিখিয়া ঐ টাকা উচিতমতে বিলি করণবিষয়ে দায়ী হন, দশ টাকার অনধিক দফার বিল মিটাইয়া দিবার ভার তাঁহার হস্তে

exceeding ten rupees, attaching to his contingent bill a certificate in the following form :—

"I certify that the expenditure charged in this bill could not, with due regard to the interests of the public service, be avoided. I have satisfied myself that the charges entered in this bill have been really paid. Vouchers of all sums above Rs. 10 in amount are attached to the bill. I have, as far as possible, obtained vouchers for smaller sums, and am personally responsible that they have been so destroyed that they cannot be used again, except the vouchers for service postage labels, which are herewith sent."

129. When the bill of a disbursing officer is countersigned, vouchers for sums above Rs. 10 and not exceeding Rs. 100 shall be examined, cancelled, and retained in the office of the countersigning officer.

The following certificate is prescribed for the countersigning officer:—

"I certify that in support of every charge of more than Rs. 10 made in this bill a receipt or other voucher in proper form has been given to me and is now in my possession. The receipts and vouchers for items in excess of Rs. 100 are attached to the bill, and I am personally responsible that the receipts and vouchers for all other items of more than Rs. 10 are in proper form and order, and that they have been so cancelled that they cannot again be used to support claims against the Government, except the vouchers for service postage labels, which are herewith sent."

130. The salary of sweepers cannot be charged to contingencies. The wages of punkah-pullers may be so charged when their employment has been sanctioned.

131. No charges for printing may be incurred without the special sanction of the Inspector-General. Such printed forms as are necessary will be printed at the Alipore Jail Press under the authority of the Inspector-General.

132. English stationery procurable from the Stationery Office may not be purchased in the local market, but charges for petty articles, such as sealing-ink, paste, thread, country paper, &c.,

রাখা যাইতে পারিবে, কেবল তিনি নৈমিত্তিক খরচের বিলে এই পাঠের সর্টিফিকট লিখিয়া দিবেন,—

রাজকীয় কার্য্যের প্রতি বিহিতমতে লক্ষ করিয়া এই বিলের লিখিত টাকা খরচ করা প্রয়োজন। এই বিলের লিখিত টাকা উপযুক্ত ব্যক্তিদিগকে যে দেওয়া গিয়াছে ইহা সুবোধমতে জানিলাম। ১০৲ টাকার অধিক সকল খরচের বৌচর এই বিলে সংযোগ করিয়া দেওয়া গেল। তাহার কম টাকার সকল বৌচর আমি সাধ্যমতে গ্রহণ করিলাম, ও যাহাতে পুনরায় ব্যবহার হইতে না পারে তাহা এমতে নষ্ট করা গিয়াছে এই বিষয়ে আমি আপনি দায়ী হইলাম। কিন্তু সরবিস পোষ্টেজের টিকিটের বৌচর ইহার সঙ্গে পাঠাইলাম।

১২৯। যে কর্ম্মকারক ঐ টাকা বিলি করেন তাঁহার বিলে ক্রোড়স্বাক্ষর করা গেলে, ১০ টাকার উপর ও ১০০ টাকার অনধিক সকল টাকার বৌচর দৃষ্টি করিয়া ও অকর্ম্মণ্য করিয়া ঐ স্বাক্ষরকারি কর্ম্মকারকের আফিসে রাখা যাইবে।

ঐ ক্রোড় স্বাক্ষরকারি কর্ম্মকারকের লিখিবার জন্যে এই সর্টিফিকট নির্দ্ধারিত হইল,—

"এই বিলে ১০ টাকার অধিক যে প্রত্যেক দফা লেখা হইয়াছে তাহার পোষকতায় রসীদ কিম্বা উপযুক্ত-মতে লিখিত বৌচর আমাকে দেওয়া গিয়াছে ও এইক্ষণে আমার নিকট আছে। ১০০ টাকার অধিক খরচের রসীদ ও বৌচর এই বিলে সংযোগ করিয়া দেওয়া গেল ও ১০ টাকার অধিক অন্য সকল দফার রসীদ ও বৌচর উপযুক্ত পাঠে ও সুধারামতে লেখা গেল, ও যাহাতে গবর্ণমেন্টের বিপরীত কোন দাওয়ার পোষকতায় আর ব্যবহার হইতে না পারে তাহা এমতে অকর্ম্মণ্য করা গেল এই২ বিষয়ে আমি নিজে দায়ী। কিন্তু সরবিস পোষ্টেজের টিকিটের বৌচর ইহার সঙ্গে পাঠাইলাম।

১৩০। মেতরের বেতন নৈমিত্তিক খরচের মধ্যে ধরা যাইতে পারিবে না। পাখা টানিবার লোক রাখিবার অনুমতি হইলে তাহারদের বেতন নৈমিত্তিক খরচের মধ্যে ধরা যাইবে।

১৩১। ইনস্পেক্‌টর জেনরল সাহেবের বিশেষ অনুমতি না হইলে, কোন পত্রাদি ছাপাইবার নিমিত্ত টাকা খরচ করিতে হইবে না। ছাপান যে সকল পাঠ প্রভৃতির প্রয়োজন থাকে, তাহা ইনস্পেক্‌টর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে আলিপুর জেল প্রেসে ছাপা হইবে।

১৩২। ইংরেজী কাগজ কলমাদি ষ্টেশনরি আফিস হইতে পাওয়া যাইতে পারিবে, তাহা স্থানীয় বাজারে ক্রয় করিতে হইবে না। কিন্তু মোহর ছাপিবার কালী, লেই, সুত, দেশীয় কাগজ প্রভৃতি ক্ষুদ্র২ বিষয়ের খরচা

may be included in the monthly contingent bill.

মাসিক নৈমিত্তিক খরচের বিলের মধ্যে ধরা যাইতে পারিবে।

133. Sub-Registrars' contingent bills should be presented for payment at the end of each month, and if the total charge does not exceed Rs. 10, the Registrar's countersignature is sufficient for audit. All charges for service postage labels, however small, must be supported by vouchers, and require the countersignature of the Inspector-General.

১৩৩। সব-রেজিষ্ট্রারদের নৈমিত্তিক খরচের বিল প্রতি মাসের শেষে দিতে হইবে। মোট খরচ ১০ টাকার অধিক না হইলে রেজিষ্ট্রারের ক্রোড়স্বাক্ষর থাকিলেই তাহা আডিট করা যাইতে পারিবে। সরবিস পোষ্টেজের টিকিটের খরচ যত অল্প হউক তাহার বৌচর দিতে হইবে, ও তাহাতে ইনস্পেক্টর জেনরল সাহেবের ক্রোড় স্বাক্ষর থাকা প্রয়োজন।

134. Registrars' contingent bills not exceeding Rs. 10 in amount do not require countersignature.

১৩৪। রেজিষ্ট্রারের নৈমিত্তিক খরচের বিল ১০ টাকার অধিক না হইলে তাহাতে ক্রোড়স্বাক্ষরের প্রয়োজন নাই।

135. When the expenditure during any month on account of contingencies, service postage, and refunds in any Registrar's office exceed the amount of the permanent advance, the amount expended may be drawn by an abstract bill or bills (*see* Accountant-General's form No. 119) submitted during the month under the Registrar's signature. But in such cases a detailed bill (*see* Accountant-General's form No. 138), accompanied by vouchers, must also be submitted to the Inspector-General at the end of the month.

১৩৫। কোন রেজিষ্ট্রারের নৈমিত্তিক খরচ ও সরকারী পত্রের ডাকমাশুলের টাকা ও ফিরিয়া দেওয়া টাকা কোন মাসে ঐ স্থায়ি আগাম টাকার অধিক হইলে, ঐ খরচের আবষ্ট্রাক্ট বিল দেওয়া যাইতে পারিবে (আকৌন্টান্ট জেনরল সাহেবের ১১৯ নং ফারম দেখ) রেজিষ্ট্রার স্বাক্ষর করিলে তাহা মাসের মধ্যে দেওয়া যাইতে পারিবে। কিন্তু এমন স্থলে মাসের শেষে বৌচর সহিত বেওরাযুক্ত বিলও ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট পাঠাইতে হইবে। (আকৌন্টেন্ট জেনরল সাহেবের ১৩৮ নং ফারম দেখ।)

Miscellaneous.

বিবিধ বিষয়ের বিধি।

Interlineations, &c.,—section 20.

136. When the executant of any document appears personally, he shall be required to attest all interlineations, &c. When he appears by agent, &c., the attestation of such agent, &c., shall be accepted, unless the interlineations, &c., are of an important character. A registering officer shall also be at liberty, on due cause being shown, to accept the attestation of an agent, &c., in case of important interlineations, &c.

পঁক্তির মধ্যে২ লিখিত কথা।—২০ ধারা।

১৩৬। যে ব্যক্তি দলীলে স্বাক্ষর করেন তিনি আপনি উপস্থিত হইলে, ঐ দলীলের লিখিত পঁক্তির মধ্যে২ কোন কথা লেখা থাকিলে তাঁহার প্রতি সেই সকল কথায় সাক্ষিস্বরূপ স্বাক্ষর করিতে আদেশ হইবে। মোক্তারপ্রভৃতির দ্বারা উপস্থিত হইলে, ও পঁক্তির মধ্যে২ লেখা কথার গুরুতর ভাব না থাকিলে, ঐ মোক্তার প্রভৃতির স্বাক্ষর গ্রাহ্য হইবে। কিন্তু পঁক্তির মধ্যে২ লেখা কথার গুরুতর ভাব থাকিলে ও উপযুক্ত কারণ দেখান গেলে রেজিষ্টরী কার্য্যকারক তাহাতেও মোক্তার প্রভৃতির স্বাক্ষর গ্রাহ্য করিতে পারিবেন।

Documents presented or admitted after four months,—sections 24 and 34.

137. When a document is presented or admitted more than four months after execution, the Registrar may either register it himself, in which case an extra fee under heading K as well as the penalty under heading O shall be levied, or he may direct its registration (on payment of the penalty under heading O) by any Sub-Registrar in whose office it could have been registered if presented within four months. In such cases the date on which the

দলীল চারি মাসের পর আনা গেলে কি গ্রাহ্য হইলে তাহার কথা —২৪ ও ৩৪ ধারা।

১৩৭। কোন দলীলে স্বাক্ষর করা গেলে পর চারি মাসের অধিক গত হইলেও সেই দলীল উপস্থিত করা গেলে কি গ্রাহ্য হইলে, রেজিষ্ট্রার আপনি তাহা রেজিষ্টর করিতে পারিবেন, কিম্বা চারি মাসের মধ্যে উপস্থিত করা গেলে যে সব-রেজিষ্ট্রারের আফীসে রেজিষ্টরী করা যাইতে পারিত তাঁহার দ্বারা তাহা রেজিষ্টরী করিবার আদেশ করিতে পারিবেন। আপনি রেজিষ্টরী করিলে K চিহ্নিত দফামতে অতিরিক্ত ফী এবং O চিহ্নিত

application was made to the Registrar shall be regarded as the date of presentation.

দফামতে দণ্ড আদায় করা যাইবে। সব-রেজিষ্ট্রারের দ্বারা রেজিষ্টরী করা গেলে O চিহ্নিত দফামতে দণ্ড আদায় হইবে। উক্ত স্থলে রেজিষ্ট্রারের নিকট যে তারিখে প্রার্থনা করা যায় তাহাই দলীল উপস্থিত করিবার তারিখ বলিয়া জ্ঞান হইবে।

138. Every Sub-Registrar shall sit daily during certain hours which shall be approved by the Registrar and made known to the public by a notice in some conspicuous place outside the office. The holidays to be observed in registration offices shall be the days on which the Bank of Bengal is closed by notification in the *Calcutta Gazette*.

Daily sittings; holidays, —section 69.

১৩৮। রেজিষ্ট্রার কর্ম্মে বসিবার যেং ঘণ্টার অনুমতি দেন, প্রত্যেক জন সব-রেজিষ্ট্রার দিনং সেইং ঘণ্টায় কর্ম্মে বসিবেন। তাঁহার আফীসের বাহিরে কোন প্রকাশ স্থানে তাঁহার সেইং ঘণ্টায় বসিবার নোটিস সাধারণের নিকট জ্ঞাত করা যাইবে। কলিকাতা গেজেটে প্রকাশিত জ্ঞাপনপত্রমতে বাঙ্গাল ব্যাঙ্ক যেং দিনে বন্দ হয়, রেজিষ্টরী সকল আফিসও সেইং দিনে বন্দ হইবে।

দিনং বসিবার কথা ও ছুটীর দিনের কথা।—৬৯ ধারা।

139. Applications for the remission of fines under section 70 may be filed with the registering officer, but no such application shall be received until the fine has been paid. The application shall be forwarded to the Inspector-General with any remarks which the registering officer may wish to make.

Section 70.

১৩৯। আইনের ৭০ ধারামতে অর্থদণ্ড ক্ষমা করিবার প্রার্থনা হইলে, সেই প্রার্থনাপত্র রেজিষ্টরী কার্য্যকারককে দেওয়া যাইতে পারিবে। কিন্তু ঐ অর্থদণ্ড না দেওয়া গেলে ঐ প্রার্থনাপত্র গ্রাহ্য হইবে না। রেজিষ্টরী কার্য্যকারক ঐ প্রার্থনাপত্রের বিষয়ে মন্তব্য বলিয়া যাহা লিখিতে চাহেন, তাহা লিখিয়া আপনার সেই কথার সঙ্গে ঐ প্রার্থনাপত্র ইন্‌স্পেক্‌টর জেনরল সাহেবের নিকট পাঠাইবেন।

৭০ ধারার কথা।

140. Registering officers shall take care that their clerks have no dealings with the public, except in their presence. They shall themselves receive documents which are tendered for registration, and when they are registered, shall return them with their own hands.

১৪০। রেজিষ্টরী কার্য্যকারক উপস্থিত না থাকিলে সাধারণ লোকদিগের সঙ্গে তাঁহার কেরাণীদের কোন ব্যাপার না চলে, এই বিষয়ে সতর্ক থাকিবেন। দলীল রেজিষ্টরী করিবার জন্যে আনা গেলে আপনি তাহা লইবেন, ও রেজিষ্টরী করা গেলে পর আপন হাতে ফিরিয়া দিবেন।

141. The serial number of the last document completed and ready for return shall be daily exhibited in the prescribed printed form in some conspicuous place outside every office.

১৪১। শেষ যে দলীল লিখিত হইয়া ফিরিয়া দিবার নিমিত্ত প্রস্তুত থাকে, তাহার ক্রমানুয়ায়ি নম্বরের নোটিস নির্দ্ধারিত মুদ্রিত পাঠে প্রতিদিন আফিসের বাহিরে কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে।

142. A catalogue in the prescribed form shall be kept up and permanently preserved in every registry office. On the occasion of every permanent change in the incumbency, the officer receiving charge should compare his books with the catalogue, and certify therein that he has found them correct.

Catalogue.

১৪২। প্রত্যেক রেজিষ্টরী আফিসে নির্দ্দিষ্ট পাঠে তালিকা লিখিয়া চিরকাল রাখিতে হইবে। কোন আফিসে নূতন কার্য্যকারক স্থায়িরূপে নিযুক্ত হইলে তিনি কার্য্যের ভার গ্রহণের সময়ে তালিকার সঙ্গে বহী সকল মিলাইয়া দেখিবেন ও সব ঠিক পাইলাম বলিয়া ঐ ফর্দ্দে সর্টিফিকট লিখিবেন।

তালিকা ফর্দ্দের কথা।

143. All official letters and covers sent by post from any sub-registry or district registry office must be prepaid by service labels. These labels will be supplied to Sub-Registrars (on application) by District Registrars, who will disallow unreasonable and excessive demands. A

১৪৩। কোন সব-রেজিষ্টরী কি ডিষ্ট্রিক্ট রেজিষ্টরী আফিসহইতে ডাকযোগে সরকারী পত্র ও লেফাফা পাঠান গেলে, তাহার উপর সরবিস টিকিট দিয়া অগ্রিম মাসুল দিতে হইবে। সব-রেজিষ্ট্রারদের প্রার্থনামতে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারেরা ঐ টিকিট দিবেন, কিন্তু অযুক্তিমতে কি অতিরিক্ত চাওয়া হইলে তাহা অগ্রাহ্য

monthly statement of the distribution of service labels should be submitted by each District Registrar for the information of the Inspector-General. The cost of these labels will be met from the consolidated advance mentioned in rule 119. Service labels will be purchased by District Registrars as they require them, the expenditure being included in their monthly contingent bill, supported by the Treasury Officer's receipts as vouchers.

করিবেন। প্রত্যেক ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার ডাকের যত খানি সরবিস টিকিট দেন, ইনস্পেকটর জেনেরল সাহেবের জানিবার নিমিত্ত মাসে২ তাহার এক কৈফিয়ৎ পাঠাইবেন। ১১৯ ধারার নোটে যে টাকা আগাম দেওয়া যায় ঐ টিকিটের খরচ তাহাহইতে দেওয়া যাইবে। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারেরা প্রয়োজনমতে সরবিস টিকিট ক্রয় করিবেন। তাহার খরচ মাসিক নৈমিত্তিক খরচের বিলের মধ্যে ধরা যাইবে, ও বিলের সঙ্গে বৌচরস্বরূপ খাজানাখানার কর্ত্তৃপক্ষের রসীদ পাঠাইতে হইবে।

144. Bills, monthly returns, and regular indents should not be accompanied by covering letters. The envelopes containing them should be marked "Returns." Letters and urgent indents should be separately sent.

১৪৪। বিলের ও মাসিক রিটর্ণের ও রীতিমত ইণ্ডেন্টপত্রের সহিত আবরক পত্র দিতে হইবে না। তাহা যে লেফাফার মধ্যে দেওয়া যায়, তাহার উপর "রিটর্ণ" এই শব্দ লিখিতে হইবে। পত্র ও অত্যন্ত প্রয়োজনের ইণ্ডেন্ট স্বতন্ত্র পাঠাইতে হইবে।

145. A duplicate bill should never be submitted unless the original is lost in transit or otherwise, in which case a certificate should be attached to the effect that the bill has not been cashed at the treasury.

১৪৫। আসল বিল চালান করিবার সময়ে কি অন্য কোন প্রকারে না হারাইলে, ঐ বিলের ডুপলিকেট (অর্থাৎ প্রতিলিপি) দিতে হইবে না। এমন স্থলে "বিলের টাকা খাজানাখানাহইতে পাওয়া যায় নাই" এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিতে হইবে।

146. Travelling allowances of registering officers and their clerks will be drawn in Accountant-General's forms Nos. 120 and 121 respectively; and in both cases they must invariably be submitted to the Inspector-General for countersignature before payment, whatever may be the amount of the bill.

১৪৬। রেজিস্টরী কার্য্যকারকদের ঐ বিল আকৌণ্টান্ট জেনরল সাহেবের ১২০ নং ও তাঁহাদের কেরাণীদের ঐ বিল ১২১ নং পাঠে লিখিতে হইবে। উভয় স্থলে যত টাকার বিল হউক, টাকা দিবার পূর্ব্বে ইনস্পেকটর জেনরল সাহেবের ক্রোড়স্বাক্ষর করিবার নিমিত্ত তাঁহার নিকট পাঠাইতে হইবে।

147. When ministerial officers of the department are deputed to give evidence or to produce records before any court, application for the payment of their travelling expenses should be made to the court.

১৪৭। এই কর্ম্মবিভাগের আমলাগণকে কোন আদালতে সাক্ষ্য দিবার কি কাগজপত্র উপস্থিত করিবার নিমিত্ত পাঠান গেলে, আদালতহইতে তাঁহাদের পথখরচ পাইবার প্রার্থনা করিতে হইবে।

148. House and office rent sanctioned by Government may be drawn by the head of the office without the countersignature of higher authority, the number and date of the Government order being always quoted on the bill.

১৪৮। গবর্ণমেণ্ট ঘরের ও আফিসের ভাড়া লইবার অনুমতি দিলে, আফিসের প্রধান কর্ম্মকারক তাহার বিল করিতে পারিবেন, ইহাতে উপরিস্থ কার্য্যকারকের ক্রোড়স্বাক্ষরের প্রয়োজন নাই। কিন্তু বিলে গবর্ণমেণ্টের আজ্ঞার নম্বর ও তারিখ লিখিতে হইবে।

149. Office furniture must not be purchased without the sanction of the Inspector-General. An estimate of the probable cost should accompany all applications for such sanction.

১৪৯। আফিসের নিমিত্ত মেজ চৌকী প্রভৃতি লওয়াজিমা ইনস্পেক্টর জেনরল সাহেবের অনুমতিবিনা ক্রয় করা যাইতে পারিবে না। তাহা ক্রয় করিতে যত খরচ লাগিতে পারে ইহার অনুমানপত্র সেই অনুমতি পাইবার প্রার্থনাপত্রের সঙ্গে দিতে হইবে।

150. The security bonds of head-clerks should be examined at the close of each financial year, the result being reported to the Inspector-General.

১৫০। রাজস্ব সম্পর্কীয় প্রতি বৎসরের অবসানে প্রধান কেরাণীদের প্রতিভূপত্র পরীক্ষা করিয়া দেখিতে হইবে ও ইনস্পেকটর জেনরল সাহেবের নিকট পরীক্ষার ফলের রিপোর্ট করিতে হইবে।

S. C. Bayley,
Secy. to the Govt. of Bengal.

এস, সি, বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২১ আগষ্ট।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 10th August 1877.

No. 217.—*Notifications.*—Mr. A. F. Watson, Executive Engineer (temporary rank), Second Grade, Dinagepore Division, availed himself of the privilege leave granted * to him from the 28th July 1877, before noon.

* Bengal Government (Public Works Department) Notification No. 200, dated 9th July 1877.

No. 218.—Mr. J. Patterson, Executive Engineer (temporary rank), Third Grade, assumed charge of the Dinagepore Division on the 27th July 1877, after noon.

G. A. D. ANLEY, C. E.,
Asst. Secy. to the Govt. of Bengal in the Public Works Dept.

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENTS.

The 13th August 1877.

No. 239.—*Notifications.*—Captain E. C. Elliston, s.c., Executive Engineer, Fourth Grade, Brahminee Division, availed himself on the afternoon of the 26th July 1877 of the privilege leave granted him in the orders marginally noted.

No. 204 dated 16th June 1877.

No. 240.—In accordance with the orders marginally noted, Mr. T. R. Roberts, Executive Engineer, Fourth Grade (temporary rank), received charge of the Brahminee Division from Captain Elliston, s.c., on the afternoon of the 26th July 1877.

No. 224, dated 30th July 1877.

No. 241.—Mr. H. D. Pearsall, Officiating Executive Engineer, Dehree Workshop Division, availed himself on the forenoon of the 2nd August 1877 of the privilege leave granted him in the orders marginally noted.

No. 221, dated 27th July 1877.

No. 242.—Mr. C. K. Curry, Probationary Assistant Engineer, Third Grade, is appointed to officiate as Executive Engineer of the Dehree Workshop Division as a temporary measure, during the absence, on privilege leave, of Mr. H. D. Pearsall, or until further orders.

2. Mr. Curry received charge of the Dehree Workshop Division from Mr. Pearsall on the forenoon of the 2nd August 1877.

No. 243 —*Transfers.*—Under instructions from the Government of India, Public Works Department, the undermentioned officers of the Bengal Irrigation Branch are transferred to Madras for six months for employment on famine relief works:—

From the Orissa Circle:

Mr. A. C. C. Rogers, Assistant Engineer, Second Grade.

From the South-Western Circle:

Mr. F. Taylor, Executive Engineer, Fourth Grade.
„ E. E. A. Küster, Assistant Engineer, Second Grade.
„ A. Hayes, ditto ditto.
„ G. A. G. Shawe, ditto ditto.

The 14th August 1877.

No. 244 —Baboo Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade, is transferred, in the interests of the public service, from the Northern Drainage and Embankment to the Lower Gunduck Embankment Division.

No. 245 —Baboo Kally Coomar Coondoo, Assistant Engineer, First Grade, is transferred, in the interests of the public service, from the Northern Drainage and Embankment to the Cossye Division.

F. T. HAIG, *Colonel,* R.E.,
Junior Secy. to the Govt. of Bengal, in the P. W. Dept, Irrigation Branch.

[*Government Gazette,* 21*st August* 1877.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৭ সাল ১০ আগষ্ট।

২১৭ নম্বর।—বিজ্ঞাপন।—দিনাজপুর খণ্ডের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এফ, ওয়াটসন সাহেব যে অনুগ্রহের ছুটী পান* তাহা ১৮৭৭ সালের ২৮ জুলাইর অপরাহ্ণে অবধি গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৭ সালের ৯ জুলাইর ২০০ নং বিজ্ঞাপন।

২১৮ নম্বর।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পাটরসন সাহেব ১৮৭৭ সালের ২৭ জুলাইর অপরাহ্ণে দিনাজপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৩ আগষ্ট।

২৩৯ নম্বর—বিজ্ঞাপন।—ব্রাহ্মণীখণ্ডের চতুর্থ শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত ই, সি, এলিষ্টন সাহেব, এস, সি, পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৭ সালের ২৬ জুলাইর অপরাহ্ণে গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ১৮ জুনের ২০৪ নং।

২৪০ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞানুসারে চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত টি, আর, ববর্টস সাহেব, ১৮৭৭ সালের ২৬ জুলাইর অপরাহ্ণে কাপ্তান শ্রীযুত এলিষ্টন, এস, সি, সাহেবের স্থানে ব্রাহ্মণীখণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ৩০ জুলাইর ২২৪ নং।

২৪১ নম্বর।—ডিহিরী কারখানা খণ্ডের একটিং এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, ডি, পিয়র্শল সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৭ সালের ২ আগষ্টের পূর্ব্বাহ্ণে গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ২৭ জুলাইর ২২১ নং।

২৪২ নম্বর।—শ্রীযুত এচ, ডি, পিয়র্শল সাহেবের অনুগ্রহের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, কে, করি সাহেব কিয়ৎকালের নিমিত্তে ডিহিরী কারখানা খণ্ডের এক্‌সেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

২। শ্রীযুত করি সাহেব, শ্রীযুত পিয়র্শল সাহেবের স্থানে ১৮৭৭ সালের ২ আগষ্টের পূর্ব্বাহ্ণে ডিহিরী কারখানা খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

২৪৩ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—বঙ্গদেশের জলসেচন শাখার নিম্নলিখিত কর্ত্তৃপক্ষেরা পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আদেশমতে দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে ছয় মাসের জন্যে মান্দ্রাজে প্রেরিত হইলেন।

উড়িষ্যাচক্র হইতে,

দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজর্স সাহেব।

দক্ষিণপশ্চিম চক্রহইতে,

চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, টেলর সাহেব।
দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ই, এ, কুষ্টর সাহেব।
" " " এ, হেস সাহেব।
" " " জি, এ, জি, শা সাহেব।

১৮৭৭ সাল ১৪ আগষ্ট।

২৪৪ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু, রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে, উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডহইতে দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডে প্রেরিত হইলেন।

২৪৫ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীকুমার কুণ্ডু রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডহইতে কাঁসাই খণ্ডে প্রেরিত হইলেন।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২১ আগষ্ট।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 28, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৮ আগষ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

NOTIFICATION.

The 21*st August* 1877.—The following general instructions are notified for the guidance of officers corresponding directly with the Government of Bengal during the time His Honor the Lieutenant-Governor is at Darjeeling:—

As a general rule, all communications should be sent, as usual, to the Secretary's Office in Calcutta; but communications which are urgent, and which can be made complete in themselves, so as not to require reference to papers at the Presidency, may be sent direct to the Secretary with the Lieutenant-Governor at Darjeeling.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

No. 4373A.

GENERAL.—*The* 15*th August* 1877.—Mr. T. E. Coxhead, Officiating Magistrate and Collector, Bogra, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code.

Mr. F. Wyer, Joint-Magistrate and Deputy Collector, is appointed to act as Magistrate and Collector, Bogra, during the absence, on leave, of Mr. T. E. Coxhead, or until further orders.

The 16*th August* 1877.—Baboo Huro Kali Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Moonsheegunge division of the Dacca district, is transferred to the Sudder Station of Furreedpore. This cancels the orders of the 23rd July 1877, transferring Baboo Huro Kali Mookerjee to the Sudder Station of Pooree.

Mr. T. E. Dempster, Officiating Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, was on privilege leave from the 4th to the 20th May last.

Mr. E. B. Godfrey, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, was on privilege leave from 20th June to 1st August 1877.

The 18*th August* 1877.—Baboo Bhobotosh Banerjee, Special Deputy Collector employed on road cess work in Darjeeling, is appointed temporarily to be a Deputy Magistrate and Deputy Collector of the Seventh Grade, *vice* Mr. R. D. Hare.

Baboo Nobin Chunder Sen, late Personal Assistant to the Commissioner of Chittagong is transferred to the Sudder Station of Pooree.

The 20*th August* 1877.—Moulvi Shah Mahomed Ibrahim, who was recently appointed to act as a Deputy Magistrate and Deputy Collector in the Bhagulpore Division, is posted to the Sudder Station of Monghyr.

Baboo Umesh Chunder Batabyal, who was recently appointed to act as a Deputy Magistrate and Deputy Collector in the Presidency Division, is posted to the Sudder Station of the district of the 24-Pergunnahs.

The leave granted to Moulvi Ahmed, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, for one year, under Section 7, Supplement F of the Civil Leave Code, under orders of the 8th August 1877, published in the *Calcutta Gazette* of the 15th idem, will have effect from the 9th instead of from the 15th August 1877, as previously notified.

Mr. G. M. Currie, Officiating Magistrate and Collector, Chittagong, is appointed to act in the Second Grade of Magistrates and Collectors during the absence, on leave, of Mr. J. C. Price, or until further orders.

Mr. H. W. Mackenzie, Deputy Magistrate and Deputy Collector, on special duty in connection with the settlement of the Burkagurh Estate, in Lohardugga, is appointed to act until further orders in the Third Grade of Assistant Commissioners. Mr. Mackenzie will continue to be employed in his present duties.

[*Government Gazette,* 28*th August* 1877.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২১ আগষ্ট।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের সহিত যে কার্য্যকারকেরা লিখনপঠন করিয়া থাকেন মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের দারজিলিঙ্গে অবস্থিতি কালে তাঁহাদের জ্ঞানার্থে নিম্নলিখিত সাধারণ উপদেশ বাক্য প্রকাশ করা গেল।

সকল কাগজপত্র সচরাচর কলিকাতায় সেক্রেটরীর আফিসে যেমন পাঠান গিয়া থাকে তেমনি পাঠান যাইবে এইটী সাধারণ বিধি। কিন্তু যে সকল কাগজপত্র ত্বরায় দেখা আবশ্যক, ও স্বতই পূর্ণ থাকে অর্থাৎ রাজধানীর কাগজপত্র দেখিবার প্রয়োজন না হয় সেই সকল কাগজপত্র দারজিলিঙ্গে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সঙ্গে যে সেক্রেটরী আছেন তাঁহার নিকট একেবারে পাঠান যাইতে পারিবে।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

৪১৭৩ A নম্বর।

সাধারণ।—১৮৭৭ সাল ১৫ আগষ্ট।—বগুড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি, ই, কক্সহেড সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত টি, ই, কক্সহেড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ওয়াইয়র সাহেব, বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৬ আগষ্ট।—ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরকালী মুখোপাধ্যায়, ফরীদপুরের সদর মোকামে প্রেরিত হইলেন। শ্রীযুত বাবু হরকালী মুখোপাধ্যায় পুরীর সদর মোকামে অবস্থিতি হইলেন, ১৮৭৭ সালের ২৩ জুলাইর এই আজ্ঞা ইহাতে রহিত করা গেল।

সাঁওতাল পরগনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, ই, ডেম্পোষ্টর সাহেব, গত মে মাসের ৪ তারিখ অবধি ২০ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী লইয়াছিলেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, বি, গডফ্রি সাহেব, ১৮৭৭ সালের জুন মাসের ২০ তারিখ অবধি আগষ্ট মাসের ১ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী লইয়াছিলেন।

১৮৭৭ সাল ১৮ আগষ্ট।—শ্রীযুত আর, ডি, হেয়র সাহেবের পরিবর্ত্তে, দারজিলিঙ্গে পথকর কার্য্যে নিযুক্ত বিশেষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

চট্টগ্রামের কমিশ্যনর সাহেবের ভূতপূর্ব্ব স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন, পুরীর সদর মোকামে প্রেরিত হইলেন।

১৮৭৭ সাল ২০ আগষ্ট।—ভাগলপুর খণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে সম্প্রতি নিযুক্ত শ্রীযুত মৌলবী শাহ মহম্মদ ইব্রাহিম মুঙ্গেরের সদর মোকামে অবস্থিত হইলেন।

রাজধানী খণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে সম্প্রতি নিযুক্ত শ্রীযুত বাবু উমেশচন্দ্র বটব্যাল, ২৪ পরগনা জিলার সদর মোকামে অবস্থিত হইলেন।

১৮৭৭ সালের আগষ্ট মাসের ২১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঐ মাসের ৮ তারিখের আজ্ঞাক্রমে, বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আহাম্মদকে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে যে এক বৎসর ছুটী দেওয়া যায় তাহা পূর্ব্বে প্রকাশিত ১৮৭৭ সালের ১৫ আগষ্ট অবধি সফল না হইয়া ৯ আগষ্ট অবধি সফল হইবে।

শ্রীযুত জে, সি, প্রাইস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত চট্টগ্রামের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি, এম, করি সাহেব মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

লোহারডগার অন্তর্গত বরকাগড় ইষ্টেটের বন্দোবস্ত সম্পর্কীয় বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ মাকেঞ্জি সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন। তিনি এইক্ষণে স্বীয় বর্ত্তমান কর্ম্ম করিতে থাকিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৮ আগষ্ট।]

Mr. J. B. Worgan, District and Sessions Judge of Dinagepore, is appointed to act in the First Grade of Judges during the absence, on leave, of Mr. E. Drummond, or until further orders.

Mr. C. M. W. Brett, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Serajgunge division of the Pubna district, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 3rd September next.

Mr. C. J. S. Faulder, Assistant Magistrate and Collector, Pubna, is appointed to have charge of the Serajgunge division of the Pubna district during the absence, on leave, of Mr. C. M. W. Brett, or until further orders.

Mr. J. T. Jarbo, Officiating Deputy Magistrate and Deputy Collector, Chittagong Hill Tracts, is allowed leave for one month, under Section 12—2, Supplement F of the Civil Leave Code, with effect from the 27th instant.

The 21st August 1877.—Mr. E. R. Henry, Officiating Assistant Commissioner, in charge of the Rajmehal division of the Sonthal Pergunnahs, is allowed leave for six weeks, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 4th September next, or any subsequent date on which he may avail himself of it.

Mr. A. W. Cosserat, Deputy Magistrate and Deputy Collector, Doomka, Sonthal Pergunnahs, is appointed to have charge of the Rajmehal division of that district during the absence, on leave, of Mr. E. R. Henry, or until further orders. This cancels the orders of the 9th August 1877, appointing Mr. Cosserat to have charge of the Arrareah division of the Purneah district.

The orders of the 14th August 1877, published in the *Calcutta Gazette* of the 15th idem, transferring Baboo Chunder Narain Singh, M.A., Deputy Magistrate and Deputy Collector, Bhagulpore, to the Rajshahye and Cooch Behar Division, and Baboo Rutton Lal Ghose, Deputy Magistrate and Deputy Collector, from Bagdogra, in Rungpore, to the Sudder Station of Bhagulpore, are cancelled.

POLICE.—*The 16th August* 1877.—Mr. M. B. Rochfort, Assistant Inspector-General of Railway Police, is placed in the Fourth Grade of District Superintendents, and is posted to Backergunge.

Mr. C. Jennins, District Superintendent of Police, Durbhunga, is appointed to be Assistant Inspector-General of Railway Police in that portion of the East Indian Railway which lies within the jurisdiction of the Lieutenant-Governor of Bengal, *vice* Mr. M. B. Rochfort.

Mr. A. Blair, Officiating District Superintendent of Police, Nuddea, is appointed temporarily to act as Assistant Inspector-General of Railway Police in that portion of the East Indian Railway which lies within the jurisdiction of the Lieutenant-Governor of Bengal, until relieved by Mr. C. Jennins.

Mr. W. D. Pratt, District Superintendent of Police, Hooghly, on leave, is promoted from the Fourth to the Third Grade of District Superintendents, *vice* Mr. M. B. Rochfort.

Mr. Pratt is also appointed to act as Personal Assistant to the Inspector-General of Police, during the absence, on furlough, of Captain A. R. Wilkinson, or until further orders.

Mr. H. Munro, Officiating District Superintendent of Police, Burdwan, is transferred to Durbhunga.

Mr. H. N. Harris, District Superintendent of Police, Backergunge, is transferred to Burdwan.

Mr. G. D. Graham, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is transferred to Nuddea.

The 21st August 1877.—Mr. C. H. C. Sevenoaks, who was, under orders of the 2nd August 1877, appointed to act as an Assistant Superintendent of Police, is posted to the 24-Pergunnahs district.

[*Government Gazette, 28th August* 1877.]

শ্রীযুত ই, ড্রুমণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দিনাজপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে, বি, ওয়ার্গন সাহেব জজদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি সেপ্টেম্বর মাসের ৩ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাবনার আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, জে, এস, ফলডর সাহেব, পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জ মহকুমার কর্ম্মের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, টি, জার্বো সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর ৮ চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২-২ ধারামতে এই মাসের ২৭ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ২১ আগস্ট।—সাঁওতাল পরগনার অন্তর্গত রাজমহল মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত ই, আর, হেনরি সাহেব আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ই, আর, হেনরি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত সাঁওতাল পরগনার অন্তর্গত দুমকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, ডবলিউ, কসিরাট সাহেব ঐ জিলার অন্তর্গত রাজমহল মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন। শ্রীযুত কসিরাট সাহেব পূরণিয়া জিলার অন্তর্গত অররিয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন ১৮৭৭ সালের আগষ্ট মাসের ৯ তারিখের এই আজ্ঞা ইহাতে রহিত করা গেল।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, এর রাজশাহী ও কুচবিহার খণ্ডে এবং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষের রঙ্গপুরের অন্তর্গত বাগদোগরাহইতে ভাগলপুরের সদর মোকামে প্রেরিত হওন বিষয়ক ১৮৭৭ সালের ১৪ আগস্টের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা রহিত করা গেল।

পোলীস।—১৮৭৭ সাল ১৬ আগষ্ট।—রেলওয়ে পোলীসের আসিষ্টান্ট ইন্সপেক্টর-জেনরল শ্রীযুত এম, বি, রচফর্ট সাহেব, ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টদের চতুর্থ শ্রেণীভুক্ত হইয়া বাকরগঞ্জে অবস্থিত হইলেন।

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের যে অংশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সাশনাধীন দেশে আছে, সেই অংশে, শ্রীযুত এম, বি, রচফর্ট সাহেবের পরিবর্ত্তে দ্বারভাঙ্গার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত সি, জেনিন্স সাহেব রেলওয়ে পোলীসের আসিষ্টান্ট ইনস্পেক্টর-জেনরলের পদে নিযুক্ত হইলেন।

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের যে অংশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে আছে নদীয়ার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ, ব্লেন সাহেব, শ্রীযুত সি, জেনিন্স সাহেবের প্রতি সেই অংশের কর্ম্মের ভারাপণ না করণপর্য্যন্ত রেলওয়ে পোলীসের আসিষ্টান্ট ইনস্পেক্টর-জেনরলের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এম, বি, রচফর্ট সাহেবের পরিবর্ত্তে ছুটীপ্রাপ্ত হুগলীর পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডবলিউ, ডি, প্রাট সাহেব ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টদের চতুর্থ শ্রেণীহইতে তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

কাপ্তান শ্রীযুত এ, আর, উইলকিন্সন সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত প্রাট সাহেব পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের স্বকীয় আসিষ্টান্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

বর্দ্ধমানের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এচ, মনরো সাহেব, দ্বারভাঙ্গায় প্রেরিত হইলেন।

বাকরগঞ্জের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এচ, এম, হারিস্ সাহেব বর্দ্ধমানে প্রেরিত হইলেন।

২৪ পরগনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জি, ডি, গ্রেহাম সাহেব নদীয়ায় প্রেরিত হইলেন।

১৮৭৭ সাল ২১ আগষ্ট।—শ্রীযুত সি, এচ, সি, সেবেন্‌ওক্‌স সাহেব ১৮৭৭ সালের ২ আগষ্টের আজ্ঞামতে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া ২৪ পরগনা জিলায় অবস্থিত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৮ আগষ্ট।]

REGISTRATION.—*The 10th August* 1877.—Munshi Farashatoollah, Rural Sub-Registrar of Nitrokonah, in the district of Mymensingh, on probation, is confirmed in that post.

The 16th August 1877.—Baboo Aubinash Chunder Mitter, Special Sub-Registrar, Rungpore, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 5th September next.

EDUCATION.—*The 17th August* 1877.—Baboo Bhuan Lall, Deputy Inspector of Schools, Shahabad, is allowed leave for six months, under Section 9, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under the orders of the 16th February 1877.

The 20th August 1877.—Mr. A. S. Phillips, B.A., Head Master, Patna Collegiate School, is allowed leave for four months, under Section 3, Supplement F of the Civil Leave Code.

Mr. F. LeFeuvre, Officiating Second Master, Patna Collegiate School, is appointed to officiate as Head Master of that institution during the absence, on leave, of Mr. A. S. Phillips, or until further orders.

ECONOMIC MUSEUM.—*The 17th August* 1877.—Baboo Lolit Mohun Singh is appointed to be a member of the Economic Museum Committee of Hooghly.

PORT TRUST.—*The 17th August* 1877.—Mr. Duncan Mackinnon is appointed to be a Commissioner for making Improvements in the Port of Calcutta under Act V (B.C.) of 1870.

ROAD CESS.—*The 21st August* 1877.—The following gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of the Darjeeling Terai:—

The Deputy Commissioner, *Chairman*	*Ex officio.*
The Tehsildar of the Terai, *Vice-Chairman*	*Ex officio.*
The Officer in charge of the Kurseong and Terai sub-divisions,	*Ex officio.*

Moonshi Ahmed Mahomed, Jotedar and Government Pensioner.

" Ahmed Hossein, Pleader.

Baboo Becharam Chuckerbutty, Tea Planter.

Mr. O. D. Johnson, ditto.

Mr. E. P. Tod, ditto.

Baboo Pahar Sing Chowdry, Jotedar.

The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Darjeeling:—

The Deputy Commissioner, *Chairman* ... ...

The Assistant Commissioner	*Ex officio.*
The Conservator of Forests	*Ex officio.*
The Executive Engineer of Civil Works	*Ex officio.*
The Officer in local charge of the Cinchona Garden ...	*Ex officio.*
Mr. C. W. Bagshawe	Tea Planters.
" T. B. Curtis	Tea Planters.
" G. W. Christison	Tea Planters.
" Forbes Hall	Tea Planters.
" J. Johnston	Tea Planters.
" J. Monro	Tea Planters.
" J. Riddell	Tea Planters.
" R. Southby	Tea Planters.
" J. Stalkartt	Tea Planters.
" A. Wernicke	Tea Planters.

" W. Lloyd, Landholder and Banker.

Baboo Mohendrolall Dass, Agent to the Maharajah of Burdwan.

Tindook, Tehsildar and Landholder.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 28th August* 1877.]

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৭৭ সাল ১০ আগষ্ট।—ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণার পরীক্ষার্থ প্রার্থীর সব-রেজিষ্ট্রার শ্রীযুত মুনশী কিয়াণৎ উল্লা সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৬ আগষ্ট।—রঙ্গপুরের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি সেপ্টেম্বর মাসের ৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শিক্ষাসম্পার্কীয়।—১৮৭৭ সাল ১৭ আগষ্ট।—শাহাবাদের স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত ভুঁয়ালাল বাবু ১৮৭৭ সালের ১৬ ফেব্রুয়ারির আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ২০ আগষ্ট।—পাটনা কলেজিয়ট স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত এ, এস, ফিলিপস সাহেব, বি, এ, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে চারি মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, এস, ফিলিপস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাটনা কলেজিয়ট স্কুলের একটিং দ্বিতীয় শিক্ষক শ্রীযুত এফ, লেফেবর সাহেব, উক্ত স্কুলের প্রধান শিক্ষকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

ইকনমিক মিউসিয়ম।—১৮৭৭ সাল ১৭ আগষ্ট।—শ্রীযুত বাবু ললিতমোহন সিংহ হুগলীর ইকনমিক মিউসিয়ম কমিটীতে নিযুক্ত হইলেন।

পোর্ট ট্রষ্ট।—১৮৭৭ সাল ১৭ আগষ্ট।—শ্রীযুত ডনকান মাকিনন্ সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনমতে কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পথকর।—১৮৭৭ সাল ২১ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা দার্জ্জিলিঙ্গ তেরাইর শাখা পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

ডেপুটী কমিশ্যনর সাহেব, সভাপতি ... ... }
তেরাইয়ের তহশীলদার, প্রতিনিধি সভাপতি ... ... } স্বং পদোপলক্ষে।
কর্সিয়ঙ্গ ও তেরাই মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ ... }

যোতদার ও গবর্ণমেন্টের পেনশ্যানভোগি শ্রীযুত মুনশী আহম্মদ মহম্মদ।
উকীল শ্রীযুত মুনশী আহম্মদ হুসেন।
চা-কর ,, বাবু বেচারাম চক্রবর্ত্তী।
,, ,, ও, ডি, জনসন সাহেব।
,, ,, ই, পি, টড্ সাহেব।
যোতদার শ্রীযুত বাবু পাহাড় সিংহ চৌধুরী।

নিম্নলিখিত মহাশয়েরা দার্জ্জিলিঙ্গ জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

ডেপুটী কমিশ্যনর সাহেব, সভাপতি ... ... }
আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব ... ... }
বনরক্ষক সাহেব ... ... } স্বং পদোপলক্ষে।
সিবিল কার্য্যের এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র সাহেব .. ... }
সিনকোনা বাগানের স্থানীয় কার্য্যের ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ... ... }

চা-কর ... {
শ্রীযুত সি, ডবলিউ, বাগশা সাহেব।
,, টি, বি, কর্টিস সাহেব।
,, জি, ডবলিউ, ক্রিষ্টিসন সাহেব।
,, ফর্ব্বস হল সাহেব।
,, জে, জনষ্টন সাহেব।
,, জে, মনরো সাহেব।
,, জে, রিডেল সাহেব।
,, আর, সৌথবি সাহেব।
,, জে, ষ্টলকার্ট সাহেব।
,, এ, ওয়েরনিক সাহেব।

ভূম্যধিকারি ও বণিক শ্রীযুত ডবলিউ, লয়ড সাহেব।
বর্দ্ধমানের মহারাজার এজেন্ট শ্রীযুত বাবু মহেন্দ্রলাল দাস।
তহশীলদার ও ভূম্যধিকারি শ্রীযুত তিপুক।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৮ আগষ্ট।]

NOTIFICATION.

The 18th August 1877.—Under Section 70 of the District Road Cess Act, 1871, the Lieutenant-Governor is pleased to determine that the month in which the Gya District Committee shall meet to prepare estimates of income and expenditure for the cess year commencing on the 1st October 1877, as in the said section provided, shall be August 1877 in the said district.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th August 1877.—Under Section 70 of the District Road Cess Act, 1871, the Lieutenant-Governor is pleased to determine that the month in which the Chumparun District Committee shall meet to prepare estimates of income and expenditure for the cess year commencing on the 1st October 1877, as in the said section provided, shall be September 1877 in the said district.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th August 1877.—Under Section 2 of the District Road Cess Act, 1871, the Lieutenant-Governor is pleased to direct that the cesses leviable under the said Act shall take effect in the district of Lohardugga from the 1st October 1877.

Under Section 70 of the aforesaid Act, the Lieutenant-Governor is pleased to determine that the month in which the District Committee shall meet to prepare estimates of income and expenditure for the cess year commencing on the 1st October 1877, as in the said section provided, shall be September 1877 in the said district.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF POOREE.

The 20th August 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Pooree have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act at the maximum rates for the ensuing road cess year. The cesses payable in the Pooree district for the year beginning with the 1st October 1877 will therefore be at the following rates :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act and on the annual net profits of mines, &c., under Part III of the Act.

II. The following rates on non-agricultural houses and shops :—

Dwelling-houses estimated to be of the present value of—

			Yearly Cess.		
			Rs.	A.	P.
Not less than Rs. 100, but less than Rs. 500	...		1	0	0
„ 500, „ 1,000	...		3	0	0
„ 1,000, „ 2,000	...		4	8	0

„ Rs. 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF JULPIGOREE.

The 20th August 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Julpigoree have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের আইনের ৭০ ধারামতে এই আজ্ঞা করিয়াছেন। গয়া জিলার পথকর কমিটীর মহাশয়েরা উক্ত ধারামতে ১৮৭৭ সালের ১ অক্টোবর অবধি এক বৎসরের পথ কর বিষয়ক আয়ব্যয়ের ইষ্টিমেট প্রস্তুত করণার্থে ১৮৭৭ সালের আগষ্ট মাসে উক্ত জিলায় একত্র উপবিষ্ট হইবেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

মজফরপুর জিলার পথকর বিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৮ আগষ্ট।—প্রদেশীয় পথকরবিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে করের অত্যুচ্চ যে হার ধার্য্য হইয়াছে মজফরপুর জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের আগামি বৎসরে অর্থাৎ ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখঅবধি সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য				বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	...	...	১৲
৫০০৲ ,,	১০০০৲ ,,	...	...	৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,,	...	...	৪৷৷০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশাল ডিপার্টমেণ্ট।

৪।৪৫A. নম্বর।

১৮৭৭ সাল ২৪ আগষ্ট।—বাবু নন্দকুমার আয়কতের মৃত্যু হওয়াতে গয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী শাহ গোলাম শরফ, মুনসেফদের তৃতীয় শ্রেণীহইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী শাহ গোলাম শরফ, উচ্চ পদভুক্ত হওয়াতে শ্রীযুত বাবু বিরাজকৃষ্ণ ঘোষ, এম, এ, ও বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া রাঞ্চিতে অবস্থিত হইলেন।

শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু ভুবনমোহন ঘোষ ফরীদপুর জিলার অন্তর্গত মাদারীপুরের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ২৭ আগষ্ট।—পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মল্লিক, বি, এল, বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনায় প্রেরিত হইলেন।

সারণের একটিং সবর্ডিনেট জজের কর্ম্ম করণার্থে প্রেরিত বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনার মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চৌধুরী, বি, এল, পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরে স্থায়িরূপে অবস্থিত হইলেন। তিনি এইক্ষণে স্বীয় বর্ত্তমান পদের কর্ম্ম করিতে থাকিবেন।

বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনার একটিং মুনসেফ শ্রীযুত বাবু শশীভূষণ চট্টোপাধ্যায়, বি, এল, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শশীভূষণ চট্টোপাধ্যায় ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৪ সেপ্টেম্বর।]

The 28th August 1877.—Mr. R. H. Anderson, Assistant Magistrate and Collecto Mymensingh, is vested with the powers of a Magistrate of the Second Class.

Baboo Jadunath Dass, B.L., Moonsif of Jajpore, in Cuttack, is vested, under Section 2 Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge to try suits cognizable by suc courts to the amount of Rs. 50.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 20th August* 1877 —Baboo Shibadas Mukerje Moonsif of Gungajulghati, in the district of West Burdwan, is allowed privilege leave (absence for thirty days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effe from the 9th October to 7th November 1877.

Baboo Mohim Chandra Ghosh, Moonsif of Madaripore, in the district of Furreedpor is allowed privilege leave of absence for three months, under the rules in Chapter VII (the Civil Leave Code, with effect from the 15th August 1877, or from any subsequent da on which he may avail himself of it.

Baboo Kanti Chandra Bhadoori, Moonsif of Bhulpore, in the district of Beerbhoom, allowed privilege leave of absence for seven days, under the rules in Chapter VII of th Civil Leave Code, with effect from the 8th August 1877.

Baboo Nilmoney Nag, Moonsif of Doobrajpore, in the district of Beerbhoom, is allowe leave of absence from the 13th May to 5th June 1877, both days inclusive, under Section Supplement F of the Civil Leave Code.

The 28th August 1877.—Baboo Nilmadhub Bandyopadhya, Moonsif of Rughoonathpor in Manbhoom, Chota Nagpore, is allowed leave for 33 days during the ensuing Dussera vacation, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 6t October next.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th August 1877.—It is hereby notified that the Lieutenant-Governor has bee pleased, under the provisions of Section 321, Act V (B.C.) of 1876, to withdraw, from th 1st September 1877, the Union of Patuakhali, in the district of Backergunge, from th operation of Chapter III of the said Act.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st August 1877.—It is hereby notified for general information that, on th recommendation of the Commissioners of the Municipality of Kendraparah, in the district c Cuttack, at a meeting, the Lieutenant-Governor has been pleased, under Section 234 c Act V (B.C.) of 1876, to authorize the extension to that Municipality from the 1st Septem ber 1877 of the provisions of Sections 251 and 252, 257 to 260, and 278 to 284 of Part VII Chapter II of the said Act.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 13th August 1877.—It is hereby notified, under the provisions of Section 15 o Act V of 1861, that the villages of Deotula, Bhyjoora, Karaitollah, Koochuichora, Talleshu Sonbaria, Jaffurkhali, Amtolee, and Bamna, in the Perozepore sub-district, in the district of Backergunge, being in a disturbed and dangerous state owing to the existence of disputes regarding the possession of lands and the collection of rents, the Lieutenant-Governor has

১৮৭৭ সাল ২৮ আগস্ট।—ময়মনসিংহের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, এচ, আওয়রসন সাহেব, দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

কটকের অন্তর্গত যাজপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু যদুনাথদাস, বি, এল, ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা পাইয়াছেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৭ সাল ২০ আগস্ট। পশ্চিম বৰ্দ্ধমান জিলার অন্তর্গত গঙ্গাজলঘাটীর মুনসেফ শ্রীযুত বাবু শিবদাস মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ১৮৭৭ সালের অক্টোবর মাসের ৯ তারিখ অবধি নবেম্বর মাসের ৭ তারিখ পর্য্যন্ত ত্রিশ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

ফরীদপুর জিলার অন্তর্গত মাদারীপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ ১৮৭৭ সালের আগস্ট মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

বীরভূম জিলার অন্তর্গত বোলপুরের মুনসেফ শ্রীযুত বাবু কান্তিচন্দ্র ভাদুড়ী, সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ১৮৭৭ সালের আগস্ট মাসের ৮ তারিখ অবধি সাত দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

বীরভূম জিলার অন্তর্গত দুবরাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি নাগ, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৭ সালের ১৩ মে অবধি ৫ জুন পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ২৮ আগস্ট।—ছোট নাগপুরের অন্তর্গত মানভূমের রঘুনাথপুরের মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব বন্দ্যোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি দুর্গোৎসবের বন্দের উপলক্ষে আগামি অক্টোবর মাসের ৬ তারিখ অবধি তেত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ আগস্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২১ ধারার বিধানমতে উক্ত আইনের তৃতীয় অধ্যায় বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালী গ্রাম সমাহারে ১৮৭৭ সালের ১ সেপ্টেম্বর অবধি প্রচলিত হওয়া নিষেধ করিলেন।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২০ আগস্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, কটক জিলার অন্তর্গত কেন্দ্রপাড়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের সপ্তম খণ্ডের দ্বিতীয় অধ্যায়ের ২৫১ ও ২৫২ ও ২৫৭-২৬০ ও ২৭৮-২৮৪ পর্য্যন্ত ধারার বিধান উক্ত আইনের ২৩৪ ধারামতে ১৮৭৭ সালের ১ সেপ্টেম্বর অবধি উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত হইবার অনুমতি দিলেন, সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৩ আগস্ট।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুর মহকুমার দেবতলা ও ভইজুড়া ও কইরতোলা ও কুচনিচোরা ও টালেশ্বর সোণবাড়িয়া ও জাফরখালী ও আমতলী ও বামনা গ্রামের ভূমির দখল ও খাজানা আদায় লইয়া বিবাদ হেতু গোলযোগ ও শঙ্কাজনক অবস্থা থাকাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এক জন সব-ইনস্পেক্টর ও তিন জন হেড কনষ্টাবল ও পনের জন কনষ্টাবলের এক বিশেষ পোলীস দল ১৮৭৭ সালের ১ আগস্ট অবধি তিন

sanctioned, with effect from 1st August 1877, the employment for three months of a special police force consisting of one Sub-Inspector, three head-constables, and fifteen constables to be quartered at the said villages. The cost of the force noted below will be assessed and levied from the inhabitants of the villages in proportion to their respective means :—

					Rs.	A.	P.
1 Sub-Inspector, Fourth Grade, at Rs.			50	... ...	50	0	0
1 Head-constable,	First	„ „	25	... ...	25	0	0
1 Ditto,	Second	„ „	20	... ...	20	0	0
1 Ditto,	Third	„ „	15	... ...	15	0	0
5 Constables,	First	„ „	9	... ...	45	0	0
5 Ditto,	Second	„ „	8	... ...	40	0	0
5 Ditto,	Third	„ „	7	... ...	35	0	0
			Total	...	230	0	0
Pensionary charges at 2 annas per rupee				... ...	28	12	0
Contingencies at 10 per cent.				.. ..	23	0	0
1 Sub-Inspector's boat hire at Rs. 20 per mensem				...	20	0	0
			Total	...	301	12	0
Total rupees for three months ...				... ...	905	4	0
Clothing allowance of 18 men at Re. 1 each ...				...	18	0	0
3 Barracks and cook-sheds at Rs. 50 each				... ...	150	0	0
			Grand Total	...	1,073	4	0

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th August 1877.—It is hereby notified for general information that, on the recommendation of the Commissioners of the Municipality of Buxar, in the district of Shahabad, made at a special meeting, the Lieutenant-Governor has been pleased, under Section 78 of Act V (B.C.) of 1876, to sanction the registration by the Commissioners, under Section 133 of the Act, of all carts kept or habitually used within the Municipality, and the levy, from the 1st October 1877, of a fee upon every cart for such registration at the rate mentioned below :—

For every cart kept within the Municipality Rs. 2 per annum, or Re. 1 per half-year.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25th August 1877.—Under Act I (B.C.) of 1876, the Lieutenant-Governor is pleased to appoint Moulvi Fuzlur Rahman to be the Marriage Registrar of the Kamariya sub-district, in the district of Chittagong.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th September* 1877.]

মাসের নিমিত্তে উক্ত সকল গ্রামে থাকিবার অনুমতি দিয়াছেন। উক্ত দলের খরচ নিম্নলিখিতমতে উক্ত সকল গ্রামবাসিদের স্ব২ অবস্থানুসারে ধার্য্য হইয়া আদায় করা যাইবে।

	টাকা।
৫০৲ টাকা করিয়া চতুর্থ শ্রেণীর এক জন সব-ইনস্পেক্টর	৫০৲
২৫৲ ,, প্রথম ,, ,, হেড কনষ্টাবল	২৫৲
২০৲ ,, দ্বিতীয় ,, ,, ,, ...	২০৲
১৫৲ ,, তৃতীয় ,, ,, ,, ...	১৫৲
৯৲ ,, প্রথম ,, ৫ জন কনষ্টাবল	৪৫৲
৮৲ ,, দ্বিতীয় ,, ,, ,, ...	৪০৲
৭৲ ,, তৃতীয় ,, ,, ,, ...	৩৫৲
মোট ...	২৩০৲
পেনশানের উপলক্ষে টাকাপ্রতি ৵ আনা করিয়া	২৮৸০
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	২৩৲
১ জন সব-ইনস্পেক্টরের নৌকা ভাড়া মাসে ২০৲ টাকা	২০৲
মোট	৩০১৸০
তিন মাসের মোট	৯০৫।০
জনপ্রতি এক টাকা করিয়া ১৮ জনের কাপড়ের খরচ	১৮৲
৫০৲ টাকা করিয়া তিন বারিকের ও রান্নাঘরের	১৫০৲
সর্ব্বসুদ্ধ মোট ...	১০৭৩।০

হরেস্, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৪ আগস্ট।—শাহাবাদ জিলার অন্তর্গত বক্সার মুনিসিপালিটীর সীমার মধ্যে যে সকল গরুর গাড়ী রাখা কি নিয়ত ব্যবহার করা যায় ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৩৩ ধারামতে তাহা রেজিস্টরী করিবার ও তদ্রূপ প্রত্যেক গাড়ী রেজিস্টরী করিবার জন্যে ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে রেজিস্টরী করণের ফী আদায় করিবার নিমিত্তে তথাকার কমিশ্যনরেরা বিশেষ সভাগত হইয়া অনুরোধ করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত আইনের ৭৮ ধারামতে তাহা অনুমোদন করিলেন, সাধারনের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

উক্ত মুনিসিপালিটীর মধ্যে যে প্রত্যেক গরুর গাড়ী রাখা যায় তাহার উপর বৎসর ২৲ টাকা কিম্বা ছয় মাসে ১৲ টাকা।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৫ আগস্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনমতে শ্রীযুত মৌলবী ফজলুর রহমানকে চট্টগ্রাম জিলার অন্তর্গত কমরিয়া সব-ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৪ সেপ্টেম্বর।]

NOTIFICATION.

The 16th August 1877.—The following Bye-laws, framed by the Municipal Commissioners of Balasore at a meeting, under Section 313, Act V (B.C.) of 1876, having been confirmed by the Lieutenant-Governor under Section 314 thereof, are hereby published for general information :—

For Regulating the Time and Mode of Collecting the Taxes.

1. Every officer authorized to grant receipts shall be provided with a certificate of his authority to collect, and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate, if required.

2. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition, in the manner described in section 367 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rs. 5 for the omission, and to a penalty not exceeding Rs. 2 for every day the omission shall, after warning, continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rs. 20, provided that nothing in this bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code, should the facts appear to warrant such a proceeding.

3. Payment of purchase-money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall in such case be responsible to the Commissioners for any loss, which shall be recoverable as a debt due to them.

For Regulating the Conduct of Persons Employed by the Commissioners.

4. All persons employed by the Commissioners whose services may be no longer required shall be liable to discharge after the receipt of previous notice or pay in advance for the period of one month; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

5. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within a reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office.

For Regulating the Disposal of Offensive Matter, Rubbish, and Dead Bodies of Animals.

6. Every person within whose premises any animal may die shall, within four hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or report its death to the town daroga; and in such latter case, shall pay to the said daroga the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. The daroga, when called upon, shall not neglect to remove a carcass.

Penalty for infringement, Rs. 10.

7. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass.

Penalty for infringement, Rs. 10.

8. No person shall carry night-soil through the streets otherwise than in a closely-covered receptacle of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct.

[*Government Gazette, 4th September* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৬ আগষ্ট।—বালেশ্বরের মুনিসিপল কমিশ্যনরেরা সভাগত হইয়া ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১৩ ধারামতে নিম্নলিখিত উপবিধি প্রণয়ন করিলে ঐ আইনের ৩১৪ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়া তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

টাক্স আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

১। রসীদ দিবার ক্ষমতাপন্ন প্রত্যেক কর্ম্মকারক টাক্স আদায় করিবার ক্ষমতাসূচক সর্টিফিকট পাইবেন, ও উক্ত প্রত্যেক সর্টিফিকটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির স্বাক্ষর থাকিবে। টাক্স আদায়কারি প্রত্যেক জন কার্য্যকারকের প্রতি টাকা চাহিবার সময়ে তাঁহার ঐ সর্টিফিকট দেখাইবার আদেশ হইলেই তাঁহাকে তাহা দেখাইতেই হইবে।

২। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ণ দিবার আদেশ করিতে সক্ষম হইলে ও তাঁহার নামে লিখিয়া তাহা দিতে আদেশ করিলে, তিনি সেই আদেশপত্র পাইবার তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফিসে ঐ তফসীল কি রিটর্ণ পাঠাইবেন। না পাঠাইলে তাঁহার ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহাকে সতর্ক করা গেলে পর আর যত দিন ক্রটি করেন দিনপ্রতি তাঁহার আর ২ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কোন কেহ মিথ্যা কি অশুদ্ধ তফসীল কি রিটর্ণ দিলে তাঁহার ২০৲ টাকা দণ্ড হইতে পারিবে। কিন্তু বৃত্তান্ত দৃষ্টে তাঁহার নামে দণ্ডবিধির আইনমতে ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিলে, এই উপবিধির কোন কথাই তাহা করিবার বাধাজনক বলিয়া জ্ঞান করিতে হইবে না।

৩। সম্পত্তি নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে, যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে, প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণবিষয়ক বিধান।

৪। কমিশ্যনরেরা যাঁহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাঁহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

৫। যাঁহারা এইক্ষণে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন, কমিশ্যনরেরা সময়েং যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সঙ্গত সময়ের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে জামিন না দিলে, তাঁহাদের সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাদিগকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৬। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর চারি ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা নগরের দারোগার নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরেরা যে হার ধরেন ঐ ব্যক্তি দারোগাকে সেই হারে ঐ মরা জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ বাড়ির স্বামিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। দারোগার প্রতি আদেশ হইলে তিনি সেই মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৭। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়েং যে স্থান ও সময় নিরূপণ করিয়া দেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি কোন মরা জন্তু বা মরা জন্তুর কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৮। মুনিসিপল কমিশ্যনরেরা সময়েং যে প্রকারের ও যে আকারের আধার করিতে আদেশ করেন ও যেং ঘণ্টার মধ্যে আদেশ করেন তদ্ভিন্ন কোন সময়ে কোন ব্যক্তি সেই প্রকারের দৃঢ়মতে বন্ধ আধারভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ৪ সেপ্টেম্বর।]

For Regulating Traffic in the Streets.

9. No person shall drive any vehicle of any description at any time between the three-quarters of an hour after sunset and one hour before sunrise without a sufficient light, except when there may be sufficient moonlight to render such light unnecessary.

Penalty for infringement, Rs. 5.

10. No owner of any carriage shall allow it to be driven by a driver under 14 years of age.

Penalty for disobedience on the owner's part, Rs. 10.

11. No elephant or camel shall at any time be taken through any of the principal streets without the written permission of the Chairman or Vice-Chairman.

Penalty for infringement, Rs. 50.

For the Regulation and Management of Privies.

12. Every person shall construct his privy above ground, and shall provide his privy or premises with a suitable moveable receptacle of metal or earthenware.

Penalty for infringement after notice, Rs. 20.

13. Every owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier shall give free access to the servants of the Municipality to his house, land, or premises, for the removal of any night-soil or filth, within such hours as may have been fixed on by the Municipal Commissioners.

Penalty for infringement, Rs. 5.

14. On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any well-privy or other noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the said privy, as may be directed in the notice; and if the orders contained in the notice be not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

15. No owner or occupier of any house, land, or premises, in or on which any privy may be situated, shall allow night-soil or filth of any kind to flow or be discharged from such privy into any drain, water-course, river, tank, hollow, or excavation (or any place containing waste and stagnant water).

Penalty for infringement, Rs. 20.

16. No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cesspool, into any river, tank, khal, water-course, or receptacle for water, or dispose of the above-mentioned kinds of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement, Rs. 20.

17. The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises, if at any time it seem to them necessary for the preservation of public health, or for the prevention of infection or spread of disease: provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants, &c., at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners.

For Regulating or Prohibiting the Use of Fire-balloons, Fire-works, Fire-arms, or Missiles in the Vicinity of Public Roads.

18. No one shall let off any fire-balloon, fire-works, fire-arms, or any missile in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained.

Penalty for infringement, Rs. 10.

General Bye-laws.

19. No person shall construct, or place over, or by the side of, any public drain any bridge, platform, building, or structure of any kind, except by, and with the written permission of, the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 3 daily.

[*Government Gazette, 4th September* 1877.]

রাস্তায় গাড়ীপ্রভৃতি চালাওনের বিধান।

৯। উত্তম জ্যোৎস্নাযুক্ত যে রাত্রিতে আলো জ্বালা প্রয়োজন না হয় এমত রাত্রি ভিন্ন কোন ব্যক্তি সূর্য্যাস্তের ৩০ ঘণ্টা পরের ও সূর্য্যোদয়ের এক ঘণ্টা পূর্ব্বের মধ্যে কোন সময়ে উপযুক্ত আলো না জ্বালিয়া কোন প্রকারের গাড়ী চালাইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা।

১০। কোন গাড়ীর স্বামী চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক কোন ব্যক্তির দ্বারা গাড়ী চালাইতে দিবেন না। স্বামী এই বিধি অমান্য করিলে তাঁহার ১০৲ দশ টাকা দণ্ড হইবে।

১১। সভাপতির বা প্রতিনিধি সভাপতির লিখিত অনুমতি বিনা প্রধান কোন পথ দিয়া কোন সময়ে কোন হস্তী কি উট লইয়া যাইতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫০৲ পঞ্চাশ টাকা।

পাইখানার বিধান ও কার্য্যনির্ব্বাহকরণার্থ বিধি।

১২। প্রত্যেক জন মাটীর উপরে আপনার পাইখানা করিবেন। ও যাহা সরাইয়া লওয়া যাইতে পারে পাইখানায় কি বাড়ীর মধ্যে লৌহাদির কি মাটীর এমত উপযুক্ত পাত্র রাখিবেন।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘন হইলে ২০৲ টাকা দণ্ড হইবে।

১৩। কোন ঘরের কি ভূমির কি বাড়ার স্বামী কি প্রজা আপনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় স্থানান্তর করাইয়া না দিলে, মুনিসিপল কমিশ্যনরেরা যে২ ঘণ্টা নিরূপণ করেন তিনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় সরাইয়া লইবার জন্যে মুনিসিপালিটীর চাকরদিগকে সেই২ ঘণ্টার মধ্যে অবাধে আপন ঘরে কি ভূমিতে কি বাড়ীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

১৪। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকুয়া পাইখানা কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে, তিনি মুনিসিপল কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ গর্ত্ত ভরাট কি বন্ধ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে পনের দিনের মধ্যে কার্য্য না করা গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্ধ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় হইতে পারিবে।

১৫। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে, তিনি কোন নর্দ্দমায় কি জলপ্রণালীতে কিম্বা নদী বা পুষ্করিণীতে বা গর্ত্তে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও মরা জল দাঁড়ায় এমত কোন স্থানে কিম্বা অন্য কোন আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কি কোন প্রকারের ময়লা বিষয় যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

১৬। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি আস্তাকুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলপ্রণালীতে কি জল থাকিবার স্থানে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ এই বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

১৭। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চূণের কি আলকাতরার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক ও রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমত স্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক প্রভৃতি দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেই২ দ্রব্য দিতে হইবে, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ২ দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবে।

সরকারী রাস্তার বা রাস্তার ধারে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক কি তীরপ্রভৃতি ছুড়িবার বিধান ও নিষেধ।

১৮। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে রাস্তার ধারে কি নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের তীরপ্রভৃতি ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

সাধারণ উপবিধি।

১৯। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন রাজকীয় নর্দ্দমার উপরে বা তাহার পার্শ্বে কোন সাঁকো কি রোয়াক কি পাকা কি অন্য প্রকারের গাঁথনি নির্ম্মাণ করিবেন না ও রাখিবেন না। ঐ অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেইরূপে গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস দেওয়া গেলে লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ তিন টাকা দণ্ড হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৪ সেপ্টেম্বর।]

20. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 5 daily.

21. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

22. No person shall steep in any river, khal, tank, or ditch within municipal limits any jute, hemp, bamboos, or other vegetable matter likely to render the water of such river, khal, tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rs. 5; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

23. No person shall bathe or wash dirty clothing in, or otherwise defile, any tank, or well, or reservoir set apart by the Commissioners for drinking purposes.

Penalty for infringement, Rs. 5; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

24. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nulla or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 4 daily.

25. The owner or occupier of any part of the bank of any nulla or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nulla or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 5 daily.

26. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose any diseased or worn-out animal on any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rs. 20.

27. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground.

Penalty for infringement, Rs. 10.

28. No person shall bury, or cause to be buried, in any burial ground any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than six feet deep.

Penalty for infringement, Rs. 10.

29. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than two feet from any other existing grave.

Penalty for infringement, Rs. 20.

30. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rs. 20.

31. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 20.

[*Government Gazette, 4th September* 1877.]

২০। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমার পড়িয়া গেলে, কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবে।

২১। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেইরূপে তাহা করিতে পারিবেন, নতুবা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘনহইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২২। কোন ব্যক্তি নগরের সীমার মধ্যবর্ত্তি কোন নদীতে কি খালে কি পুকুরে কি খানায় শণ কি পাট কি বাঁশ কি উদ্ভিজ্জ যে দ্রব্য ভিজাইয়া রাখিলে ঐ নদীর কি খালের কি পুকুরের কি খানার জল দুর্গন্ধজনক কিম্বা প্রতিবাসিদের অনিষ্টজনক হয় এমত দ্রব্য ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৩। মুনিসিপল কমিশ্যনরেরা জল পানার্থে যে পুষ্করিণী বা কূপ বা অন্য জলাশয় স্বতন্ত্র রাখেন তাহাতে কেহ স্নান করিবেন না বা ময়লা কাপড় কাচিবেন না বা প্রকারান্তরে ঘোলা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা। নোটিস পাইলে পর লঙ্ঘন করিতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৪। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কেহ কোন নালায় কি জলপ্রণালীতে বাধক কোন বিষয় দিবেন না, দিলে কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে সেই অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ টাকা।

২৫। কোন নালার কি জলপ্রণালীর তীরের কোন অংশের স্বামী কি দখীলকার সেই অংশটী সকল প্রকারের ময়লা দ্রব্য কি ঘন জঙ্গল কি অবরোধজনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন, ও সাধারণের পক্ষে পরিষ্কার করণের কোন কার্য্যহেতুক কমিশ্যনরদিগকে কি উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদের কোন চাকরদিগকে সর্ব্ব সময়ে ঐ নালায় কি জলপ্রণালীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা। ও নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকা।

২৬। কোন ব্যক্তি কোন রাজপথে বা যে স্থানহইতে রাজপথে যাইতে পারে এমত স্থানে কোন রুগ্ন বা জীর্ণ জন্তু ছাড়িয়া দিবেন বা দেওয়াইবেন না বা আপনি কি অন্য দ্বারা ঐ জন্তুকে এলো ভাবে যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

২৭। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে, বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে পাঁচ ফুটের কম থাকে এমত কবরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

২৮। কোন ব্যক্তি কোন গোরস্তানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর ছয় ফুটের কম গভীর হইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

২৯। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩০। কমিশ্যনরেরা কবরস্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি ঠিক সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩১। কবরে একটী শব দেওয়া গেলে কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৪ সেপ্টেম্বর।]

32. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rs. 10.

33. Every person who shall bring or convey, or cause to be conveyed, any corpse, or part of a corpse, to any burning ground shall burn, or cause the same to be burnt, within twelve hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rs. 20.

34. No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground shall permit the same or any part thereof to remain without the flesh thereof being completely consumed to ashes, or shall permit the bones, clothes, or other articles connected with the burning of such corpse to remain at or near such burning ground unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rs. 20.

35. No person, while carrying any corpse, or part of any corpse, through the precincts falling within municipal limits, shall deposit it in or near any highway except for the purpose of ordinary relief.

Penalty for infringement, Rs. 10.

36. No person shall picket animals, or collect carts, or form any encampment, upon any public ground or road without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 10.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 20th August 1877.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. giving a road frontage to the Shaik Mitteh Gurhee, in the town of Patna, it is hereby declared that for the above purpose a plot of land measuring 4 beeghas and 5¾ dhoors, more or less, local measurement, and bounded on the north, south, and west by the newly formed lands of Shaik Mitteh Gurhee aforesaid, and on the east by the new chowk road, is required within the town of Patna, pergunnah Azimabad, district Patna.

The plan of the above plot may be inspected in the Patna municipal office between the hours of 10 A.M. and 4 P.M. any day, Sundays and authorized holidays excepted.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.

The 24th August 1877.

No. 253.—*Notifications.*—With reference to the orders marginally noted, Mr. C. J. K. Watson, Assistant Engineer, second Grade, left the Eastern Sone Division on the afternoon of the 15th August 1877 to proceed to the Madras Presidency for employment on famine relief works.

No. 237, dated 6th August 1877.

[*Government Gazette, 4th September* 1877.]

৩২। কোন ব্যক্তি কোন শব কি শবের কোন অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন পথ দিয়া লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৩। কোন ব্যক্তি শব দাহ করিবার স্থানে কোন শব কি শবের কোন অংশ আনিলে বা বহন করিলে কিম্বা বহন করাইলে, সেই স্থানে আনিবার পর বারো ঘন্টার মধ্যে তাহা দাহ করিবে বা করাইবে।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩৪। কোন ব্যক্তি শব দাহ করিবার স্থানে কোন শব কি শবের কোন অংশ দাহ করিলে কি করাইলে, যতক্ষণ সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা যায় ততক্ষণ তাহা কি তাহার কোন অংশ ত্যাগ করিতে দিবে না, ও সেই শব দাহ করণ সম্পর্কে যে কাপড় কি অন্য দ্রব্যের ব্যবহার হইয়া থাকে, তাহা সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা গেলে ঐ দাহ করিবার স্থানে কি তাহার নিকটে পড়িয়া থাকিতে দিবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩৫। কোন ব্যক্তি মুনিসিপালিটীর সীমার অন্তর্গত স্থান দিয়া শব কি শবের এক অংশ লইয়া গেলে, সামান্যতঃ কিঞ্চিৎ বিশ্রাম করিবার কারণভিন্ন কোন কারণে রাজপথে কি তাহার পার্শ্বে ঐ শব রাখিবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৩৬। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইলে সাধারণের ব্যবহার্য্য কোন ভূমিতে জন্তু বাঁধিবেন না ও গাড়ী সংগ্রহ করিয়া রাখিবেন না, বা ছাউনি করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

হরেস্, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২০ আগষ্ট।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা নগরের অন্তর্গত শেখ মেটে-গড়ির সম্মুখে রাস্তা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাটনা জিলার অন্তর্গত আজীমাবাদ পরগণার পাটনা নগরের মধ্যে স্থানীয় মাপের ন্যূনাধিক ৪৴ বিঘা ৫৮ ধূর পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ ও পশ্চিম সীমা উক্ত শেখ মেটেগড়ির মূতন ভূমি, ও পূর্ব্ব সীমা মূতন চকের রাস্তা।

উক্ত ভূমির নকশা রবিবার ও নিয়মিত বন্দের দিনভিন্ন প্রত্তিদিন বেলা ১০ ঘণ্টা অবধি ৫ ঘণ্টা পর্য্যন্ত পাটনার মুনিসিপল আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

হরেস্, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৪ আগষ্ট।

২৫৩ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, জে, কে, ওয়াটসন সাহেব, দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে মান্দ্রাজ রাজধানীতে গমন করিবার জন্যে ১৮৭৭ সালের আগষ্ট মাসের ১৫ তারিখের অপরাহ্নে পূর্ব্ব সোণখণ্ডহইতে গমন করিয়াছেন।

১৮৭৭ সালের ৬ আগষ্টের ২৫৭ নং।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ৪ সেপ্টেম্বর।]

The 25th August 1877.

No. 254.—With reference to the orders marginally noted, Private L. Fletcher, Overseer, First Grade, left the Eastern Sone Division on the forenoon of the 16th August 1877 to join the State Railways at Mooltan.

No. 229, dated 31st July 1877.

No. 255.—With reference to the orders marginally noted, Mr. A. C. C. Rogers, Assistant Engineer, Second Grade, left the Brahminee Division on the forenoon of the 21st August 1877 to proceed to Madras for employment on famine relief works.

No. 243, dated 13th August 1877.

The 27th August 1877.

No. 256.—*Leave.*—Mr. G. T. St. A. Nixon, Assistant Engineer, Second Grade, Eastern Sone Division, is granted leave for three months to study the native languages, under Public Works Code II, IV, 28, with effect from the afternoon of the 24th July 1877.

No. 257.—*Notification.*—The transfer of Mr. G. T. St. A. Nixon, Assistant Engineer, Second Grade, to Madras for employment on famine relief works, which was gazetted in the orders marginally noted, is hereby cancelled.

No. 237, dated 6th August 1877.

No. 258.—*Corrigenda* —In Notification No. 242, dated the 13th August 1877, *for* "Mr. C. K. Curry," *read* "Mr. C. Kamil Cuny."

No. 259.—The date of Notification No. 246, published in the *Calcutta Gazette* of 22nd instant, should be "16th" instead of "6th" August 1877.

No. 260.—*Notifications.*—Baboo Tariny Churn Sircar, Overseer, Second Grade, Buxar Division, returned to duty on the afternoon of the 20th August 1877, from the privilege leave granted him in the orders marginally noted.

No. 227, dated 30th July 1877.

No. 261.—Baboo Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade, Lower Gunduck Embankment Division, passed in the Lower Standard in Hindustani on the 6th August 1877, and by the Departmental Standard on the 23rd idem.

The 28th August 1877.

No. 262.—*Notifications.*—With reference to the orders marginally noted, the undermentioned officers, attached to the South-Western Circle, reported their departure for Madras on the dates specified against their names :—

No. 237, dated 6th August 1877.
" 243, " 13th " "

Mr. E. A. Parsick,	Assistant Engineer,	First Grade,	21st August 1877,	forenoon.
" J. R. Swinden,	ditto,	Second Grade,	21st	ditto.
" A. Clerke,	ditto,	ditto,	21st	ditto.
" E. E. A. Küster,	ditto,	ditto,	14th	ditto.

No. 263.—Baboo Unnodapershad Chatterjee, Supervisor, First Grade, Northern Drainage and Embankment Division, availed himself on the forenoon of the 1st August 1877 of the sick leave granted him in the orders marginally noted.

No. 250, dated 21st August 1877.

No. 264.—*Leave.*—Colonel G. A. Searle, M.S.C., Assistant Secretary to the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, is granted privilege leave for three months, under Chapter VII, Section 32 of the Civil Leave Code.

F. T. HAIG, *Colonel*, R.E.,
Joint Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept, Irrigation Branch.

[*Government Gazette*, *4th September* 1877.]

১৮৭৭ সাল ২৫ আগস্ট।

২৫৪ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর ওবরসিয়র প্রাইবেট শ্রীযুত এল, ফ্লেচর সাহেব, মুলতানের ষ্টেট রেলওয়েতে কর্ম্মগ্রহণার্থে, ১৮৭৭ সালের ১৬ আগস্টের পূর্ব্বাহ্নে পূর্ব্বসোণখণ্ডহইতে গমন করিলেন।

১৮৭৭ সালের ৩১ জুলাইর ২২৯ নং।

২৫৫ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজর্স সাহেব, দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে মান্দ্রাজে গমন করিবার জন্যে ১৮৭৭ সালের ২১ আগস্টের পূর্ব্বাহ্নে ব্রাহ্মণীখণ্ডহইতে গমন করিয়াছেন।

১৮৭৭ সালের ১৩ আগস্টের ২৪৩ নং।

১৮৭৭ সাল ২৭ আগস্ট।

২৫৬ নম্বর।—ছুটী।—পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, টি, সেণ্ট এ, মিক্সন সাহেব, দেশীয় ভাষা অভ্যাস করণার্থে পবলিক ওর্কস বিধিপুস্তকের দ্বিতীয় অধ্যায়ের চতুর্থ পরিচ্ছেদের ২৮ ধারামতে ১৮৭৭ সালের ২৪ জুলাইর অপরাহ্ণ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

২৫৭ নম্বর।—বিজ্ঞাপন।—দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যে নিযুক্ত হইবার নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, টি, সেণ্ট, এ, মিক্সন সাহেবের মান্দ্রাজে গমনের যে কথা পার্শ্বলিখিত আজ্ঞামতে গেজেটে প্রকাশ করা যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৭ সালের ৬ আগস্টের ২৩৭ নং।

২৫৮ নম্বর।—অশুদ্ধ শোধন।—১৮৭৭ সালের ১৩ আগস্টের ২৪২ নং জ্ঞাপনপত্রে, "শ্রীযুত সি, কে, করি সাহেব" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত সি, কামিল কনি" পাঠ করিতে হইবে।

২৫৯ নম্বর।—এই মাসের ২৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ২৪৬ নং জ্ঞাপনপত্রের তারিখ, ৬ আগস্টের পরিবর্ত্তে ১৬ আগস্ট পাঠ করিতে হইবে।

২৬০ নম্বর।—বিজ্ঞাপন।—বকৃশার খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু তারিণীচরণ সরকার পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে ১৮৭৭ সালের ২০ আগস্টের অপরাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন।

১৮৭৭ সালের ৩০ জুলাইর ২২৭ নং।

২৬১ নম্বর।—দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু ১৮৭৭ সালের ৬ আগস্টে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় ও ঐ মাসের ২৩ তারিখে কার্য্যবিভাগ সম্পর্কীয় কষ্টিমত পরীক্ষায় উত্তির্ণ হইয়াছেন।

১৮৭৭ সাল ২৮ আগস্ট।

২৬২ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দক্ষিণ পশ্চিমচক্রে নিযুক্ত নিম্নলিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বলিখিত তারিখে মান্দ্রাজে গমন করিয়াছেন।

১৮৭৭ সালের ৬ আগস্টের ২৩৭ নং।
ঐ ১৩ ঐ ২৪৩ নং।

প্রথম শ্রেণীর	আসিষ্টান্ট	ইঞ্জিনিয়র	শ্রীযুত	ই, এ, পার্সিক সাহেব,	১৮৭৭ সালের	২১	আগস্টের	পূর্ব্বাহ্নে।
দ্বিতীয় শ্রেণীর	ঐ	ঐ	,,	জে, আর, স্যুইণ্ডেন সাহেব,	,,	২১	,,	,,
ঐ ঐ	ঐ	ঐ	,,	এ, ক্লার্ক সাহেব	,,	২১	,,	,,
ঐ ঐ	ঐ	ঐ	,,	ই, ই, এ, কুস্টর সাহেব	,,	১৪	,,	,,

২৬৩ নম্বর।—উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডের প্রথম শ্রেণীর স্যুপরবাইসর শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ চট্টোপাধ্যায় পীড়াপ্রযুক্ত পার্শ্বলিখিত আজ্ঞামতে যে ছুটী পান তাহা ১৮৭৭ সালের ১ আগস্টের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ২১ আগস্টের ২৫০ নং।

২৬৪ নম্বর।—ছুটী।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার আসিষ্টান্ট সেক্রেটরী কর্ণেল শ্রীযুত জি, এ, শেরল সাহেব, এম, এস, সি, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের ৩২ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 11, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ১১ সেপ্টেম্বর।

PART II.

esolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 4686A.

GENERAL.—*The 27th August* 1877.—Sir W. J. Herschel, Bart., Magistrate and Collector, Hooghly, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, with effect from the 8th, instead of from the 12th September 1877, as previously notified.

The 30th August 1877.—Baboo Rai Churn Ghose, Fourth Special Commissioner under the Chota Nagpore Tenures' Act, having resumed charge of his duties on the forenoon of the 1st instant, the unexpired portion of the leave granted to him under the orders of the 23rd April last is cancelled.

Baboo Rutton Lal Ghose, Deputy Magistrate and Deputy Collector, on leave, is posted to the Sudder Station of Moorshedabad.

The 31st August 1877.—Baboo Soshi Sikur Dutt, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 3rd September next, or such subsequent date as he may avail himself of it.

The 4th September 1877.—Mr. R. Cornish, Officiating Joint-Magistrate and Deputy Collector, Mozufferpore, is vested with the powers of a Collector under Act VII (B. C.) of 1868.

Mr. C. R. Marindin, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Buxar division of the Shahabad district, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

The orders of the 8th ultimo, published in the *Calcutta Gazette* of the 18th idem, transferring Mr. G. C. M. Smith, Deputy Magistrate and Deputy Collector, employed under the Public Works Department, Irrigation Branch, of this Government, to the Rajshahye and Cooch Behar Division, are cancelled.

The services of the following officers are placed at the disposal of the Government of Madras for famine relief duty :—

Mr. W. H. M. Gun, Officiating Magistrate and Collector.
„ C. J. O'Donnell, Officiating Joint-Magistrate and Deputy Collector.
„ G. A. Grierson, ditto ditto.
„ J. D. Gael, ditto ditto.
„ W. D. Blyth, ditto ditto.
„ A. W. Scanlan, Officiating Deputy Magistrate and Deputy Collector.
„ W. N. Campbell, Officiating Assistant Commissioner.
„ A. Rattray, Deputy Magistrate and Deputy Collector.
„ L. E. Fabre-Tonnerre, Assistant Superintendent of Police.
„ G. D. Graham, ditto ditto.
„ H. Bayley, Officiating Assistant Superintendent of Police.
„ F. A. Chichester, ditto ditto ditto.
„ T. Rivett-Carnac, ditto ditto ditto.
„ C. Wintle, ditto ditto ditto.
„ C. H. C. Sevenoaks, ditto ditto ditto.
„ H. J. Lloyd, Assistant Sub-Deputy Opium Agent.
„ H. E. Wintle, ditto ditto.
„ W. B. Peade, ditto ditto.
„ J. Christian, ditto ditto.
„ G. M. Gregory, ditto ditto.
„ T. E. D. Innes, ditto ditto.
„ W. T. Ryves, ditto ditto.
„ M. Rivett-Carnac, ditto ditto.

[*Government Gazette, 11th September* 1877.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্ট।

১৬৮৬ A নম্বর।

সাধারণ।—১৮৭৭ সাল ২৭ আগষ্ট।—হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সর, ডবলিউ, জে, হর্শেল সাহেব, বারোনেট, পূর্ব্বে প্রকাশিত ১৮৭৭ সালের ১২ সেপ্টেম্বর অবধি না হইয়া ৮ সেপ্টেম্বর অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সালের ৩০ আগষ্ট।—ছোটনাগপুরের ভূসম্পর্কের আইনমতে চতুর্থ বিশেষ কমিশ্যনর শ্রীযুত বাবু রাইচরণ ঘোষ এই মাসের ১ তারিখের পূর্ব্বাহ্ণে আপন কর্ম্মের ভার পুনঃগ্রহণ করাতে গত আপ্রিল মাসের ২৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

5. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office.

For Regulating the Disposal of Offensive Matter, Rubbish, and Dead Bodies of Animals.

6. Every person within whose premises any animal may die shall, within four hours after its death, or, if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or report its death to the conservancy overseer of the division, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such a rate as the Commissioners may determine; and in cases in which the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, not exceeding Rs. 10.

7. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass.

Penalty for infringement, not exceeding Rs. 10.

For Regulation and Management of Privies.

8. Every owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier shall give free access to the servants of the Municipality to his house, land, or premises, for the removal of any night-soil or filth, within such hours as may have been fixed on by the Municipal Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 5.

9. On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any well-privy, or other noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the said privy as may be directed in the notice; and if the orders contained in the notice be not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

[*Government Gazette*, 11*th September*, 1877.]

টাক্স আদায়কারি প্রত্যেক জন কার্য্যকারকের প্রতি টাকা চাহিবার সময়ে তাঁহার ঐ সর্টিফিকট দেখাই- বার আদেশ হইলেই তাঁহাকে তাহা দেখাইতেই হইবে।

২। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ণ দিবার আদেশ করিতে সক্ষম হইলে ও তাঁহার নামে লিখিয়া তাহা দিতে আদেশ করিলে তিনি সেই আদেশপত্র পাইবার তারিখ অবধি দুই সপ্তাহের মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফিসে ঐ তফসীল কি রিটর্ণ পাঠাইবেন। না পাঠাইলে তাঁহার ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহাকে সতর্ক করা গেলে পর আর যত দিন ত্রুটি করেন দিনপ্রতি তাঁহার আর ১ এক টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কোন কেহ মিথ্যা কি অশুদ্ধ তফসীল কি রিটর্ণ দিলে তাঁহার ২০৲ টাকা দণ্ড হইতে পারিবে। কিন্তু বৃত্তান্ত দৃষ্টে তাঁহার নামে দণ্ডবিধির আইনমতে ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিলে, এই উপবিধির কোন কথাই তাহা করিবার বাধাজনক বলিয়া জ্ঞান করিতে হইবে না।

৩। সম্পত্তি নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে, যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে, প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণবিষয়ক বিধান।

৪। কমিশ্যনরেরা যাঁহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাঁহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

৫। যাঁহারা এইক্ষণে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন, কমিশ্যন- রেরা সময়েং যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সঙ্গত সময়ের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে জামিন না দিলে, তাঁহাদের সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাদিগকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৬। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর চারি ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা নগরের সেই খণ্ড পরিষ্কার রাখিবার ওবরসিয়রের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরেরা যে হার ধরেন ঐ ব্যক্তি ওবরসিয়রকে সেই হারে ঐ মরা জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ বাড়ির স্বামিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ওবরসিয়রের প্রতি আদেশ হইলে তিনি সেই মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকার অধিক হইবে না।

৭। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়েং যে স্থান ও সময় নিরূপণ করিয়া দেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি কোন মরা জন্তু বা মরা জন্তুর কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

পাইখানার বিধান ও কার্য্যনির্ব্বাহ করণার্থ বিধি।

৮। কোন ঘরের কি ভূমির কি বাড়ির স্বামী কি প্রজা আপনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় স্থানান্তর করাইয়া না দিলে, মুনিসিপল কমিশ্যনরেরা যেং ঘণ্টা নিরূপণ করেন তিনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় সরাইয়া লইবার জন্যে মুনিসিপালিটীর চাকরদিগকে সেইং ঘণ্টার মধ্যে অবাধে আপন ঘরে কি ভূমিতে কি বাড়ীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

৯। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ির মধ্যে পাতকুয়া পাইখানা কিম্বা দুর্গন্ধ- জনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে, তিনি মুনিসিপল কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ গর্ত্তভরাট কি বন্ধ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে পনের দিনের মধ্যে কার্য্য না করা গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্ধ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১২ সেপ্টেম্বর।]

10. No owner or occupier of any house, land, or premises in or on which any privy may be situated shall allow night-soil or filth of any kind to flow or be discharged from such privy into any drain, water-course, river, tank, hollow, or excavation, or any place containing waste or stagnant water.

Penalty for infringement, not exceeding Rs. 20.

11. No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cesspool into any river, tank, khal, water-course, or receptacle for water, or dispose of the above-mentioned kinds of offensive matter, in any other way than as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement, not exceeding Rs. 20.

12. The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises, if at any time it seem to them necessary for preservation of public health, or for the prevention of infection or spread of disease: provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants, &c., at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners.

13. No person shall carry night-soil through the streets otherwise than in a closely covered receptacle, of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct.

14. No person shall perform any office of nature in any place outside private premises other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 5.

15. No person shall build, or cause to be built, or keep after prohibition by the Commissioners, any tattee, privy, cesspool, or urinal within 10 feet if constructed of bricks, and 20 feet in other cases, of any public road or street or in any compound so small as not to admit of that distance being maintained.

Penalty for infringement, not exceeding Rs. 10; penalty for continued infringement after notice, not exceeding Rs. 3 daily.

For Regulating Traffic in the Streets.

16. Every carriage or cart plying on the streets after one hour after sunset shall carry a light or lights.

Penalty for infringement, not exceeding Rs. 3.

17. No owner of any carriage shall allow it to be driven by a driver under 14 years of age.

Penalty for disobedience on the owner's part, not exceeding Rs. 5.

Regulating or prohibiting the use of Fire-balloons, Fire-works, Fire-arms, or any other missile in the vicinity of Public Roads.

18. No one shall let off any fire-balloons, fire-work, fire-arm, or any missile in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained.

Penalty for infringement, not exceeding Rs. 10.

GENERAL BYE-LAWS.

19. No person shall put, or cause to be put, on any house or other building, any spout or other thing intended for the conveyance and discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and the Commissioners shall have power to take down and alter any such spout now in existence, and to recover the costs as a debt due to the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 5.

20. No person shall construct, or place over, or by the side of any public drain any bridge, platform, building, or structure of any kind, except by, and with the written permission of, the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, not exceeding Rs. 10; and penalty for continued infringement after notice, not exceeding Rs. 3 daily.

[*Government Gazette*, 11*th September* 1877.]

১০। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ির মধ্যে পাইখানা থাকিলে, তিনি কোন নর্দ্দমায় কি জলপ্রণালীতে কিম্বা নদী বা পুষ্করিণীতে বা গর্ত্তে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও মরা জল দাঁড়ায় এমত কোন স্থানে কিম্বা অন্য কোন আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কি কোন প্রকারের ময়লা বিষয় যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

১১। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি আঁস্তাকুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলপ্রণালীতে কি জল থাকিবার স্থানে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ এই বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

১২। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চূণের কি আলকাতরার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক ও রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমত স্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক প্রভৃতি দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেই২ দ্রব্য দিতে হইবে, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ২ দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবে।

১৩। মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ যে প্রকারের ও যে আকারের আধার করিতে আদেশ করেন ও যে২ ঘণ্টার মধ্যে আদেশ করেন তদ্ভিন্ন কোন সময়ে কোন ব্যক্তি সেই প্রকারের দৃঢ়মতে বদ্ধ আধারভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

১৪। কমিশ্যনরেরা কোন ব্যক্তির স্বকীয় যে বাটী নির্দ্দিষ্ট করিয়া দেন তদ্ভিন্ন ঐ বাটীর বাহিরের কোন স্থানে কেহ মলমূত্র ত্যাগ করিবে না। কিন্তু এমত স্থলে প্রয়োজন যে কমিশ্যনরেরা ঐ স্থান তৎকার্য্যার্থে নিরূপণ করেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

১৫। কমিশ্যনরেরা নিষেধ করিলে পর কোন ব্যক্তি কোন রাজপথের বা পথের কিম্বা বাটী অতি সঙ্কীর্ণ হইলে তাহার সীমাহইতে ১০ দশ ফুটের কম দূরে ইঁটের গাঁথা ও অন্য স্থলে ২০ ফুটের কম দূরে কোন টাটি, কি পাইখানা কি আঁস্তাকুড় বা প্রস্রাব ত্যাগের স্থান প্রস্তুত করিবেন বা করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০ দশ টাকার অধিক হইবে না। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩৲ তিন টাকার অধিক হইবে না।

রাস্তায় গাড়ীপ্রভৃতি চালাওনের বিধান।

১৬। প্রত্যেক গাড়ী কি গরুর গাড়ী সূর্য্যাস্তের এক ঘণ্টা পরে রাস্তা দিয়া গেলে আলো না জ্বালিয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৩৲ টাকার অধিক হইবে না।

১৭। কোন গাড়ির স্বামী চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক কোন ব্যক্তির দ্বারা গাড়ী চালাইতে দিবেন না। স্বামী এই বিধি অমান্য করিলে তাঁহার ৫৲ পাঁচ টাকার অধিক দণ্ড হইবে না।

সরকারী রাস্তায় বা রাস্তার ধারে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক কি তীরপ্রভৃতি ছুড়িবার বিধান ও নিষেধ।

১৮। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে রাস্তার ধারে কি নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের তীরপ্রভৃতি ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

সাধারণ উপবিধি।

১৯। কোন ঘরের কি অন্য গাঁথনির ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোকদের গমনাগমনের কোন পথে জল পড়িতে পারে, কেহ এমত নল বসাইবেন না ও অন্যকে বসাইতে দিবেন না। এইক্ষণে তদ্রূপ যে নল আছে কমিশ্যনরেরা তাহা নামাইয়া পরিবর্ত্তন করিতে পারিবেন ও আপনাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ কার্য্যের খরচ আদায় করিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

২০। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন রাজকীয় নর্দ্দমার উপরে বা তাহার পার্শ্বে কোন সাঁকো কি রোয়াক কি পাকা কি অন্য প্রকারের গাঁথনি নির্ম্মাণ করিবেন না ও রাখিবেন না। ঐ অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেইরূপে গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ তিন টাকা দণ্ড হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১১ সেপ্টেম্বর।]

21. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 10; penalty for continued infringement after notice, not exceeding Rs. 3 daily.

22. No person shall prepare any channel or convey water by any channel across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 10; penalty for continued infringement after notice, not exceeding Rs. 2 daily.

23. No person shall steep in any river, khal, tank, or ditch within municipal limits, any jute, hemp, bamboos, or other vegetable matter likely to render the water of such river, khal, tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, not exceeding Rs. 5; penalty for continued infringement after notice, not exceeding Rs. 2 daily.

24. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or water-course, and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, not exceeding Rs. 10; penalty for continued infringement after notice, not exceeding Rs. 2 daily.

25. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation or other obstruction, and shall at times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, not exceeding Rs. 10; penalty for contined infringement after notice, not exceeding Rs. 5 daily.

26. No person shall let loose, or cause, or allow to be let loose, or allow to get loose any diseased worn-out animal on any highway or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, not exceeding Rs. 5.

27. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground.

Penalty for infringement, not exceeding Rs. 10.

28. No person shall bury, or cause to be buried, in any burial ground any corpse, or part of a corpse, in a grave not constructed of masoury which shall be less than six feet deep.

Penalty for infringement, not exceeding Rs. 10.

29. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than two feet from any other existing grave.

Penalty for infringement, not exceeding Rs. 10.

30. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 20.

31. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 20.

32. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, not exceeding Rs. 5.

33. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground without the permission of the Commissioners.

Penalty for infringement, not exceeding Rs. 5.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 11*th September* 1877.]

২১। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ তিন টাকা দণ্ড হইবে।

২২। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেইরূপে তাহা করিতে পারিবেন, নতুবা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘনহইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৩। কোন ব্যক্তি নগরের সীমার মধ্যবর্ত্তি কোন নদীতে কি খালে বি পুকুরে কি খানায় শণ কি পাট কি বাঁশ কি উদ্ভিজ্জ যে দ্রব্য ভিজাইয়া রাখিলে ঐ নদীর কি খালের কি পুকুরের কি খানার জল দুর্গন্ধজনক কিম্বা প্রতিবাসিদের অনিস্টজনক হয় এমত দ্রব্য ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৪। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কেহ কোন নালায় কি জলপ্রণালীতে বাধক কোন বিষয় দিবেন না, দিলে কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে সেই অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না। ও নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৫। কোন নালার কি জলপ্রণালীর তীরের কোন অংশের স্বামী কি দখীলকার সেই অংশটী সকল প্রকারের ময়লা দ্রব্য কি ঘন জঙ্গল কি অবরোধজনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন, ও সাধারণের পক্ষে পরিষ্কার করণের কোন কার্য্যহেতুক কমিশ্যনরদিগকে কি উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদের কোন চাকরদিগকে সর্ব্ব সময়ে ঐ নালায় কি জলপ্রণালীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকার অধিক হইবে না। ও নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকা।

২৬। কোন ব্যক্তি কোন রাজপথে বা যে স্থানহইতে রাজপথে যাইতে পারে এমত স্থানে কোন কগ্ন বা জীর্ণ জন্তু ছাড়িয়া দিবেন বা দেওয়াইবেন না, বা আপনি কি অন্য দ্বারা ঐ জন্তুকে এলো ভাবে যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

২৭। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে, বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে পাঁচ ফুটের কম থাকে এমত কবরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

২৮। কোন ব্যক্তি কোন গোরস্তানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর ছয় ফুটের কম গভীর হইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

২৯। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকার অধিক হইবে না।

৩০। কমিশ্যনরেরা কবরস্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি ঠিক সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

৩১। কবরে একটী শব দেওয়া গেলে কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকার অধিক হইবে না।

৩২। কোন ব্যক্তি কোন শব কি শবের কোন অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন পথ দিয়া লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকার অধিক হইবে না।

৩৩। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইলে সাধারণের ব্যবহার্য্য কোন ভূমিতে জন্তু বাঁধিবেন না ও গাড়ী সংগ্রহ করিয়া রাখিবেন না, বা ছাউনি করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাচ টাকার অধিক হইবে না।

হরেস্, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১১ সেপ্টেম্বর।]

NOTIFICATION.

The 25th August 1877.—It is hereby notified for general information that, under the provisions of Section 39 of Act IV (B.C.) of 1876, the Lieutenant-Governor has been pleased to confirm the following rules for regulating the grant of pensions and gratuities to the officers of the Calcutta Municipality, made by the Commissioners of that Municipality at a special meeting held on the 7th April 1877.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

**Pension Rules for Officers in the service of the Calcutta Municipality, as finally revised and approved by the Commissioners at a Special Meeting held on the 7th April* 1877.

1. FOR all continuous service in posts regularly sanctioned by the Corporation, except service on salaries on or below Rs. 10, pension may be granted.

2. Service does not qualify unless the officer holds a substantive office on a permanent establishment; but if an officer on a permanent establishment is detached on temporary duty, on the understanding that, when the temporary duty ceases, he will return to the permanent establishment, he continues to count service as if he had remained on the permanent establishment.

3. Press servants on the fixed establishment are entitled to pension.

4. Servants of the Corporation, whose pay is either Rs. 10 or less, are not entitled to pension, but may be allowed such gratuity as the Commissioners shall, at a special meeting, on a consideration of the circumstances, adjudge proper. Authorised leave in the case of such servants counts as continuous service.

5. Time passed under suspension, pending inquiry into conduct, counts for pension, if the suspension is immediately followed by reinstatement. Time passed under suspension adjudged as a specific penalty does not count.

6. A break in the continuity of service entails forfeiture of past service, except in the following cases :—

(*a*) Authorised leave.

(*b*) Absence prolonged after the end of leave. Provided that, if an officer remains absent for more than a week after the end of privilege leave, his past services are forfeited, unless the Chairman, or the Commissioners in meeting, as the case may be, re-appoint the officer, and make a declaration in writing that his past services, or part of them, shall qualify. Whenever the Chairman shall make such a declaration, the same shall be laid before the Commissioners at meeting for information and confirmation. If the officer remains absent for more than a month, his past services cannot count without a special order of the Commissioners in meeting.

(*c*) Suspension immediately followed by reinstatement, which need not necessarily be to the same office.

(*d*) Abolition of office not followed by a gratuity or by re-appointment within two years.

7. Resignation of service, or removal from it on account of misconduct or inefficiency, entails forfeiture of past service.

8. Compensation pension or gratuity may be awarded to an officer either when discharged from the service of the Corporation or on a reduction of establishment.

9. An invalid pension or gratuity may be awarded on retirement from the service of the Corporation to an officer who, by bodily or mental infirmity, is permanently incapacitated as established by medical certificate—

(*a*) For active employment.

(*b*) For the particular branch to which he belongs.

* These rules do not apply to officers lent to the Municipality or directly appointed by Government.

[*Government Gazette*, 11*th September* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ২৫ আগষ্ট।—কলিকাতার মুনিসিপালিটীর কমিশ্যনরগণ ১৮৭৭ সালের আপ্রিল মাসের ৭ তারিখে বিশেষ সভায় অধিবিষ্ট হইয়া ঐ মুনিসিপালিটীর কর্ম্মকারকদের পেনশ্যন ও পারিতোষিকের বিধানসূচক নিম্নলিখিত যে বিধি প্রণয়ন করিলেন, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৯ ধারার বিধানমতে তাহা অনুমোদন করিয়াছেন, এই কথা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

হরেস এ কাক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

*কলিকাতা মুনিসিপালিটীর কর্ম্মে নিযুক্ত কর্ম্মকারকদের পেনশ্যনবিষয়ক এইং বিধি ১৮৭৭ সালের আপ্রিল মাসের ৭ তারিখে কমিশ্যনরগণের বিশেষ সভায় সংশোধিত ও অনুমোদিত হইল।

১। কমিশ্যনরেরা নিয়মমতে যেং পদ স্থাপনের অনুমতি দেন, ১০৲ টাকা কি তাহার কম বেতনের পদ ছাড়া সেইং পদে যাঁহারা অবিচ্ছেদে কর্ম্ম করেন তাঁহারা পেনশ্যন পাইতে পারিবেন।

২। চিরস্থায়ী কর্ম্মকারকগণের মধ্যে কোন কর্ম্মকারকের স্থায়ি পদ না থাকিলে, তাঁহার কর্ম্ম পেনশ্যনের যোগ্য কর্ম্ম হইবে না। কিন্তু স্থায়ি কর্ম্মকারকগণের মধ্যে কোন কর্ম্মকারককে কিয়ৎকালের নিমিত্ত কোন বিশেষ কর্ম্ম করণার্থে প্রেরণ করা গেলে, ও তাহার সঙ্গে যদি এই নিয়ম থাকে যে ঐ কিয়ৎকালীন কর্ম্ম সমাপ্ত হইলে পর তাঁহাকে পুনরায় আপন স্থায়ি কর্ম্মে আসিতে হইবে, তাহা হইলে স্থায়ি কর্ম্মকারকগণের মধ্যে অবিচ্ছেদে থাকনের ন্যায় তাঁহার কর্ম্ম ধরা যাইবে।

৩। যাঁহারা স্থায়ি কর্ম্মকারকদের মধ্যে থাকিয়া ছাপাখানায় কর্ম্ম করেন তাঁহারাও পেনশ্যন পাইতে পারিবেন।

৪। মুনিসিপালিটির যে কর্ম্মকারকেরা ১০ টাকা কি তাহার কম বেতন পাইয়া থাকে তাহারা পেনশ্যন পাইবে না, কিন্তু কমিশ্যনরগন বিশেষ সভায় অধিবিষ্ট হইয়া ঐ কর্ম্মকারকদের গতিক বিশেষ বিবেচনায় যে পারিতোষিক দেওয়া উচিত বোধ করেন তাহা পাইতে পারিবে। ঐ প্রকারের কর্ম্মকারকেরা ছুটী লইলে সেই ছুটীর সময় অবিচ্ছেদ কর্ম্মের মধ্যে ধরা যাইবে।

৫। কোন ব্যক্তির আচরণের অনুসন্ধান লওনের নিমিত্তে যদি তাঁহাকে কিয়ৎকালের জন্যে কর্ম্ম হইতে অবসর করা যায় ও অনুসন্ধান হওয়ার পর যদি পুনরায় আপন পদে নিযুক্ত করা যায়, তবে তাহার কর্ম্ম স্থগিত হওন সময়ও পেনশ্যন পাইবার উপযুক্ত কর্ম্মের মধ্যে গণ্য হইবে। কিন্তু বিশেষ দণ্ডস্বরূপে কর্ম্মহইতে কিয়ৎকালের নিমিত্তে অবসর করা গেলে সেই অবসর থাকনের সময় গণ্য নয়।

৬। কর্ম্ম করিবার সময়ের বিচ্ছেদ হইলে, তৎপূর্ব্ব কালের কর্ম্ম ধরা যাইবে না। কিন্তু এইং স্থলে ধরা যাইতে পারিবে,

(ক) অনুমতি লইয়া ছুটী পাইলে।

(খ) ছুটীর পর উপস্থিত না হইলেও পূর্ব্বকর্ম্মের কাল ধরা যাইতে পারিবে। কিন্তু শেষোক্ত স্থলে প্রয়োজন যে, অনুগ্রহের ছুটীর শেষ হইলে পর যদি কর্ম্মকারক এক সপ্তাহের অধিককাল কর্ম্মে ফিরিয়া না আইসেন, তবে সভাপতি কিম্বা বিষয় বিশেষে সভাগত কমিশ্যনরেরা সেই কর্ম্মকারককে পুনরায় সেই পদে নিযুক্ত না করিলে, ও তাঁহার পূর্ব্ব কর্ম্মের কাল কি তাহার কোন অংশ পেনশ্যনের যোগ্য কর্ম্মের মধ্যে গণ্য হইবে এই মর্ম্মের নির্দ্ধারণ না লিখিলে, তাঁহার পূর্ব্ব কর্ম্ম ধরা যাইবে না। সভাপতি উক্ত প্রকারের নির্দ্ধারণ করিলে, তাহা সভাগত কমিশ্যনরদের জ্ঞানার্থে ও অনুমোদনার্থে তাঁহাদের সম্মুখে অর্পণ করা যাইবে। উক্ত কার্য্যকারক যদি ছুটীর পর এক মাসের অধিক কাল কর্ম্মে ফিরিয়া না আইসেন, তবে সভাগত কমিশ্যনরদের বিশেষ আজ্ঞা না হইলে, তাঁহার পূর্ব্বকার কর্ম্ম গণ্য হইবে না।

(গ) কর্ম্মহইতে কিয়ৎকাল অবসৃত হইলে পর সেই কিম্বা অন্য পদেও পুনশ্চ নিযুক্ত হইলে। ও

(ঘ) পদ উঠিয়া যাওয়াতে পারিতোষিক না দেওয়া গেলে কিম্বা দুই বৎসরের মধ্যে পুনরায় নিযুক্ত না হইলে, পূর্ব্ব কর্ম্মের সময় ধরা যাইতে পারিবে।

৭। কোন কর্ম্মকারক কর্ম্ম ত্যাগ করিলে, কিম্বা অসদাচার কি কর্ম্ম করিবার অযোগ্যতা হেতুক অবসর করা গেলে তাঁহার পূর্ব্বকার কর্ম্ম গণ্য নয়।

৮। কোন কর্ম্মকারককে মুনিসিপালিটীর কর্ম্মহইতে অবসর করা গেলে, কিম্বা কর্ম্মকারকদের সংখ্যা ন্যূন করণপ্রযুক্ত তাঁহার কর্ম্ম গেলে, তাঁহাকে হানিপূরণস্বরূপ পেনশ্যন বা পারিতোষিক দেওয়া যাইতে পারিবে।

৯। কোন কর্ম্মকারক শারীরিক কি মানসিক দুর্ব্বলতা হেতুক

(ক) সত্বরভাবে কর্ম্ম করিতে, কিম্বা

(খ) যে কর্ম্মবিভাগে নিযুক্ত আছেন তথায় কর্ম্ম করিতে আর সক্ষম নহেন,

চিকিৎসকের সর্টিফিকট দ্বারা ইহার প্রমাণ হইলে, মুনিসিপালিটীর কর্ম্ম ছাড়িয়া যাওন সময়ে তাঁহাকে পীড়াপ্রযুক্ত পেনশ্যন কিম্বা পারিতোষিক দেওয়া যাইতে পারিবে।

---

*কিয়ৎকালের নিমিত্ত মুনিসিপালিটীর কর্ম্ম করণার্থে যাঁহাদিগকে কিম্বা গবর্ণমেন্টকর্ত্তৃক যে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা যায় তাঁহাদের প্রতি এইং বিধি বর্ত্তে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ১১ সেপ্টেম্বর।]

10. Such retirement may be either voluntary or forced.

11. It will suffice for the Chairman to be satisfied of, and to certify to, the incapacity of officers appointed under section 36 of Act IV of 1876; and in the case of officers appointed under section 32 of the Municipal Act, it shall suffice that two-thirds of the Commissioners at a special general meeting are satisfied of the incapacity of the officer concerned.

12. Forced retirement of officers appointed under section 32 of the Municipal Act IV (B.C.) of 1876, is by that section subject to the approval of the Local Government.

13. If incapacity for further service is the result of irregular or intemperate habits, no pension or gratuity can be granted.

14. A superannuation pension or gratuity may be granted to an officer compelled to retire.

15. The amount of pension or gratuity that may be granted shall be determined by length of service as set forth below :—

(a) After a service of less than 20 years, a gratuity not exceeding one month's emoluments for each completed year of service, but not, under any circumstances, exceeding 12 months' emoluments in all, broken periods of a year not being taken into account in making the calculation.

(b) After a service of not less than 20 years, but less than 30 years, a pension not exceeding one-third of the officer's average emoluments, and also not exceeding Rs. 3,000 a year; or, if the officer's average emoluments do not exceed Rs. 12,000 a year, Rs. 2,000 a year.

(c) After a service of not less than 30 years, a pension not exceeding one-half of the officer's average emoluments, and also not exceeding Rs. 5 000 a year; or, if the officer's average emoluments do not exceed Rs. 12,000 a year, Rs. 4,000 a year.

16. The above shall be the rule ordinarily followed in respect of claims to invalid pension and gratuity. It is optional with the Commissioners in meeting to deal exceptionally with cases of a special nature.

17. A retiring pension may be granted after an approved service of not less than 35 years. It may be the same in amount as an invalid pension admissible after 30 years' service.

18. Pension and gratuity shall be calculated on the following principles, viz.—

(a) "Pay" means substantive allowances.

(b) "Emoluments" do not include personal, house, or horse allowance, or fees, or commission, or percentage drawn by officers.

(c) "Average emoluments" mean the average calculated upon the last five years of service.

19. If during the last five years of his service an officer has been absent on leave with allowances, or, having been suspended, has been reinstated without loss of service, his emoluments, for the purpose of ascertaining the average, should be taken at what they would have been had he not been absent on leave or suspended.

20. If during the last five years of his service an officer has been for a period without allowances, or suspended under such circumstances that the period of suspension does not count as service, such period should be disregarded in the calculation of the average, an equal period before the five years being included: *e.g.*—A is on leave for two years without pay. This period is not to be calculated in determining the average salary of the past five years, but an equal period immediately before the five should be included.

21. Excepting as provided in Rules 19 and 20, only emoluments actually received can be included in the calculation.

[*Government Gazette*, 11*th September* 1877.]

১০। তাঁহার সেই কর্ম্মত্যাগ স্বেচ্ছামতে হইতে পারিবে কিম্বা তাঁহাকে বলক্রমে অবসর করাণ যাইতে পারিবে।

১১। তদ্রূপ কর্ম্মকারক ১৮৭৬ সালের ৪ আইনের ৩৬ ধারামতে নিযুক্ত হইয়া থাকিলে সভাপতি তাঁহাকে কর্ম্মের অযোগ্য বলিয়া স্ববোধমতে জ্ঞান করিলে ও সেই মর্ম্মের সার্টিফিকট দিলে তাহাই প্রচুর। ঐ মুনিসিপল আইনের ৩২ ধারামতে নিযুক্ত হইয়া থাকিলে, বিশেষ সাধারণ সভায় অধিবিষ্ট কমিশ্যনরগণের তিন অংশের মধ্যে দুই অংশ ঐ কর্ম্মকারককে কর্ম্মের অযোগ্য বলিয়া স্ববোধমতে জানিলে তাহাই প্রচুর।

১২। যাঁহারা ১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপল ৪ চতুর্থ আইনের ৩২ ধারামতে নিযুক্ত হন তাঁহাদিগকে বলক্রমে কর্ম্মহইতে অবসর করাণ গেলে, ঐ ধারাক্রমে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা আছে।

১৩। কোন কর্ম্মকারক অবৈধ আচার বা মত্ততাহেতুক আর কর্ম্ম করিতে অক্ষম হইলে তাঁহাকে পেনশ্যন বা পারিতোষিক দেওয়া যাইবে না।

১৪। কর্ম্মকারককে বলক্রমে অবসর করাণ গেলে তাঁহাকে বার্দ্ধক্য কালীন পেনশ্যন বা পারিতোষিক দেওয়া যাইতে পারিবে।

১৫। কর্ম্মকারক যত বৎসর কর্ম্ম করিলেন তদ্বিবেচনায় তাঁহাকে নিম্নলিখিত নিয়মমতে পেনশ্যন বা পারিতোষিক দেওয়া যাইতে পারিবে,—

(ক) বিশ বৎসরের ন্যূনকাল কর্ম্ম করিলে, সম্পূর্ণ যত বৎসর কর্ম্ম করিলেন তত বৎসরের একং মাসের বেতনের তুল্য পারিতোষিক পাইতে পারিবেন, কিন্তু দ্বাদশ মাসের বেতনের অধিক কোন ব্যক্তিকেই দেওয়া যাইবে না ও বৎসরের ভগ্নাংশ হিসাবে ধরা যাইবে না।

(খ) বিশ বৎসরের অধিক কিন্তু ত্রিশ বৎসরের ন্যূনকাল কর্ম্ম করিলে, কর্ম্মকারক গড়ে যত বেতন পাইতেন তাহার তৃতীয়াংশ পেনশ্যন পাইতে পারিবেন কিন্তু বৎসর ৩০০০ টাকার অধিক পাইবেন না। ও কর্ম্মকারকের বেতন গড়ে বৎসর ১২০০০ টাকার অধিক না হইলে, বৎসর ২০০০ টাকার অধিক পেনশ্যন পাইবেন না।

(গ) ত্রিশ বৎসরের অন্যূন কাল কর্ম্ম করিলে পর, গড়ে যত বেতন পাইতেন তাহার অর্দ্ধেকের অনধিক পেনশ্যন পাইতে পারিবেন কিন্তু বৎসর ৫০০০ টাকার অধিক পাইবেন না ও কর্ম্মকারকের বার্ষিক বেতন গড়ে ১২০০০ টাকার অধিক না হইলে বৎসর ৪০০০ টাকার অধিক পেনশ্যন পাইবেন না।

১৬। পীড়াপ্রযুক্ত পেনশ্যন ও পারিতোষিক পাইবার দাওয়া হইলে সচরাচর পূর্ব্বোক্ত বিধিমতে কার্য্য করা যাইবে। বিশেষ কোন ব্যক্তিকে কমিশ্যনরেরা সভাগত হইয়া বিশেষ বিধান করিতে ক্ষমতাপন্ন হন।

১৭। কর্ম্মকারক ৩৫ বৎসরের অন্যূন কাল উত্তমরূপে কর্ম্ম করিলে পর কর্ম্মহইতে বিশ্রামের পেনশ্যন পাইতে পারিবেন। ৩০ বৎসর কর্ম্ম করিলে পর পীড়াপ্রযুক্ত পেনশ্যন বলিয়া যত দেওয়া যায় তত পেনশ্যন পাইতে পারিবেন।

১৮। পেনশ্যনের ও পারিতোষিকের হিসাব করণের নিয়ম এই২,—

(ক) স্থায়িরূপে যে বৃত্তি পাওয় যায় "মাহিয়ানা" শব্দে তাহা জানিতে হইবে।

(খ) কর্ম্মকারককে স্বকীয় ব্যয়ার্থে বা ঘরের ভাড়া বা ঘোড়ার খরচ বলিয়া বা ফী বা কমিশ্যনস্বরূপ বা শতকরা এত টাকার হিসাবে যে কমিশ্যন দেওয়া যায় তাহা "বেতনের" মধ্যে ধরা যায় না।

(গ) কর্ম্ম করণের শেষ পাঁচ বৎসর যে বেতন পাওযা যায় "বেতনের গড়" এই কথা দ্বারা তত্তই জানিতে হইবে।

১৯। কোন কর্ম্মকারক কর্ম্মের শেষ পাঁচ বৎসরের মধ্যে যদি বৃত্তি সহিত ছুটী লইয়া থাকেন, কিম্বা কিয়ৎকালের নিমিত্ত অবসৃত হইয়া যদি পূর্ব্ব কর্ম্মের কাল প্রবল রাখিয়া তাঁহাকে পুনরায় স্বপদে নিযুক্ত করা যায়, তবে গড়ে কত টাকা বেতন পাইতেন ইহার হিসাব করিতে গেলে, ছুটী লইয়া না যাওনের কি অবসৃত না হওনের ন্যায় সেই বেতন ধরিতে হইবে।

২০। কোন কর্ম্মকারক কর্ম্মের শেষ পাঁচ বৎসরের মধ্যে যদি কোন সময়ে বৃত্তি না পাইয়া থাকেন, কিম্বা যে ভারগ্রস্তকে কর্ম্মহইতে স্থগিত থাকেন তৎপ্রযুক্ত ঐ স্থগিত হওন সময় কর্ম্ম কালের মধ্যে গণ্য না হয়, তবে গড়ে কত টাকা বেতন পাইতেন ইহার হিসাব করিতে গেলে, ঐ সময় ধরিতে হইবে না, পরন্তু উক্ত শেষ পাঁচ বৎসরের পূর্ব্ব তত বৎসর ধরিয়া হিসাব করিতে হইবে। যথা, আনন্দ বিনা বেতনে দুই বৎসরের ছুটী লইলেন, তাঁহার বেতনের শেষ পাঁচ বৎসরের গড় ধরিতে হইলে, ঐ দুই বৎসর না ধরিয়া পাঁচ বৎসরের পূর্ব্ব দুই বৎসর সঙ্গে ধরিয়া হিসাব করিতে হইবে।

২১। ১৯ ও ২০ ধারার বিধানের স্থল ভিন্ন, অন্য সকল স্থলে ঐ হিসাব করিতে গেলে, যে বেতন যথার্থই পাওয়া গেল কেবল তাহাই ধরিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১১ সেপ্টেম্বর।]

22. If an officer has held more than one appointment in respect of each of which, if he had held it separately and alone, pension or gratuity would have been admissible to him, the pension or gratuity, or pension and gratuity, admissible to him is the sum of the several pensions or gratuities, or pensions and gratuities, which would have been admissible to him if he had held each office separately and alone. The consolidated pension thus admissible is subject to the limitations prescribed in Rule 15.

23. An officer is not entitled for service in an office conjointly with another office to any pension or gratuity which would not have been admissible to him if he had held the office separately and alone.

24. An officer who is appointed for a limited time only, or for a specified duty, on the completion of which he is discharged, has no claim to pension or gratuity.

25. An officer who is not a servant of the Municipality solely, but who holds office under Government, or some other public body, private firm, or person, or is in receipt of pension from Government, is not entitled to pension or gratuity.

26. Service as an apprentice does not qualify for pension or gratuity.

27. Periods of absence on leave, other than privilege leave, do not count as service for pension.

APPLICATIONS FOR PENSION OR GRATUITY.

28. Every officer in the service of the Municipal Commissioners shall be required to keep a service-book, being an exact copy of the office register, in which shall be entered a statement of every step in his official life, each entry being attested at the time by the Vice-Chairman or the Secretary. The following directions are given regarding the service-book :—

I The opening page should be divided for entries in the following form :—

(1) Name of officer. (2) Caste or race. (3) Residence. (4) Father's name and residence. (5) Age. (6) Exact height by measurement. (7) Personal marks for identification. (8) Date on which page is filled up. (9) Signature of officer. (10) Signature and designation of the head of the office.

The entries in this page should be renewed or re-attested at least every five years.

II. The remaining page should be divided for entries in the following form :—

(1) Name of appointment. (2) Whether substantive or acting, and whether permanent or temporary. (3) If acting, the substantive appointment should be stated. (4) Pay. (5) Acting allowance. (6) Date of commencement of appointment. (7) Signature of officer. (8) Character of officer. (9) Signature and designation of immediate superior officer. (10) Date of termination of appointment. (11) Reason of termination (such as promotion, transfer, dismissal, &c). (12) Signature of superior officer.

No entries need be made in column 8 except when there is anything especially good or bad to be recorded.

III. Leave of every description (except casual), every period of suspension from employment, and every other break of service, should be noted, with full detail of its duration, by an entry written across the page and attested by the head of the office.

IV. A service-book is supplied, at his own cost, to every officer on his first appointment.

V. Every officer is charged with the duty of seeing that his own service-book is properly kept up, and that all erasures in it are properly attested. If the book is not carefully kept up, difficulties may arise as to verification of service, should the officer afterwards apply for pension or gratuity.

29. An applicant for pension or gratuity shall submit his application to the Chairman, who, after verification of the applicant's services, shall lay the matter before a special meeting of the Commissioners.

[*Government Gazette*, 11*th September* 1877.]

২২। কোন কর্ম্মকারক একাধিক পদ ধারণ করিলে, ও ঐ প্রত্যেক ও স্বতন্ত্র পদের কর্ম্ম করিলে যদি পেনশ্যান বা পারিতোষিক পাওয়া যাইতে পারে তবে প্রত্যেক পদের কর্ম্ম স্বতন্ত্রভাবে ও একা করিলে যেই পেনশ্যান বা পারিতোষিক পাইতে পারিতেন তাঁহার প্রাপ্য পেনশ্যান বা পারিতোষিক কিম্বা পেনশ্যান ও পারিতোষিক তৎসমুদায়ের সমষ্টি হইবে। একীভূত যে পেনশ্যান এইরূপে পাওয়া যাইতে পারে তাহা ১৫ ধারার নির্দ্দিষ্ট সীমা প্রবল মানিয়া দেওয়া যাইবে।

২৩। যে পদের কর্ম্ম কেবল স্বতন্ত্র ভাবে করিলে পেনশ্যান বা পারিতোষিক পাওয়া যাইতে না পারে, অন্য পদ ধারণ কালে এরূপ পদেরও কর্ম্ম করিলে, কর্ম্মকারক সেই পদে কর্ম্মকরণ হেতুক পেনশ্যান বা পারিতোষিক পাইতে স্বত্ববান নহেন।

২৪। নির্দ্দিষ্ট কালের নিমিত্তে বা বিশেষ কোন কার্য্যের নিমিত্তে যে কার্য্যকারককে নিযুক্ত করিয়া কার্য্য শেষ হইলেই বিদায় দেওয়া যায়, তিনি পেনশ্যান কিম্বা পারিতোষিক পাইবার দাওয়া করিতে পারেন না।

২৫। কোন কর্ম্মকারক কেবল মাত্র মুনিসিপালিটীর কর্ম্ম না করিয়া গবর্ণমেন্টের কি প্রকাশ্য অন্য সমাজের কি সাধারণ কোম্পানির বা ব্যক্তির অধীনেও কর্ম্ম করিলে বা গবর্ণমেন্ট হইতে পেনশ্যান পাইয়া থাকিলে তিনি পেনশ্যান কিম্বা পারিতোষিক পাইবার দাওয়া রাখিতে পারিবেন না।

২৬। আপ্রেন্টিষস্বরূপ যে কর্ম্ম করা যায় তদ্ধেতুক পেনশ্যান বা পারিতোষিক পাওয়া যাইবে না।

২৭। অনুগ্রহের ছুটীভিন্ন অন্য ছুটীপ্রযুক্ত অনুপস্থানকাল পেনশ্যানের যোগ্য কর্ম্মের কালের মধ্যে গণ্য নয়।

পেনশ্যান কিম্বা পারিতোষিক পাইবার প্রার্থনাপত্রের কথা।

২৮। মুনিসিপল কমিশ্যনরদের কর্ম্মে নিযুক্ত প্রত্যেক কর্ম্মকারককে এক খানি সর্ব্বিস বুক, অর্থাৎ কর্ম্মসম্পর্কীয় পুস্তক রাখিতে হইবে। ইহা আফিসের রেজিষ্টরী বহীর ঠিক নকল হওয়া প্রয়োজন, তন্মধ্যে তিনি ক্রমে২ যে পদ পাইলেন তাহার কথা লেখা থাকিবে ও লিখন সময়ে প্রতিনিধি সভাপতির কি সেক্রেটরীর স্বাক্ষর করিতে হইবে। সর্ব্বিস-বুক সম্বন্ধে নিম্নলিখিত উপদেশ দেওয়া গেল।

১। দফা২ করিয়া লিখিবার নিমিত্তে প্রথম পৃষ্ঠা নিম্নলিখিতমতে ভাগ করিতে হইবে। (১) কর্ম্মকারকের নাম। (২) শ্রেণী বা জাতি। (৩) নিবাস। (৪) পিতার নাম ও নিবাস। (৫) বয়স। (৬) পরিমাণে ঠিক উচ্চতা। (৭) চিনিবার জন্য শরীরের চিহ্ন। (৮) যে তারিখে উক্ত পৃষ্ঠা লেখা গেল। (৯) কর্ম্মকারকের স্বাক্ষর। (১০) আফিসের প্রধান কর্ত্তৃপক্ষের স্বাক্ষর ও খ্যাতি।

এই পৃষ্ঠার লিখিত সকল কথা অন্ততঃ পাঁচ২ বৎসর অন্তর নূতন করিয়া লিখিতে বা স্বাক্ষর করিতে হইবে।

২। দফা২ করিয়া লিখিবার নিমিত্তে অবশিষ্ট পৃষ্ঠা নিম্নলিখিতমতে ভাগ করিতে হইবে, (১) পদের নাম, (২) স্থায়ি কি একটিং ও চিরকালীন কি কিয়ৎকালীন, (৩) একটিং হইলে, স্থায়ি পদের নাম লিখিতে হইবে, (৪) বেতন, (৫) একটিং কর্ম্মকালীন বেতন (৬) কর্ম্ম আরম্ভ হইবার তারিখ, (৭) কর্ম্মকারকের স্বাক্ষর, (৮) কর্ম্মকারকের চরিত্র, (৯) অব্যবহিত উপরিস্থ কর্ত্তৃপক্ষের স্বাক্ষর ও খ্যাতি, (১০) কর্ম্ম শেষ হইবার তারিখ, (১১) (পদবৃদ্ধি, কর্ম্মান্তরে নিয়োগ, কর্ম্মচ্যুত প্রভৃতি) যে কারণে কর্ম্ম শেষ হয়, (১২) উপরিস্থ কর্ত্তৃপক্ষের স্বাক্ষর।

বিশিষ্টরূপ ভাল কি মন্দ কোন কথা লিখিবার না থাকিলে, ৮ ঘরে কিছুই লিখিতে হইবে না।

৩। নৈমিত্তিক ছুটীভিন্ন প্রত্যেক প্রকারের ছুটী ও কর্ম্মহইতে স্থগিত থাকন, অথবা অন্য যে প্রকারে কর্ম্ম কালের বিচ্ছেদ হয় তৎসমুদায় ও তাহা যত দিন ব্যাপিয়া হয় এই পৃষ্ঠার আড়ভাবে লেখা যাইবে ও আফিসের প্রধান কর্ত্তৃপক্ষ তাহাতে স্বাক্ষর করিবেন।

৪। কর্ম্মে নিযুক্ত হইলেই প্রত্যেক কর্ম্মকারককে তাঁহার নিজ ব্যয়ে একং খানি সর্ব্বিস বুক দেওয়া যাইবে।

৫। নিজ সর্ব্বিস-বুক যথা নিয়মে রাখা যায় ও তাহার যেং স্থানে চাঁচা আছে তাহাতে উপযুক্তমতে স্বাক্ষর করা যায় প্রত্যেক জন কর্ম্মকারকের ইহা দেখিয়া লওয়া কর্ত্তব্য। সর্ব্বিস-বুক যত্নপূর্ব্বক লেখা না থাকিলে, কর্ম্মকারক পরে পেনশ্যান বা পারিতোষিক পাইবার প্রার্থনা করিলে, কর্ম্মের সত্যাকরণ সম্বন্ধে গোলযোগ উপস্থিত হইতে পারে।

২৯। পেনশ্যান বা পারিতোষিক পাইবার প্রার্থনাপত্র সভাপতি সাহেবের নিকট প্রেরণ করিতে হইবে, তিনি প্রার্থকের কর্ম্ম সম্বন্ধীয় সকল কথা নিশ্চিতমতে জানিলে কমিশ্যনরদের বিশেষ সভায় তাহা উপস্থিত করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ১১ সেপ্টেম্বর।]

MANNER OF PAYMENT.

30. When the application for pension or gratuity shall have been confirmed, or when, in case of forced retirement, the amount of pension or gratuity shall have been determined, the amount, if it be gratuity, may be paid at once, or by such instalments as the Commissioners may think fit; but if it be pension, it shall ordinarily be paid monthly at the office of the Commissioners in Calcutta to the pensioner in person, or otherwise in accordance with the following rule.

31. A pensioner who is unable to appear in consequence of bodily illness or infirmity, or is exempted from personal appearance, may receive his pension upon the production of a life-certificate signed by a responsible officer of Government, or by some other well-known and trustworthy person. In such cases the disbursing officer, who is personally responsible for any payments wrongly made, must take all possible precautions to prevent imposition, and must, before the first payment in each year, require proof not only of the existence of the pensioner, but also, if the pensioner has not been exempted from personal appearance, of his inability to attend in person to receive payment.

32. Unless specially exempted, a pensioner must take payment in person after identification by comparison with the permanent order.

33. It shall be the duty of the Finance Committee yearly to make provision in the budget estimate to meet the cost of pensions and gratuities.

34. If a pensioner or a person entitled to gratuity dies, payment of any arrear actually due may be made to his heirs, provided that they apply within six months after his death. Even if the pension or gratuity has not been sanctioned before the death of the officer, the payment may be made under the orders of the Commissioners in meeting. If an officer dies before actually retiring or being discharged, his heirs have no claim to anything.

35. Future good conduct is an implied condition of every grant of pension. The Commissioners reserve to themselves the right of withholding a pension, if the pensioner be convicted of serious crime or be guilty of grave misconduct.

36. It shall always be at the discretion of the Commissioners to suspend the above rules either in individual cases or generally.

DECLARATION.

The 1*st September* 1877.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of an outpost in Manglabagh, in the town of Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring 1 rood 22 poles, more or less, and bounded on the north by land belonging to Bodya Nath Pundit and Chowdhury Biswa Nath Dass, the *Asthan* of Mangla Takoorani, and the houses of Nand Runna and others; on the east by the road leading to the General Hospital; on the south by that leading to Bridge No. 1 of the Taldonda Canal; and on the west by the pucka house of Apartee Barick, is required within the aforesaid town of Cuttack.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 27*th August* 1877.

No. 230.—Baboo Dino Nath Sen, Executive Engineer (temporary rank), Fourth Grade, joined the Dinagepore Division on the 23rd July 1877, before noon.

No. 231.—Mr. W. McCullagh, Sub-Engineer, First Grade, joined the Bhagulpore Division on the 8th current, before noon.

[*Government Gazette,* 11*th September* 1877.]

পেনশ্যন দিবার নিয়মের কথা।

৩০। পেনশ্যন কি পারিতোষিকের প্রার্থনাপত্র অনুমোদন হইলে পর, অথবা কর্ম্মকারককে বলক্রমে কর্ম্মহইতে বিদায় দেওয়া গেলে পেনশ্যন বা পারিতোষিক স্বরূপ কত টাকা দিতে হইবে ইহা স্থির করা গেলে পর, পারিতোষিকের টাকা একবারেই কিম্বা কমিশ্যনরেরা উচিত বোধ করিলে কিস্তিং করিয়া দেওয়া যাইতে পারিবে। পেনশ্যনের টাকা মাসেং কলিকাতায় কমিশ্যনরদের আফিসে নিজ ঐ কর্ম্মকারককে কিম্বা নিম্নলিখিত বিধিমতে প্রকারান্তরে দেওয়া যাইবে।

৩১। শরীরের পীড়া কি দৌর্ব্বল্যপ্রযুক্ত পেনশ্যনপ্রাপ্ত কোন ব্যক্তি স্বয়ং উপস্থিত হইতে না পারিলে, কিম্বা তাঁহার স্বয়ং উপস্থিত না হওয়ার অনুমতি দেওয়া গেলে তিনি জীবিত থাকন সম্বন্ধে গবর্ণমেন্টের গুরু কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কর্ম্মচারির কি অন্য কোন বিখ্যাত ও বিশ্বস্ত ব্যক্তির স্বাক্ষরিত সর্টিফিকট দেখাইতে পারিলে পেনশ্যন পাইতে পারিবেন। এরূপ স্থলে যে কর্ম্মকারক ঐ টাকা বিলি করেন, তিনি ভুলক্রমে টাকা দিলে স্বয়ং দায়ী অতএব যাহাতে প্রবঞ্চনা না হইতে পারে তাঁহার এই বিষয়ে সাধ্যমতে সতর্ক থাকা আবশ্যক, ও প্রতি বৎসর প্রথম বার পেনশ্যন দেওনের পূর্ব্বে ঐ পেনশ্যনভোগি ব্যক্তি জীবিত আছেন ও তাঁহার স্বয়ং উপস্থিত না হওনের অনুমতি না থাকিলে তিনি উপস্থিত হইয়া পেনশ্যন লইতে অক্ষম ইহার প্রমাণ চাহিবেন।

৩২। পেনশ্যন ভোগি ব্যক্তির স্বয়ং উপস্থিত না হওয়ার স্পষ্ট অনুমতি না থাকিলে স্থায়ি আজ্ঞার সহিত মিলাইয়া তিনিই সেই, এই বিষয় জানা গেলে পর, তাঁহাকেই টাকা দেওয়া যাইবে।

৩৩। অর্থকোষসংক্রান্ত কমিটী বৎসরং বজেটের মধ্যে পেনশ্যন ও পারিতোষিকের খরচ ধরিবেন।

৩৪। পেনশ্যন ভোগি কি পারিতোষিক পাইবার স্বত্ববান্ কোন ব্যক্তির মৃত্যু হইলে তাঁহার যথার্থ প্রাপ্য বক্রী টাকা উত্তরাধিকারিদিগকে দেওয়া যাইতে পারিবে। কিন্তু মৃত্যুর পর ছয় মাসের মধ্যে ঐ টাকা পাইবার প্রার্থনা করা আবশ্যক। কর্ম্মকারকের মৃত্যুর পূর্ব্বে পেনশ্যন কি পারিতোষিক অনুমোদন না হইলেও সভাগত কমিশ্যনরদের আজ্ঞাক্রমে দেওয়া যাইতে পারিবে। কর্ম্মহইতে প্রকৃত অবসর গ্রহণ করিবার অথবা কর্ম্মচ্যুত হইবার পূর্ব্বে কর্ম্মকারকের মৃত্যু হইলে, তাঁহার উত্তরাধিকারিদের কিছু পাইবার অধিকার নাই।

৩৫। পেনশ্যনভোগি ব্যক্তি পরে সচ্চরিত্র থাকিবেন, ভাবতঃ এই নিয়মেই পেনশ্যন দেওয়া যায়। কোন গুরুতর অপরাধ বা অত্যন্ত অসদাচরণ নির্ণয় হইলে, পেনশ্যন রহিত করিবার স্বত্ব কমিশ্যনরদেরই রহিল।

৩৬। বিশেষ ব্যক্তির পক্ষে বা সাধারণ স্থলে কমিশ্যনরেরা সর্ব্বদা সদ্বিবেচনামতে উক্ত সকল বিধি স্থগিত রাখিতে সক্ষম থাকিবেন।

বিজ্ঞাপন।

10. On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any well-privy or other noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the said privy as may be directed in the notice; and if the orders contained in the notice be not carried out within fifteen days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

11. No owner or occupier of any house, land, or premises in or on which a privy may be situated shall allow night-soil or filth of any kind to flow or be discharged from such

তাঁহাকে সতর্ক করা গেলে পর আর যত দিন ত্রুটি করেন দিনপ্রতি তাঁহার আর ২ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কোন কেহ মিথ্যা কি অশুদ্ধ তফসীল কি রিটর্ণ দিলে তাঁহার ২০৲ টাকা দণ্ড হইতে পারিবে। কিন্তু বৃত্তান্ত দৃষ্টে তাঁহার নামে দণ্ডবিধির আইনমতে ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিলে, এই উপবিধির কোন কথাই তাহা করিবার বাধাজনক বলিয়া জ্ঞান করিতে হইবে না।

৩। সম্পত্তি নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে, যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে, প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণবিষয়ক বিধান।

৪। কমিশ্যনরেরা যাঁহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাঁহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

৫। যাঁহারা এইরূপে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন, কমিশ্যনরেরা সময়েই যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সঙ্গত সময়ের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে জামিন না দিলে, তাঁহাদের সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাদিগকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৬। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর চারি ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা ঐ বাড়ী নগরের যে খণ্ডের অন্তর্গত থাকে সেই খণ্ড পরিষ্কার রাখিবার ওবরসিয়রের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরেরা যে হার ধরেন ঐ ব্যক্তি ওবরসিয়রকে সেই হারে ঐ মরা জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ বাড়ীর স্বামিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ওবরসিয়রের প্রতি আদেশ হইলে তিনি সেই মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা

৭। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়ে২ যে স্থান ও সময় নিরূপণ করিয়া দেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি কোন মরা জন্তু বা মরা জন্তুর কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

পাইখানার বিধান ও কার্য্য নির্ব্বাহ করণার্থ বিধি।

৮। কোন ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় স্থানান্তর করাইয়া না দিলে, মুনিসিপল কমিশ্যনরেরা যে২ ঘণ্টা নিরূপণ করেন তিনি বিষ্ঠা কি মল কি দুর্গন্ধজনক অন্য বিষয় সরাইয়া লইবার জন্যে মুনিসিপালিটীর চাকরদিগকে সেই২ ঘণ্টার মধ্যে অবাধে আপন ঘরে কি ভূমিতে কি বাড়ীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

৯। প্রত্যেক জন মাটীর উপরে আপনার পাইখানা করিবেন। ও যাহা সরাইয়া লওয়া যাইতে পারে পাইখানায় কি বাড়ীর মধ্যে লৌহাদির কি মাটীর এমত উপযুক্ত পাত্র রাখিবেন।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘন হইলে ২০ টাকা দণ্ড হইবে।

১০। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকুয়া পাইখানা কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে, তিনি মুনিসিপল কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে পনের দিনের মধ্যে কার্য্য না করা গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় হইতে পারিবে।

১১। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে, তিনি এই উপবিধির ৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারের আধার ভিন্ন কোন নর্দ্দমায় কি জলপ্রণালীতে কিম্বা নদী

privy into any drain, watercourse, river, tank, hollow, or excavation (or any place containing waste and stagnant water), or into any other receptacle but one of the nature described in bye-law 9.

Penalty for infringement, Rs. 20.

12. No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cesspool into any river, tank, khal, water-course, or receptacle for water, or dispose of the above-mentioned kind of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement, Rs. 20.

13. The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises if at any time it seem to them necessary for the preservation of public health, or for the prevention of infection or spread of disease: provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants, &c., at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners.

14. No person shall carry night-soil through the streets otherwise than in a closely covered receptacle of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct.

For Regulating Traffic in the Streets.

15. Every carriage or cart plying in the streets after one hour after sunset shall carry a light or lights.

Penalty for infringement, Rs. 5.

16. No owner of any carriage shall allow it to be drawn by a driver under 14 years of age.

Penalty for disobedience on the owner's part, Rs. 10.

17. No person shall, without the permission of the Commissioners, take an elephant along any of the public roads within the limits of the Municipality, except by such routes as shall be fixed for the purpose by the Municipal Commissioners.

Penalty for infringement, Rs. 20.

18. Every cart laden with bamboos shall not use the public road within the limits of the Municipality, except the cart is attended with a driver and another man.

Penalty for infringement, Rs. 2.

For Regulating or Prohibiting the use of Fire balloons, Fire-works, Fire-arms, or Missiles in the vicinity of Public Roads.

19. No one shall let off any fire-balloons, fire-works, fire-arms, or any missile in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained.

Penalty for infringement, Rs. 10.

General Bye-laws.

20. No person shall put, or cause to be put, on any house or other buildings any spout or other thing intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and the Commissioners shall have power to take down and alter any such spout now in existence, and to recover the cost as a debt due to the Commissioners.

Penalty for infringement, Rs. 5.

21. No persons shall construct, or place over, or by the side of any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by, and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 3 daily.

22. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 5 daily.

[*Government Gazette*, 18*th September* 1877.]

বা পুষ্করিণীতে বা গর্ত্তে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও ময়লা জল দাঁড়ায় এমত কোন স্থানে কিম্বা অন্য কোন আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কি কোন প্রকারের ময়লা বিষয় যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

১২। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি আঁস্তা-কুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলপ্রণালীতে কি জল থাকিবার স্থানে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ এই বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

১৩। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চুণের কি আলকাতরার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক ও রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমত স্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক প্রভৃতি দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেই২ দ্রব্য দিতে হইবে, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ২ দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবে।

১৪। মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ যে প্রকারের ও যে আকারের আধার করিতে আদেশ করেন ও যে২ ঘন্টার মধ্যে আদেশ করেন তদ্ভিন্ন কোন সময়ে কোন ব্যক্তি সেই প্রকারের দৃঢ়মতে বন্ধ আধারভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

রাস্তায় গাড়ীপ্রভৃতি চালাওনের বিধান।

১৫। প্রত্যেক গাড়ী কি গরুর গাড়ী সূর্য্যাস্তের এক ঘন্টা পরে রাস্তা দিয়া গেলে আলো না জ্বালিয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

১৬। কোন গাড়ির স্বামী চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক কোন ব্যক্তির দ্বারা গাড়ী চালাইতে দিবেন না। স্বামী এই বিধি অমান্য করিলে তাঁহার ১০৲ দশ টাকা দণ্ড হইবে।

১৭। মুনিসিপল কমিশ্যনরেরা হস্তী লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্থির করেন তদ্ভিন্ন কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি বিনা মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সাধারণের গমনীয় কোন পথ দিয়া হস্তী লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

১৮। গরুর গাড়ীর সঙ্গে গাড়ওয়ান ও আর এক জন লোক না থাকিলে, মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সাধারণের গমনীয় কোন পথ দিয়া বাঁশ বোঝাই করিয়া গরুর গাড়ী যাইতে পারিবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২৲ দুই টাকা।

সরকারী রাস্তায় বা রাস্তার ধারে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক কি তীরপ্রভৃতি ছুড়িবার বিধান ও নিষেধ।

১৯। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে রাস্তার ধারে কি নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের তীরপ্রভৃতি ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

সাধারণ উপবিধি।

২০। কোন ঘরের কি অন্য গাঁথনির ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোক-দের গমনাগমনের কোন পথে জল পড়িতে পারে, কেহ এমত নল বসাইবেন না ও অন্যকে বসাইতে দিবেন না। এইক্ষণে তদ্রূপ যে নল আছে কমিশ্যনরেরা তাহা নামাইয়া পরিবর্ত্তন করিতে পারিবেন ও আপনাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ কার্য্যের খরচ আদায় করিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

২১। কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন রাজকীয় নর্দ্দমার উপরে বা তাহার পার্শ্বে কোন সাঁকো কি রোয়াক কি পাকা কি অন্য প্রকারের গাঁথনি নির্ম্মাণ করিবেন না ও রাখিবেন না। ঐ অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেইরূপে গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ তিন টাকা দণ্ড হইবে।

২২। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সর-কারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১৮ সেপ্টেম্বর।]

23. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

24. No person shall steep in any river, khal, tank, or ditch within municipal limits any jute, hemp, bamboos, or other vegetable matter likely to render the water of such river, khal, tank, or ditch offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rs. 5; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

25. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or watercourse, and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 4 daily.

26. Every owner, occupier, or farmer of any bazar shall, within 14 days after receipt of notice from the Commissioners, provide such latrines and urinals as in the opinion of the Commissioners may be necessary to secure the cleanliness and health of the bazar.

Penalty for infringement, Rs. 20; penalty for continued infringement, Rs. 5 daily.

27. The owner or occupier of any part of the bank of any nullah or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such nullah or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 5 daily.

28. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal on any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rs. 20.

29. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground, in a grave constructed of masonry, in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground.

Penalty for infringement, Rs. 10.

30. No person shall bury, or cause to be buried, in any burial ground any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than six feet deep.

Penalty for infringement, Rs. 10.

31. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than two feet from any other existing grave.

Penalty for infringement, Rs. 20.

32. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rs 20.

33. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 20.

34. No one shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rs. 10.

35. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 10.

HORACE A. COCKERELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 18*th September* 1877.]

২৩। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেইরূপে তাহা করিতে পারিবেন, নতুবা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৪। কোন ব্যক্তি মুনিসিপল সীমার মধ্যবর্ত্তি কোন নদীতে কি খালে কি পুকুরে কি খানায় শণ কি পাট কি বাঁশ কি উদ্ভিজ্জ যে দ্রব্য ভিজাইয়া রাখিলে ঐ নদীর কি খালের কি পুকুরের কি খানার জল দুর্গন্ধজনক কিম্বা প্রতিবাসিদের অনিষ্টজনক হয় এমত দ্রব্য ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা। ও নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৫। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কেহ কোন নালায় কি জলপ্রণালীতে বাধক কোন বিষয় দিবেন না, দিলে কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে সেই অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা। ও নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৪৲ চারি টাকা।

২৬। বাজার পরিষ্কার ও স্বাস্থ্যাবস্থায় রাখিবার নিমিত্তে কমিশ্যনরদের বিবেচনায় যেরূপ পাইখানা ও মূত্র ত্যাগের স্থান করা আবশ্যক বোধ হয় কোন বাজারের প্রত্যেক স্বামী কি দখীলকার কি ইজারদার কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে পর চৌদ্দ দিনের মধ্যে মল মূত্র ত্যাগের তদ্রূপ স্থান করিয়া দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা। বিধি লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকা দণ্ড হইবে।

২৭। কোন নালার কি জলপ্রণালীর তীরের কোন অংশের স্বামী কি দখীলকার সেই অংশটী সকল প্রকারের ময়লা দ্রব্য কি ঘন জঙ্গল কি অবরোধজনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন, ও সাধারণের পক্ষে পরিষ্কার করণের কোন কার্য্যহেতুক কমিশ্যনরদিগকে কি উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত তাঁহাদের কোন চাকরদিগকে সর্ব্ব সময়ে ঐ নালায় কি জলপ্রণালীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা। ও নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকা।

২৮। কোন ব্যক্তি কোন রাজপথে বা যে স্থানহইতে রাজপথে যাইতে পারে এমত স্থানে কোন কগ্ন বা জীর্ণ জন্তু ছাড়িয়া দিবেন বা দেওয়াইবেন না, বা আপনি কি অন্য দ্বারা ঐ জন্তুকে এলোভাবে যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

২৯। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে, বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে পাঁচ ফুটের কম থাকে এমত কবরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৩০। কোন ব্যক্তি কোন গোরস্তানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর ছয় ফুটের কম গভীর হইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৩১। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩২। কমিশ্যনরেরা কবরস্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি ঠিক সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩৩। কবরে একটী শব দেওয়া গেলে কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩৪। কোন ব্যক্তি কোন শব কি শবের কোন অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন পথ দিয়া লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৩৫। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইলে সাধারণের ব্যবহার্য্য কোন ভূমিতে জন্তু বাঁধিবেন না ও গাড়ী সংগ্রহ করিয়া রাখিবেন না, বা ছাউনি করিবেন না।

এই বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

হরেস্, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ন্‌মেন্ট গেজেট। ১৮৭৭। ১৮ সেপ্টেম্বর।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 7th September 1877.

No. 233.—*Leave of Absence.*—Baboo Madhooram, Sub-Engineer, First Grade, attached to the Chittagong Division, availed himself of the furlough granted* to him, with effect from the 23rd ultimo, before noon.

* Bengal Government, Public Works Department Notification No. 209 of the 20th July 1877.

No. 234.—Baboo Bamun Chunder Bhattacharjee, Supervisor, Second Grade, attached to the Hazareebaugh Division, for one year, on medical certificate, under Supplement F, Section 3, with effect from the 15th August 1877, before noon.

No. 235.—Baboo Nobin Chunder Biswas, Overseer, First Grade, Orissa Division, is allowed privilege leave for three months, under Civil Leave Code, Supplement F, Section 12.

No. 236.—The under-mentioned officer has been allowed an extension of his furlough by the Secretary of State for India:—

J. S. Heyman, Executive Engineer, First Grade, Public Works Department, for six months.

No. 237.—*Notification.*—Baboo Mutty Lall Roy, Overseer, Third Grade, joined the Ganges and Darjeeling Road Division on the 22nd August 1877, before noon.

No. 238.—*Transfers.*—Baboo Kader Nath Dass, Overseer, First Grade, from the Presidency to the Chittagong Division.

No. 239.—Baboo Sushi Sekhur Bannerjee, Accountant, Fourth Grade, from the Byturnee to the Upper Gunduck Division.

No. 240.—Baboo Haran Chunder Bose, Accountant, Fourth Grade, from the Upper Gunduck to the Mozufferpore Division.

No. 241.—Baboo Rammessur Dass, Accountant, Fourth Grade, from the Chittagong to the Bhagulpore Division.

No. 242.—Baboo Shama Churn Ghose, Accountant, Fourth Grade, from the Upper Gunduck to the Central Office of Accounts, Bengal.

The 11th September 1877.

No. 243.—*Appointment.*—Mr. T. Beatty, Executive Engineer (temporary rank), Fourth Grade, attached to the Burdwan Division, to officiate as Executive Engineer of the Orissa Division as a temporary measure, or until further orders.

G. A. D. ANLEY, C. E.,
Asst. Secy. to the Govt. of Bengal,
in the Public Works Dept.

IRRIGATION.

NOTIFICATION,—ESTABLISHMENT.

The 5th September 1877.

No. 268.—*Notifications.*—With reference to the orders marginally noted, Mr. A. Sneddon, Sub-Engineer, First Grade, left the Cossye Division on the forenoon of the 29th August 1877, to join the State Railways at Mooltan.

No. 229, dated 31st July 1877.

No. 269.—With reference to the orders marginally noted, Mr. A. Hayes, Assistant Engineer, Second Grade, left the Cossye Division on the forenoon of the 20th August 1877, and left Calcutta for Madras on the 26th idem.

No. 248, dated 13th August 1877.

[*Government Gazette,* 18*th September* 1877.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেন্ট ।

সিরিশ্‌তা বিষয়ক ।

১৮৭৭ সাল ৭ সেপ্টেম্বর ।

২৩৩ নম্বর ।—ছুটী ।—চট্টগ্রাম খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত মধুরাম বাবু যে নিয়মিত ছুটী পান * তাহা গত মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন ।

* বঙ্গদেশের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৭ সালের ২০ জুলাইর ২০৯ নং বিজ্ঞাপন ।

২৩৪ নম্বর ।—হাজারীবাগ খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু বামনচন্দ্র ভট্টাচার্য্য চিকিৎসকের সর্টিফিকটক্রমে F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৭ সালের আগষ্ট মাসের ১৫ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি এক বৎসর ছুটী পাইয়াছেন ।

২৩৫ নম্বর ।—উড়িষ্যা খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু নবীনচন্দ্র বিশ্বাস সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন ।

২৩৬ নম্বর ।—ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব নিম্নলিখিত কার্য্যকারককে আরো নিয়মিত ছুটী দিয়াছেন ।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস, হেমান সাহেবকে ছয় মাস ।

২৩৭ নম্বর ।—বিজ্ঞাপন ।—তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু মতিলাল রায় ১৮৭৭ সালের ২২ আগষ্টের পূর্ব্বাহ্নে গাঙ্গেস ও দার্জ্জিলিঙ্গ রোড খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন ।

২৩৮ নম্বর ।—স্থানান্তরে নিয়োগ ।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু কেদারনাথ দাস রাজধানী খণ্ডহইতে চট্টগ্রাম খণ্ডে প্রেরিত হইলেন ।

২৩৯ নম্বর ।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু শশীশেখর বন্দ্যোপাধ্যায় বৈতরণী খণ্ডহইতে উত্তর গণ্ডক খণ্ডে প্রেরিত হইলেন ।

২৪০ নম্বর ।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু হারাণচন্দ্র বসু উত্তর গণ্ডক খণ্ডহইতে মজফ্ফরপুর খণ্ডে প্রেরিত হইলেন ।

২৪১ নম্বর ।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু রামেশ্বর দাস, চট্টগ্রাম খণ্ডহইতে ভাগলপুর খণ্ডে প্রেরিত হইলেন ।

২৪২ নম্বর ।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু শ্যামাচরণ ঘোষ উত্তর গণ্ডক খণ্ডহইতে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে প্রেরিত হইলেন ।

১৮৭৭ সাল ১১ সেপ্টেম্বর ।

২৪৩ নম্বর ।—নিয়োগ ।—বর্দ্ধমান খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত টি, বিয়াটী সাহেব, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কিয়ৎকালের নিমিত্তে উড়িষ্যা খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন ।

জি, এ, ডি, আন্‌সলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী ।

জলসেচন সম্পর্কীয় ।

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন ।

১৮৭৭ সাল ৫ সেপ্টেম্বর ।

২৬৮ নম্বর ।—বিজ্ঞাপন ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত এ, স্নেডন সাহেব, মুলতান ষ্টেট রেলওয়েতে কর্ম্মগ্রহণার্থে ১৮৭৭ সালের ২৯ আগষ্টের পূর্ব্বাহ্নে কাঁসাই খণ্ডহইতে গমন করিলেন ।

১৮৭৭ সালের ৩১ জুলাইর ২২৯ নং ।

২৬৯ নম্বর ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, হেস সাহেব, মান্দ্রাজে গমনার্থে ১৮৭৭ সালের ২০ আগষ্টের পূর্ব্বাহ্নে কাঁসাই খণ্ড ত্যাগ করিয়া ঐ মাসের ২৬ তারিখে কলিকাতাহইতে যাত্রা করিলেন ।

১৮৭৭ সালের ১০ আগষ্টের ২৪৩ নং ।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৭৭ । ১৮ সেপ্টেম্বর ।]

No. 270.—With reference to the orders marginally noted, Mr. G. A. G. Shawe, Assistant Engineer, Second Grade, attached to the South-Western Circle, reported his departure for Madras on the forenoon of the 25th August 1877.

No. 243, dated 18th August 1877.

The 6th September 1877.

No. 271.—*Transfers.*—The undermentioned Upper Subordinates are transferred, in the interests of the public service, from the South-Western to the Sone Circle :—

Baboo Bama Churn Paramanick, Sub-Engineer, Second Grade.
„ Shoshi Bhusan Ghose, Sub-Engineer, Third Grade.
„ Chundra Bhusan Dutt, Overseer, First Grade.
„ Lukhun Chunder Chatterjee, Overseer, Second Grade.

The 7th September 1877.

No. 273.—With reference to the orders marginally noted, Sergeant W. H. Mills, Overseer, First Grade, left the Buxar Division on the afternoon of the 28th August 1877, to join the State Railways at Mooltan.

No. 229, dated 31st July 1877.

The 8th September 1877.

No. 274.—*Leave.*—Baboo Bhagirath Dass, Overseer, First Grade, Northern Drainage and Embankment Division, is granted sick leave for two months, under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of the same.

Dated 10th September 1877.

No. 275.—*Notifications.*—Lieutenant R. H. Browne, R.E., Assistant Engineer, Second Grade, Eastern Sone Division, returned to duty on the afternoon of the 24th August 1877 from the privilege leave granted him in the orders marginally noted.

No. 140, dated 26th April 1877.

No. 277.—Baboo Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade, joined the Lower Gunduck Embankment Division on the forenoon of 30th August 1877.

No. 278.—The Lieutenant-Governor is pleased to order the immediate abolition of the Balasore Survey Division of the South-Western Circle.

No. 279.—The Lieutenant-Governor is pleased to order the immediate amalgamation of the Upper and Lower Gunduck Embankment Divisions of the South-Western Circle.

The combined division will be called the Gunduck Division, with head-quarters at Mozufferpore.

No. 280.—*Transfer.*—Mr. J. C. Vertannes, Executive Engineer, First Grade, is transferred, in the interests of the public service, from the late Balasore Survey to the Gunduck Division, Mr. Vertannes to be in charge of the Gunduck Division.

No. 281.—*Notifications.*—The Lieutenant-Governor is pleased to order the immediate abolition of the Cuttack Workshop Division of the Orissa Circle as a separate division.

No. 282.—The Lieutenant-Governor is pleased to order the immediate amalgamation of the Brahminee and Byturnee Divisions of the Orissa Circle.

The combined division will be called the Brahminee-Byturnee Division.

No. 283.—Mr. J. Campbell, Executive Engineer, Third Grade, Byturnee Division, to be Executive Engineer in charge of the Brahminee-Byturnee Division until further orders.

No. 284.—The services of Mr. G. T. St. A. Nixon, Assistant Engineer, Second Grade, Eastern Sone Division, being required for famine relief works in the Madras Presidency, the unexpired portion of the leave to study the native languages granted him in the orders marginally noted is hereby cancelled.

No. 256, dated 27th August 1877.

No. 285.—With reference to the orders marginally noted, the unexpired portion of the privilege leave granted to Mr. G. F. Moore, Probationary Assistant Engineer, Third Grade, Lower Gunduck Embankment Division, is hereby cancelled, his services being required for famine relief works in the Madras Presidency.

No. 215, dated 17th July 1877.

[*Government Gazette*, 18*th September* 1877.]

২৭০ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দক্ষিণ-পশ্চিমখণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এ, জি, শা সাহেব ১৮৭৭ সালের ২৫ আগষ্টের পূর্ব্বাহ্নে মান্দ্রাজে গমন করিলেন।

১৮৭৭ সালের ১৩ আগষ্টের ২৪৩ নং।

১৮৭৭ সাল ৬ সেপ্টেম্বর।

২৭১ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—নিম্নলিখিত উচ্চতর সবর্ডিনেটেরা রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে দক্ষিণ-পশ্চিমচক্র হইতে সোণচক্রে প্রেরিত হইলেন।

দ্বিতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু বামাচরণ পরামাণিক।
তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু শশীভূষণ ঘোষ।
প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু চন্দ্রভূষণ দত্ত।
দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু লক্ষ্মণচন্দ্র চট্টোপাধ্যায়।

১৮৭৭ সাল ৭ সেপ্টেম্বর।

২৭৩ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জেণ্ট শ্রীযুত ডবলিউ, এচ, মিলস সাহেব, মুলতান ষ্টেট রেলওয়েতে কর্ম্ম-গ্রহণার্থে ১৮৭৭ সালের ২৮ আগষ্টের অপরাহ্নে বক্সার খণ্ডহইতে গমন করিলেন।

১৮৭৭ সালের ৩১ জুলাইর ২২৯ নং।

১৮৭৭ সাল ৮ সেপ্টেম্বর।

২৭৪ নম্বর।—ছুটী।—উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু ভগীরথ দাস, পীড়াপ্রযুক্ত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F, চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৭ সাল ১০ সেপ্টেম্বর।

২৭৫ নম্বর।—বিজ্ঞাপন।—পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট শ্রীযুত আর, এচ, ব্রৌন্ সাহেব, আর, ই, পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে ১৮৭৭ সালের ২৪ আগষ্টের অপরাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন।

১৮৭৭ সালের ২৬ আপ্রিলের ১৪০ নং।

২৭৭ নম্বর।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু ১৮৭৭ সালের ৩০ আগষ্টের পূর্ব্বাহ্নে দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২৭৮ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব দক্ষিণ-পশ্চিম চক্রের অন্তর্গত বালেশ্বরের জরীপী খণ্ড অবিলম্বে উঠাইয়া দিবার আজ্ঞা করিলেন।

২৭৯ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব দক্ষিণ-পশ্চিম চক্রের অন্তর্গত উত্তর ও দক্ষিণ গণ্ডক বাঁধখণ্ড অবিলম্বে সংযোগ করিবার আজ্ঞা করিলেন।

এই সংযুক্ত খণ্ড গণ্ডক খণ্ড নামে খ্যাত হইবে। তাহার সদরস্থান মজফরপুর।

২৮০ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, বর্টেনেস সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ভূত পূর্ব্ব বালেশ্বর জরীপী খণ্ডহইতে গণ্ডক খণ্ডে প্রেরিত হইলেন।

শ্রীযুত বর্টেনেস সাহেব গণ্ডক খণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইবেন।

২৮১ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, উড়িষ্যাচক্রের অন্তর্গত কটকের কারখানা খণ্ড স্বতন্ত্র খণ্ড বলিয়া অবিলম্বে উঠাইয়া দিবার আজ্ঞা করিলেন।

২৮২ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উড়িষ্যা চক্রের অন্তর্গত ব্রাহ্মণী ও বৈতরণী খণ্ড অবিলম্বে সংযোগ করণের আজ্ঞা করিলেন।

এই সংযুক্ত খণ্ড ব্রাহ্মণী-বৈতরণী খণ্ড নামে খ্যাত হইবে।

২৮৩ নম্বর।—বৈতরণী খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, কাম্বেল সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ব্রাহ্মণী-বৈতরণী খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

২৮৪ নম্বর।—মান্দ্রাজ প্রেসিডেন্সীর দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যের নিমিত্তে পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, টি, সেণ্ট, এ নিক্সন সাহেবকে প্রয়োজন হওয়াতে, তিনি পার্শ্বলিখিত আজ্ঞামতে এদেশীয় ভাষাভ্যাস করিবার নিমিত্তে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৭ সালের ২ আগষ্টের ২৫৬ নং।

২৮৫ নম্বর।—মান্দ্রাজ প্রেসীডেন্সীর দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যের নিমিত্তে দক্ষিণ গণ্ডক বাঁধ খণ্ডের তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এফ, মুর সাহেবকে প্রয়োজন হওয়াতে তিনি পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৭ সালের ১৭ জুলাইর ২১৫ নং।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১৮ সেপ্টেম্বর।]

No. 286.—The orders marginally noted, granting three months' privilege leave to Colonel G. A. Searle, s.c., Assistant Secretary to the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, are hereby cancelled.

No. 264, dated 28th August 1877.

No. 287.—*Transfers.*—Under instructions from the Government of India, Public Works Department, the under-mentioned Officers and Upper Subordinates of the Bengal Irrigation Branch are temporarily transferred to Madras for employment on famine relief works:—

Colonel G. A. Searle, M.S.C., Executive Engineer, First Grade.

From the Orissa Circle:

Mr. G H. Faulkner, Executive Engineer, Second Grade.
,, T. R. Roberts, Executive Engineer, Fourth Grade (temporary rank).
,, J. W. Kehoe, Supervisor, Second Grade.
,, R. B. Claudius, Overseer, First Grade.
Baboo C. Ruthnum Pillay, Overseer, First Grade.

From the Sone Circle:

Mr. G. T. St. A. Nixon, Assistant Engineer, Second Grade.
Lieutenant A. C. Foley, R.E., ditto ditto.
Sergeant C. J. Clarke, Supervisor, Second Grade.
Mr. T. H. Girling, ditto ditto.
Sergeant G. Austin, Overseer, First Grade.
Mr. P. Grieff, Probationary Overseer, Second Grade.

From the South-Western Circle:

Mr. J P. Armstrong, Executive Engineer, Second Grade.
,, A. J. Hughes, ditto, ditto.
,, W. J. Fahie, ditto, Third Grade.
,, F. B. Pemberton, ditto, ditto.
,, R. A. Oldham, ditto, Fourth Grade (temporary Third Grade).
,, W. G. L. Cotton, ditto, ditto.
,, G. F Moore, Probationary Assistant Engineer, Third Grade.
,, R. D. Ewing, Supervisor, Second Grade.
,, O. W. Palmer, ditto ditto.
,, W. W. H. Leslie, Overseer, First Grade.

No. 288.—*Promotions.*—The temporary promotions of the officers of the Engineer Establishment, which were gazetted in the orders marginally noted, will have effect from the 8th April 1877, *vice* Major J. M. McNeile, R.E., Executive Engineer, First Grade (proceeded on leave), instead of from the 14th idem, *vice* Major Heywood, R.E. (promoted).

No. 162, dated 11th May 1877.

No. 289.—In continuation of the orders noted in the margin, the Lieutenant-Governor is pleased to make the following *temporary* promotion with effect from the 8th April 1877:—

No. 162, dated 11th May 1877.
,, 288, dated 10th September 1877.

Baboo Omirto Lall Roy Chowdry, from Assistant Engineer, Second Grade, to temporary Assistant Engineer, First Grade.

No. 290.—The Lieutenant-Governor is pleased to make the following temporary promotions in the Engineer Establishment of the Irrigation Branch, with effect from the 14th April 1877, *vice* Major J. M. Heywood, R.E., promoted to Superintending Engineer, Third Grade (temporary rank):—

Mr. A. J. Hughes, from Executive Engineer, Second Grade, to First Grade (temporary rank).

[*Government Gazette*, 18*th September* 1877.]

২৮৬ নম্বর।—বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার আসিষ্টাণ্ট সেক্রেটরি, কর্ণেল শ্রীযুত জি, এ, শেরল সাহেব, এস, সি, পার্শ্বলিখিত আজ্ঞামতে যে তিন মাস অনুগ্রহের ছুটী পান তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৭ সালের ২৮ আগষ্টের ২৬৪ নং।

২৮৭ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আদেশমতে বঙ্গদেশের জলসেচন শাখার নিম্নলিখিত কার্য্যকারকেরা ও উক্ততর সবর্ডিনেটেরা দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যে নিযুক্ত হওনার্থে কিয়ৎকালের নিমিত্তে মান্দ্রাজে প্রেরিত হইলেন।

প্রথম শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত জি, এ, শেরল সাহেব, এম, এস, সি।

উড়িষ্যা চক্রহইতে

দ্বিতীয় শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এচ, ফল্‌কনর সাহেব।
কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত টি, আর, রবর্টস সাহেব।
দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত জে, ডবলিউ, কেহো সাহেব।
প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর, বি, ক্লডিয়স সাহেব।
প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু সি, রথনম পিলে।

সোণ চক্র হইতে।

দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, টি, সেণ্ট এ, নিক্সন সাহেব।
ঐ ঐ ঐ লেপ্টেনেণ্ট শ্রীযুত এ, সি, ফলি সাহেব, আর, ই।
দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সর্জেণ্ট শ্রীযুত সি, জে, ক্লার্ক সাহেব।
ঐ ঐ শ্রীযুত টি, এচ, গার্লিং সাহেব।
প্রথম শ্রেণীর ওবরসিয়র সর্জেণ্ট শ্রীযুত জি, অষ্টিন সাহেব।
দ্বিতীয় শ্রেণীর প্রোবেশনরি ওবরসিয়র শ্রীযুত পি, প্রাইস সাহেব।

দক্ষিণ-পশ্চিম চক্রহইতে।

দ্বিতীয় শ্রেণীর একুসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, আর্মষ্ট্রং সাহেব।
ঐ ঐ ঐ ,, এ, জে, হিউস সাহেব।
তৃতীয় শ্রেণীর ঐ ঐ ,, ডবলিউ, জে, ফাহি সাহেব।
ঐ ঐ ঐ ,, এফ, বি, পেম্বরটন সাহেব।
চতুর্থ শ্রেণীর (কিয়ৎকালীন তৃতীয় শ্রেণীর) একুসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, এ, ওলডহাম সাহেব।
ঐ ঐ ঐ ঐ ,, ডবলিউ, জি, এল, কটন সাহেব।
তৃতীয় শ্রেণীর প্রেবেশনরি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এফ, মূর সাহেব।
দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত আর, ডি, ইউইং সাহেব।
ঐ ঐ ,, ও, ডবলিউ, পীমর সাহেব।
প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত ডবলিউ, ডবলিউ, এচ, লেসলি সাহেব।

২৮৮ নম্বর।—পদবৃদ্ধির কথা।—ইঞ্জিনিয়র সিরিশ্‌তার কার্য্যকারকদের কিয়ৎকালীন পদ বৃদ্ধির যে কথা পার্শ্বলিখিত আজ্ঞাতে গেজেটে প্রকাশ করা যায় তাহা মেজর শ্রীযুত হেউড, আর, ই, সাহেবের পদবৃদ্ধি হইবার অর্থাৎ ১৮৭৭ সালের আপ্রিল মাসের ১৪ তারিখ অবধি না হইয়া প্রথম শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, এম, মাকলীন, আর, ই, সাহেবের ছুটী লইয়া গমনের তারিখ অবধি অর্থাৎ ঐ মাসের ৮ তারিখ অবধি সফল হইবে।

১৮৭৭ সালের ১১ মের ১৬২ নম্বর।

২৮৯ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পার্শ্বলিখিত আজ্ঞাতিরিক্ত ১৮৭৭ সালের আপ্রিল মাসের ৮ তারিখ অবধি নিম্নলিখিত কিয়ৎকালীন পদবৃদ্ধি করিলেন।

১৮৭৭ সালের ১১ মের ১৬২ নং।
১৮৭৭ সালের ১০ সেপ্টেম্বরের ২৮৮ নং।

শ্রীযুত বাবু অমৃতলাল রায় চৌধুরী দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রহইতে কিয়ৎকালীন প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়রের পদে।

২৯০ নম্বর।—মেজর শ্রীযুত জে, এম, হেউড, সাহেব আর, ই, কিয়ৎকালীন তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের পদভুক্ত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৭ সালের ১৪ আপ্রিল অবধি জল সেচন শাখার ইঞ্জিনিয়র সিরিশ্‌তার কর্ম্মকারকদের নিম্নলিখিত কিয়ৎকালীন পদবৃদ্ধি করিলেন।

শ্রীযুত এ, জে, হিউস সাহেব, দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রহইতে কিয়ৎকালীন প্রথম শ্রেণীর পদে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১৮ সেপ্টেম্বর।]

Mr. J. Campbell, from Executive Engineer, Third Grade, to Second Grade (temporary rank).

Mr. W. G. L. Cotton, from Executive Engineer, Fourth Grade, to Third Grade (temporary rank).

Mr. J. F. Williamson, from Assistant Engineer, First Grade, to Executive Engineer, Fourth Grade (temporary rank).

Lieutenant R. H. Brown, R.E., from Assistant Engineer, Second Grade, to First Grade (temporary rank).

No. 291.—The Lieutenant-Governor is pleased to make the following permanent promotions in the Upper and Lower Subordinate Establishments of the Irrigation Branch, with effect from the 1st January 1877:—

UPPER SUBORDINATE ESTABLISHMENT.

To Sub-Engineers, Third Grade:

Baboo Madhub Chunder Chatterjee, Supervisor, First Grade.
Mr. H. Gearing, Supervisor, Second Grade.

To Supervisors, First Grade:

Baboo Parbutty Churn Mitter, Supervisor, First Grade (temporary rank).
Mr. J. C. Coxe, Supervisor, Second Grade.
Baboo Gopaul Chunder Daw, Supervisor, Second Grade.

To Supervisors, Second Grade:

Sergeant G. Austin, Overseer, First Grade.
Mr. T. Gleeson, ditto.
" W. W. H. Leslie, ditto.
" J. J. Atkinson, ditto.

To Overseers, First Grade:

Mr. J. R. Latimer, Overseer, First Grade (temporary rank).
Baboo Tariny Churn Sircar, Overseer, Second Grade.
" Toolsee Dass Roy, Overseer, Second Grade.
" Gopaul Chunder Mookerjee, Overseer, Second Grade.
" Lukhun Chunder Chatterjee, Overseer, Second Grade.

To Overseers, Second Grade:

Baboo Dukhinarunjun Mookerjee, Overseer, Second Grade (temporary rank).
" Subha Roydoo Naidoo, Overseer, Third Grade.
Mr. J. Tyndall, Overseer, Third Grade.

LOWER SUBORDINATE ESTABLISHMENT.

To Sub-Overseers, First Grade:

Baboo Bholanath Ghose, Sub-Overseer, Second Grade.
" Aukhoy Coomar Roy, ditto, ditto.
Mr. E. B. Haughton, ditto, ditto.
" R. Atkins, ditto, ditto.
Baboo Daniel Sahoo, ditto, ditto.
" Dwarka Nath Ghose, ditto, ditto.
" A. Peermaloo Pillay, ditto, ditto.

No. 292.—*Appointment.*—Baboo B. Kamajee, Probationary Overseer, Third Grade, Brahminee Division, is permanently appointed to the Public Works Department in that grade.

F. T. HAIG, *Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal in the P. W. Dept., Irrigation Branch.

[*Government Gazette*, 18*th September* 1877.]

শ্রীযুত জে, কাম্বেল সাহেব, তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রহইতে কিয়ৎকালীন দ্বিতীয় শ্রেণীর পদে।

শ্রীযুত ডবলিউ, জি, এল, কটন সাহেব, চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রহইতে কিয়ৎকাল ন তৃতীয় শ্রেণীর পদে।

শ্রীযুত জে, এফ, উলিয়মসন সাহেব, প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের পদহইতে কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রের পদে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত আর, এচ, ব্রৌন সাহেব, আর, ই, দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়রের পদহইতে কিয়ৎকালীন প্রথম শ্রেণীর পদে।

২৯১ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি জলসেচন শাখার উচ্চতর ও নিম্নতর সবর্ডিনেট সিরিশ্‌তার কর্ম্মকারকদের নিম্নলিখিত স্থায়ী পদ বৃদ্ধি করিলেন।

উচ্চতর সবর্ডিনেট সিরিশ্‌তা।

প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায়,
দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত এচ, জিয়ারিং সাহেব,

তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র হইবেন।

(কিয়ৎকালীন) প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু পার্ব্বতীচরণ মিত্র,
দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত জে, সি, কক্স সাহেব,
ঐ ঐ ,, বাবু গোপালচন্দ্র দাঁ,

প্রথম শ্রেণীর সুপরবাইসর হইবেন।

প্রথম শ্রেণীর ওবরসিয়র সর্জেণ্ট শ্রীযুত জি, আষ্টিন সাহেব,
ঐ ঐ শ্রীযুত টি, গ্লীসন সাহেব,
ঐ ঐ ,, ডবলিউ, ডবলিউ, এচ, লেসলি সাহেব,
ঐ ঐ ,, জে, জে, আটকিন্সন সাহেব

দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর হইবেন।

(কিয়ৎকালীন) প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত জে, আর, লাটিমর সাহেব,
দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু তারিণীচরণ সরকার,
ঐ ঐ ,, ,, তুলসীদাস রায়,
ঐ ঐ ,, ,, গোপালচন্দ্র মুখোপাধ্যায়,
ঐ ঐ ,, ,, লক্ষ্মণচন্দ্র চট্টোপাধ্যায়

প্রথম শ্রেণীর ওবরসিয়র হইবেন।

(কিয়ৎকালীন) দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়
তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু সুভা রয়চু মৈচু
,, ,, ,, জে, টিণ্ডেল সাহেব,

দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র হইবেন।

নিম্নতর সবর্ডিনেট সিরিশ্‌তা।

দ্বিতীয় শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু ভোলানাথ ঘোষ,
ঐ ঐ ,, ,, অক্ষয়কুমার রায়,
ঐ ঐ ,, ই, বি, হটন সাহেব,
ঐ ঐ ,, আর, আটকিন্স সাহেব,
ঐ ঐ ,, বাবু দানিয়েল সাহু,
ঐ ঐ ,, ,, দ্বারকানাথ ঘোষ,
ঐ ঐ ,, এ, পারমালু পিলে,

প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র হইবেন।

২৯২ নম্বর।—নিয়োগ।—ব্রাহ্মণীখণ্ডের তৃতীয় শ্রেণীর প্রবেশনরী ওবরসিয়র শ্রীযুত বাবু বি, কামাজী পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে সেই শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ১৮ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 25, 1877.

মঙ্গলবার ১৮৭৭ সাল ২৫ সেপ্টেম্বর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

NOTICE.

The 18*th September* 1877.—The attention of Shippers and Dealers in grain is drawn to the fact that the selling price of rice in Nellore last week was 5·5 seers (of 80 tolahs each) per rupee. The landing arrangements at Kottapatam are believed to be adequate to the discharge of 4,000 to 5,000 bags daily. Grain could also probably be landed without difficulty at other Nellore ports.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

No. 4789A.

GENERAL.—*The* 10*th September* 1877.—Mr. J. Samuel Armstrong, Magistrate and Collector, Pooree, is appointed to act in the First Grade of Magistrates and Collectors until further orders.

Mr. F. Wyer, Officiating Magistrate and Collector, Bogra, is appointed to act in the First Grade of Magistrates and Collectors until further orders.

Mr. C. F. Worsley, Magistrate and Collector, Mozufferpore, is appointed to act in the First Grade of Magistrates and Collectors until further orders.

Mr. D. W. McTestro, Officiating Magistrate and Collector, Gya, is appointed to act in the Second Grade of Magistrates and Collectors until further orders.

Mr G Toynbee, Officiating Magistrate and Collector, Patna, is appointed to act in the Second Grade of Magistrates and Collectors until further orders.

Mr. J F. Bradbury, Officiating Magistrate and Collector, Mymensingh, is appointed to act in the Second Grade of Magistrates and Collectors until further orders.

Mr. A. J. Primrose, Assistant Magistrate and Collector, Hajeepore, is appointed to act until further orders as a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, *vice* Mr. C. J O'Donnell.

Baboo Kedar Nath Dutt is appointed to act until further orders as a Deputy Magistrate and Deputy Collector in the Rajshahye and Cooch Behar Division, *vice* Mr H. Rattray, and is posted to Bogra.

Moulvi Abdool Wassay Ahmed, Officiating Sub-Deputy Collector, Jungypore, Moorshedabad, is appointed to act until further orders as a Deputy Magistrate and Deputy Collector in the Chota Nagpore Division, *vice* Mr. W. N. Campbell.

Mr. H. F. J. Kean, Officiating Magistrate and Collector of Chumparun, is allowed leave for two months, under Section 14, Chapter IV of the Civil Leave Code.

Mr. H. G. Sharp, Officiating Joint-Magistrate and Deputy Collector, is appointed to act as Magistrate and Collector of Chumparun during the absence, on leave, of Mr. H. F. J. Kean, or until further orders.

Baboo Koilas Chunder Ghose, Special Deputy Collector, Midnapore, is appointed to the Sixth Grade of Deputy Magistrates and Deputy Collectors.

The 11*th September* 1877.—Mr. J. T. Jarbo, Officiating Deputy Magistrate and Deputy Collector, Chittagong Hill Tracts, is allowed leave for fourteen days, under Section 12-2, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 20th ultimo.

Mr. J. E. A. Eyre, Deputy Magistrate and Deputy Collector, Banka, Bhagulpore, is removed from the service of Government, with effect from the 24th August 1877.

The 12*th September* 1877.—The services of Mr. F. H. B. Skrine, Officiating Joint-Magistrate and Deputy Collector, First Grade, Nuddea, are placed temporarily at the disposal of the Government of Madras for famine relief duty.

[*Government Gazette*, 25*th September* 1877.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর।—চাউলের মহাজন ও রপ্তানীকারকদিগকে এই কথা জ্ঞাত করা যাইতেছে যে, গত সপ্তাহে নেলোরে টাকায় (৮০ তোলার সেরে) /৫।। সের করিয়া চাউল বিক্রয় হইয়াছে। কোটাপট্টাম বন্দরে যে বন্দোবস্ত করা গিয়াছে তদ্দ্বারা বোধ হয় প্রতিদিন ৪০০০ কি ৫০০০ বস্তা চাউল নৌকাদিহইতে নামাইয়া লওয়া যাইতে পারিবে। নেলোরের অন্যান্য বন্দরেও অনায়াসে পহু-ছাইয়া দেওয়া যাইতে পারে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

৪৭৮৯ A নম্বর।

সাধারণ।—১৮৭৭ সাল ১০ সেপ্টেম্বর।—পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, সামুয়েল আর্ম্মষ্ট্রং সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

বগুড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ, ওয়াইয়র সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মজফরপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এফ, ওর্মসী সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

গয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, ডবলিউ, এম, টেট্রো সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

পাটনার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি, টরমবি সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

ময়মনসিংহের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এফ, ব্রাডবরি সাহেব, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, জে, ও'ডনেল সাহেবের পরিবর্ত্তে হাজিপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, জে, প্রিমরোস সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, রাট্রে সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাজ-শাহী ও কুচবিহার খণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া বগুড়ায় অবস্থিত হইলেন।

শ্রীযুত ডবলিউ, এম, কাম্বেল সাহেবের পরিবর্ত্তে মুরশিদাবাদের অন্তর্গত জঙ্গীপুরের একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল ওয়াসী আহম্মদ অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ছোট নাগপুর খণ্ডের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

চাম্পারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, এম, জে, কীন সাহেব, সিবিল কার্য্যকারক-দের ছুটীর বিধির চতুর্থ অধ্যায়ের ১৪ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এচ, এম, জে, কীন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জি, শার্প সাহেব চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মেদিনীপুরের বিশেষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১১ সেপ্টেম্বর।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, টি, জাবো সাহেব গত মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদ-তিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২-২ ধারামতে চৌদ্দ দিন ছুটী পাই-য়াছেন।

ভাগলপুরের অন্তর্গত বাঁকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, ই, এ, এয়র সাহেব ১৮৭৭ সালের আগষ্ট মাসের ২৪ তারিখ অবধি গবর্ণমেণ্টের কর্ম্মহইতে অপসৃত হইলেন।

১৮৭৭ সাল ১২ সেপ্টেম্বর।—নদীয়ার প্রথম শ্রেণীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এচ, বি, স্কাইন সাহেব দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যের নিমিত্ত কিয়ৎকালের জন্যে মান্দ্রাজ গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

The 13*th September* 1877.—Baboo Umbica Churn Roy Chowdry, Deputy Magistrate and Deputy Collector, Jessore, is appointed to have charge of the Sagdogra division of the Rungpore district.

Baboo Uma Churn Bose, Deputy Magistrate and Deputy Collector, Mozufferpore, is appointed to have charge of the Arrareah division of the Purneah district.

Baboo Gooroo Churn Dass, Deputy Magistrate and Deputy Collector, Berhampore, is transferred to the Rungpore district.

The 15*th September* 1877.—Mr. H. T. Prinsep, c.s., is appointed to act until further orders as District and Sessions Judge of the 24-Pergunnahs.

Mr. P. D. Dickens, c.s., is appointed to act as Chief Magistrate for the Town of Calcutta, on being relieved of his present acting appointment as Additional District and Sessions Judge of the districts of 24-Pergunnahs and Hooghly.

Moulvi Abdool Luteef, Khan Bahadoor, Deputy Magistrate and Deputy Collector, is posted to Sealdah, in the 24-Pergunnahs, on being relieved of his present duties as an Officiating Presidency Magistrate for the Town of Calcutta.

Rajah Harendra Krishna, Bahadoor, Deputy Magistrate and Deputy Collector, Sealdah, is posted to the Sudder Station of the 24-Pergunnahs.

The 18*th September* 1877.—Baboo Tarini Prosad Roy, Deputy Magistrate and Deputy Collector, Mohesrakha, Howrah, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

The Right Hon'ble the Secretary of State for India has been pleased to grant extensions of leave to the under mentioned officers for the periods mentioned against their names :—

Mr. W. R. Millar, c.s., six months, medical certificate.
„ J. Lambert, twenty days' furlough.
„ H. Lloyd Jones, one month's furlough.

Mr. A. W. Cosserat, Deputy Magistrate and Deputy Collector, Rajmehal, Sonthal Pergunnahs, is vested with the powers of a Collector under Act X of 1870.

REGISTRATION.—*The* 9*th September* 1877.—Pundit Sirish Chandra Vidyaratna, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is confirmed in the appointment of Sub-Registrar of Balasore, *vice* Baboo Baroda Kant Mozoomdar, transferred, with effect from the 7th August 1877.

EDUCATION.—*The* 18*th September* 1877.—Dr. F. V. B. Webber, Civil Medical Officer, Maldah, is appointed to be a member of the District School Committee of Maldah.

The following gentlemen are appointed to be members of the Manbhoom District School Committee :—

Baboo Srinath Datta, Deputy Inspector of Schools.
„ Radha Madhub Basu.
„ Nundlal Ghose.
„ Basanta Kumar Neogi.
„ Ramdyal Mozoomdar.

MEDICAL.—*The* 11*th September* 1877.—Assistant Surgeon Harimohun Bose, attached to the Charitable Dispensary at Arrah, is appointed to have medical charge of the civil station of Shahabad during the absence, on leave, of Surgeon-Major J. C. Shaw, or until further orders.

The 14*th September* 1877.—Baboo Unnoda Prosad Sen, Sub-Deputy Collector of Jhenida, Jessore, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at that place.

The 18*th September* 1877.—Surgeon J. C. Fullerton, M.B., Officiating Civil Surgeon, Nuddea, was in temporary medical charge of the Civil Station of Dacca from the 27th March to the 2nd April last, both dates inclusive.

MARINE.—*The* 14*th September* 1877.—Mr. F. Laycock, River Surveyor, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st October next, or such subsequent date as he may avail himself of it.

[*Government Gazette*, 25*th September* 1877.]

১৮৭৭ সাল ১৩ সেপ্টেম্বর।—যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী রঙ্গপুর জিলার অন্তর্গত বাগদোগরা মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

মজফরপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ বসু পুরণিয়া জিলার অন্তর্গত অররিয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বহরমপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গুরুচরণ দাস রঙ্গপুর জিলায় প্রেরিত হইলেন।

১৮৭৭ সাল ১৫ সেপ্টেম্বর।—শ্রীযুত এচ, টি. প্রিন্সেপ সাহেব, সি, এস, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ২৪ পরগনায় ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত পি, ডি, ডিকিন্স সাহেব, সি, এস, ২৪ পরগনা ও হুগলী জিলার স্বীয় বর্ত্তমান একটিং আডিশ্যনল ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম অন্যের প্রতি অর্পণ করিলে কলিকাতা নগরের প্রধান মাজিষ্ট্রেটের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল লতিফ খাঁ বাহাদুর কলিকাতা নগরের স্বীয় বর্ত্তমান একটিং প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের কর্ম্ম অন্যের প্রতি অর্পণ করিলে ২৪ পরগনার অন্তর্গত শিয়ালদহে অবস্থিত হইবেন।

শিয়ালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রাজা হরেন্দ্রকৃষ্ণ বাহাদুর ২৪ পরগনার সদর মোকামে অবস্থিত হইলেন।

১৮৭৭ সালের ১৮ সেপ্টেম্বর।—হাবড়ার অন্তর্গত মহেশরেখার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীপ্রসাদ রায় ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব নিম্নলিখিত কার্য্যকারকদের স্ব২ নামের পার্শ্বলিখিত আরো ছুটী দিয়াছেন।

শ্রীযুত ডবলিউ, আর, মিলর সাহেব, সি, এস, চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাস।
,, জে, লম্বর্ট সাহেব, বিশ দিন।
,, এচ. লয়ড জোন্স সাহেব, এক মাস।

সাঁওতাল পরগনার অন্তর্গত রাজমহলের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, ডবলিউ, কলিরাট সাহেব, ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

রেজিষ্টরী করণ।—১৮৭৭ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার স্থানান্তরে নিযুক্ত হওয়াতে বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পণ্ডিত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ১৮৭৭ সালের আগষ্ট মাসের ৭ তারিখ অবধি বালেশ্বরের সব-রেজিষ্ট্রারের পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর।—মালদহের সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এফ, বি, বি, ওয়েব্‌বর সাহেব মালদহ জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মানভূম জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত।
শ্রীযুত বাবু রাধামাধব বসু।
,, ,, নন্দলাল ঘোষ।
,, ,, বসন্তকুমার নিয়োগী।
,, ,, রামদয়াল মজুমদার।

চিকিৎসাবিষয়ক।—১৮৭৭ সাল ১১ সেপ্টেম্বর।—সর্জন-মেজর শ্রীযুত জে, সি, শা সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা নাহওন পর্য্যন্ত আরার দাতব্য ঔষধালয়ে নিযুক্ত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত হরিমোহন বসু, শাহাবাদের সিবিল ষ্টেশনের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৪ সেপ্টেম্বর।—যশোহরের অন্তর্গত ঝিনিদহের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ সেন, সেই স্থানের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর —নদীয়ার একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত জে, সি, ফুলরটন সাহেব, এম. বি, গত মার্চ মাসের ২৭ তারিখ অবধি আপ্রিল মাসের ২ তারিখ পর্য্যন্ত ঢাকার সিবিল মোকামের চিকিৎসা কার্য্যের ভার প্রাপ্ত ছিলেন।

সমুদ্রসম্পর্কীয়।—১৮৭৭ সাল ১৪ সেপ্টেম্বর।—নদীর সরবেয়র শ্রীযুত এফ. লেকক সাহেব আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাস ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

Port Trust.—*The 17th September* 1877.—Mr. W. T. Berners is appointed to officiate as a Commissioner for making Improvements in the Port of Calcutta, under Section 15, Act V (B.C.) of 1870, during the absence of Mr. W. Craik.

Municipal.—*The 6th September* 1877.—Sub-Inspector Imdad Ali Khan is appointed to be a Commissioner of the Chuttra Municipality, *vice* Mahomed Ameer Hossein, transferred.

The 8th September 1877.—The Lieutenant-Governor approves the election of Baboo Gour Das Bysack, Deputy Magistrate and Deputy Collector, to be Vice-Chairman of the Hooghly and Chinsurah Municipality, under Section 18 of Act V (B.C.) of 1876.

The 9th September 1877.—The following gentlemen are re-appointed under Section 28 of Act V (B.C.) of 1876, to be Municipal Commissioners for the Town of Midnapore:—

Mr. A. D. Larymore. | Mr. J. H. Apjohn.

Moulvi Khiarut Ali.

The 11th September 1877.—Mr. F. H. Harding, Officiating Joint-Magistrate and Deputy Collector, Dacca, is appointed to be a Municipal Commissioner for the Town of Dacca, *vice* Mr. J. G. N. Pogose, deceased.

The 15th September 1877.—The Lieutenant-Governor approves the election of Mr. F. D. Griffith as Vice-Chairman of the Municipality of Colgong, *vice* Baboo Radha Churn Gangooly, deceased.

The following gentlemen are appointed to be Commissioners of the Municipality of Colgong:—

Baboo Shama Churn Mookerjee. | Syud Mahomed Vaquar Hossein.

Road Cess.—*The 15th September* 1877.—The following gentlemen are appointed to be members of the Bettiah Branch Road Cess Committee, in addition to those already appointed:—

Kumar Harendro Krishna Singh. | Baboo Harenjee Misser.

The 18th September 1877.—The following gentlemen are appointed to be members of the Shahabad District Road Cess Committee:—

The Magistrate and Collector of Shahabad, *Chairman* ... *Ex officio.*
,, Senior Covenanted Officer under the Magistrate and Collector, Shahabad, *Vice-Chairman* ... ... *Ex officio.*
,, Executive Engineer ... ... *Ex officio.*
,, Road Cess Deputy Collector ... ... *Ex officio.*

Major J. M. Heywood, R.E., Superintending Engineer, Sone Circle.

Mr. C. Fox ... ... Zemindars and Indigo Planters.
,, J. Mylne ... ... Zemindars and Indigo Planters.
,, M. Fox ... ... Zemindars and Indigo Planters.

Baboo Hurbuns Sahoy ... ... Pleader and Zemindar.
,, Sooruj Kumar .. ... Banker and Zemindar.
,, Chunder Kumar... ... Ditto ditto.
,, Baij Nath Singh ... Zemindar.
,, Baij Nath Shoy .. ... Ditto.
Moulvi Takeeooddin Ahmed ... An ex-Deputy Collector.
Syed Abdul Haice ... ... Manager, Court of Wards.
Baboo Surat Pershad ... ... Pleader and Zemindar.
,, Baij Nath Pershad ... Trader.
,, Bhugwan Dass ... ... Ditto.
,, Juggut Narain Singh ... Cultivator.

Horace A. Cockerell,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 25th September* 1877.]

পোর্ট ট্রষ্ট।—১৮৭৭ সাল ১৭ সেপ্টেম্বর।—শ্রীযুত ডবলিউ ক্রেক সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে শ্রীযুত ডবলিউ, টি, বর্গাস সাহেব, ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ১৫ ধারামতে কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মুনিসিপল।—১৮৭৭ সাল ৬ সেপ্টেম্বর।—শ্রীযুত মহম্মদ আমীর হুসেন স্থানান্তরে নিযুক্ত হওয়াতে সব-ইনস্পেক্‌টর শ্রীযুত ইমদাদ আলী খাঁ হুব্রা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ৮ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু গৌরদাস বসাককে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৮ ধারামতে হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করণ অনুমোদন করিলেন।

১৮৭৭ সাল ৯ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭৬ সালে বঙ্গীয় ৫ আইনের ২৮ ধারামতে মেদিনীপুর নগরের মুনিসিপল কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, ডি, লারিমোর সাহেব। | শ্রীযুত জে, এচ, আপজন সাহেব।

শ্রীযুত মৌলবী খয়রাৎ আলী।

১৮৭৭ সাল ১১ সেপ্টেম্বর।—জে, জি, এম, পোগোস সাহেবের মৃত্যু হওয়াতে ঢাকার একটিং জাইন্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত এফ, এচ, হার্ডিং সাহেব ঢাকা নগরের মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সাল ১৫ সেপ্টেম্বর।—বাবু রাধাচরণ গঙ্গোপাধ্যায়ের মৃত্যু হওয়াতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব শ্রীযুত এফ, ডি, গ্রিফিথ সাহেবকে কাহালগাঁ মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতির পদে মনোনীতকরণ অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা কাহালগাঁ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্যামাচরণ মুখোপাধ্যায়। | শ্রীযুত সৈয়দ মহম্মদ বাকীর হুসেন।

পথকর।—১৮৭৭ সাল ১৫ সেপ্টেম্বর।—বেত্তিয়ার শাখাপথবর কমিটীতে যে২ মহাশয়েরা নিযুক্ত হন তদতিরিক্ত নিম্নলিখিত মহাশয়েরা নিযুক্ত হইলেন।

শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ সিংহ। | শ্রীযুত বাবু হরেষ্ণি মিশ্র।

১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা শাহাবাদ জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্‌টর সাহেব, সভাপতি ...
শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্‌টর সাহেবের অধীন পদজ্যেষ্ঠ চিহ্নিত কর্ত্তৃপক্ষ, প্রতিনিধি সভাপতি ... ...
একসেকিটিব ইঞ্জিনিয়র সাহেব ... ...
পথকরের ডেপুটী কালেক্‌টর ... ...
} স্ব২ পদোপলক্ষে।

সোণচক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, এম, হেউড সাহেব, আর, ই।

জমীদার ও নীলকর ... { শ্রীযুত সি, ফক্স সাহেব।
,, জে, মিলনী সাহেব।
,, এম, ফক্স সাহেব।

উকীল ও জমীদার ... ... শ্রীযুত বাবু হরবংশ সহায়।
বণিক ও জমীদার ... ... শ্রীযুত বাবু সূর্য্যকুমার।
ঐ ঐ ... ... ,, চন্দ্রকুমার।
জমীদার ... ... শ্রীযুত বাবু বৈজনাথ সিংহ।
ঐ ... ... ,, ,, বৈজনাথ সহায়।
ভূতপূর্ব্ব ডেপুটী কালেক্‌টর ... শ্রীযুত মৌলবী তাকীউদ্দীন আহমদ।
কোর্টওয়ার্ডের কার্য্যাধ্যক্ষ ... শ্রীযুত সৈয়দ আবদুল হৈচ।
উকীল ও জমীদার ... ... শ্রীযুত বাবু সুরথপ্রসাদ।
ব্যবসায়ী ... ... শ্রীযুত বাবু বৈজনাথ প্রসাদ।
ঐ ... ... ,, ভগবান দাস।
আবাদকারক ... ... শ্রীযুত বাবু জগৎনারায়ণ সিংহ।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF HOOGHLY.

The 15th September 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Hooghly have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing cess year beginning with the 1st October 1877 at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

			Yearly Cess.		
			Rs.	A.	P.
Not less than Rs. 100, but less than Rs. 500	...		1	0	0
„ „ 500, „ „ 1,000	...		3	0	0
„ „ 1,000, „ „ 2,000	...		4	8	0

„ „ 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF SARUN.

The 15th September 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Sarun have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing cess year commencing from the 1st October 1877 at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

		Yearly Cess.		
		Rs.	A.	P.
Not less than Rs. 100, but less than Rs. 500	...	1	0	0
„ 500, „ 1,000	...	3	0	0
„ 1,000, „ 2,000	...	4	8	0

„ Rs. 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 25th September* 1877.]

হুগলী জিলার পথকরবিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৫ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকরবিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে করের অত্যুচ্চ যে হার ধার্য্য হইয়াছে হুগলী জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের যে বৎসর ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখে আরম্ভ হয় সেই বৎসরে নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য			বার্ষিক কর।
			টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত ...	...	১৲
৫০০৲ ,,	১০০০৲ ,, ...	...	৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,, ...	...	৪॥০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

সারণ জিলার পথকরবিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৫ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকরবিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে করের অত্যুচ্চ যে হার ধার্য্য হইয়াছে সারণ জিলার পথকরসম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের আগামি বৎসরে অর্থাৎ ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।— আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য			বার্ষিক কর।
			টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত ...	...	১৲
৫০০৲ ,,	১০০০৲ ,, ...	...	৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,, ...	...	৪॥০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF 24-PERGUNNAHS.

The 15th September 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of 24-Pergunnahs have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the ensuing cess year commencing from 1st October 1877 at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess.		
				Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500	...	1	0	0
,,	500, ,,	1,000	...	3	0	0
,,	1,000, ,,	2,000	...	4	8	0

,, 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF BURDWAN.

The 18th September 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the Burdwan district have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st October 1877 at the following rates, being three-fourths of the maximum rates, and the said rates are published accordingly :—

I. Four and a half pie, or a pice and a half, on every rupee of the annual value of lands under Parts II and III of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess.		
				Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500	...	0	12	0
,,	500, ,,	1,000	...	2	4	0
,,	1,000, ,,	2,000	...	3	6	0

,, 2,000 and upwards, Rs. 2-4-0 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of 12 annas.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 25th September* 1877.]

২৪-পরগণা জিলার পথকর বিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৫ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে করের যে অত্যুচ্চ যে হার ধার্য্য হইয়াছে ২৪ পরগণা জিলার পথকরসম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে পথকর আদায়ের যে বৎসর ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখে আরম্ভ হয় সেই বৎসরে নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে।

এইক্ষণকার আনুমানিক মূল্য					বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	...	...		১৲
৫০০৲ ,,	১০০০৲ ,,	...	...		৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,,	...	...		৪৷৷০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বর্দ্ধমান জিলার পথকর বিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ গেল। বর্দ্ধমান জিলার পথকরসম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের যে বৎসর ১৮৭৭ সালের অকটোবর মাসের ১ তারিখে আরম্ভ হয় সেই বৎসরে নিম্নলিখিত হারে অর্থাৎ অত্যুচ্চ হারের চারি ভাগের তিন ভাগ হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵৭৷৷ দেড় পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর

এইক্ষণকার আনুমানিক মূল্য					বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	...	...		৸০
৫০০৲ ,,	১০০০৲ ,,	...	...		২।০
১০০০৲ ,,	২০০০৲ ,,	...	...		৩।৵০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ২।০ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ৸০ বার আনা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF BOGRA.

The 18*th September* 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Bogra have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st October 1877 at the following rates, being the maximum rates, and the said rates are published accordingly :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Parts II and III of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

	Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs. 100, but less than Rs. 500 ...	1	0	0
„ 500, „ 1,000 ...	3	0	0
„ 1,000, „ 2,000 ...	4	8	0

„ 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF GYA.

The 18*th September* 1877.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act) that the Road Cess Committee of the district of Gya have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st October 1877 at half the maximum rates, and the said rates are published accordingly :—

I. Three pie, or one pice, on every rupee of the annual value of lands under Part II and on every rupee of the annual net profit of properties under Part III of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

	Cess Year. Rs.	A.	P.
Not less than Rs. 100, but less than Rs. 500 ...	0	8	0
„ 500, „ 1,000 ...	1	8	0
„ 1,000, „ 2,000 ...	2	4	0

2,000 and upwards Re. 1-8 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of eight annas.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 25*th September* 1877.]

বগুড়া জিলার পথকর বিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকরবিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারা-মতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে করের অত্যুচ্চ যে হার ধার্য্য হইয়াছে বগুড়া জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের যে বৎসর ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখে আরম্ভ হয় সেই বৎসরে সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকাপ্রতি ৵১০ দুই পয়সা।

২।—কৃষকের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য			বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	... ...	১৲
৫০০৲ ,,	১০০০৲ ,,	... ...	৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,,	... ...	৪৷৷০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ টাকা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গয়া জিলার পথকরবিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৮ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকরবিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে করের অত্যুচ্চ যে হার ধার্য্য হইয়াছে গয়া জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে পথকর আদায়ের যে বৎসর ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখে আরম্ভ হয় সেই বৎসরে তাহার অর্দ্ধেক হারে কর আদায় করিতে স্থির করিয়া-ছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকাপ্রতি ৵৫ এক পয়সা ও উক্ত আইনের তৃতীয় অধ্যায়ানুসারে সম্পত্তির বার্ষিক নিট লভ্যের টাকাপ্রতি ৵৫ এক পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য			বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	... ...	৷৷০
৫০০৲ ,,	১০০০৲ ,,	... ...	১৷৷০
১০০০৲ ,,	২০০০৲ ,,	... ...	২৷০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ১৷৷০ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ৷৷০ আনা টাক্স লাগিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

NOTIFICATION.

The 17th September 1877.—Under the provisions of Section 83, Act V (B.C.) of 1870 (an Act to appoint Commissioners for making Improvements in the Port of Calcutta), the following Bye-laws for landing and delivery of goods at the jetties, as proposed by the Commissioners, are published for general information, in supersession of the Notification dated the 20th February 1872, which was published at page 551 of the *Calcutta Gazette* of the 21st February 1872 and in the two subsequent issues :—

Bye-laws to be observed at the Port Commissioners' Jetties.

THE allotment of jetties shall be entirely at the discretion of the Commissioners, but as a general rule vessels shall be accommodated in the order of their arrival off the jetties. Vessels discharging or loading at the jetties shall move from one jetty to another when ordered.

2. The master of every vessel lying alongside any of the Commissioners' jetties shall provide at least one gangway plank not less than two feet six inches wide; and of sufficient length, thickness, and strength to form a convenient communication between the jetty and the gangway of the vessel, and such gangway plank shall be properly and securely placed between the gangway of the vessel and the jetty during the whole time the vessel remains alongside the jetty.

3. Masters of vessels about to discharge at the jetties shall not break bulk until a copy of the manifest or the masters' copies of the bills of lading have been deposited in the Jetty Office. The copies of the bills of lading, if deposited, shall be returned after discharge of the inward cargo.

4. Ships lying at the jetties shall not discharge cargo into boats, if such cargo is to be subsequently landed on the Calcutta bank of the river between Chitpore Canal and Tolly's Nullah.

5. Packages of cargo shall be slung in the hatchway, and under no circumstances whatever shall the cranes be employed in breaking out cargo or removing it from under the combings.

6. Single packages over three tons shall not be hoisted until the correct weight shall have been ascertained, and when packages weighing more than three tons are being hoisted, the Superintendent of the cranes shall invariably be present.

7. Masters of vessels shall furnish special notice to the shed officers before landing packages containing articles liable to ignition or explosion, or which are otherwise dangerous.

8. Packages shall not be opened for appraisement except in the presence of the consignee or his representative, and under an application to the shed officer from the appraiser endorsed on the bill of entry.

9. No person shall remove from the wharf any goods other than those covered by the Customs bill of entry and the jetty chullan. In the event of any person removing goods not covered by such documents, the Commissioners may detain any goods of such person until all questions connected with the erroneous removal shall have been adjusted, and all moneys due to the Commissioners paid.

10. Smoking and the use of any unprotected fire or light in any office, shed, or warehouse within the jetty enclosure is strictly prohibited.

11. Excepting persons passing to and from ships lying at the jetties, no person shall be allowed inside the jetty enclosure after twilight.

12. No person, unless duly permitted by the Commissioners, shall take inside the jetty premises carpenters' tools or instruments used for opening cases, and no cooper shall be allowed to work in the sheds without license from the Commissioners.

13. Any person committing an infringement of any of the foregoing bye-laws shall be liable for the first offence to a fine not exceeding Rs. 100, and for continuance of that offence,

[*Government Gazette, 25th September* 1877.]

বিজ্ঞাপন।

১৮৭৭ সাল ১৭ সেপ্টেম্বর।—১৮৭২ সালের ফেব্রুয়ারি মাসের ২০ তারিখের যে জ্ঞাপনপত্র ১৮৭২ সালের মার্চ মাসের ৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা গিয়াছিল তাহা রহিত করিয়া কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করিবার ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৮৩ ধারার বিধানমতে কমিশ্যনরেরা জেটীতে মাল নামাইয়া আনিবার ও ছাড়িয়া দিবার নিম্নলিখিত যে বিধির প্রস্তাব করিয়াছেন তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

পোর্ট কমিশ্যনরদের জেটীতে মাননীয় উপবিধি।

১। কোন্ জেটীর ধারে কোন্ জাহাজ যাইবে এই কথা কমিশ্যনরেরা আপনাদের বিবেচনামতে নিরূপণ করিবেন। সচরাচর সময়ের যে ক্রমে জাহাজ পঁহুছে সেই ক্রমানুসারে জেটীতে গিয়া থাকিবে। কোন জেটীতে জাহাজহইতে মাল নামান যাইতেছে বা জাহাজে তোলা যাইতেছে, এমন সময়েও আজ্ঞা পাইলে, ঐ জাহাজ এক জেটীহইতে সরিয়া অন্য জেটীর ধারে যাইবে।

২। কমিশ্যনরদের কোন জেটির পার্শ্বে জাহাজ থাকিলে, জেটির ও জাহাজের মধ্যে সুবিধামতে যাওয়াআসা করিবার নিমিত্ত জাহাজের কাপ্তান ২ ফুট ৬ ইঞ্চির অন্যূন চৌড়া ও উচিত মতে লম্বা, পুরু ও শক্ত তক্তার এক সিড়ি করাইয়া রাখিবেন। ও জাহাজ যতক্ষণ জেটির পার্শ্বে থাকে তত ক্ষণ জাহাজে ও জেটিতে ঐ তক্তা উপযুক্তরূপে ও শক্ত করিয়া বাঁধিয়া রাখিতে হইবে।

৩। কোন জাহাজ মাল নামাইবার নিমিত্ত জেটীর ধারে আইলে, জাহাজের কাপ্তান প্রথমে মানি-ফেষ্টের এক কেতা নকল কিম্বা তাঁহার নিকট যে বিল অফ লেডিং থাকে তাহা জেটীর আফীসে দাখিল করিবেন, পরে মাল নামাইয়া দিতে আরম্ভ করিবেন। বিল অফ লেডিং দাখিল করা গিয়া থাকিলে জাহাজের আনীত মাল নামাইয়া দেওয়া গেলে পর তাহা কাপ্তান সাহেবকে ফিরিয়া দেওয়া যাইবে।

৪। জেটীর ধারে যে জাহাজ থাকে তাহার মাল যদি পশ্চাৎ চিৎপুর খাল অবধি টালির নালা পর্য্যন্ত কলিকাতার নদীর ধারের কোন স্থানে নামাইয়া দিবার অভিপ্রায় থাকে, তবে সেই মাল নৌকায় নামাইয়া দিতে হইবে না।

৫। মালের বস্তা ফলকায় রাখিয়া ক্রেনের কাঁটায় লাগাইতে হইবে। খোলহইতে মাল তুলিবার জন্যে ক্রেনের কাঁটা ব্যবহার করিতে হইবে না।

৬। একি বস্তা তিন টনের অধিক ভারি হইলে তাহার ঠিক ওজন নিরূপণ না করা গেলে জাহাজ-হইতে তুলিয়া দিতে হইবে না। তিন টনের অধিক ভারি বস্তা তুলিতে হইলে ক্রেনের সুপরি-ণ্টেণ্ডেণ্টের উপস্থিত থাকা আবশ্যক।

৭। যে দ্রব্য অনায়াসে জ্বলিয়া উঠে কি শব্দ করিয়া জ্বলিয়া উঠে কিম্বা কোন প্রকারে আশঙ্কা-জনক হয়, কোন বস্তাদিতে এমত দ্রব্য থাকিলে, জাহাজহইতে নামাইবার পূর্ব্বে কাপ্তান সাহেব শেডের কার্য্যকারকদিগকে সেই কথা বিশেষমতে জানাইবেন।

৮। কানসাইনী কিম্বা তাঁহার তরফের কোন লোক না থাকিলে এবং যাচনদার বিল অফ এণ্টরির পিঠে শেডের কার্য্যকারকের নামে প্রার্থনা না করিলে, দ্রব্য যাচাইবার নিমিত্ত ঐ দ্রব্যের বস্তাদি খুলিতে হইবে না।

৯। কোন মালের সঙ্গে কষ্টমের বিল অফ এণ্টরি ও জেটীর চালান না থাকিলে ওয়ার্ফহইতে কেহ সেই মাল লইয়া যাইবে না। সেইং দলীলভিন্ন কোন ব্যক্তি মাল লইয়া গেলে, ভুলক্রমে সেই মাল লইয়া যাইবার সকল কথা যত কাল নিষ্পত্তি না হয় ও কমিশ্যনরদের পাওনা সকল টাকা যত কাল না দেওয়া যায়, কমিশ্যনরেরা তত কাল সেই ব্যক্তির কোন মাল আটক করিয়া রাখিতে পারিবেন।

১০। জেটীর বেড়ার মধ্যে যে আফিস কি শেড কি গুদাম থাকে তন্মধ্যে তামাক খাইতে কিম্বা আগুন কি আলো আলগা করিয়া লইয়া যাইতে অতি দৃঢ়মতে নিষেধ হইল।

১১। সন্ধ্যা হইলে জেটীর বেড়ার মধ্যে কেহ যাইতে পাইবে না। কেবল সেই জেটীর ধারে যে যাহাজ থাকে সেই জাহাজে লোকদের যাওয়া আসা হইতে পারিবে।

১২। কমিশ্যনরেরা নিয়মিতরূপে অনুমতি না দিলে, কোন ব্যক্তি জেটীর ঘেরা স্থানের মধ্যে কোন ছুতারের হাতিয়ার কিম্বা বাক্স খুলিবার অন্য যন্ত্র লইয়া যাইতে পারিবে না। এবং কমি-শ্যনরদের স্থানে অনুমতিপত্র না পাইলে কোন কুপর শেডের মধ্যে কর্ম্ম করিতে পাইবে না।

১৩। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন উপবিধি লঙ্ঘন করিলে প্রথমবার তাহার ১০০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। ও সেই ব্যক্তি অপরাধ করিতেছে কমিশ্যনরেরা তাহাকে এই কথার নোটিস

after notice shall have been given him by the Commissioners of his having committed the offence, to a further fine of Rs. 50 per day.

14. Goods landed at the jetties shall only be delivered on production of the bills of lading accompanied by a delivery order from the master or agent of the vessel, and no delivery orders unsupported by the bills of lading will be accepted.

15. When discharging iron, drainage pipes, or other goods, which, from their description or want of proper distinguishing marks, there will be difficulty in delivering correctly to consignees, the master of the vessel shall separate before landing, or in course of landing, the various marks and consignments, failing which the Commissioners will refuse to receive the goods.

16. When iron, drainage pipes, or other goods, from their want of description or want of proper distinguishing marks, or from any other cause, are landed in a mixed condition, the master or agent of the vessel will be allowed two clear days to sort and make over the goods to the Commissioners and, until the goods have been made over and the usual receipt granted, they will remain on the wharf at the risk of the vessel. Such goods, if not made over to the Commissioners within two clear days, will, at the expiration of that time, be subject to wharf-rent at the schedule rates, the rent incurred being payable by the vessel. After receipt of such goods by the Commissioners, consignees will be allowed two clear days to take delivery before incurring wharf-rent charges. This exemption shall not be extended to goods the consignees of which refuse or neglect to forward their invoices within 24 hours after the vessel commences to discharge.

17. Packages containing jewellery, precious stones, or specie, shall be taken delivery of by consignees direct from the jetties as soon as they are landed.

18. All goods transhipped from one vessel to another without being landed, and without the assistance of the jetty cranes, are exempted from all charges, provided notice of transhipment is given by consignees or vessels' agents to the Jetty Superintendent immediately after the vessel hauls alongside a jetty to discharge. If goods for transhipment are landed on the jetties, they will be allowed to remain in the sheds free of wharf-rent for five clear running days.

19. Masters of vessels are responsible for the proper slinging of cargo on board, and for directing the crane-drivers when discharging or loading.

20. The special sanction of the Commissioners shall be necessary to work the jetties before and after regular hours and on Sundays and authorized holidays; and no overtime work shall be performed by any of the servants of the Commissioners without permission. In order to facilitate discharge of vessels, they will be allowed to work on holidays, so long as accommodation can be conveniently provided for cargo in the jetty sheds, on payment of double jetty hire and the usual overtime fees to the establishments employed.

21. The sanctioned holidays recognized by the Commissioners shall be—

	Days.		Days.
New Year's day	1	Juggodhatree	1
Sree Punchoemy	1	Christmas	2
Good Friday	1		—
Queen's Birthday	1	Total ...	20
Doorga and Luckhee Poojah ...	12		—
Kally Poojah	1		

[*Government Gazette*, 25th *September* 1877.]

হইলে পর যত দিন তাহার সেই অপরাধ হইয়া থাকে তাহার দিন প্রতি ঐ ব্যক্তির আর ৫০৲ টাকা দণ্ড হইতে পারিবে।

১৪। মাল জাহাজহইতে নামাইয়া জেটীতে আনা গেলে, কোন ব্যক্তি বিল অফ লেডিং এবং জাহাজের কাপ্তান সাহেবের কি এজেণ্টের ডিলিবরি অর্ডর না দেখাইলে তাহাকে মাল দেওয়া যাইবে না। ডিলিবরি অর্ডরের সঙ্গে বিল অফ লেডিং না থাকিলে তাহা গ্রাহ্য হইবে না।

১৫। লৌহ কি ড্রেনেজ পাইপ প্রভৃতি যে দ্রব্যের বেওরা কিম্বা বাহা চিনিবার উপযুক্ত চিহ্ন না থাকাতে কানসাইনীদিগকে ঠিক করিয়া দেওয়া কঠিন হয়, জাহাজহইতে নামাইবার সময়ে কিম্বা নামাইবার পূর্ব্বে জাহাজের কাপ্তান সাহেব ভিন্ন২ চিহ্নের ও কানসাইনমেণ্টের সেই লৌহ প্রভৃতি পৃথক করিয়া রাখিবেন। না করিলে কমিশ্যনরেরা সেই মাল গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন।

১৬। লৌহের কি ড্রেনেজ পাইপের কি অন্য কোন মালের উপযুক্ত বেওরা না থাকাতে কিম্বা উপযুক্তমতে চিহ্ন না দেওয়া যাওয়াতে কি অন্য কোন কারণে যদি মিশ্রিত হইয়া নামাইয়া দেওয়া যায়, তবে সেই মাল নিয়মমতে বাছিয়া রাখিবার ও কমিশ্যনরদের হাতে সমর্পণ করিবার নিমিত্ত জাহাজের কাপ্তানকে বা তৎপক্ষ কর্ম্মকারককে পূরা দুই দিন দেওয়া যাইবে, ও সেই মাল যত কাল সমর্পণ করা ও তাহার রসীদ পাওয়া না যায় ততকাল ওয়ার্ফে থাকিতে তাহার হানি ঘটিলে জাহাজের সেই হানি স্বীকার করিতে হইবে। পূরা দুই দিনের মধ্যে কমিশ্যনরদের হস্তে সমর্পণ করিয়া না দেওয়া গেলে, ঐ সময়ের অবসান অবধি তফসীলের নির্দ্ধারিত হারানুসারে ওয়ার্ফের ভাড়া লওয়া যাইবে। ঐ ভাড়া জাহাজের দিতে হইবে। ঐ মাল কমিশ্যনরদের হস্তগত করা গেলে পর, কানসাইনীদিগকে ওয়ার্ফের ভাড়া না দিয়া লইয়া যাইবার নিমিত্ত পূরা দুই দিন দেওয়া যাইবে। কিন্তু জাহাজ যে সময়ে মাল নামাইয়া দিতে আরম্ভ করে তাহার কানসাইনীরা সেই সময়াবধি ২৪ ঘণ্টার মধ্যে ইনবাইস পাঠাইতে না চাহিলে কি তাচ্ছল্য করিলে তাহাদের পক্ষে সেই দুই দিন ভাড়া না দিবার নিয়ম বর্ত্তিবে না।

১৭। বস্তাদির মধ্যে অলঙ্কার কি রত্ন কি সোণা রূপা থাকিলে তাহা জাহাজহইতে নামান গেলেই কানসাইনীরা জেটীতেই তাহার ডিলিবরি লইবেন।

১৮। কোন মাল ঘাটে না নামাইয়া ও জেটীর ক্রেনের সাহায্য বিনা এক জাহাজহইতে তুলিয়া অন্য জাহাজে দিতে হইলে, তাহার খরচ লাগিবে না। কিন্তু এমন স্থলে প্রয়োজন যে মাল নামাইবার জন্যে জাহাজ জেটীর ধারে আনা গেলেই কানসাইনীরা কিম্বা জাহাজের এজেণ্টেরা জেটীর সুপরিন্টেণ্ডেণ্টকে অন্য জাহাজে ঐ মাল দিতে হইবার সম্বাদ দেন। অন্য জাহাজে যে মাল দিতে হইবে তাহা জেটীতে নামাইয়া দেওয়া গেলে ক্রমান্বয়ে পাঁচ দিন পর্য্যন্ত ওয়ার্ফের ভাড়া না দিয়া শেডে থাকিতে পাইবে।

১৯। ক্রেনের কাঁটায় মাল উপযুক্তমতে ঝুলাইবার বিষয়ে, এবং মাল তুলিবার বা নামাইবার সময়ে ক্রেন ড্রাইবরদিগকে আদেশ দেওন বিষয়ে, জাহাজের কাপ্তান দায়ী হইবেন।

২০। কর্ম্ম করিবার নির্দ্ধারিত সময়ের পূর্ব্বে কি পরে, ও রবিবারে, ও অবধারিত বন্ধের দিনে, কমিশ্যনরদের বিশেষ অনুমতি না হইলে জেটীতে কার্য্য চালান যাইবে না। এবং কমিশ্যনরদের কর্ম্মকারকেরা অনুমতি না পাইলে অবধারিত সময়ের পূর্ব্বে কি পরে কর্ম্ম করিবে না। জেটীর শেডে সুবিধামতে মাল রাখিবার স্থান থাকিলে, জাহাজহইতে মাল ত্বরায় নামাইয়া দেওয়া যায় এই নিমিত্ত বন্ধের দিনেও কর্ম্ম চলিতে পারিবে, কিন্তু তাহা হইলে জেটীর দ্বিগুণ ভাড়া লাগিবে, এবং অবধারিত সময়ের পূর্ব্বে কি পরে কর্ম্ম করিলে কর্ম্মকারকদের যত দাঁ দেওয়া গিয়া থাকে তাহাও দিতে হইবে।

২১। কমিশ্যনরেরা বন্ধের এই২ দিন অবধারিত করিয়াছেন।

নূতন বৎসরের প্রথম দিন	...	...	...	১ দিন
শ্রীপঞ্চমী	...	...	...	১ ,,
গুড্‌ফ্রাইডে	...	...	...	১ ,,
মহারাণীর জন্মদিন	...	...	...	১ ,,
দুর্গা পূজাহইতে লক্ষ্মীপূজাপর্য্যন্ত	...	...	...	১২ ,,
কালীপূজা	...	...	...	১ ,,
জগদ্ধাত্রী পূজা	...	...	...	১ ,,
ক্রিস্‌মসডে	...	...	...	২ ,,
			মোটে ...	২০ দিন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

22. Working hours shall be from 6 A.M. to 6 P.M. All fees for overtime work and for working on holidays shall be regulated by the sanctioned pay of each employé. The rule shall be one and a half hour's pay for one hour's work, working days being calculated at 26 days in the month, and for holidays or part of a holiday one day's pay. All fees for overtime work shall be paid to the Commissioners.

23. Two clear days, exclusive of Sundays and the holidays recognised by the Commissioners, shall be allowed to consignees for the removal of goods from the jetty sheds.

24. Consignees applying for delivery of goods shall fill up the jetty chullan showing the quantities, weights, or measurements, and the landing charges payable thereon. This form, accompanied by the Custom House bill of entry, shall be presented at the office of the Commissioners, where the amount of the landing charges will be received and a receipt granted in original and duplicate, if required. The jetty chullan, accompanied by the bill of lading and delivery order from the master or agents of the vessel, shall then be handed to the shed officer, who will examine the documents, and on being satisfied that they are in order, will grant delivery and authorize the gate officer to pass the goods.

25. Permission to consignees from the Collector of Customs to open packages shall be countersigned by the Superintendent of the Jetties. The opening of any package without the condition of the package being previously questioned will be treated as delivery of the goods by the Commissioners to the consignee, and no claim for loss or damage subsequently discovered will be admitted.

26. Damaged goods for which a claim is brought against the ship shall not be charged wharf-rent until the fourth day after landing, provided notice of survey is given to the Jetty Superintendent within 48 hours after the goods have been received from the ship.

27. Goods taken delivery of, but not removed from the jetty compound, shall lie at the risk of the owner, consignee, or agent.

28. The following goods will not be received in the sheds in course of shipment, nor will any receipt be granted for such goods by the Commissioners, viz. assafœtida, cutch, safflower, camphor, turmeric, aniseed, hogslard, ghee, all oils, India-rubber, molasses, myrabollams, treacle, and wet sugar. Such goods will only be allowed inside the jetty compound on the production of an order from officer of the ship that they are to be received on board the same day.

29. Shippers of goods shall fill up the jetty chullan showing the quantities, weights, or measurements, and the shipping charges payable thereon. This form, accompanied by the Custom House shipping bill, shall be presented at the Office of the Commissioners, where the amount of the shipping charges will be received and a receipt granted in original and duplicate, if required. The jetty chullan, accompanied by the stamped shipping order and shipping bill, shall be handed to the shed officer, who will examine the documents, and, on being satisfied that they are in order and all charges paid, will authorize the gate officer to pass the goods in at the jetty gate.

30. Every package, bale, or case sent for shipment at the jetties, shall be entered in a cart ticket in the form prescribed, and no goods unaccompanied by this ticket will be allowed to pass into the jetty enclosure. Every cart ticket shall contain the date, name of vessel on which the goods are to be shipped, the exporter's name, the marks, quantity and description of articles shipped, and the current license number of the cart.

31. Exporters must provide their own coolies for unloading carts. Carts will be allowed to unload in the order in which they pass in at the gate.

[*Government Gazette, 25th September* 1877.]

২২। পূর্ব্বাহ্ন ৬ ঘন্টা অবধি অপরাহ্ন ৬ টা পর্য্যন্ত কর্ম্ম করিবার নির্দ্ধারিত সময়। উপরি সময়ে কি বন্দের দিনে কর্ম্ম করিলে যে ব্যক্তি যত বেতন পাইয়া থাকে তদনুসারে তাহার সেই উপরি সময়ের ফী ধার্য্য হইবে। বিধি এই। মাসে কর্ম্ম করিবার ২৬ দিন ধরিয়া এক ঘন্টা কর্ম্ম করিলে দেড় ঘন্টার হিসাবে বেতন পাইবে। বন্দের দিনে কি সেই দিনের কোন অংশে কর্ম্ম করিলে পুরা এক দিনের বেতন পাইবে। উপরি সময়ের যত ফী লাগে তাহা কমিশ্যনরদিগকে দিতে হইবে।

২৩। রবিবার ও কমিশ্যনরদের অবধারিত বন্দের দিনছাড়া জেটীর শেডহইতে কানসাইনীদের মাল লইয়া যাইতে পুরা দুই দিন মিয়াদ দেওয়া গেল।

২৪। কানসাইনীরা মাল স্থানান্তর করিতে চাহিলে, কত দ্রব্য ও তাহার কত ওজন কি মাপ ও জাহাজহইতে নামাইবার কত খরচ জেটীর চালানে এই সকল কথা লিখিবেন। কমিশ্যনরদের আফিসে কষ্টম হৌসের বিল আফ এণ্টরির সহিত সেই কর্ম্ম দেখাইতে হইবে, ও তথায় মাল নামাইবার খরচ দিয়া রসীদ লওয়া যাইবে ও প্রয়োজন থাকিলে দোকর রসীদ পাওয়া যাইতে পারিবে। পরে সেই জেটীর চালান ও জাহাজের কাপ্তান সাহেবের বা এজেণ্টর ডিলিবরি আর্ডর ও বিল অফ লেডিং শেডের প্রধান কর্ম্মকারককে দেওয়া যাইবে তিনি সেই দলীল পরীক্ষা করিয়া দেখিয়া সব ঠিক হইয়াছে জানিলে ঐ মাল ছাড়িয়া দিয়া গেট আফিসরকে যাইতে দিবার আজ্ঞা করিবেন।

২৫। কানসাইনীরা কষ্টমের কালেক্টর সাহেবের স্থানে কোন বস্তা খুলিবার যে অনুমতিপত্র পান তাহাতে জেটীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আড়দস্তী করিতে হইবে। কোন বস্তার ভাল মন্দ অবস্থার বিষয়ে পূর্ব্বে আপত্তি না হইয়া তাহা খুলিয়া দেওয়াই কানসাইনীদের প্রতি কমিশ্যনরদের সেই মাল সমর্পণ করিবার ন্যায় জ্ঞান হইবে। তাহার পরে হানি দেখা গেলেও তজ্জন্যে কোন দাওয়া গ্রাহ্য হইবে না।

২৬। কোন মালের হানি হওয়াতে যদি জাহাজের উপর দাবী থাকে, তবে জাহাজহইতে নামাইয়া লইবার পর চতুর্থ দিন পর্য্যন্ত ভাড়া লাগিবে না। কিন্তু এমন স্থলে জাহাজহইতে মাল নামাইবার পর আটচল্লিশ ঘন্টার মধ্যে জেটীর সুপরিণ্টেণ্ডেণ্টকে সরবের নোটিস দেওয়া প্রয়োজন।

২৭। কোন মালের ডিলিবরি দেওয়া গেলে পর যদি জেটীহইতে স্থানান্তর না করা যায়, তবে তাহার হানি হইলে সেই হানি ও তাহার যত খরচ লাগে তাহা স্বামির কি কানসাইনীর কি এজেণ্টের শিরে পড়িবে।

২৮। নিম্নলিখিত সকল মাল জাহাজে তুলিয়া দিবার সময়ে শেডের মধ্যে আনিয়া রাখা যাইবে না ও কমিশ্যনরেরা সেই মালের রসীদ দিবেন না, বিশেষতঃ হিঙ্গ, খয়র, কুসমফুল, কর্পূর, হলুদ, মৌরী শূকরের চরবি, ঘী, সকল প্রকারের তৈল, রবর, কোতরা, মৈরোবলান, মাতগুড় ও দমুয়া। সেই প্রকারের মাল যে দিনে আনা যায় সেই দিনেই জাহাজে তুলিয়া দেওয়া যাইবে, জাহাজের মালিমের এইরূপ আজ্ঞাপত্র দেখান গেলে, তাহা জেটির বাড়ীর মধ্যে আনা যাইতে পারিবে, নতুবা নয়।

২৯। যাঁহারা জাহাজে মাল চালান করেন, মালের যে পরিমাণ কি যত ওজন কি মাপ হয় ও তাহার উপর জাহাজের যত খরচ লাগে জেটির চালানে তাঁহাদের এই সকল কথা লিখিতে হইবে। কষ্টম হৌসের শিপিং বিল সহিত ঐ চালানখানি কমিশ্যনরদের আফিসে উপস্থিত করা যাইবে, তথায় জাহাজের খরচ লওয়া যাইবে ও তাহার রসীদ বা প্রয়োজন হইলে দোকর রসীদ দেওয়া যাইবে। ইষ্টাম্প করা শিপিং আর্ডর ও শিপিং বিলের সহিত সেই জেটির চালান শেড আফিসরকে দেওয়া যাইবে। তিনি ঐ সকল দলীল মিলাইয়া দেখিলে পর সব ঠীক আছে ও খরচ সকল দেওয়া গিয়াছে ইহা যথোধমতে জানিলে পর গেট আফিসরকে জেটির ফাটক দিয়া মাল আনিবার অনুমতি দিবেন।

৩০। জাহাজে তুলিয়া দিবার নিমিত্ত যেং বস্তা কি গাঁইট কি বাক্স প্রভৃতি জেটিতে পাঠান যায় তাহা নির্দ্ধারিত পাঠে লেখা গাড়ীর টিকিটে লিখিতে হইবে। ঐ টিকিট সঙ্গে না থাকিলে, কোন মাল জেটীর বেড়ার মধ্যে আনা যাইতে পারিবে না। মাল যে তারিখে ও যে জাহাজে তুলিয়া দিতে হইবে, তাহার নাম ও রপ্তানীকারকের নাম, ও যেং দ্রব্য জাহাজে তোলা যাইবে তাহার চিহ্ন ও পরিমাণ ও বেওরা ও গাড়ীর চলিত লাইসেন্সের নম্বর ঐ গাড়ীর টিকিটে লেখা থাকিবে।

৩১। রপ্তানীকারকেরা গাড়ীহইতে মাল নামাইয়া লইবার মুটিয়াদিগকে নিজে যোগাইয়া দিবেন। গাড়ী যে ক্রমে ফাটক দিয়া ভিতরে যায় সেই ক্রমানুসারে মাল নামাইয়া লইবার অনুমতি হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৭। ২৫ সেপ্টেম্বর।]

32. The Commissioners do not undertake to receive goods into the jetty sheds until the jetty charges have been paid, and the jetty chullan, the shipping order, and the Custom House shipping bill have been deposited with the shed officer.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18*th September* 1877.—In supersession of Rule 4 of the Rules for the management of the zemindari dâk under Act VIII (B.C.) 1862, which were published at page 1003 of the *Calcutta Gazette* of the 15th August 1877, the following rule is published for general information :—

"4. The Sub-Inspector of Post-offices will annually, on or before the 1st October, prepare, under the instructions of the Magistrate, an estimate of the total cost of the establishments and contingencies required for the year commencing on the 1st April following. The Magistrate, after including in this the cost of his own office establishment, and any extra provision necessary for keeping up communications with his own camp while on tour, will forward the budget to the Post-Master-General, who will, after passing or modifying it (in communication with the Magistrate), return it to the Magistrate for insertion in the budget of the estimated balance at the close of the current year, and the total sum necessary to be levied with reference to the provisions of Section 10 of the Act, with a note of the rate at which he proposes to levy the cess.

" Having thus completed the budget estimate, the Magistrate will forward it for the approval and sanction of the Commissioner, who, after passing it, will forward it to the Accountant-General not later than the 15th November of each year."

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 14*th September* 1877.—The Lieutenant-Governor of Bengal is pleased to sanction the undermentioned transfer of villages from thana Lallpore to thana Charghat, in district Rajshahye, and to declare that the following shall be the revised boundaries of those thanas, in modification of the boundaries defined by the Notification dated 24th February 1875, and published in the *Calcutta Gazette* of the 10th March following :—

Thanas.	Boundaries.
